Let us discuss some further objections that may be raised against the transcendental knowledge of Samkara. The intuition, it may be said, is so much different from empirical knowledge that it cannot be considered to be the completion and sublimation of the empirical knowledge. Scientific knowledge is not separated from ordinary knowledge, but it is completion and sublimation of ordinary knowledge. Similarly transcendental knowledge or intuition should not be totally separated from empirical knowledge, but like scientific knowledge, it should complete and sublimate empirical knowledge. If this is not done, this leads to dangerous consequences inasmuch as there will be a tendency to cut the Gordian knot by denying the validity of certain inexplicable facts of the world without making any attempt to explain them. The true business of philosophy is not to leave a single fact unexplained, and the philosophy that explains away things fails in its mission. multiplicity of the world requires as much explanation as unity, and to say that they are like things of dream for in transcendental knowledge they do not exist, is not to explain them. There is also the danger of falling into a vague and colourless perception while jiva gets knowledge of the unity of himself with Brahman. Intuition promises to give us a knowledge of the unity of jiva and Brahman, and who knows this knowledge of the unity of jiva and Brahman-which is so unlike our empirical knowledge—is not a vague and contentless knowledge, which is really no knowledge at all.

All the above objections, viz., extreme separation of empirical and transcendental knowledge, failure to explain facts of the world, and vagueness and contentlessness,—all of them are based on the assumption that the transcendental knowledge is a kind of knowledge in which we know

something as object. Let us take them one by one. Scientific knowledge can afford to be a completion and sublimation of ordinary knowledge only because both of them are of the same kind, i.e., in both of them something is known as object and we might have expected transcendental knowledge to possess this mark of scientific knowledge if it would have claimed to know things as objects as scientific knowledge does. Similarly the question of explaining things may arise only if we say that they are known, for unless we know them at all what should we explain. And again, knowledge can be charged as vague or contentless if we expect them to know something as object. But transcendental knowledge or intuition is, in fact, not a knowledge in which we know things. It is not a kind of knowledge at all, but being. In that stage we do not know Brahman but become Brahman, so that the objections raised cannot be raised at all. These objections, whatever may be their value in the case of knowing Brahman as an object, has no value here because Samkara does not hold that we know Brahman as an object. Even the word becoming is really objectionable from Samkara's standpoint, for this suggests that we were not Brahman but have become Brahman, while Samkara is definite, as we have seen, that Atman is Brahman. The Mundaka Bhasya says:--" Well what is the guarantee that he who knows Brahman becomes Brahman-He may attain other things and not Brahmanhood? No. all the impediments to becoming Brahman having been destroyed by vidyā, the only bar to moksa is avidyā, for the mokṣa of every man is eternal and is his own nature. So when he knows Brahman as his own self in intuition, he cannot attain things other than Brahman...... So he who knows Brahman becomes Brahman." 51

⁶¹ Mundakopanisad Bhāsya, 3.2.9,

use of the word jñāna in this connection is responsible for this great trouble. Whenever we are said to know, we assume that we know an object; and in that sense we certainly do not know Brahman.

ব্ৰন্মতত্ত্ব

বিষয়ী ও বিষয়—এই ছুইএর বিশ্লেষণ দ্বারা, উপনিষদের স্থায়, গীতাতেও জগতের মূলে যে সত্তা রহিয়াছে, তাহার রহস্ত উদঘাটনের চেফা করা হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ে, গ্রন্থকারের চিত্তের দার্শনিক-প্রবণতা পরিক্ষট হইয়া পড়িয়াছে। এই অধ্যায়ে তিনি, যে মৌলিক তত্ত্বের উপরে স্বীয় মত প্রতিষ্ঠা করিবেন, সেই তত্ত্বের নির্দ্দেশ করিয়াছেন।—"নাসতো বিছাতে ভাবো, নাভাবো বিগুতে সতঃ।" "অসৎ হইতে সম্বস্তুর উৎপত্তি হয় না: সদস্তরও কদাপি অভাব হয় না।" অক্ষর ওক্ষর, অবিনশ্বর ও নশ্বর, বস্তুসত্তা ও ছায়া—ইহাদের যে পরস্পর পার্থক্য, সেই পার্থক্যের উপরে লক্ষ্য রাখিয়াই, বিষয়ের বিশ্লেষণ আরম্ভ করা হইয়াছে। "এ জ্বগতে বিনাশী ক্ষর এবং অবিনাশী অক্ষর—এই চুইটী পদার্থ আছে। যাহা অপরিণামী, তাহাই অক্ষর।" এই যে এ স্থলে "অপরিণামী"র কথা বলা হইয়াছে, তাহা যে সর্বাতীত মূলসন্তাকে নির্দেশ করিতেছে, তাহা বলিতে পারা যায় না। কেন না. ইহার পরবর্ত্তী শ্লোকে আমরা এই কথার উল্লেখ দেখিতে পাই—"যিনি ত্রিলোকে প্রবিষ্ট হইয়। উহাকে ধারণ করিয়া আছেন. সেই অব্যয়, ঈশ্বরকে পরমাত্মা বলা যায়,—ইনি ক্ষর ও অক্ষর উভয় হইতেও উৎকৃষ্ট তত্ত্ব।" পরিবর্ত্তনশীল বিকারের সম্ভরালে এক নিত্য কারণ-সন্তা, সর্ব্যপ্রকার বিকারের মূলে এক অবিকারী কারণ বা প্রকৃতিকে, গ্রন্থকার প্রথমেই ভিন্ন করিয়া দেখাইয়াছেন। এই জগতের বস্তুর মধ্যেই আমরা তুই ভাব লক্ষ্য করি,—এক বিনাশী ভাব, অপর অবিনাশী নিত্যভাব। বিকারগুলির তুলনায়, প্রকৃতিকে অবশ্যই নিত্য অপরিণামী বলা যাইতে পারে: কিন্তু এই প্রকৃতি পারমার্থিক সতা নহে, কেন না, এই প্রকৃতি পরমেশ্বরেরই বশীভূত তত্ত্ব। অক্ষর পুরুষই পরমা গতি, পরম পদ, প্রকৃত নিতা। রামামুজ এই ক্ষরকে প্রকৃতির অর্থে এবং অক্ষরকে জীবের

অর্থে গ্রহণ করিয়াছেন, এবং তিনি এই উভয় অপেক্ষাও উৎকৃষ্ট ঈশ্বর-তত্ত্বকে পুরুষোত্তম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। জগতের সাস্ত বস্তু হইতে পথক করিয়া লইয়া একেবারে সর্ববসম্বন্ধ-বর্জ্জিত—Abstract রূপে গ্রহণ না করিয়া, জগতের সঙ্গে সম্পর্ক রাখিয়া সন্তণ--Concrete রূপে. পুরুষোত্তম শব্দটীর অবশাই ব্যাখ্যা করা যাইতে পারে। এই সান্ত জগতের মল অধিষ্ঠান ব্রহ্মবস্তকে কি প্রকারে নিঃসম্পর্কিত Abstraction রূপে গ্রহণ করা যায় ৭—ইহাই একটা বিশেষ সমস্থা। গীতায়, এই বিনশ্বর সাস্ত বস্ত্র হইতে অবিনশ্বর অনস্ত বস্তুকে অবশ্য স্বতন্ত্র করিয়া দেখান হইয়াছে। যাহা কিছু সীমাবিশিষ্ট, নশ্বর বস্তু,—তাহাকে সম্বস্ত বলা যায় না। বিকারমাত্রই পরস্পার-বিরোধি-ধর্মাক্রান্ত। যাহা বিকৃত হয়. পরিণাম প্রাপ্ত হয়, তাহাকে 'সৎ' বলা যায় না। যাহা নিতা সৎ তাহা কিরাপে পরিণতিকে—অবস্থান্তরকে—প্রাপ্ত হইবে গ সৎ কি কখনও অসৎ হয় ৭ জগতের বস্তমাত্রই যখন সতত পরিবর্ত্তনশীল: বর্ত্তমানে যাহা আছে, পর মুহূর্ত্তে তাহা অপেক্ষা রূপাস্তরকে গ্রহণ করিয়া থাকে : এখনকার অবস্থাকে ত্যাগ করিয়া অপর এক অবস্থায় যাইতেচে,—ইহাকে কেমন করিয়া নিত্য-সত্য বস্তু বলিয়া গ্রহণ করা যাইতে পারে? সর্ববদা পরিবর্ত্তন হওয়াই পুথিবীর তাবৎ বস্তুর একটা বিশেষ ধর্ম। আমাদের জ্ঞানই বলিয়া দেয় যে. এমন কিছ আছে, যাহার কোন পরিবর্ত্তন হয় না, যাহা অবস্থাস্তর প্রাপ্ত হয় না। কেন না, যাহা অসৎ তাহা হইতে কিছুই উৎপন্ন হইতে পারে না। অতএব সেই মৌলিক নিত্য-সদ্বস্তু কখনই পরিণামী 'প্রকৃতি' হইতে পারে না। এই নিত্যবস্তুকেই ব্রহ্ম বলা যায়। ইহা কৃটস্থ সত্তা: কিন্ধ জগৎ প্রবাহরূপে সন্তাবিশিষ্ট। প্রতি বস্তুর অন্তরালে এই নিত্য বস্তাকে যিনি দেখিতে পান, সকল বস্তার নাশ হইলেও ইহার নাশ হয় না,— এই তত্ত্ব যিনি বুঝিয়াছেন, তিনিই প্রকৃত তত্ত্বদর্শী। সাস্ত বস্তুর তুলনায়, ইহা অনন্ত-এরূপে ইহাকে গ্রহণ না করিয়া; এক দিকে সান্ত, অপর দিকে অনন্ত.—এ ভাবে না দেখিয়া:—সর্বাধার সকলের অধিষ্ঠানরূপে ব্রহ্মবস্তুকে গ্রহণ করা কর্ত্তব্য। জগতের তাবৎ বস্তুর ইনি সন্তাপ্রদ ও জীবনদাতা-এই প্রকারেই গীতা এই মূলতত্তকে বুঝিয়াছেন।

জীবও আপন অবস্থায় সন্ত্রফী থাকে না। এক অবস্থা ছাড়িয়া, অপর অবস্থা গ্রহণের জন্ম জাব নিয়ত সচেষ্ট। জাব স্বয়ং সান্ত বলিয়া, উহার মধ্যে অনক্ষের ধারণাও রহিয়াছে। ইহা পরিচ্ছিন্ন, সান্ত বলিয়াই ইহা আপন পরিচ্ছেদকে ছাডাইয়া ঘাইতে চায়, আপন সীমার বাহিরে ঘাইতে চায়। যাহা প্রকৃত আত্মা, তাহা অনন্ত. নির্বিকার। বিকারী সান্ত জীবাত্মার মূলে যাহা নির্বিকার অনন্ত: উহার মধ্যে যাহা বিষয়াতীত প্রকৃত বিষয়ী (অহং) :--গীতা জীবাত্মার মধ্যে তাহারই অনুসন্ধান করিয়াছেন। ক্ষেত্রকে বিষয় বলা যায়: সেই বিষয়কে যিনি জানেন, তাঁহাকে ক্ষেত্রজ্ঞ বা বিষয়ী বলা যায়। যাহা জেয় বিষয়, তাহা জ্ঞাতার ধর্ম বা স্বরূপ হইতে পারে না। মসুষ্যের অন্তরে জ্ঞাতার স্বরূপ নিয়ত অবস্থিত রহিয়াছে. যাহা সকল পরিবর্ত্তনের মধ্যে স্থির থাকে। ইহা চির-নিত্য, অপরিবর্ত্তনীয় সন্তা। ইহা বিকারাতীত, কালাতীত, স্বপ্রতিষ্ঠিত সতা। দেহ, মন, প্রাণ, ইন্দ্রিয়াদি দারা জীব সংঘটিত : এই গুলির অন্তরালে যেটী স্থির-তত্ত্ব, গীতা তাহারই অসুসন্ধান করিয়াছেন। এই নশ্বর, বিনাশী দেহকে আত্মা বলা যায় না। ইন্দ্রিরবর্গও চঞ্চল, ক্ষণস্থায়ী, বিনাশী। মন ও বুদ্ধি নিয়ত পরিবর্ত্তনশীল। ইহারা কেহই বিষয়ী নহে, ইহারা আত্মার জ্ঞেয় বিষয়; ইহারা আত্মার ক্রিয়া করিবার সাধন: ইহাদের দ্বারাই আত্মা আপন ক্রিয়া নির্বহাহ করিয়া থাকে। ইহারা কেহই স্বতঃ-সিদ্ধ, স্বাধীন নহে। যিনি সকলের অন্তর্তম তত্ত্ব, যিনি সর্ববপ্রকার জ্ঞানের মূল, তিনি, গীতার মতে, "ইন্দ্রিয়, মন, বুন্ধি হইতেও পর।" ইহাই সকলের বন্ধনসূত্র, সর্ববত্র সমবস্থিত, স্ব্যুপ্তিরও অন্তরালে অবস্থান করে। ইন্দ্রিয়, মন, বুদ্ধ্যাদি কাহারই এই বন্ধনশক্তি নাই। এই বিষয়ীই সর্ববপ্রকার বিষয়বর্গের, সকল জীবের,—প্রতিষ্ঠা. আশ্রয়। বিষয়ী না থাকিলে, বিষয়ের অস্তিত্বও সঙ্গে সঙ্গে বিলুপ্ত হয়। কিন্ত বিষয় না থাকিলেও বিষয়ীর সন্তার বিলোপ হয় না। এই অবিনাশী তত্ত্বের বর্ণনায় গীতা শতমুখ। ইহা ক্ষেত্রে বা দেহের অধীশ্বর—প্রভু। জন্মরহিত, ইহার ধ্বংস নাই। ইহার উৎপত্তি নাই বলিয়া. "ইহা ইহার বিনাশও সম্ভব নহে। ইহা অজ, নিত্য, শাশ্বত, পুরাতন। দেহের বিনাশে ইহার নাশ হয় না। ইহা অচ্ছেন্ত, অদাহ্য, ইহা অক্লেন্ত।

ইহা বায়ু দ্বারা শোষ্য নহে। ইহা সর্ববগত, অচল, স্থির ও সুনাতন তম্ব।"

গীতায় পরমাত্মার যে বিবরণ আছে, তাহা কিছু চুর্বেবাধ। এই পরমাত্মা দেহের মধ্যে থাকিয়াও কিছুই করেন না। ইনি অনাদি, নিগুণ: ইনি দেহের কোন ক্রিয়ায় লিপ্ত হন না, দেহের ক্রিয়া ইহার মালিস্ত সম্পাদন করিতেও পারে না। ইনি সকল ক্রিয়ার সাক্ষিরূপে অবস্থিত। আত্মা—অকর্ত্তা, নিষ্ক্রিয়। সংসারের সর্ববপ্রকার বিকার, সংসার-নাট্যের যাবতীয় অভিনয়,—বিষয়েরই অন্তর্ভুক্ত। বুদ্ধি, মন, ইন্দ্রিয়াদি—জড়ীয় প্রকৃতিরই বিকাশ। আত্মার সাক্ষিত্বে বা সান্ধিধ্যে প্রকৃতি ক্রিয়াশীল হইয়া এই ভাবে ক্রমোর্দ্ধ বিকাশে পরিণত হইয়াছে। এই বিষয়ী আত্মা আমাদের অন্তরে অবস্থিত: ইহা শাস্ত, সম, বৈষয়িক বিকারে জড়িত হয় না,—যদিও ইহা জড-জগতের প্রভবস্থান, আশ্রয় ও উহার সাক্ষী। সামাগ্য ও বিশেষ, জ্ঞাতা ও জ্ঞেয়—এই তুই অংশ লইয়া জীবমাত্রই গঠিত। জ্ঞাতা পরমাত্মা. বিষয় ভার। সমাচ্ছন্ন হইয়াই উপাধি-যোগে জীবরূপে দেখা দিয়াছে। জগতে আমরা বিষয় ও বিষয়ীর পরস্পর সংযোগ সর্ববত্র দেখিতে পাই। তন্মধ্যে বিষয়ের কোন নির্বিকার, সর্ব্বাতীত সন্তা নাই। বিষয় অপেকা বিষয়ী সর্ববাংশে শ্রেষ্ঠতর এবং ইহা বিষয়বর্গের আশ্রয়। যিনি এই বিবিধভাবে বিভক্ত বস্তুগুলিকে এক অবিভক্ত পরমতত্ত্বে অসুপ্রবিষ্ট ও প্রোথিত দেখিতে পান, তিনিই প্রকৃত তত্ত্বদর্শী: তিনিই প্রমাত্মার সঙ্গে এক হইয়া যাইতে পারেন। যখন বিষয়াচছন্নতা চলিয়া যায়, তখন সকলের মধ্যে সেই এক বিষয়ীর সত্তা পরিস্ফুট হইয়া পড়ে। মুতের নিমিত্ত শোক কর্ত্তব্য নহে-শ্রীকৃষ্ণ অর্জ্জ্নকে এই তত্ত্বের সনির্ববন্ধ নির্দেশ করাতে, মৃত্যুই যে আত্মার পরিশেষ নহে, তাহাই বলিয়া দিয়াছেন। নাম ও রূপের পরিবর্ত্তন বা অবস্থান্তর হয়, কিন্তু তন্মূলস্থ সন্তার কোন রূপান্তর হয় না। জীবের জীবত্ব তত দিন, যত দিন না মুক্তিলাভ হয়; মুক্তিতে জীবত্বের নাশ হয়। এই দেহের পুনঃ পুনঃ নাশ হয়, কিন্তু তন্মধাস্থ দেহী আপন স্বব্ধপের একত্ব রক্ষা করিয়া নূতন নূতন দেহ গ্রহণ করিয়া থাকে। মাসুষ এই বিশাসের বলেই, আত্মজ্ঞানলাভার্থ ক্রিয়া করিয়া থাকে। আমাদের মধ্যে

ধে অনস্ত পরমাত্ম-তত্ব আজ অস্ফুটরূপে বর্ত্তমান তাহার ক্রম-বিকাশ করিতে পারিলেই, আমাদের আত্মার অবিনশ্বরতা সিদ্ধ হইবে। এইরূপে আত্ম-প্রতিষ্ঠা করিতে পারিলে, উপনিষদে যে ব্রহ্মসাক্ষাৎকারের কথা আছে— এইরূপে তাহার প্রতিষ্ঠা হইলে, আমাদের আত্মা বা বিষয়ী দেহের বিকারে বিকৃত হন না; দেহ ভস্মে পরিণত হইলেও, আত্মা অবিকৃত থাকেন;— এই তত্ত্বের নির্দেশ করিয়াই ত শীকৃষ্ণ অর্চ্ছুনের চিত্ত-স্থৈগ্য আনিতে পারিয়াছিলেন।—

"জন্ম-মৃত্যু নাহি তার দেহের মতন। বার বার নাহি করে জনম গ্রহণ॥ পরিণাম-শৃত্য আত্মা, নাহি বৃদ্ধি ক্ষয়। শরীর হইলে নফট, বিনফ্ট না হয়॥"

উপনিষদের তাৎপর্য্যেই গীতায়, আত্মা ও পরমাত্মার একত্ব স্থাপিত করা হইয়াছে। এই নিয়ত চঞ্চল ইন্দ্রিয় ও দেহের অন্তরালে আত্মা অবস্থিত: নিয়ত পরিবর্ত্তনশীল নামরূপের অন্তরালে ব্রহ্ম অবস্থিত। ছুইএরই শ্বরূপ-গত ঐক্য আছে বলিয়া, উভয়েই এক : উভয়ের মধ্যে কোন ভেদ নাই। আত্মার সত্যত্ব ও নিতাত্ব সকলেরই আন্তর অমুভবের বস্তু। নির্বিকার আত্মার স্বরূপকে কোন বিকারী বাহ্য বস্তুর সাহায্যে বুঝান যায় না। জগতে স্থপ্রণালী-বদ্ধ নিয়ম ও রচনা দেখা যাইত না, সর্ববত্র আমরা বিশ্বলা ও নিয়মহীনতাই দেখিতে পাইতাম,—যদি জগতের মূলে এক অবিনাশী সত্তা না থাকিত। কিন্ত একটা বিষয়ে সতর্কতা অবলম্বন করা আবশ্যক। অনন্তের বাহিরে সান্ত, সান্তে ও অনন্তে পরস্পর বিরোধ ও (छम. উভয়ে পরস্পার ব্য**ভিচারী—এরপ মনে করিলে চলিবে** না। প্রকার অনন্ত প্রকৃত অনন্ত হইতে পারে না। অনন্ত সম্বন্ধে এরূপ ধারণা মিথা। অবশ্য প্রথমেই, নিয়ত-চঞ্চল সাস্ত বিকারবর্গ ও চির-স্থির নিত্য অনন্ত বস্ত্র-এই উভয়ের ভেদ আমাদের চক্ষে পড়ে, সন্দেহ নাই। কিন্তু ইহাই প্রকৃত তত্ত্ব নহে। এইরূপ ধারণায়, যাহা অনন্ত, তাহা সান্ত দ্বারা সীমাবদ্ধ হইয়া উঠে: অনন্ত সান্ত হইয়া পড়ে। অনন্তের অন্তে যে সান্তটী উপস্থিত আছে, তদ্বারা অনস্তের পরিচ্ছেদ হইয়া পড়ে। যাহা অনস্ত তাহা পরিচ্ছিন্ন সাত্তে পরিণত হয়। সান্তের সঙ্গে সম্বন্ধে আসিয়া, অনন্তের উদ্ভব হইয়াছে—ইহা মনে করা ভুল। অনস্ত ও সাস্ত, পরস্পর-সাপেক বস্তু নহে। অনন্তকে প্রকৃতপক্ষে সান্তের যাহা সারাৎসার সভ্য, তাহা বলিয়া নির্দেশ করাই সঙ্গত। অনন্ত ও সান্তকে পরস্পর পাশাপাশি-রূপে ভাবা সঙ্গত নহে: এক অপরের বাহিরে নহে। সাস্তেরই অন্তর্ভুত সন্তা-রূপে অনন্তকে না মনে করিলে, জগতে আমরা কেবলই অন্তহীন পরিবর্ত্তনের ধারা দেখিতে পাইতাম, কোথাও ইহার শেষ ব্ঝিতে পারা যাইত না। জগতের এই অনস্তাভিমুখে গতিই প্রমাণ করে যে, ইহার অস্তরে অনস্তের সতা রহিয়াছে। সান্ত বস্তু ইহাই প্রকাশ করে যে, অনন্তই সান্ত জগৎরূপে দেখা দিয়াছে। সাস্ত হইতে অনস্তকে ভিন্ন করিয়া বিবেচনা, ভাসা ভাসা বুদ্ধির ফল। গভীর ভাবে চিন্তা করিয়া দেখিলে বুঝা যাইবে যে, এক অনস্তেরই সতা আছে, এবং এই অনস্তই আপনাকে সাস্ত জগৎরূপে পরিণত করিয়াছে। সগুণ ও নিগুণি এই চুই শব্দও প্রয়োগ করা সঙ্গত নহে: কেন না, ইহাতেও সগুণটী যেন নিগুণি হইতে 'অন্য' একটা বস্তু এই প্রকারই মনে হয়। যাহা পরম-তত্ত্ব তাহাকে বুঝাইতে গিয়া, আমাদের বুদ্ধি এই প্রকারেই পরাত্ম্ব হয়। ইহা সৎও নহে, অসৎও নহে; ইহা সাকারও নহে, নিরাকারও নহে :—এই প্রকারেই পরম-তত্ত্বের বর্ণনা গীতায় করা হইয়াছে। গীতায় উপনিষদের কথারই পুনরুক্তি করিয়া বলা হইয়াছে যে, এই জগতের অন্তরালে এক নির্বিকার, স্বতঃ-সিদ্ধ বস্তু অবস্থান করিতেছে: উহা জগতের স্থায় দেশ, কাল ও কার্য্য-কারণের অধীন নহে।

গীতা দার্শনিক মত সম্বন্ধে অবৈতবাদই ঘোষণা করিয়াছেন। "বেদান্ত যে তত্ত্বের কথা বলিয়া থাকেন এবং যতি-গণ যে তত্ত্বে প্রবেশ করিয়া থাকেন," সেই পরমত্রক্ষ নির্বিকার ও স্বতঃ-সিদ্ধ বস্তা। সংসারস্থ জীবের ইহাই পরম-গতি এবং এ লাভ অপেক্ষা অপর কোন লাভের বিষয় নাই। ইহা স্বয়ং নিজ্ঞিয়, মূলতত্ত্ব, নিত্য ও পরম-শ্রেষ্ঠ বস্তা। জগতে যাহা কিছু উৎপন্ন হইয়া থাকে, যাহা কিছু সক্রিয়, তৎসমস্তের এই নিত্য, নির্বিকার বস্তুই মূল। ইহারা তাঁহার সত্তাতেই সন্তাবিশিষ্ট, ইহাকে ছাড়িয়া কেহই থাকিতে পারে না; কিস্তু ইনি স্বয়ং কর্তৃত্ব-বিহীন, কাহাকেও

উৎপন্ন করেন না, কাহারও সৃষ্টি করেন না। অবশ্যই, আপাতদৃষ্টিতে ব্রহ্ম ও জগৎ-—উভয়ে পরস্পর বিরোধী বলিয়াই প্রতীত হয়। যদিও আমরা সংসারের সত্যতা নিরাকৃত করি না কেন, উহাকে মিথ্যা মায়া বলিয়া খাপন করি না কেন; কিন্তু তবু যে বস্তুর ইহা ছায়া-স্বরূপ, সে বস্তুকে নিরাকৃত করা যায় না। সংসার যে অসত্য তাহা, ইহার এক অবস্থা হইতে অবস্থান্তর প্রাপ্তি ঘারাই প্রমাণিত হয়। কিন্তু পরত্রন্ধাভিমুখী গতিই ইহার পরম-প্রয়োজন :--- সেই প্রয়োজন-সাধনই সংসারের লক্ষ্য : কিন্তু ব্রহ্মবস্তুর পক্ষে অপর কোন লক্ষ্য নাই। যেহেতু এই জগৎ-দংসার ব্রহ্মেই প্রতিষ্ঠিত: এই জন্ম কখন কখন আমরা, ব্রহ্মকে বিকারবিহীন ও বিকারী উভয় বলিয়াই নির্দ্দেশ করিয়া থাকি। এই সংসারের অনস্ত বৈচিত্র্য এবং ইহাদের মধ্যে যে বিরোধ ও দ্বন্দ পরিদৃষ্ট হয়, ইহা কিসের জন্ম 📍 যে ভূমিকে প্রাপ্ত হইলে সকল বিরোধের অবসান হয়, যে কালাতীত চিৎ-সন্তায় কাল-গত অবস্থান্তর ও পরিবর্ত্তন বিলীন হইয়া যায়, চিন্তকে সেই পরম-শান্ত ব্রহ্মতত্ত্বে লইয়া যাইবার জন্মই ত সংসারে যত কিছ বিরোধ ও বৈচিত্র্যের ভেদ। বস্তু-গত বিরোধ ও আপেক্ষিক সম্বন্ধ— তাঁহারই সন্তার উপরে প্রতিষ্ঠিত; তিনি এ সকলের আধার ও মিলন-ভূমি; ফুতরাং তাঁহার সহিত এ সকলের প্রকৃত কোন বিরোধ নাই। তাঁহাকে ছাড়িয়া এ জগৎ থাকিতে পারে না, এ বিষয়ে আমাদের নিশ্চিত বোধ আছে : কিন্তু কেমন করিয়া এই বিকারী জগৎ, এক নির্বিকার সন্তায় প্রতিষ্ঠিত থাকিতে পারে: উভয়ের মধ্যে সম্বন্ধ কিরূপ:—তাহা আমরা জানিতে পারি না : উহা আমাদের অজ্ঞেয়। নীরব, শাস্ত, বিনিদ্র একটী পুরুষ গভীর নিদ্রামগ্ন: তাহারই সম্মুখে সতত চঞ্চল, সমুদ্রের তরক্স-ভক্ষ গর্জ্জন করিয়া চলিয়া যাইতেছে। এই উভয়ে কিরূপে সম্বন্ধ আদিল. ভাহা আমাদের বোধাতীত। আমরা 'মায়া' বলিয়া, আমাদের এই অজ্ঞভাকে ঢাকিয়া রাখিতে চেফা করি মাত্র। উভয়ে প্রকৃত পক্ষে অভিন্ন; কিন্তু তবুও উভয়েয় ভেদ আমরা লক্ষ্য করিয়া থাকি,—ইহা মায়ারই কার্য্য। ষিনি সর্বাতীত সন্তা, তাহা বিকার দারা অস্পৃষ্ট থাকে ; তবুও এই বিকার-গুলি সেই সতা দ্বারাই নিয়ন্ত্রিত। ইহার উপরে আমাদের যাইবার সাধ্য

নাই; আমাদের জ্ঞান এইখানেই বিরতি লাভ করে। "কে দেখিয়াছে? কে জানে এ জগৎ কিরূপে উৎপন্ন হইল, কেন এই বিচিত্র স্থান্তি কোথা হইতে আসিল?"

জীব সম্বন্ধেও এই কথা। বিষয়ীর সহিত কিরূপে বিষয়ের সম্বন্ধ হইল? এক দিকে অবিনশ্বর, সর্ববসাক্ষী জীব-চৈতন্ত; অপর দিকে অস্থির বিজ্ঞান-প্রবাহ;—কে বলিবে, এ উভয়ে সম্বন্ধ কিরূপ ? শব্ধরাচার্য্য 'অধ্যাসবাদের' আশ্রয়ে ইহার ব্যাখ্যা করিয়াছেন। বিষয়ী ও বিষয়ের মধ্যে সংযোগ-সম্বন্ধ হইতে পারে না; কেন না, বিষয়ী ত নির্বন্ধব। নিরবয়বের সহিত সাবয়বের সংস্পর্শ বা সংযোগ কিরূপে সম্বর্ধে ? উভয়ের মধ্যে সমবায়-সম্বন্ধই বা কি প্রকারে হইবে ? কেন না, এক ত অপরের কার্য্য বা কারণ নহে। শব্ধর বলিয়াছেন—"এক অপরের উপরে 'অধ্যন্ত'। এক বস্তুকে অপর বস্তু বলিয়া বোধ করার নামই 'অধ্যাস।' আমরা ল্রান্ত বৃদ্ধি বশতঃ, এক বস্তুর ধর্ম্মকে অপর বস্তুর ধর্ম্ম বলিয়া মনে করিয়া লই। ইহা আমাদের বিবেকহীনতার ফল, বৃদ্ধির ভূল। এক খণ্ড রক্জ্বকে সর্প বলিয়া ভূল করা; একখণ্ড শুক্তিকে রজত-খণ্ড বলিয়া মনে করা যেমন; বিষয়ীকে বিষয়রূপে ভূল করাও অবিকল সেইরূপ। প্রকৃত ভ্রান জিয়ালে এই ল্রমবৃদ্ধি চলিয়া যায়।" প্রচন্থরূর্মণে এই অধ্যাসবাদ গীতায় থাকিলেও, ইহার স্পাই নির্দ্দেশ দেখা যায় না।

উপনিষত্ত্ত নিগুণ ব্রহ্মবাদকে, গীতায়, ঈশ্ব-বাদে পরিণত করিয়া, মাসুষের সমুখে বিশাস, প্রেম ও ভক্তির রাজ্য সংস্থাপন করা হইয়াছে। যতদিন আমানের পরম নিগুণিতত্ত্বের আভাস না জন্মিয়াছে; ততদিন আমাদিগকে পুরুষোত্তম পরমেশ্বর-তত্ত্ব ঘারাই উহার ব্যাখ্যা করিতে হইবে। মাসুষের পক্ষে, পুরুষাতীত নিগুণ তত্ত্বই একমাত্র তত্ত্ব হইতে পারে না। ব্রহ্মতত্ত্বেক মানবের দৈনন্দিন জীবনের উপযোগী করিয়া তুলিবার উদ্দেশ্যে, জগতের অন্তর্রালে, জগতের নিয়মন কর্ত্বরূপে পরমেশ্বরের সক্রিয় ভাবকে গীতায় স্থাপন করিতে হইয়াছে। এক দিকে কেবলমাত্র অনন্ত, অপর দিকে কেবল মাত্র সাস্ত বস্তু,—এই উভয় ভাবের উপরে উঠিয়া,

গীতা আমাদিগকে এমন এক পরমেশ্ব-বাদের নির্দেশ করিয়াছেন.— যাহা মানব-চিত্তের সর্বব-প্রকার আগ্রহ মিটাইয়া দিতে সম্পূর্ণ সমর্থ। জগতের মূলে তিনি, তিনিই এই জগতের কারণ :— তাঁহারই এক অবিভক্ত শক্তি জীবনকে সমাচ্ছন্ন করিয়া অবস্থিত রহিয়াছে। বিশ্বাতীত ও বিশ্বামুগ ধর্ম্মের একত্র মিলন ও সামঞ্জস্ম করিয়া দেওয়া হইয়াছে। * গীতা, পার্থক্য বা ভেদকে স্বাতন্ত্র্যরূপে গ্রহণ করিয়া ভুল করেন নাই। এক, অপর হইতে ভিন্ন বলিয়াই যে, উহা একান্ত স্বতন্ত্র বস্ত্র হইবে, তাহা হইতে পারে না। গীতায় এ প্রকার ভ্রম পরিদৃষ্ট হয় না। ইহাতে সকল আপাত বিরোধের সমন্বয়ই দেখা যায়। মনুয়্যের বৃদ্ধি—ভেদের স্থ<u>ি</u>ট করিয়াই ক্ষান্ত হয় না, ভেদের মধ্যে সমন্বয়ও দেখিতে পায়। নিগুণ তত্তকে মানব-বৃদ্ধির পরিবেফনীর মধ্যে ফেলিতে গেলেই, যাহা নিরবচ্ছিন্ন "দৎ," তাহা "অসৎ" হইয়া পড়িবেই। মনুখ্য-বৃদ্ধি এইরূপে, সৎ ও অসতের একত্র মিলন করিয়া ফেলে। এই একীকরণ,—বৃদ্ধির পক্ষে মিথ্যা বস্তু নহে। কি প্রকারে অজ্ঞেয়, নিগুণ, নিজ্ঞিয় সর্ববাতীত তত্ত্ব সক্রিয় জগৎ-কর্ত্ত। পুরুষোত্তমরূপে পরিণত হইতে পারেন, তাহার অবশ্য গীতায় স্পষ্ট কোন নির্দ্দেশ করা হয় নাই। মানব-বুদ্ধির পক্ষে এ তত্ত্বের সমাধান সম্ভব নহে। বুদ্ধির অতীত ভূমিকায়—ব্রহ্মসাক্ষাৎকারের ভূমিকায় —উঠিলেই কেবল ইহার সমাধান হইতে পারে। নিগুণের সগুণে পরি-বর্ত্তন—মায়া বা রহস্তে পরিবৃত তত্ত। আবার এই পরিবর্ত্তিত গুণাষ্ক্রক জগৎ যে নিগু ণের মত একান্ত সত্য নহে—ইহাও সেই মায়ারই ফল।

ভায়ের (logic) চক্ষু দিয়া, এক্ষবস্ত ও জগতের পরস্পর সম্বন্ধকে দেখিতে গেলেই, আমরা তাঁহাকে শক্তিবিশিষ্ট বলিয়া না ভাবিয়া পারি না। বিশ্ব-সম্বন্ধ-বর্জ্জিত, নিগুণ নিজ্জিয় সন্তা, ভায়ের দৃষ্টিতে—সক্রিয়, সর্ববশক্তিমান্, প্রকৃতির সঙ্গে সম্বন্ধবিশিষ্ট, সগুণ পুরুষোত্তমরূপে পরিবর্ত্তিত হইয়া উঠেন। "জলধি শধ্যায় শ্যান নারায়ণের" চিত্র, বা "অহং-এর সম্মুখে ইদং-এর নিত্য অবস্থিতি"—ইহারই নির্দেশ করিয়া দেয়। এই

'ইদং'-কে প্রকৃতি নামে অভিহিত করা হইয়া থাকে। ইহা হইতেই জগৎ স্ফ হইয়া থাকে: যে হেতৃ ইহা ত্রহ্মবস্তুকে আরুত করিয়া রাখে, এই নিমিত্তই ইহাকে মোহের আধার বলা যায়। জগৎ, সেই পুরুষোত্তমের সক্ষে তুশ্ছেম্ভ বন্ধনে বন্ধ রহিয়াছে। জগতের ক্ষুদ্র-বৃহৎ তাবৎ বস্তু, সং ও অসং—এই তুইটীর সন্মিলনে রচিত হইয়াছে। এইরূপেই যাহা 'এক.' তাহাই 'অনেককে' বিকাশিত করিয়া থাকে; এইরূপেই নিগুণের বক্ষে একটা অসৎ বা 'নাস্তির' স্ফুরণ হয়। এই প্রকারে, পুরুষোত্তমের বক্ষে, পুরাতনী ক্রিয়া-প্রবৃত্তির উত্তব প্রতীত হয়; মূলীভূত একের উদরে, এক সন্তার গর্ভে, ত্রিকালবর্ত্তি-জগৎ-সংসার আবিভূতি হয়। শ্রীকৃষ্ণ, আপনারই মধ্যে, সমস্ত বিশ্ব-ত্রন্মাণ্ড প্রদর্শন করিয়াছিলেন। ইহাই বিশ্ব-রূপের তত্ত্ব। আপন প্রদীপ্ত প্রভায় আকাশ-পাতাল সমদভাসিত করিয়া. শ্রীকুষ্ণের দেহচ্ছটা আপন আনন্দে বিচ্ছুরিত হইয়া উঠিল:—তন্মধ্য হইতে সমগ্র বিশ্ব যেন প্রপাত-বৎ প্রদীপ্ত হইয়া পড়িতে লাগিল।—জগতের শীমা-রেখা যেন বিদার্ণ হইয়া গেল! বিরোধ এবং প্রতিদ্বন্দিতাই উন্নতির মূল। এমন কি, পরমেশ্বরের মধ্যেও একটা অসতের বা মায়ার সত্তা অবস্থিত, অপিচ তিনি তাহাকে নিয়ন্ত্রিত করিয়া রহিয়াছেন: পর্মেশ্বর হইতে তাঁহার স্বীয় প্রকৃতির বিকাশ হইয়াছে এবং তিনিই জীব-প্রকৃতির বিকাশ-ক্ষেত্র এবং তদ্ধারা নিয়মিত হইয়াই জীবগণ, স্বস্থ স্বভাবানুসারে ক্রিয়া করিয়া চলিয়াছে। এইরূপে যেমন প্রমেশ্র তাঁহার অন্তনিহিত শক্তিবলে এই নশ্বর বিশ্বকে ধারণ করিয়া আছেন: তেমনি তাঁহার স্বরূপের অপর একটা দিক আছে. যে স্বরূপকে বিশ্বের কোন বিকারই স্পর্শ করিতে পারিতেছে না। তিনি যেমন বিখের অতীত প্রম-তত্ত্ব, আবার তিনিই বিশান্ত্রণ রহিয়া এই বিশের নিয়মন করিতেছেন। তিনি আদি-বিহীন, বিশের আদি-কারণ: তিনি সকলের প্রেরক, তাঁহার কেহ প্রেরক নাই।

তাঁহার তুই প্রকৃতি—'পরা' এবং 'অপরা';—বিশের জীব-চৈততা ও জড়-বর্গ। ঠাঁহার অপরা প্রকৃতি হইতে বিশের তাবৎ বিকার ও কার্য্যবর্গ সমূৎপন্ন হইয়াছে; তাঁহার পরা প্রকৃতি হইতে চেতন জীবসকলের বিকাশ হইয়াছে। এই তুইটী লইয়াই এক চৈতত্ত্য-তত্ত্ব। মাধ্ব-ভাষ্যে এই ভাবের

একটী শ্লোক উদ্ধৃত হইয়াছে —"পরমেশবের, অজড় বা চেতন এবং জড় বা অচেতন এই দুই প্রকৃতি। পূর্বের প্রকৃতিটী, অব্যক্ত প্রকৃতি বলির। কথিত এবং পরেরটী পূর্ববটীর আশ্রয় এবং শ্রী বা লক্ষ্মী নামে বিদিত। এই লক্ষ্মী, নারায়ণের পত্নী। এই তুই প্রকৃতি-যোগে, হরি বিশ্ব রচনা করিয়া থাকেন।" পুরুষ-সালিধ্যে, এক নির্বিশেষ একাকার জড়ীয় প্রকৃতি দারা জগতের পরিণাম হয়.—সাংখ্যোক্ত এই স্মন্তি-বাদ গীতা স্বীকার করিয়া লইয়াছেন। **প্রকৃ**তির ক্রিয়া-প্রবৃত্তি বা চেন্টার জন্ম চেতন পুরুষের সন্নিধান অবশ্য স্বাকার করিতে হইবে। অন্তথা, প্রকৃতির প্রথম বিক্ষোভের ব্যাখ্যা সম্ভব হয় না। অতএব. ইহা বলিলেই প্রকৃত কথা বলা হইবে যে,—পুরুষ ও প্রকৃতির স্থালন-বশতঃই সর্ববপ্রকার ক্রিয়া দেখা দেয়; কিন্তু বলিতে হইবে যে, বিষয়ীর রাজ্যে চৈত্যাংশের, এবং বিষয়ের রাজ্যে জডের সমধিক প্রাধান্য পরিলক্ষিত হয়। কিন্তু, পরমাত্মার যেটা স্বরূপ তাহা এই উভয় দ্বারাই ঘটিত: এই তুইটা লুইয়াই তাঁহার স্বরূপ: এবং এতদুভুরুই, এই বিশ্বরচনার মূল উপাদান। এই নিমিত্তই প্রমাত্মাকে, জগতের আশ্রয় ও সর্ববাবভাসক প্রকাশ-স্বরূপ বলিয়া নির্দ্দেশ করা হইয়াথাকে। গীতাকার এ তত্ত্ব স্পষ্ট করিয়া নির্দ্দেশ করেন নাই যে—কি প্রকারে এক পরমাত্ম-স্বরূপ হইতে এক অবস্থায় জড়ের বিকাশ এবং অপর এক অবস্থায় জীব-চৈতন্তের বিকাশ হুইতে পারিয়াছে এবং কিরূপেই বা এই চুইটী, একই মূল উৎস হইতে উৎপন্ন হইয়াও, পরস্পার পরস্পারের প্রতিদ্বন্দিরূপে ক্রিয়া করিয়া চলিয়া যাইতেছে ।

জীবের মধ্যে ও জড়ের মধ্যে বাস করিয়াও, ব্রহ্মবস্তু ঐ উভয় অপেক্ষাও অধিক। অনন্ত দেশ ও কালের মধ্যগত এই অসীম জগৎ-ব্রহ্মাণ্ড তাঁহাতে অধিন্তিত রহিয়াছে, কিন্তু তিনি এ ব্রহ্মাণ্ডে অবস্থিত নহেন। জগৎ নিয়ত অবস্থান্তর গ্রহণ করিয়া থাকে, কিন্তু ব্রন্মের কোন অবস্থান্তর নাই; তিনি সর্ববদাই একরূপ; এই নিত্য নির্বিকার সন্তার উপরে থাকিয়াই জগতের নিয়ত রূপান্তর ইইয়া চলিয়াছে। কোন বিকারই তাঁহাকে বিকৃত করিতে পারে না; তিনি বিকার ঘারা অস্পৃষ্ট। "বায়ু যেমন আকাশে অবস্থিত রহিয়াছে; তত্ত্বপ জগতের তাবৎ বস্তু আমাতে অবস্থান করিতেছে।"

স্ফ বস্তুর কোন ধর্মাই তাঁহার মালিশ্য-সম্পাদন করিতে সমর্থ নহে। এ জগৎ, তাঁহারই স্বরূপের বিকাশ : কিন্তু কোন বিকাশই তাঁহার স্বতঃসিদ্ধ স্বাধীন সত্তার কোন ক্ষতি করিতে পারে না। জগতে প্রকাশিত গুণ-ক্রিয়াদিকে ছাডিয়া দিয়া তাঁহার স্বরূপ কি প্রকার, তাহা আমরা বৃঝিতে পারি না। যদি তাঁহার মধ্য হইতে জগতে প্রকাশিত গুণ বা ধর্মগুলিকে চাঁটিয়। ফেল, তাহা হইলে, ত্রহ্ম আমাদের অজ্ঞেয় হইয়া পড়েন। আবার, যদি আমরা জগতের মধ্যে আপনাকে একেবারে হারাইয়া ফেলি, তাহা হইলে সেই পরম-সত্য বস্তুটা একেবারে এই জগতের নাম-রূপ দ্বারা প্রচছন্ন হইয়া আপন স্তাকে হারাইয়া ফেলিবে। ব্রহ্মবস্ত জগতের সকল পরিবর্ত্তনের মধ্যে অবিকৃত রহিয়াছেন এবং জগতের সঙ্গে সম্বন্ধে আসিয়াও তাঁহার সতা সর্ববদাই স্বাধীন ও স্বতঃসিদ্ধ রহিয়া যায়। এই কথাটী আমাদের ভুলিলে চলিবে না। সকল বিকারে তিনি অমুস্যুত রহিয়াও, বিকার দ্বারা অস্পুষ্ট। সকল বস্তুর সহিত তাঁহার সম্বন্ধ বা সম্পর্ক রহিয়াছে: কোন বস্তুই তাঁহার সংস্পর্শের সম্বন্ধ ত্যাগ করিয়া থাকিতে পারে না : কিন্তু তাই বলিয়া তাঁহার নিজের একটা স্বতন্ত্র, স্বাধীন সন্তা নাই, ইহা কথনও বলা যাইতে পারে না। তাঁহাকে যদি তাঁহার বিকাশের সহিত অভিন্ন বা এক বলিয়া ধরিয়া লওয়া হয়, তবে ত গীতোক্ত ব্রহ্ম ও জগতে কোনই ভেদ থাকে না :—ব্রহ্ম নিঃশেষভাবে জগৎ-রূপে পরিণত হইয়া পড়েন। কিন্তু গীতাকার ইহার বিরুদ্ধ মতই পোষণ করিতেন। "সমস্ত জগৎ পরমেশ্বরের একাংশ মাত্র: তাঁহার অতি ক্ষুদ্র একাংশ মাত্র, এই জগতের আকার ধারণ করিয়া রহিয়াছে।" গীতার দশম অধ্যায়ে শ্রীকৃষ্ণ নিজেই বলিয়াছেন যে, "তিনি তাঁহার অনন্ত ঐশ্বর্যোর কেবল সামান্ত অংশ মাত্র প্রকাশ করিয়াছেন, তাঁহার দিব্য ঐশর্য্যের কোন ইয়তা বা অন্ত নাই।" গীতার যিনি 'পুরুষোত্তম,' তাঁহাতে ব্রক্ষের নিশুণ সর্ব্বাতীত ভাব এবং পর্মেশ্বরের সক্রিয় সগুণ ভাব, উভয়ই রহিয়াছে।

জগতে বিকাশিত বিষয়ী জীব-চৈততা ও জড় বিষয়ের—সংস্পর্শবর্জ্জিত, সর্ববাতীত নির্বিকার তত্ত্ব অপেক্ষাও, গীতোক্ত 'পুরুষোত্তম'-তত্তটী, ধর্ম্মের চক্ষে, অনেক উচ্চ স্থান অধিকার করিয়া আছে। এই পুরুষোত্তম, সকলের নিয়ন্তা, প্রস্কু; মনুষ্যের বিপদে, ছুঃখে সদা ত্রাণকর্ত্তা; দীনের 'দয়াল বন্ধু'। তিনি

পাপীর দণ্ড-দাতা; কিন্তু তাই বলিয়া তাঁহাকে নিষ্ঠুর বলা যায় না; তিনি ন্যায়-পর, দয়ায় পূর্ণ। পুরুষোত্তম বা পরমেশ্বর-তত্ত্ব যে মানুষের ছুর্ববলতা-জনিত আত্ম-প্রবঞ্চনা তাহা নহে: ধর্ম্মজীবন লাভের নিমিত্ত যাহা সর্ববাতীত নিগুণ, তাঁহারই সগুণ, আদি-পুরুষভাব বলিয়া উহা গৃহীত হইয়াছে। মমুখ্য-বুদ্ধির তীব্রালোকপাতে যাহা সর্বস্তণ-বিরহিত সত্যুদ্ধপে প্রতিভাত হইয়া থাকে : আধ্যাত্মিক 'অনুভব' (Intuition) তাহাকেই একাধারে নিগুণি ও সঞ্জণ ঈশ্বরূপে প্রকাশিত করে। উপনিষ্দের মধ্যেই উভয়ের সামঞ্জন্তের বীজ নিহিত রহিয়াছে। ঈশোপনিষদ, এক প্রম-তন্তকে সক্রিয় ও নিজ্ঞিয় উভয় প্রকারে প্রদর্শন করিয়াছে। যাহারা একতর তত্ত্ব লইয়া কাল কাটায় তাহার। অন্ধতামসারত অবিষ্ঠায় প্রবিষ্ট থাকে। গীতায় নির্বিকার পরমাত্ম। ও জগতের বিকার-বর্গ—এই উভয়ের সমন্বয় করিতে চেফা করা হইয়াছে। পরমাত্মতত্ত্ব শক্তিযুক্ত হইয়াই, পুরুষোত্তমরূপ গ্রহণ করেন। শক্তি-রহিত নিষ্পান্দ ভাবই—ব্রহ্মাভত্ত। এই বিষয়ে শঙ্করানন্দ তাঁহার গীতা-ব্যাখ্যায় একটা শ্লোক উদ্ধৃত করিয়াছেন—"বাস্থদেবের তুই রূপ,—অব্যক্ত ও ব্যক্ত। পরম-ব্রহ্ম তাঁহার অব্যক্তরূপ: আর স্থাবর জন্মাত্মক সমগ্র জগৎ তাঁহার ব্যক্ত রূপ।" ত্রন্ধের স্বরূপে যখন আমরা প্রকৃতিকে আরোপিত করিয়া ভাহাতেই জোর দেই, উহাই তাঁহার ব্যক্তরূপ। জীবও ইহারই অংশ-বিশেষ। শ্রীকৃষ্ণও এই দিকে জোর দিয়াই বলিয়াছিলেন—"যাহা কিছু ফুল্ব, যাহা কিছু সৎ, যাহা কিছু ঐশ্বর্যো সমুজ্জ্বল, তাহাকেই মদীয় তেজের অংশ বলিয়া বুঝিবে।" শ্রীকৃষ্ণ যথন বিশ্বরূপ দেখাইয়া, তাঁহাতেই ভক্তি করিতে বলিয়াছিলেন, যেখানেই তিনি 'অহং' (আমি) শব্দের প্রয়োগ করিয়াছেন,—সর্ববত্রই আমরা সেই পরম-তত্ত্বের ব্যক্তরূপের নির্দেশই বুঝিতে পারি। ঈশ্বরের এই অংশই স্ষ্টি-ক্রিয়ায় ব্যাপৃত থাকিয়া, আপনাকে কালের পরিবর্ত্তন-প্রবাহের মধ্যে ও জগতের বিকারের মধ্যে প্রবিষ্ট করিয়া দেন। এই সকলের অতীত তাঁহার যে স্বরূপ, তাহা নির্বিকার ও নীরব ও শান্ত: এতদ্যতীত অপর কোন রূপ নাই। এই চুই প্রকার রূপের মিলন-ভূমি-পুরুষোত্তম-তত্ত। আমরা যদি কেবল এই সগুণ পুরুষ-তত্ত্বকেই একমাত্র দার্শনিক তত্ত্ব বলিয়া গ্রহণ করিতে যাই, তবে

আমরা অতিশয় গোলে পড়িব, সন্দেহ নাই। শ্রীকৃষ্ণ বলিয়াছেন—
"যে জ্ঞান লাভ করিলে অমৃত-পদ লব্ধ হয়, সেই পরম-জ্ঞেয় তত্ত্বের জ্ঞানের কথা—যিনি সহও নহেন, অসহও নহেন; যাঁহার আদিও নাই, অন্তও নাই,
—আমি তাহাই তোমাকে বলিতেছি।" গীতাকার পুনঃ পুনঃ বলিয়াছেন
যে, এই ব্যক্তরূপ, পরমাত্মার গুছ-শক্তি—যোগমায়া—হইতেই স্ফট
হইয়াছে। "আমার একটী সর্ববিতীত অব্যয় স্বরূপ আছে। মৃঢ় লোকেরা
সেই তত্ত্বটীকে বুঝিতে না পারিয়া, প্রকৃতপক্ষে অব্যক্ত আমাকে, জগৎ-রূপে
ব্যক্ত বলিয়াই ধরিয়া লয়।" অবশ্য দার্শনিক বিশ্লেষণের শেষ সীমায় গিয়া
বুঝা যায় যে, নিগুণের এই সগুণ ব্যক্তাকার গ্রহণ—ইহা পরম-সত্য অপেক্ষা
কিঞ্চিৎ ন্যুন ভাব। স্কুতরাং যদি কেহ বুঝেন যে, গীতায় পুরুষ-ভাব অপেক্ষা
পুরুষাতীত নিগুণ ভাবের সত্যতা বা পারমার্থিকতাকে কিছুখাটো করা
হইয়াছে, তবে তিনি ভুল বুঝিবেন। গীতা কেবল, সগুণ পরমেশ্বর-ভাবকে
ধর্ম্মজীবনের সমধিক উপ্যোগী বলিয়া নির্দেশ করিয়াছেন মাত্র।

জগতের তত্ত্ব বিষয়ে কিছু বলিবার পূর্বেব, আমরা এম্থলে ভগবানের অবতার-বাদ সম্বন্ধে হুই এক কথা বলিতে চাই।

আমরা উপরে যে পুরুষোত্তম পরমেশ্বের তত্ত্বের কথা বলিয়াছি, শ্রীকৃষ্ণ কি সেই পুরুষোত্তম ? অথবা শ্রীকৃষ্ণ তাঁহার একটা অংশ-বিশেষ ? এ বিষয়ে মতভেদ দৃষ্ট হয়। গীতায় অবতার-বাদের কথা আছে "যদিও আমি অজ ও অব্যয় স্বরূপ, যদিও আমি সর্ববভূতের ঈশ্বর, তথাপি আপনার প্রকৃতিকে বশীভূত করিয়া—নিয়ন্ত্রিত করিয়া—আমি মায়া-যোগে আপনাকে বিকাশিত করিয়া থাকি।" সাধারণতঃ, অবতার মাত্রেই পর-তত্ত্বের পরিচিছ্ন বিকাশ; যদিও ভাগবতে শ্রীকৃষ্ণকে অংশাবতার-রূপে গণনা করা হয় নাই —"কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং।" শ্রীকৃষ্ণের যে রূপ বর্ণিত হইয়াছে, তাহা তাঁহার সর্ববান্তর্ভাবকতারই পরিচায়ক। তাঁহার মোলিদেশে যে ময়ুর-পিচছ আছে, তাহা বর্ণ-বৈচিত্রো মানবের নয়ন উন্তাসিত করে। তাঁহার দেহের বর্ণ জলধর-শ্যাম; তাঁহার বক্ষো-বিলম্বী বন্তু-কুসুমের মালিকা,—সৌর-জগতের গ্রহ-কক্ষত্র-থতিত মহৈশ্র্যের ভোতক। তাঁহার বদনারবিন্দলগ্র বংশীর ধ্বনি তাঁহার জগতে আবির্ভাবের তত্ত্ব বা সংবাদ ঘোষিত করিয়া দেয়। তাঁহার

বর-বপুর কান্তি-বর্দ্ধক পীত-বসন, অন্তরীক্ষ-ব্যাপিণী প্রভা-মণ্ডলের ছোতক; তাঁহার বক্ষঃ-স্থলস্থ পদ-চিহ্নটা, ভক্তের প্রতি তাঁহার অসীম প্রীতির নিদর্শন। ভক্তের হৃদয়ে তাঁহার আসন পাতা আছে। মনুষ্মের প্রতি তাঁহার করুণার এতই আতিশয় যে, তাহা তাঁহার ত্রিভঙ্গিম চরণ-বিভাস-ঘারাই সম্যক্ প্রকটিত রহিয়াছে। শঙ্কর ও আনন্দগিরি শ্রীকৃষ্ণকে অংশাবতার-রূপেই গ্রহণ করিয়াছেন। গীতার মতে, শ্রীকৃষ্ণ স্বয়ং পুরুষোত্তম। "মূঢ়েরাই আমার মানুষ-রূপ দেখিয়া অবজ্ঞা করে; ইহারা আমার অব্যয়্ম প্রম-রূপের তত্ত্ব জানে না!"

অবতার-বাদ মানুষকে ধর্মারাজ্যের একটী নূতন সংবাদ দিয়াছে। অবতার-সমূহে ভগবানের যোদ্ধৃ-ভাবই প্রকটিত দৃষ্ট হয়; ইহা ভগবানের— পাপ ও তাপ, বিনাশ ও মৃত্যুর বিরুদ্ধে সংগ্রাম ঘোষণা। "যখনই ধর্ম্মের গ্রানি ও অধর্ম্মের প্রাবল্য জগতে দৃষ্ট হয়, তখনই আমি আপনাকে স্বষ্টি করি। তুদ্ধতকারীর বিনাশ ও ধর্ম্ম-সংস্থাপনের নিমিত্ত আমি যুগে যুগে জগতে অবতীর্ণ হই।" ধর্ম্ম-রাজ্যে যে নৈতিক নিয়মানুবর্ত্তিতা রহিয়াছে, গীতার এই উক্তিগুলি তাহারই জ্লস্ত ধ্বনি ব্যতীত অপর কি 🔊 পরমেশ্বরকে যদি মানুষের পরিত্রাতা ও মুক্তিদাতা বলিতে হয়, তবে যথনই অধর্ম ও পাপাচরণের প্রতাপ সর্ব্বপ্রকার উন্নতির পরিপন্থী হইয়া দাঁড়ায়, তখনই পরমেশ্বর তৎ-প্রতিবিধানার্থ জগতে দেখা দিবেন ইহাতে আর সন্দেহ কি •ু হিন্দুদিগের পুরাবৃত্ত ইহা দেখাইয়াছে যে, যখনই অধর্ণ্মের ও অত্যাচারের প্রভাব বাড়িয়া উঠে, যখনই কোথাও কোন রাবণ বা কংশের প্রাচুর্ভাব হয় ও তদ্বারা জগতের নৈতিক নিয়মের (ইন্দ্র ব্রহ্মা প্রভৃতি দেবতার) ও পৃথিবীর উপরে অত্যাচার হইতে থাকে;—তখনই পৃথিবা কাঁদিয়া ভগবানের সম্মুখে আপনার তুরবস্থার কীর্ত্তন করে এবং এই অত্যাচারের নিবারণার্থে তাঁহার আবির্ভাব প্রার্থনা করে। হিন্দুর পুরাণে এই তত্ত্ব দৃষ্ট হয়। পৃথিবীর অভ্যাচার-দমন—ইহা ত পৃথিবীর নিয়ত ঘটনা; তথাপি সময়-বিশেষে, বিশেষ অত্যাচারের ও অধর্ম্মের দমনের বিশেষ প্রয়োজন উপস্থিত হয়। অধর্ম-বশে জগতের নিয়ম-শৃঙ্খলার যখন বৈপরীত্য উপস্থিত হয়, ত্থনই কেবল ভগবানের আবির্ভাবের বৈশিষ্ট্য ও প্রয়োজন আইসে। মমুষ্যের মধ্যে ভগবানের বিশেষ-আবির্ভাবকে অবতারের মূল তত্ত্ব বলা অবশ্য, প্রত্যেক চেতন-সন্তাতেই তাঁহার অবিভাব আছে, —জীব-মাত্রেই ভগবিদ্বকাশ;—কিন্তু জীবে যে তাঁহার বিকাশ তাহা অবিছাচ্ছন্ন—অপ্রকাশিত। কিন্তু অবতারের মধ্যে তাঁহার যে আবির্ভাব তাহাতে অজ্ঞানতার লেশও নাই। মানবাত্মাও ভগবানেরই অবতার मत्मर नारे; किन्न यত দिन ना मात्रा উठीर्न रहेए পারিতেছে, এবং আপন অপূর্ণতার ধ্বংস করিয়া পূর্ণতা লাভ না করিতেছে,—তত দিন নহে। স্রফা পরমেশ্বর, তাঁহার স্থট জীব হইতে একান্ত স্বতন্ত্র নহেন: উভয়ে পৃথক্ বা স্বভন্ত্রভাবে থাকে না। মানব সর্ববদাই আপনাকে পূর্ণ করিবার চেন্টা করিতেছে; মানবাত্মার মধ্যে যে পূর্ণত্রহ্ম উপস্থিত আছেন, দেই ব্রহ্ম-প্রাপ্তি একদিন মামুষের হইবেই। আজ যাহা তাহার মধ্যে বীজাকারে প্রস্থপ্ত, তাহাই ক্রমে ক্রমে পূর্ণতা পাইবেই। অতএব, মানুষের মধ্যে ভগবানের আবির্ভাব হয়, একথা বলাও যা'; মানুষ ক্রমে ক্রমে ভগবৎ-সান্নিধ্য লাভ করে, ইহা বলাও তা'। কিন্তু, অবতারবাদের সাধারণতঃ তাৎপর্য্য এইরূপ যে, কোন বিশেষ উদ্দেশ্য-সাধনার্থ ভগবান সময়ে সময়ে, আপনাকে, পরিচ্ছিন্ন মূর্ত্তিতে, জগতে দেখা দেন এবং সেই পরিচ্ছিন্ন মানবাকারের মধ্যেই জ্ঞানের ও ক্রিয়ার পূর্ণতা দৃষ্ট হইয়া থাকে।

জগৎ যে পূর্ণতার দিকে অগ্রসর হইয়া চলিয়াছে,—এই অবতার-তত্ত্ব সেই পূর্ণতার আদর্শরূপে গৃহীত হইতে পারে। জগৎ যে যে কালে, এক একটা উন্নতির সীমায় উপনীত হয়, যে সকল অতি-মানব পুরুষ সেই সীমাকে আদর্শরূপে আত্মন্থ করিয়া লন, তাঁহারাই ভগবানের বিশেষ আবির্ভাবের ক্ষেত্র। এই সকল অতি-মানব পুরুষের মধ্যে পরমেশ্বর আত্মবিকাশ করেন এবং ইহারা আপন প্রকৃতির উপরে জয় লাভ করিয়া সাধারণ মামুষের সম্মুখে আদর্শ-পুরুষরূপে আত্ম-প্রতিষ্ঠা করিয়া থাকেন। ইহাদের আদর্শে অমুপ্রাণিত হইয়া সাধারণ মামুষ আত্ম-বিকাশ করিতে সাহস অবলম্বন করে। সাধারণ মামুষ উত্হাদের ছাঁচেই আপনাদিগকে গড়িয়া তুলিতে সমর্থ হয়। যাহা একজনের পক্ষে সম্ভব হইয়াছে,— যাহা বৃদ্ধদেব বা যাশুগুটের পক্ষে সম্ভব হইয়াছে—অপরের পক্ষেই

বা তাহা কেন না সম্ভব হইবে ? এই পৃথিবীর ক্রমবিকাশের পথে —জগতে পবিত্রতা-সম্পাদনার্থ বা জগতে ঐশ-আদর্শের ক্রম-বিকাশার্থ. জগৎ ক্রমোচ্চ স্তর দিয়া অগ্রসর হইতেছে। অনেক স্তর চলিয়া গিয়াছে। বিষ্ণুর দশ অবতারের কথা হিন্দুদিগের পুরাণে কীর্ন্তিত আছে। মানব-রাজ্যের নিম্নস্তরে, প্রাণিরাজ্য পর্যান্ত জগতের ক্রম-বিকাশের স্তরে, মৎস্থ, কুর্ম্ম ও বরাহ অবতারের কথা আছে। প্রাণিরাজ্য ছাড়িয়া মানব-রাজ্যের বিকাশে নর-সিংহমূর্ত্তির অবতার বর্ণিত আছে। জগতের এই ক্রমোদ্ধ বিকাশ, বামন-অবতারে গিয়াই শেষ হয় নাই ;—এইখানেই পূর্ণতা লাভ করে নাই। মানব-রাজ্যের প্রথম বিকাশে আমরা অর্দ্ধ-সভ্য, পশু-স্বভাব, পরশুধারী, হিংস্র পরশুরামের মূর্ত্তি দেখিতে পাই,—যিনি ক্ষত্রিয়কুল নিপাতে দংরম্ভপূর্ণ। ইহার পরস্তারে, শাস্তা, দেবোচিত গুণ-গ্রামভূষিত রামচন্দ্রকে দেখিতে পাই,— যাঁহার দারা পারিবারিক জীবনের ও গার্হস্থাধর্মের পবিত্রতা ও মহনীয়ত। সম্পাদিত হইয়াছিল। তারপরেই শ্রীক্লফাবতার, যিনি জগতের সংগ্রামে আত্মনিয়োগ করিয়াছিলেন। তার পরেই শাস্ত বুদ্ধ-মূর্ত্তি, যিনি জীবের প্রতি করুণায় জগৎকে ভাসাইয়া দিয়া, মানবের মুক্তির দংবাদ আনিয়া দিয়াছেন। পরিশেষে, অত্যাচারের সহিত যুদ্ধোগুত, ভবিষ্যুৎ কল্কি-অবতারের আশা করিতেছি। ইনি অধর্ম্ম ও পাপের **সহিত** মিন-হত্তে যুদ্ধ করিবেন। এইরূপে, পৃথিবীর ও মনুষ্য-রাজ্যের ক্রমোর্দ্ধ-বিকাশের সহিত, অবতার-তত্ত্ব বিজ্ঞতিত রহিয়াছে।

সংসার

ভগবদ-গীতায় বেদান্তোক্ত মায়া-বাদের স্থান কোথায় তাহা নির্ণয় করিতে হইলে, মায়া শব্দটী কোন কোন অর্থে ব্যবহৃত হইয়া থাকে সেই অর্থগুলির ভিন্ন ভিন্ন ভাব গ্রহণ করা এবং কোনু অর্থেই বা গীতায় উহা প্রযুক্ত হইয়াছে তাহা দেখান আবশ্যক। (১) জগতের কোন ব্যাপারই যদি ব্রহ্মসন্তার কোন ক্ষতি-বৃদ্ধি না করে, তাহা হইলে এই জগদ-ব্যাপারের উৎপত্তি চির-রহস্থাবৃত রহিয়া যায়। গীতাকার অবশ্য এই অর্থে মায়ার প্রয়োগ করেন নাই—যদিও তাৎপর্য্যতঃ এ অর্থ লওয়া সম্ভব হইতে পারে। একটা অনাদি অথচ অসত্য—অবিতা হইতে এই মায়াময় জগতের উৎপত্তি হইয়াছে, গীতাকারের মনে এরূপ কথা প্রবেশ করে নাই। (২) আদিপুরুষ পরমেশর আপনার মধ্যেই সৎ ও অসৎ.— ত্রেশার নিগুণ ভাব ও জগতের বিকার এই উভয় ভাবকেই, মিলাইয়া—আত্মস্থ করিয়া,—রাখিয়াছেন। মায়া তাঁহার শক্তি যাহার বলে তিনি এই বিকারি জগৎ নির্মাণ করিয়াছেন। ইহাকে পরমেশ্বের শক্তি বা আত্মার 'বিভৃতি', বা আত্মস্বরূপের বিকাশ বলা যায়। এই অর্থে মায়া, ঈশ্বরের একান্ত বশীভূত শক্তি, ঈশ্বরও মায়ার বশে কার্য্য করেন;—এবং উভয়ই অনাদি। গীতায়, পরমেশরের এই শক্তি বা সামর্থ্যকেই মায়া শব্দে নির্দ্দেশ করা হইয়াছে। (৩) জড় ও চেতন, প্রকৃতি ও পুরুষ—এ চুইটা তাঁহারই বিভাব, তাঁহারই স্বরূপের অন্তর্ভু ত তত্ত্ব। সেইজন্ম এই চুইটীকে পরমেশ্বের মায়া (পরা ও অপরা) বলা যায়। (৪) ক্রমে, মায়া শব্দটী অপরা প্রকৃতি বলিয়াই গৃহীত হইতে লাগিল: কেন না, পরমেশ্বর জগৎ-নিশ্বাণের জন্ম প্রকৃতির গর্ভে পুরুষ-রূপ বীজকে নি:ক্ষেপ করিয়াছেন,—বলা হইয়াছে। (৫) লোক-চক্ষ্ হইতে পরমেশ্বর-তত্তকে আবৃত করিয়া রাখে বলিয়া, এই জগৎকে মায়াময় বলা যায়। প্রমেশ্বের সম্পর্ক হইতে বিচ্যুত করিয়া লইয়া জগৎকে গ্রহণ করিলে, ইহার অন্তভূতি ঈশ্বর-সত্তাটী আর আমাদের দৃষ্টিপথে পতিত হয় না; তখন ইহার মধ্যে কেবলই জড়ীয় ক্রিয়া-পরম্পরার শৃঙ্খলা

মাত্র আমাদের দৃষ্টি আকর্ষণ করে। কেবল এইরূপেই, জগৎ মোহের নিদান হইয়া পড়ে: নতুবা প্রকৃত-পক্ষে ইহা মায়াময় নহে। এইরূপেই কেবল ঐশ্বী মায়া, অবিছ্যা-মায়ায় পরিণত হইয়া পড়ে। ইহা পরমেশ্বরের নিতাস্ত অধীন, ইহা তাঁহাকে আচ্ছন্ন করিতে পারে না: স্থুতরাং তাঁহার পক্ষে ইহা 'বিত্তা-মায়া'। মোহারত নয়ন মন্ত্রোর পক্ষেই কেবল ইহাকে 'অবিজ্ঞা-মায়া' বলা যায়: কেন না, ইহা ঈশ্বর-তত্তকে প্রচছন্ন করিয়া রাখে। এইরূপে মায়া, জীবের তুঃখ ও চুর্গতির নিদান হইয়া পড়ে: জীবের পূর্ণজ্ঞান ইহা দারা সমাচ্ছন্ন হইয়া, জ্ঞানের অপূর্ণতা ও মোহাচ্ছন্নতা উপস্থিত হয়: জীবের চক্ষে তখন পরমেশ্বের স্বরূপ প্রচ্ছাদিত হইয়াই উপস্থিত হয়। (৬) প্রমেশ্বর এই জগতের কারণ, এবং জগৎ তাঁহার কার্যা। সর্ববত্রই দেখা যায়, কার্য্য অপেক্ষা কারণের সত্যতা অধিক; স্বভরাং জগতের সন্তা ব্রহ্ম-সতা হইতে অল্ল:—জগৎ এই প্রকারে অসৎ এবং বিকারগুলি পরস্পর বিরোধি-ধর্মাক্রান্ত বলিয়াও জগতের মিথ্যাত্ব বঝিতে পারা যায়। জগতের বস্তুগুলিতে বিরোধ, পরস্পার দক্ষ পরিদুষ্ট হয়: কিন্তু যিনি পরম-সত্য বস্তু তিনি সকল ঘদ্বের অতীত, তাঁহাতে সকল বিরোধের অবসান হয়।

জগতের বিকারগুলি যে কাল্লনিক—কল্লিভ বস্তুমাত্র—এরপ কোন আভাস গীতায় পাওয়া যায় না। এমন কি, শঙ্করের অবৈভবাদেও, জগতের বিকার-বর্গের কাল্লনিকতা স্বীকৃত দেখা যায় না। কেবল, তাঁহার মতে, ব্রহ্মা কিরপে জগৎ-আকারে পরিবর্ত্তিত হইয়া উঠিলেন, সেই মূল আদিম পরিবর্ত্তনকেই কেবল তিনি 'বিবর্ত্ত' বা মায়ার রূপ বলিয়া গ্রহণ করিয়াছেন। পুরুষোত্তম হইতে জগতের বিকাশকে সত্য বলা যায় না; কারণ সর্ববদাই জগতে বিরোধের সাম্রাজ্য চলিতেছে দেখা যায়। এই জগৎ "অপ্রতিষ্ঠ বা ইহার কোন অধিষ্ঠান (আধার) নাই, ইহার কোন নিয়ন্তা নাই, ইহা কামজ সংযোগ হইতে সমূৎপন্ন"—গীতা এ প্রকার মতের বিরোধী মতই পোষণ করে। তবেই দেখা যাইতেছে যে, এই জগৎ পরমেশ্বর কর্ত্তক নিয়ন্তিত হইয়াই ক্রম-পরিবর্ত্তনে ছুটিয়া চলিয়াছে। অনত্তের বক্ষে

উত্থিত একটী স্বপ্ন-তুল্য অলীক বস্তু বলিয়া, গীতায়, জগৎকে ধরিয়া লওয়া হয় নাই। এই সংগারে থাকিয়াই মমুস্তা, কালাতীত আত্ম-তত্ত্ব লাভ করিতে সমর্থ হইতে পারে, ইহাই গীতার শিক্ষা। ভগবান স্বয়ং কর্ম্মে নির্লিপ্ত থাকিয়া, সংসারে স্বয়ং কর্ম্মে প্রবৃত্ত,—এই দৃষ্টান্ত মানুষের সম্মথে গীতা উপস্থিত করিয়াছে। যথন আমরা মায়াকে অতিক্রম করিতে পারিব, তখন যে দেশ, কাল ও কার্য্য-কারণের শৃষ্থলা খসিযা পড়িবে, এমন কোন কথা নাই। সে অবস্থায় জগৎ নফ হইয়া যাইবে না, সংসার বিলুপ্ত হইবে না : কেবল ইহার রূপান্তর হইবে মাত্র। জগতের প্রত্যেক জীব ও পদার্থের অন্তরতম প্রদেশে পুরুষোত্তম বাস করিতেছেন : ইনি আমাদের একান্ত অতীত কোন বস্তু নহেন। জ্বগতের সকল বস্তুকে ইনি ধরিয়া রাখিয়াছেন; জীব ও জড় তাঁহারই স্বরূপের বিকাশ। অসৎ হইতে এই জগৎ উৎপন্ন হয় নাই : ইহা তাঁহার স্বরূপেরই অভিব্যক্তি। প্রলয়াবস্থাতেও, তাবৎ জাবের সহিত এই জগৎ, সূক্ষ্ম-রূপে তাঁহাঃই স্বরূপে অবস্থান করিবে। কেবল স্থিতি-কালে, যেন তাঁহাকে ছাড়িয়া, পরস্পর বিচ্ছিন্ন-ভাবে প্রতীত হইয়া থাকে। ইহা মহা-মায়ারই প্রভাব। "জগৎকে 'অশ্বর্থ' বৃক্ষরূপে বর্ণনা করা হয়,—যাহার মূল উদ্ধ দিকে এবং শাখা-প্রশাখা নিম্নদিকে প্রস্তুত রহিয়াছে।" প্রাকৃতিক আকারই জগতের দাধারণ আকার। পদার্থগুলির মধ্যে পরস্পর বিরোধ, একের অন্তকে আক্রমণ করিয়া ভক্ষণ, উৎপত্তি, পরিণতি, জড়ের মধ্যে প্রাণের অমুপ্রাণন, —এ সকলই প্রকৃতির খেলা। "ক্ষিতি, জল, অগ্নি, বায়ু, আকাশ, মন ও বুদ্ধি ও অহংকার—এই অফ্টধা বিভক্ত প্রকৃতি আমার।" "ইহা পরমেশ্বের অপরা প্রকৃতি। যে জীব-চৈতন্ম দ্বারা ইহারা অমুপ্রাণিত ও বিধৃত রহিয়াছে, তাহা পরমেশবের পরা প্রকৃতি।" রামামুক বলিয়াছেন— "জডীয় প্রকৃতি ভোগ্য বা জ্ঞেয় বস্তু; ইহা হইতে স্বতন্ত্র জীব-চৈতন্ত্র: ভাহাকে ভোক্তা বলা যায়।" পরা ও অপরা নামক চুই প্রকৃতিবিশিষ্ট পুরুষোত্তমকে গ্রহণ করিয়া, যদি নিগুণি পরমাত্মভাবকে দৃষ্টি-বহিভুতি রাখা যায়, তাহা হইলে রামামুজের ব্যাখ্যাই ঠিক বলিয়া গ্রহণ করা যায়। "মণিগণের মধ্যে প্রবিষ্ট সূত্র যেমন উহাদিগকে ধরিয়া রাখে, সেইরূৎ,

জীব সকল ও জড় পদার্থ সকল— যাহার। ভগবানের শরীর-স্থানীয়— কারণাকারেই হউক বা কার্য্যাকারেই হউক—আমাতেই ধৃত রহিয়াছে।"

জীবকে ভগবানের 'অংশ'রূপে কথিত হইয়াছে। শঙ্কর এই '<mark>অংশ'</mark> শব্দের অন্য প্রকার ব্যাখ্যা করেন। তাঁহার মতে ইহা প্রকৃত অংশ নহে :— যাহার অবয়ব নাই, তাহার অংশ কিরূপে সম্ভবে? জীব প্রমেশ্বের সংশের স্থায়, কল্লিত অংশ, প্রকৃত অংশ নতে। শঙ্করের এই ব্যাখ্যা ঠিক গীতাকারের অভিপ্রেত বলিয়া মনে হয় না। এই ব্যাখ্যায়, কেবল জীব বলিয়া নহে : পুরুষোত্তমকেও, ত্রক্ষের কল্লিত অংশ বলিতে হয় :— যেহেত তাঁহার মধ্যেও ত অসৎ—ইদং—ক্রিয়া করিতেছে। জীবই ত ক্রিয়ার প্রকৃত কর্তা: ইহা, পুরুষ-তত্ত্ব বা পরমেশ্বরের আংশিক বা পরিচিছন্ন বিকাশ। জীবকে সর্ববাতীত, শুদ্ধ আত্মা বলা যায় না। মন, ই:ক্রিয় ও দেহ নির্মাণ করিয়া লয় বলিয়াই ত ইহাকে স্বতন্ত্র একটা বস্তু বলিয়া ধরিয়া লওয়া হয়। প্রকৃতির যেমন একটা বিশিষ্ট পরিমাণ বা পরিচেছদ আছে: উহার যেমন একটা কাল-ব্যাপ্তিও স্পান্দন আছে: পুরুষ বা জীবেরও একটা বিশিষ্ট আকার বা পরিচেছদ ও বিশিষ্ট জ্ঞান রহিয়াছে। প্রাণময়, মনোময় ও অন্নময় কোষে আবদ্ধ প্রমাত্মবস্তই জীব নামে পরিচিত ; ইহা পরমাত্মার পরিচ্ছিন্ন রূপ। "প্রকৃতির সহিত সংযুক্ত হইয়াই ত পুরুষ প্রকৃতির ভোক্তা হইয়া থাকে, এবং ইহার যে সৎ বা অসৎ যোনিতে জন্ম গ্রহণ, তাহাও ত প্রকৃতিরই প্রভাববশতঃ।"

জীব-তত্ত্ব

দেহমধ্যে বন্ধ হইয়া জীব, মোহ-মুগ্ধ হইয়া উঠে। সংসারে জীবের উৎপত্তি অপুর্ণতার লক্ষণ। যতদিন প্রকৃত পরমাত্ম-তত্ত আমাদের দৃষ্টির

বহিন্তৃতি থাকে, ততদিন সংসারে পুনঃ পুনঃ জন্ম-মৃত্যুর অধীন থাকিতেই হয়। কিন্তু আত্ম-স্বরূপের প্রকৃত জ্ঞান ফুটিয়া উঠিলে, মাগ্রন্ধকার দূর হইলে,—তখন আমাদের এই জীবত্ব ঘূচিয়া যায়। জীব, প্রতিনিয়ত আপন অবস্থার বাহিরে যাইতে সচেষ্ট। পরিচ্ছিন্ন জীবের মধ্যে, অপরিচ্ছিন্ন আত্ম-তত্ত্ব পূর্ণরূপে বিকাশিত হইতে পারে না। এই নিমিত্তই জীব ক্রমাগত অাপন পরিচেছদের অতীত হইতে চেফী করে এবং যে পর্যান্ত সাত্ত জীব অনস্তের দাক্ষাৎ না পাইতেছে, যতদিন উহার আত্ম-বিকাশের যেটা অবসান-ভূমি তাহাতে না পোঁছিতেছে, ততদিন জাবের এই প্রচেম্টার বিরতি হইবে না। এই জন্মই জীবের আকাজ্জ্বার সীমা নাই; তাহার আকাজ্ক্বার বস্তও ক্রম-বর্দ্ধন-শীল: এবং দেও ক্রমেই উহার নিকট হইতে নিকটতর অগ্রসর হইতেছে। এই জগৎও তাই অনন্তাভিমুখে, পূর্ণতালাভের দিকে, অবিরাম ছুটিয়া চলিয়াছে! তবেই বুঝা ঘাইতেছে যে, উত্তরোত্তর-বিকাশ-জনিত সর্বব-প্রকার ভেদ এবং প্রকৃতির সহিত উহাদের সম্বন্ধও,—অনবস্থিত ও অস্থায়ী। অখণ্ড পুরুষোত্তম, খণ্ড জীবরূপে আপনাকে অসংখ্য অংশে বিভক্ত করিয়া অবস্থান করিতেছেন। গীতায়, এইরূপে জীবের বহুত্ব স্বীকৃত হইয়াছে। কিন্তু নিগুণ ত্রক্ষের দিক্ হইতে দেখিলে, জীবের জীবত্ব কেবল বিষয়-সংযোগে উৎপন্ন বলিতে হয়। এমন কি, সংসারে প্রত্যেক জীবের যে কর্মাশক্তি বা কর্তৃত্ব দৃষ্ট হয়, তাহা নিক্ষিয় পরমাত্মবস্তু হইতে প্রাপ্ত নছে; উহা প্রকৃতির শক্তি-যোগে সমুৎপন্ন। "প্রকৃতির বশেই জীব ক্রিয়া করিতে বাধ্য হয় ; প্রকৃতিই জীবকে আপন আপন ক্রিয়ায় নিযুক্ত করে।" পুরুষকে নিত্য বলিয়া স্বীকার করিলে, উহার কর্তৃত্ব ও পরস্পার পরস্পার হইতে পুরুষের ভিন্নতাই বা কিরূপে স্বীকার করিতে পারা যায় ? গীতা বলিশ্নাছেন—"অহংকার দারা বিমৃঢ়-চিত্ত হইয়া জীব আপনাকে কর্ত্তা

বলিয়া মনে করে: প্রকৃত পক্ষে ক্রিয়া মাত্রই প্রকৃতি দ্বারাই উৎপন্ন হয়।" জীবের এই যে জীবত্ব-বিষয়ক ভ্রান্তি, ইহা বিষয়কে আপনার বলিয়া গ্রহণ করিবার ফলেই হইয়া থাকে। সকলের মধ্যেই জীব স্বরূপতঃ এক, অভিন্ন: প্রকৃতিই উহাদের ভিন্নতার হেতু। "কুকুরে ও শ্বপাকে একই আত্মা সমভাবে অবস্থান করিতেছেন।" শঙ্করাচার্য্য গীতায় এই সকল স্থল হুইতে অতি সহজে আপন অদৈতবাদ প্রতিষ্ঠা করিতে পারিয়াছেন। তিনি বলিয়াছেন—''বৈশেষিকোক্ত 'বিশেষ'* বলিয়া কোন বস্তু নাই: দেহের সহিত সংযোগ হইলেই যে, জীবের স্বরূপগত ভিন্নতা থাকিবে, এরূপ কোন প্রমাণ নাই : প্রত্যেক দেহের মধ্যেই যে আত্মাকে ভিন্ন ভিন্ন মনে করিতে হ**ই**বে এমন কোন কথা নাই। স্ততরাং পরমাত্মাকে নিবিংশেষ ও এক বলিয়াই গ্রহণ করা কর্ত্তব্য।" এক একটা দেহ লইয়াই জীবের ভেদ করা হইয়া থাকে। মহাভারতে দৃষ্ট হয়—"গুণ-সঙ্গবশতঃই জাব ভিন্ন বলিয়া প্রতীত হয়; এই গুণ-সম্বন্ধ হইতে মুক্ত হইতে পারিলেই জীব তখন প্রমাজার স্বরূপে উপনীত হইয়া যায়।" যে স্কল বাক্যে প্রমাজা ও জীবাত্মার একত্ব সূচিত হইয়াছে, রামাত্মজ সে সকল বাক্যের অশ্য প্রকারে ব্যাখ্যা করিয়াছেন। "সর্বত্ত তাঁহার হস্ত-পদ, তিনি সমস্ত পদার্থে বাাপ্ত হইয়া স্থিতি করিতেছেন "---রামানুজ এই সকল স্থলের ব্যাখ্যায় বলিয়াছেন যে.—"মুক্তাবস্থায় যখন জীব দেহাদি পরিচ্ছেদ হইতে বিমুক্তি লাভ করে,—তখনই তাঁহাকে সর্বব্যাপী বলা যায়।" গীতার যে স্থলে আছে— ''সকলের মধ্যন্থ আত্মা সকলের সাক্ষী (উপদ্রেষ্টা), ক্রিয়ার অমুমোদনকর্তা; তিনি সকলের পালক ও ভোক্তা ও মহেশ্বর : শ্রুতিতে তিনি পরমাত্মা বলিয়া ব্যাখ্যাত।''—রামানুজ কন্ট-কল্পনা করিয়া অর্থ করিয়াছেন—''প্রকুতি-নির্ম্মিত গুণ-সংযোগে, এই সকল পুরুষকে কেবল স্বস্তু দেহের সম্পর্কেই নিয়ামক বা পালক এবং পরমাত্মা বলিয়া নির্দেশ করা যাইতে পারে।"

জীবের প্রকৃত স্বরূপ সম্বন্ধে কেবল একবচন বা বহুবচনের প্রয়োগ দেখিয়াই, কোন অমুমানে উপস্থিত হইতে পারা যায় না। সংসার-

^{*} The ultimate particulars as the basis of individual distinctions in the self.

বন্ধ জীবের সম্পর্কেই কেবল বহুবচনের প্রয়োগ হইতে পারে। "তুমি, আমি এবং এই নৃপতি সকল, ইহারা পূর্বেও ছিলাম, পরেও থাকিব এবং বর্তুমানেও আমরা রহিয়াছি।" এই প্রকার বর্ণনা হইতে জাবের বহুত্ব প্রমাণিত করা যাইতে পারে। রামানুজ বলিয়াছেন—"এতদ্ঘারা আত্মাকে অন্য জীব হইতে এবং পরমেশ্বর হইতে ভিন্ন করিয়া দেখান হইয়াছে।" শঙ্করের ব্যাখ্যায়, "পরমাত্মা রূপে আমরা সকলেই নিত্য এবং কালত্রয়ে অবস্থিত।" শঙ্কর-মতে, জাবের বহুত্ব কেবল উপাধি-ভেদে; দেহের ভেদেই ভেদ, আত্মার প্রকৃত কোন ভেদ নাই। এক আত্মা ব্যতীত অপর কোন আত্মা নাই।

মুক্তি না পাওয়া পর্যান্ত জীবের পুনর্জন্ম গীতায় স্বাকৃত হইয়াছে। জন্ম হইলে মৃথ্যও অবশাস্তাবী। উভয়ই অপূর্ণাবস্থার ফল। বালা, যৌবন, বৃদ্ধ অবস্থার স্থায়, মানুষের জন্ম-মৃত্যুও দেহের অবস্থা-পরিবর্ত্তন ভিন্ন আর কিছুনহে।

মৃত্যু অপর কিছু নহে; দৃশ্যপটের পরিবর্ত্তনমাত্র। রোগেব বা জরার আক্রমণে যথন ইন্দ্রিয়ের সামর্থ্য অপগত হইতে থাকে, তথন অন্তরাত্মাতেও উহার প্রতিক্রিয়া উৎপন্ন হয়়। মৃত্যুতে যথন দেহ বিনষ্ট হইয়া যায়, তথন অপর এক দেহ বিনির্দ্মিত হয়; কিন্তু তৎসঙ্গে-সঙ্গে আত্মার বিনাশ হয় না। এক দেহ ছাড়িয়া আত্মা অপর দেহ গ্রহণ করে মাত্র। আমরা যেরূপ প্রকৃতি বা সভাব অর্জ্জন করিয়াছি, তদনুসারে আমাদের জন্মও নিরূপিত হয়়। আমাদের প্রকৃতির সন্ধ, রজ ও তমের প্রাধান্যবশতঃ, আমরা স্বর্গে বা মন্মুয়্য-লোকে অথবা ইতর প্রাণিদেহে উৎপন্ন হইয়া থাকি। প্রত্যেক পরিবর্ত্তনে আমাদের পূর্বার্জ্জিত ধর্ম্মদংস্কার থাকিয়া যায়। যাহারা যোগে সিদ্ধিলাভ না করিয়াই মৃত্যুর বশীভূত হয়, তাহাদের কি প্রকার গতি হয়;— অর্জ্জুনের এই প্রশ্নের উত্তরে শ্রীকৃষ্ণ বালয়াছিলেন যে—"কল্যাণকারী ব্যক্তির কদাপি ত্রগতি হয় না; তাহারা অন্যলোকে পুনর্জন্ম গ্রহণ করিয়া থাকে। পুনরায় অন্তর্ন্নপ দেহ গ্রহণ করিয়া পূর্বসংস্কার-প্রভাবে, পুনরায় আত্মান্নতি করিতে গাকে। পৃথিবীতে কোন কর্মাই বিনষ্ট হয় না; উন্নতির মূল্য জমা থাকিয়া যায়। পারসেশ্বরে চিত্ত ভিরীকৃত হইলে, সে পথে বিচ্যুতি হয় না।

পরমেশ্বর-প্রাপ্তি না হওয়া পর্যান্ত জন্মেরও বিরতি হয় না। মৃত্যুতে সূক্ষম শরীরের বিনাশ হয় না; এই সূক্ষম শরীরেই আমাদের যাবতায় কর্ম্ম-সংস্কার সঞ্চিত থাকে। পুনঃ পুনঃ জন্ম দ্বারাই আমরা ক্রমে পূর্ণতালাভের দিকে অগ্রসর হইতে থাকি। গীতায় জীবের গতিসূচক দেব-যান ও পিতৃ-যান নামে ছুইটী পথের উল্লেখ আছে। পাপাচরণকারী-দিগের জন্ম অপর একটী তৃতীয় পথের কথাও দেখিতে পাওয়া যায়।

মনুষ্য-সমাজ

জীবদিগের মধ্যে পরস্পর-ভেদ, উহাদের জীবস্থ এবং উহার। যে সান্ত ও পরিচিছ্ন—এ গুলি আসল কথা নহে; এগুলি উহাদিগের আগস্তুক ধর্ম মাত্র। জীবদিগকে যে স্বাধীন, স্বয়ংসিদ্ধ, স্বতন্ত্র বলিয়া বোধ হয়, এই ধারণা যতদিন না ভাঙ্গিয়া যাইতেছে, ততদিন জাবের পক্ষে চির-অচ্ছেছ শান্তিলাভের সম্ভাবনা কোথায়? জ্ঞান, প্রেম ও ভক্তি ভারা যতদিন জীব নিজকে ছাড়াইয়া উঠিয়া, ভগবত্তন্ত্বে প্রবেশ না করিতেছে, ততদিন তাহার মুক্তি কোথায়? জীবনের উদ্দেশ্য কি? ভগবত্তন্ত্ব-লাভই জীবের পরম-পুরুষার্থ, চরম অভিপ্রেত উদ্দেশ্য; "ব্রহ্ম-সংস্পর্শ"-জনিত পরমানন্দ প্রাপ্তিকেই জীবনের পরম-উদ্দেশ্য বলা যায়। ইহার উপরে অপর কোন লব্ধব্য বস্তু নাই; ইহাই চরম-লাভ, পরম অপবর্গ।

পাপ ও অধর্ম্মের একাস্ত উচ্ছেদ, সকলেরই সাধ্যায়ত্ত। কামনার দাসত্ব হইতে ইন্দ্রিয়াণনের উদ্ধার-সাধন, বিষয়-বাসনাদি নীচ-প্রবৃত্তিবর্গের শাসন এবং এই মাংস-শোণিত-ময় দেহের পরিমার্জ্জনা ও বিশুদ্ধি-সাধন—এগুলি সকলের পক্ষেই সম্ভব। আপন প্রবৃত্তির সঙ্গে সতত যুধ্যমান প্রত্যেক জীবেরই, প্রকৃত বস্তু-তত্ত্বে স্ব স্ব দৃষ্টি আবদ্ধ রাখিবার জন্ম, নিরন্তর চেম্টাকে জাগরিত রাখা একান্ত কর্ত্তব্য; বুদ্ধির্ত্তির প্রয়োগে সতত বিচার এবং হৃদয়ের প্রেম ও ভক্তি দারা আত্মতত্ত্বের নিয়ত অনুসন্ধান, সতত কর্ত্তব্য। আপনার উভ্যমে, নিজের চেম্টায়, পরম-সত্যের অল্প-লাভও শ্রেয়স্কর; তথাপি পরের মুখে শ্রুত বা লব্ধ সত্যের পূর্ণ-প্রাপ্তিও হিতকর নহে।

মানুষের মধ্যে জ্ঞান, ভাব ও ক্রিয়া এই ত্রিবিধ শক্তি অঙ্গাঞ্চিভাবে মিঞাত আছে বলিয়াই মনুষ্য এই ত্রিবিধ শক্তির অনুশীলন দ্বারা আত্মানন্দ লাভ করিতে সচেষ্ট হয়। সর্ববাতীত পরম-ব্রহ্মের জ্ঞানানুশীলন-বলে, সে জীবনের উদ্দেশ্য সফল করিতে পারে; অথবা ভক্তি ও উপাসনা দ্বারা প্রম-পুরুষকে পাইতে পারে; কিংবা জগতে যে মহান্ ভগবদভিপ্রায় ক্রিয়া করিতেছে, আপন কর্মান্তিকে সেই অভিপ্রায়ের অনুকৃলে চালাইয়া দিয়াও

কর্ম্ম করিতে পারে। তাহার এই ক্ষুদ্র জীবত্বের গণ্ডী ছাড়াইয়া, এই ক্রিবিধ মার্গে প্রবেশ করিবার মত একটা প্রবৃত্তি উহার অন্তঃকরণে গৃঢ় রহিয়াছে। যে মার্গহি কেন আমরা অবলম্বন করি না, সকল পথই সেই গন্তব্য স্থানে লইয়া যাইবে। উদ্দেশ্য এক, যদিও প্রণালী ভিন্ন ভিন্ন। অামাদের জীবনের সকল বৃত্তির সামঞ্জস্ত রাখিয়া যে নির্বিরোধ অনুশীলন, তদারাই ভগবল্লাভ করিতে পারা যায়; তদ্বারাই আত্মার দৌন্দর্য্য ফুটিয়া উঠে এবং তাদৃশ অমুশীলনেই আমাদের কর্মাও পরিপক্ক ও বিশুদ্ধ হইয়া পডে। গীতা বারংবার ঘোষণা করিয়াছে যে, আমাদের জীবনের কোন একটা অংশও পরিত্যাজ্য নহে: জীবনের সকল দিক্ই, সব অংশ-গুলিই, ভগবত্তত্ত্বে যাইয়া পরিপূর্ত্তি লাভে সমর্থ হয়। ব্রহ্ম স্বয়ং সৎ, চিৎ ও আনন্দ স্বরূপ। যে সকল ব্যক্তির চিত্ত জ্ঞানপ্রবণ, তাহাদিগের জ্ঞানে ব্রহ্মবস্ত মধ্যাহ্ন-কালীন প্রদীপ্ত সূর্য্যের স্থায়, নিত্য তেজঃম্বরূপেই পরিভাত হন ;—এ আলোকে অজ্ঞানান্ধকারের স্থান নাই। যাঁহারা ধর্ম্ম-জীবন-লাভের জন্ম সম্ৎস্তুক, তাঁহাদের নিকটে সেই ব্রহ্মবস্তু, পক্ষপাতশৃত্য স্থায়ের পরিপূর্ণ আদর্শরূপে উপস্থিত হন :—এই স্থায়ের দণ্ডের কখনও বিচ্যুতি বা স্থালন হয় না। আবার যাঁহাদের চিত্ত প্রেম-রদে আদ্র্র, তাঁহারা ভগবান্কে সৌন্দর্য্য, প্রেম ও পবিত্রতার পরিপূর্ণ সাগর বলিয়াই অনুভব করিয়া থাকেন! ভগবানের স্বরূপে যেমন জ্ঞান, প্রেম ও সৌন্দর্য্যের পূর্ণতা আছে, মনুষ্যুকেও সেই আদর্শে আপন জীবনকে গড়িয়া তুলিতে হইবে। গন্তব্য স্থানটী একবার পাইতে পারিলে, সেখানে পথের ক্লেশ ও বিল্ল কেমন করিয়া উপস্থিত হইবে ? অবশ্য মনুষ্টোর এই অপূর্ণ জীবনে ধ্যান ও ক্রিয়ার মধ্যে পরস্পর বিরোধই দুষ্ট হয়; কিন্তু এই যে বিরোধ ও প্রতিদ্বন্দিতা, ইহা, আমরা যে অপূর্ণ, তাহারই পরিচয় প্রদান করে। কি প্রকার সাধনের অবলম্বনে ভগবৎ-প্রাপ্তি হয়, এই প্রশের উত্তরে, শ্রীকৃষ্ণ স্থস্পষ্ট ভাবে ইহার নির্দেশ করিয়াছিলেন যে, এসকল বিবাদ-বিসংবাদ, এসকল প্রতিকূলতা, বিল্প ও বাধা—এগুলি লইয়া 'মাথা ঘামাইবার' প্রয়োজন কি ? এগুলি ভিন্ন ভিন্ন সাধনপ্রণালী বা ভিন্ন ভিন্ন পথের অবস্থাজ্ঞাপক; "কোন পথ বা ঋজু, কোনটা বা কুটিল;"—কিন্তু এ সকল পথই গন্তব্য সেই একই বস্তুতে

লইয়া যাইবে এবং অবসানে উহারা সকলেই একত্র সেই স্থানে গিয়া মিলিছ ছইবে; সে স্থানে কোন ভিন্নতা নাই; কোন বিদ্ন, বিরোধ—'কাটাকাটি, মারামারি'—নাই। মানুষ 'ভগ্নাংশ' লইয়া কাজ করে না; একটার সহিত অপরটা মিলিত হইয়া—ত্যাগ করিয়া নহে—মানুষের আত্মোন্নতি সংসাধিত হয়। জ্ঞান, কর্ম্ম ও প্রেম, আ্মার একই গমন-পদ্ধতির ভিন্ন ভিন্ন দিক্ মাত্র।

শ্রীকৃষ্ণের প্রাতৃভাব-সময়ে, ধর্ম্ম-জীবন-লাভের যে সকল ভিন্ন ভিন্ন আদর্শ প্রচলিত ছিল, সেইগুলির পরস্পর বিরোধ বা একতরের বিশিষ্ট পরিপুপ্তির পরিহার করিয়া, গীতা উহাদের মধ্যে সামঞ্জস্ত সংস্থাপনের চেষ্টা করিয়াছে। ব্রহ্মকে পাইতে হইলে, বৃদ্ধি-কৃত বিচার বা 'জিজ্ঞাসা', উত্তমের সহিত স্বার্থ-ত্যাগ, জ্বলম্ভ ভক্তি, যোগিক ধ্যান-ধারণা, এবং যাগ-যজ্ঞাদির আচরণ,—এ সকলগুলিই তৎ-কালে সাধন বলিয়া পরিগণিত ছিল। ঈশ্বর-প্রাপ্তিপথে, কোন্টার কোথায় ঠিক স্থান, এবং কোন্টার প্রয়োজনীয়তা বা মূল্যই বা কতটুকু, গীতা তাহাই দেখাইয়াছে এবং সকলগুলির মধ্যে সদ্ধি-স্থাপনের চেষ্টা করিয়াছে। যুদ্ধ জয় করিতে হইলে যে, সকলে মিলিয়া আক্রমণ করিলেই সাফল্যলাভ করিতে পারা যায়, গীতার বিশ্বাস তাদৃশ আক্রমণে নিবদ্ধ ছিল দেখা যায়। ভিন্ন ভিন্ন ব্যক্তি-সমূহকে একত্র, মিলাইতে পারিলে যেমন এক অথণ্ড সমন্তি গড়িয়া উঠে, তক্রপ ঐ সকল ভিন্ন ভিন্ন সাধন-প্রণালীর সামঞ্জস্তের আদর্শে,—এক পবমেশ্বর দ্বারা নিয়ন্ত্রিত থাকিয়া, এই জগতের সহিত জগদ্বাসী ভিন্ন ভিন্ন লোকগুলিকে এক যোগ-সূত্রে বাঁধিয়া দিয়া, একটা অথণ্ড সমন্তিতে যে পরিণতি,—ইহা তাহারই আদর্শ।

মধুসূদন সরস্বতীর মতে, উপনিষদে যাহা সূচিত হইয়াছে, গীতাতেও কণ্ম, উপাসনা ও জ্ঞান এই ত্রিবিধ প্রণালী প্রদর্শিত হইয়াছে এবং এই তিনটী প্রণালী যথাক্রমে প্রত্যেক তিন তিন অধ্যায়ে বিচারিত ও ব্যাখ্যাত হইয়াছে। যাহাই হউক, মনুষ্য-চিত্তের তিনটা বিভাগের দিকেই গীতায় জোর দেওয়া হইয়াছে। ভিন্ন ভিন্ন লোক, স্ব স্ব চিত্তের অবস্থাসুসাবে ভিন্ন ভিন্ন প্রণালীর অনুসরণ করিয়া ঈশ্বর-তত্ত্বের সম্মুখীন হয়, গীতা এ কথার প্রয়োজনীয়তা অনুভব করিয়াছেন। নৈতিক জীবনে মানুষের

অন্তর-রাজ্যে, সৎ ও অসৎ প্রবৃত্তির মধ্যে যে সংগ্রাম অবিরত চলিতেছে,—
কেহ বা সেই বিরোধের মধ্য দিয়া পরমেশ্বরকে পাইতে চায়; আবার কেহ বা
মনুষ্য-চিত্তে যে সংশয়ের তরক্ষ উথিত হইয়া থাকে, সেই সংশয়ের মধ্য
দিয়া পরমেশ্বর-তত্ত্বে উপনীত হইতে চায়। আবার, কাহারও কাহারও
পক্ষে, যাহাদের চিত্ত অনুরাগার্দ্র ও ভাব-প্রবণ, তাহারা প্রেম ও সেবা হারা
পরমেশ্বরকে ভজনা করিতে চায়।

জ্ঞান-মার্গ

আমাদের অন্তঃকরণের ধর্মাই এই যে, উহা কোন বস্তুরই আংশিক জ্ঞান লইয়া সন্তুন্ট থাকে না : উহা যে পর্য্যন্ত না এই বিশের তাবৎ বস্তুরই সম্পূর্ণ জ্ঞানলাভ না করিতে পারিতেছে, ততক্ষণ সম্ভট্ট থাকিতে পারে না। ততদিন মনের অস্থিরতার নির্ত্তি হয় না। সমগ্র বিশ্বের সম্পূর্ণ বোধ-লাভের শক্তি মনের আছে, এরূপ একটা স্থৃদৃঢ় বিশাস আমাদের অন্তঃকরণে নিহিত কাছে। তুই প্রকার জ্ঞানের উল্লেখ গীতায় দেখিতে পাওয়া যায়। যে জ্ঞানে সামরা বাহ্য বস্তুর—একের বাহিরে অপরটী এইভাবে—বোধলাভে সমর্থ হই, সে এক প্রকারের জ্ঞান। আর, কার্য্য-কারণের শৃষ্খলার দ্বারা বিধৃত এই বাহ্য-বস্তগুলির অন্তরালে যে সূক্ষা সতা অমুস্যুত রহিয়াছে, যে অন্তর্দ ষ্টির বলে তাহার উপলব্ধি করিয়া থাকি, সেটী এক প্রকার জ্ঞান। আত্মা, যখন কেবল বুদ্ধির সাহায্যে বস্তুদর্শন করে, তখন উহা বাহ্য বস্তুর মধ্যে আপনাকে হারাইয়া ফেলে এবং প্রকৃতির ক্রিয়ার সহিত আপনাকে মভিন্ন বলিয়া ভাবে, আপনার স্বাতন্ত্র্য আর মনে আইসে না। কিন্তু বাহ্য বস্তুর অন্তরালে যে সত্তা অনুস্সূত রহিয়াছে তাহাকে বুঝিতে হইলে, ঐ ভ্রান্ত অভেদ-প্রতীতির জালকে ছিন্ন করিতে হইবে। এই যে বাহ্ম বিকার-বর্গের বুদ্ধিবারা লব্ধ জ্ঞান, ইহাকে গীতায় 'বিজ্ঞান' শব্দে নির্দেশ করিয়াছে। এই বিজ্ঞান হইতে ভিন্ন অপর যে জ্ঞানটী, তাহা দ্বারা সমস্ত বিকারের যাহা মূল-তত্ত্ব তৎসম্বন্ধে বোধ লাভ করিতে আমরা সমর্থ হই। সর্ববপ্রকার জ্ঞানই ত্রন্মেরই জ্ঞান। দর্শন শাস্ত্রই বল বা বিজ্ঞান শাস্ত্রই বল, উভয় শাস্ত্রেরই চেফী ইহা দেখান যে, বাহ্য বস্তুই হউক বা অন্তর বস্তুই হউক —সমস্তই—এক পরমাত্ম-তত্ত্বের বিকাশ। সকলের মূলই এক। রাজসিক শক্তির প্রভাব সমধিক হইলে, বিজ্ঞানশাস্ত্রানুমোদিত জ্ঞানের সমুদ্রেক হইয়া থাকে। আর, যখন চিত্তে সত্বগুণের বৃদ্ধি হয়, তখনই আধ্যাত্মিক জ্ঞানের, অন্তর্দৃ প্রির উদয় হয়। বিজ্ঞানশান্ত্রের মসম্পূর্ণ, আংশিক জ্ঞানকে যখন আমরা আত্মার পূর্ণ জ্ঞান বলিয়া ভ্রম করি, উহাকেই গীতাকার 'অপরা বিজ্ঞা' বলিয়া নির্দ্দেশ করিয়াছেন : ইহা মনে তমো-গুণের উদ্রেকের ফল। এ জ্ঞানে, জগতের বিকার-রাশি দ্বারা ব্রহ্ম-তত্ত্ব প্রচছন্ন হইয়া পড়ে, এবং এই জ্ঞানের চক্ষে পারমার্থিক জ্ঞানটী একটা অনুমানের বিষয় মাত্র বলিয়া প্রতীত হইতে থাকে। বিজ্ঞান অবশ্য মনের অজ্ঞানান্ধ-কারকে দুরীভূত করিয়া দেয়: ইহা যে জগতের বোধ জন্মায়, তাহার অপূর্ণতার কথাও প্রকাশ করে এবং ইহার অতীত যে একটা বস্তু আছে, তাহার জন্মও মনকে প্রস্তুত করে। ইহা মনুষ্ম-চিত্তে গর্ববানুভবের উদ্রেক করিতে দেয় না; কেন না, আমরা বুঝিতে পারি যে, বিজ্ঞানশাস্ত্র যে বোধ উৎপন্ন করে, সে জ্ঞান পূর্ণজ্ঞান নং, উহা বস্তুর সমগ্র অংশকে জানাইতে পারে না। অতীত কালের গর্ভস্থ অনেক জ্ঞান আমাদের স্মৃতিতে বিলুপ্ত হইয়া যায়: ভবিষ্যুতের গর্ভে যাহা নিহিত আছে, তদ্বিষয়েও আমাদের নিশ্চিত বোধ নাই। বিজ্ঞানের পক্ষে, জগতের মূল-কারণের অনুসন্ধান ও মনুয়োর ভাগ্যে পরিণামে কি আছে তদ্বিষয়ক জিজ্ঞাসা,---ন্যর্থ চেফ্টায় পর্যাবদিত হয়। এ সকলের তত্ত্ব বুঝিতে হইলে, বিজ্ঞানের সঙ্গে অপর এক প্রকার জ্ঞানের সংযোগ অবশ্য কর্ত্তব্য হইয়া উঠে। "পরিপ্রশ্ন ও দেবা দ্বারা দেই তত্ত্ব বুঝিতে চেফী করিতে হয়"— গীতার এই কথা এই উদ্দেশ্যই বলা হইয়াছে। মনের এই সামর্থ্য জন্মাইতে হইলে, চিত্তের গতি—বিষয়-প্রবণতা—ফিরাইয়া দিতে হইবে; চিত্তের সংস্কার-সাধন করিতে হইবে। এই জন্মই, অর্জ্জুন চর্ম্ম-চক্ষু দারা সেই সত্য দেখিতে পান নাই, তিনি দিব্য দৃষ্টি লাভের প্রার্থনা জানাইয়াছিলেন। মাসুষ ঈশ্বর-কুপায় যে অন্তর্দৃষ্টির বলে জগতের সমস্ত পদার্থকে এক ব্রহ্মেই নিরন্তর মধিষ্ঠিত বলিয়া দেখিতে ও বুঝিতে পারে,—সেই তত্তটীই গীতায়, কবির অতিশয়োক্তিতে, "বিশ্বরূপ-দর্শন" নামে প্রসিদ্ধিলাভ করিয়াছে। গীতার বিশ্বাস এই যে, এইরূপ আধ্যাত্মিক দৃষ্টিলাভ করিতে হইলে, মাসুষকে সর্বদা আত্মন্ত হইয়া থাকিতে হইবে এবং চিত্তকে অন্তরাত্মায় নিমগ্ন রাখিতে ছইবে। কে সেই সভাটীকে প্রচ্ছাদন করিয়া, আরুত করিয়া, রাখিয়াছে ? আমরা যে সত্যটীকে দেখিতে পাই না, অমুভব করিতে পারিতেছি না, উহা

বে কেবল আমাদের বৃদ্ধিরই দোষে তাহা নহে; উহা আমাদের স্বার্থপর বাসনারও দোষে। এই অজ্ঞানতা বা দৃষ্টি-হানতা দূর করিতে হইলে, আমাদের আত্মার উপরে যে দেহের ও ইন্দ্রিয়ের একটা মালিন্মের ছায়া পড়িয়াছে তাহার অপসারণ করিতে হইবে, এবং এমন একটা আধ্যাত্মিক দৃষ্টি জাগাইয়া তুলিতে হইবে যাহা নৃতনভাবে বস্তু-তত্বকে দেখিতে পারে। অস্তরস্থ বাসনার তুমুল আবর্ত্ত এবং প্রবৃত্তির তাত্র বহ্নি-দাহের, একাস্ত ভাবে নিবারণ করিতে হইবে। ইতস্ততঃ বিক্ষিপ্ত ও অন্থির চিত্তকে, প্রশাস্ত হদের তায়, স্থির ও শাস্ত করিতে হইবে। তাদৃশ চিত্তেই কেবল ব্রহ্মানের আনোক-পাত হইতে পারে। আমাদের বৃদ্ধি ও বিচার-শক্তির পরিমার্ক্রনা আবশ্যক। কিরুপে এই শক্তি ক্রিয়া করিবে তাহা আমাদের পূর্ব্বার্জ্জিত স্থভাব বা সংস্কারের উপরে নির্ভর করে। এমন ভাবে চিত্তের বিশুদ্ধি-সম্পাদন করিতে হইবে, যাহাতে আধ্যাত্মিক দৃষ্টি-সম্পন্ন হইয়া, ইহা জগৎকে দেখিতে পারে।

গীতাতে যে যোগের কথা উল্লিখিত হইয়াছে, তাহা এই চিত্ত-শুদ্ধির উপায়রূপে। যোগাচরণ আমাদিগকে এমন একটা পথ দেখাইয়া দেয় যদ্দ্রারা আমরা এই সত্ত-চঞ্চল জীবত্বের মধ্যে নিমজ্জিত না থাকিয়া, আমরা একটা বিষয়াতীত অবস্থায় প্রবেশ করিতে পারি, যেখানে উপস্থিত হইলে, এই জগৎ-রহস্তের দ্বার খুলিবার চাবি আমাদের হস্তগত হয়। যোগাভ্যাসের মুখ্য স্তর এইগুলি—(১) দেহ, ইন্দ্রিয় ও মনের বিশুদ্ধিন সম্পাদন, যাহাতে উহাদের মধ্যে ব্রহ্মালোক প্রবিষ্ট ইইতে পারে। (২) বিষয়ে বিক্ষিপ্ত চিত্তের প্রত্যাহার বা সংযম এবং আত্ম-কেন্দ্রে স্থির রাখা। (৩) পরমাত্মার সহিত আত্মার একত্ব সম্পাদন। পাতঞ্জল-যোগস্ত্রের ন্যায়, গীতাতে অবশ্য প্রণালাবদ্ধভাবে যোগের উপদেশ প্রদত্ত হয় নাই; কেবল ভিন্ন ভাষা সাধনের কথা বলা হইয়াছে।

গীতায় এমন কতকগুলি সাধারণ নিয়মের উল্লেখ করা হইয়াছে, যাহা সার্ববিজনীন, সকলেরই গ্রহণের উপযুক্ত—যিনি যেরূপ মতই পোষণ করুন না কেন। শ্রান্ধা-সম্পন্ন হইতে হইবে; অন্তরুম্ব প্রবৃত্তি-ঝটিকার বেগ দ্মিত রাখিতে হইবে; সর্ববিদা ভগবচ্চিন্তাপরায়ণ থাকিতে হইবে। আত্ম-

দৃষ্টির নিমিত্ত একটা স্থির প্রশান্ত অচঞ্চল অবস্থা লইয়। আসিতে হইবে। প্রবৃত্তি দমনের ফলে চিত্ত যথন প্রশান্ত হয়, তথনই আত্মার মধুর বাণী শ্রুত হয়। "সমত্বই প্রকৃত যোগ।" "বাতরহিত স্থানে প্রদীপ যেমন নিষ্পান্দ থাকে, তেমনি আত্মার মধ্যে পরমাত্মার সাক্ষাৎ লাভ করিলে, চিত্ত শান্তিও পরমানন্দে পূর্ণ হয়। বিষয়-স্পর্শন্তানিত স্থথের সহিত এ স্থথের তুলনা হয় না। যাহা পাইলে আর সত্য হইতে বিচ্যুতি হয় না, যে লাভ অপেক্ষা অপর কোন লাভের বস্তু নাই; যে অবস্থায় অত্যন্ত তুঃখও বিচলিত করিতে পারে না; ইহা সর্শবিধ তুঃখ হইতে বিষুক্ত অবস্থা;—ইহাই যোগ।" আত্ম-লাভের নিমিত্ত যোগাচরণের একান্ত আবস্থাকতা নাই। বশিষ্ট বলিয়াছেন — "চিত্তনাশের তুইটী মাত্র উপায় আছে; এক যোগ, অপর জ্ঞান। যোগাভ্যাসে মনোবৃত্তির দমন হয়; জ্ঞানালোচনায় সমাগ্দর্শন উৎপন্ন হয়। কাহারও পক্ষে যোগ উপযোগী নহে; আবার, কাহারও পক্ষে জ্ঞানের উপযোগিতা নাই।" কর্ম্ম ও উপাসনা দ্বারাও আত্মলাভ ঘটিতে পারে।

ব্যক্তিবিশেষের পক্ষে যোগের স্থান থাকিলেও, যোগাভাসের অনিষ্ট সম্বন্ধেও গীতাকে অবহিত দেখা যায়। নিরাহারে থাকিলেই সিদ্ধিলাভ করা যায়না; উহাতে ইন্দ্রিয়ের সামর্থ্যের ক্ষয় হয়; কিন্তু চিত্তের রস বা প্রস্তুত্তির ত ক্ষয় হয়না। ইন্দ্রিয়ের শাসন করা এবং বাহ্য বিষয়ের আকর্ষণে অটল থাকা—একান্ত কর্ত্তব্য। কিন্তু জ্ঞান উৎপন্ন না হইলে ইহা সম্ভব হয় না। বাহ্য বস্তুর প্রত্যক্ষের সহিত আত্ম-সাক্ষাৎকারের তুলনা করা যাইতে পারে। বিজ্ঞানামুমোদিত তর্ক দ্বারা ইহার দৃঢ়তা সম্পাদিত হয়। ইহা বিচার-শৃত্য, অন্ধ বিখাস মাত্র নহে। জ্ঞান ও বৈরাগ্য যোগে ইহার নিপ্পত্তি। ইহা একটী পরিপূর্ণ আন্তর অনুভব। এই অনুভবে চিত্তের চাঞ্চল্য থাকে না; আত্মা শান্তি-রদে নিমগ্য হইয়া যায়।

একবার এই জ্ঞান উৎপন্ন হইলে, আমাদের অন্তরস্থ ভাব (Emotion) ও সঙ্কল্পেরও (Will) পরিপুষ্টি জন্মিয়া থাকে, তাহাও বুঝা যায়। মহানন্দের মধ্যে, আত্মালোকে ঈশ্বর-দর্শন সম্পাদিত হয়। অনস্ত প্রমাত্মার অবিচ্ছিন্ন সেবায় ও আরাধনায় জীবনের সমস্ত আকাজ্জ্য। পরিতৃপ্ত হয়। "যিনি ব্রহ্মজ্ঞ, তিনি নিত্য-যুক্ত ও একভক্তি।" "যিনি

আমাকে জানিয়াছেন, তিনি হৃদয় দিয়া আমাকে ভজনা করেন।" "যিনি আমাকে জানিয়াছেন, তিনি মদগত-চিত্ত, মদগত-হৃদয়।" এ অবস্থায়, জগতের হিতার্থ কর্ম্মেরও একটা প্রয়োজন উপস্থিত হয়। আমাদের অন্তরম্থ আত্মার স্বরূপ যতই আমরা জানিতে পারি, ততই অপরের অভাব পূরণের জন্ম অন্তর্দৃ প্রিও জাগিযা উঠে, কেন না সকলের মধ্যে একই নারায়ণ বাস করেন। পৃথিবার সর্বভাগে জ্ঞানী বুদ্ধদেবের দৃষ্টান্ত আমাদের সম্মুখে উপস্থিত আছে; যিনি চত্মাবিংশৎবর্ষকাল পরোপকারে,—মানব-সেবায় আত্ম-নিয়োগ করিয়াছিলেন।

কাহারও কাহারও ধারণা এই যে, নৈতিক চরিত্রোৎকর্ষের সহিত জ্ঞানের বিশেষ কোন সম্পর্ক নাই। জ্ঞান আমাদের চরিত্রের একটা অভ্যাবশ্যক অঙ্গ নহে। আমাদের বৃদ্ধি ত সর্ববদাই বিচারে ভ্রম-প্রমাদের বশবন্তী; নৈতিক আচরণেও বুদ্ধির ভ্রম-প্রমাদ পরিলক্ষিত হয়। জ্ঞানকে সৎও বলা যায় না : অসৎও বলা যায় না ; কেন না, সাধুজীবনের বিনাশ ও বুদ্ধি উভয় কার্য্যেই ত জ্ঞানের ব্যবহার করা যায়। কিন্তু এই যে জ্ঞানের কথা হইতেছে, ইহা বৈষ্য়িক জ্ঞান ভিন্ন অপর কোন জ্ঞান নহে। ইহা আংশিক, একদেশদর্শী, অসম্পূর্ণ, খণ্ড জ্ঞান। কিন্তু গীতায় যে জ্ঞানের উল্লেখ করা হইয়াছে, সে জ্ঞান অখণ্ড, পূর্ণ। এ জ্ঞান জন্মিলে, জীবে জীবে ভেদ-দর্শন চলিয়া যায়: এ জ্ঞানে বুঝিতে পারা যায় যে, এই ভেদ-বুদ্ধি জ্ঞানের শেষ কথা নহে:--এবং এই ভ্রান্ত ভেদ-বুদ্ধির উপরে আমাদের যে আচরণ প্রতিষ্ঠিত, তাদৃশ আচরণ বা অমুষ্ঠান কল্যাণপ্রদ হইতে পারে না। গীতোক্ত এই জ্ঞান আমাদিগকে বলিয়া দেয় যে, একই মূল উৎস হইতে সকল জীবই উৎপন্ন হইয়াছে : সকলের অন্তরে এক স্বতঃসিদ্ধ নিত্য পুরুষ অবস্থান করিতেছেন:—ভিন্নতা আসিবে কোথা হইতে ? "পরম বস্তুর দর্শন লাভ হইলে, ইন্দ্রিয় ও বিষয়-বিজ্ঞান আপন শক্তি হারায়।"

ভক্তি-মার্গ

মানুষের অন্তরে যে 'রসের' (Sentiment) উৎস নিহিত আছে, সেই রসের বশে আমরা যে সৎকায়ে প্রবৃত্ত হইয়া থাকি, ভক্তি-মার্গ বা ভক্তির পথটা সেই সৎকার্য্যের পরিচায়ক। ভক্তি—জ্ঞান ও কর্ম্ম হইতে ভিন্ন: ইহা মনের রসপ্রবণ আকুরক্তি। মনুয়্য-চিত্তে যে ভাবের বা রদের বীজ প্রস্থুত্ত আছে ভগবানে অপিত হইলে উহার বিকাশ হয়। এই মধুর রস, এক মাকুষের হৃদয়ের সহিত অপর মাকুষের হৃদয়কে বাঁধিয়া দেয়, এবং যথন উহার প্রভাবে ভগবানে ও মানুষে সম্বন্ধ স্থাপিত হয় তখন উহাই ধর্ম্মভাবে সজীব হইয়া উঠে। মন্ত্রমু-চিত্তে প্রেম ও ভগবদভক্তি না জাগিলে, তাহার চুর্দশার সীমা থাকে না ; সে আপনা লইয়াই ব্যস্ত হয়; আপনার সঙ্কীর্ণ গণ্ডার মধ্যে আবদ্ধ হইয়া পড়ে। প্রাকৃত পথে নিয়ন্ত্রিত করিতে পারিলে এই প্রেম মামুষকে পরমেশ্বর দর্শনে নিযুক্ত করে। ধনী, দ্রিজ, বিল্লান, মূর্থ---সকলেরই ইহাতে সমান অধিকার এবং ইহা বড়ই স্থাম মার্গ। ভগবদভিপ্রায়ের অমুবর্ত্তন, সন্ন্যাদের নিয়ম পালন, কিংবা জ্ঞানের অন্দ্রশীলন,-এগুলি যেমন কঠিন, প্রেমে আত্ম-দান সেরূপ কঠিন নহে। অত্যাত্ত পথের তায় এ পথটাও তুল্যরূপে ফলপ্রদ। কিন্তু কেহ কেই ইহাকে সর্ব্যাপেক্ষা অধিকতর ফলপ্রদ বলিয়া মনে করেন;—কেন না, অপর তুইটী উপায় রূপে পরিগণিত; কিন্তু ভক্তি নিজেই নিজের ফলস্বরূপ বলিয়া কথিত হয়।

ভক্তি-মার্গ অতীব প্রাচীন; অতীতের গর্ভে ইহার উৎপত্তির কথা প্রচছর হইরা রহিরাছে। উপনিষদে উল্লিখিত উপাসনাতত্ত্ব এবং ভাগবত-ধর্ম্মাক্ত ভক্তি-বাদ, গীতার গ্রন্থকারের উপরে বিশেষ প্রভাব বিস্তীর্ণ করিরাছে বলিয়া মনে হয়। উপনিষদে নানাম্বানে বিক্ষিপ্তরূপে ও কতকটা গুঢ়ভাবে যে ধর্ম্মতত্ত্ব নিহিত আছে, গীতাকার তাহারই মধ্যে একটা শৃষ্ণলা বাঁধিবার চেফা করিয়াছেন। উপনিষদে যিনি নির্কিশেষ ভক্ষা বলিয়া বর্ণিত, তিনিই গীতায়—"বুজিমান্দিগের বুজি, তেজস্বীদিগের ছেজ,"

"দেবতা ও মন্তুয়োর আদি, ঋষিদিগের মধ্যে সর্বব্য্রেষ্ঠ, এবং সর্বব-সংহারক মৃত্যু রূপে বর্ণিত হইয়াছেন। নির্বিশেষ অব্যক্তের চিন্তা ও উপাসনায় মুক্তিলাভ সম্ভব, কিন্তু শ্রীকৃষ্ণ বলিয়াছেন যে, ইহা বড়ই কঠিন ও তুর্গম ও ক্লেশপূর্ণ পথ। সান্ত সদীম মানুষের মন এমন কোন স্থির-ভূমি দেখিতে পায় না যাহার অবলম্বনে, দে—অনস্ত, অব্যক্তের দিকে অগ্রসর হইতে পারে। যে বস্তুর প্রতি আমাদের অমুরাগ ও প্রেম অর্পিত হয়, সেটী আমাদের হইতে ভিন্ন: এইরূপ একটা স্বাতন্ত্র্যের বোধ উহাতে নিহিত থাকে। প্রেম ও আসক্তি, প্রেমাম্পদের হৃদয়ের সহিত প্রেমিকের হৃদয়কে যত দৃঢ করিয়াই বাঁধুক না কেন, উহাতে উভথের মধ্যে একটা ভেদ-বৃদ্ধি থাকিয়াই যায়। আমাদের জ্ঞানের আয়, প্রেমেও একটা দৈতের ভাব থাকিবেই। কিন্ত তাই বলিয়া, যে অন্বয়-বোধে মানুষকে দ্বৈতের বাহিরে লইয়া যায়, তাহা যে একটা নিম্ন-স্তরের সামগ্রী, ইহা মনে করা নিতান্তই ভল। পরম পুরুষের ধারণা ব্যতাত, ভক্তি বা প্রেমের সম্ভাবনা কোথায় ? পরম-প্রেম ও পরম-সৌন্দর্য্যের আধার একটা সগুণ, সবিশেষ পুরুষের উপরেই আমরা হৃদয়ের প্রেম অর্পণ করিতে পারি: নির্বিশোষে নহে। আমাদেরই মনঃ-কল্পিত একটা ছায়াকে কি ভালবাসা যায় ৭ পরস্পার সম-বেদনা, পরস্পার সৌহার্দ্দি, পরস্পার হানয়ের আদান-প্রদান ব্যতিরেকে প্রেম কিরুপে উৎপন্ন হইবে ? যিনি অনুরাগের বস্তু হইবেন, তিনি আমার অভাব পুরণে সমর্থ হইবেন। যে দেবতা আমার প্রেমাস্পদ, যাঁহার উপরে আমি আমার হৃদয়ের অমুরাগ অর্পণ করিয়া আসক্ত হইয়া পডিয়াছি. সে দেবতাকে শোণিতবৰ্ষী হইলে চলিবে না: তাঁহাকে নিগুণ নিৰ্বিদেষ হইলে চলিবে না: তাঁহাকে প্রেমাস্পদ হইতে হইবে। যিনি প্রেমের দেবতা, দয়াল ঠাকুর: ছুঃখে যাঁহার চিত্ত বিগলিত হয়: তাঁহাকেই কেবল আমরা সমস্ত হৃদয় দিয়া ভালবাসিতে পারি এবং তাঁহারই চরণ-তলে বিলুঠিত হইতে পারি। ভত্তের সম্মুখে এমন দেবতারই দার খুলিয়া যায়। তাই, আমার করুণার দেবতা উচ্চৈঃস্বরে ডাকিয়া বলিয়াছেন—"কোন্তেয়। আমি প্রতিজ্ঞা করিয়া বলিতেছি, আমার যে ভক্ত তাহার কোন দিনই বিনাশ হয়না৷"

কর্ম্ম করিলেই ফল জন্মে—এই যে কর্ম্মের একটা সলজ্যা নিয়ম, এই নিরম ঈশ্বরকে সংসারে বাঁধিতে পারে না। পরমেশ্বরে ভক্তি, কর্ম্মের বন্ধনকে বিনষ্ট করিয়া ফেলে। এতদ্বারা যে কর্ম্মের নিয়ম উল্লভ্যিত হইতেছে, তাহা নহে: কেন না, ঈশর-ভক্তিরও ফলপ্রসবের শক্তি আছে। শ্রীকৃষ্ণ বলিয়াছেন—"যদি ছুরাচার লোকও, হৃদুধের সমস্ত অনুরাগ ও ভালবাসা দারা আমাতে আসক্ত হয়, তাহাকেও সাধু বলিয়াই জ্ঞান করিবে: কেন না, সে ব্যক্তি পরমেশ্বরে অমুরক্ত থাকিবার স্থির-সংকল্প করিয়াছে, স্থুতরাং সে অচিরাৎ ধার্ম্মিক হইয়া উঠিবে।" পরমেশ্বর স্বয়ং কাহারও স্কুক্ত বা তুদ্ধুতের গ্রাহণ করেন না ইহা সত্য; কিন্তু তাঁহার বিধানে জগৎ-সাম্রাজ্যের এমনি নিয়মানুবর্ত্তিতা যে, এমন কোন ঘটনাই জগতে ঘটে না, যাহা কোনও ফল উৎপাদন করে না। পরমেশ্রই সকল যজ্ঞ ও তপস্থার ফল-ভোক্তা---এক হিসাবে এ কথাটাও থুব সত্য। এই প্রকারেই আমাদিগকে আপা হ-বিরোধী বাক্য-দ্বয়ের একটা সমন্বয় ও সামঞ্জস্ম করিয়া লইয়া, বিরোধ-পরিহার করিতে হয়—যেমন "আমার দ্বেয়া বা প্রিয় কেহই নাই:" আবার,—"আমার যে ভক্ত, সে আমার নিতান্তই প্রিয়।" ভগবান মানুষের চিন্তায় নিয়ত ব্যাপৃত থাকেন।

শুনুকের আস্বাদ-প্রাহণের ন্থায়" পর্মেথরে ভক্তির স্বরূপকে কথায় বুঝান যায় না। কিন্তু তবুও, সাধারণ-ভাবে এই রসজ আতুরক্তি বা ভক্তির মুখ্য স্বরূপ সম্বন্ধে ছুই একটা কথা বলা যাইতে পারে। যাহা একান্ত নির্দ্দোষ ও সর্ববিপ্রকারে যাহাতে পূর্ণতা আছে, এরূপ বস্তুতে ভক্তি ও হৃদয়ের অনুরাগ অপিত হইয়া থাকে। পূর্ণতা সম্বন্ধে আমাদের মনের যতদূর উচ্চ ধারণা সম্ভব, আমাদের প্রেমের বস্তুকে ততদূর পূর্ণ হইতে হয়। নারদ তাঁহার 'ভক্তি-সূত্র' প্রস্তে, মানুষের প্রেমের কথা তুলিয়া, ভগবৎ প্রেমের কথা বুঝাইয়াছেন। সে স্থলেও, মানুষকে আপনার ক্ষুদ্র আমিত্বের উপরে উঠিয়া, আদর্শের প্রতি প্রেম করিতে বলা হইয়াছে। বিশেষ এই যে, সেই পরম আদর্শ প্রায়ই আপনাকে ব্যক্তরূপে দর্শন দেন। যিনি পুরুষোত্তম, তিনিই ভক্তির বস্তু। তিনি জাব-জগৎ ও জড়-জগৎকে অনুপ্রাণিত করিয়া রাখিয়াছেন। সূক্ষম ভূত-সকল—যাহাদিগকে বিকার-

বর্গের মূল-কারণ বলিয়া মনে হয়, তাহাদিগের সহিত পরমেশ্বরকে অভিন্ন মনে করা সক্ষত নহে; আবার, মীমাংসকদিগের মত, ঈশ্বরকে যজ্ঞের প্রভুও ভোক্তা বলাও উচিত নহে। প্রাকৃতিক যে সকল শক্তিকে মানুষ নানা ক্রিয়া-সম্পাদক 'দেবতা' নামে কল্পনা করিয়া লয়, ঈশ্বরকে সেই সকল দেবতা-বোধে অর্চনা করাও যুক্তি-যুক্ত নহে। তাঁহাকে সাংখ্যোক্ত পুরুষ বলিয়া মনে করিলেও চলিবে না। এ সকলই তিনি সন্দেহ নাই, কিন্তু তিনি এ সকল হইতেও অধিক : * গীতা বিশেষ করিয়া বলিয়া দিয়াছেন যে, পরমেশ্বর সকল জীবের অন্তবেই বাস করেন। যদি মনুযুজ্ঞানের সঙ্গে তাঁহার কোন প্রকার সম্বন্ধই না থাকে ; যদি তিনি একান্ত জ্ঞানাতীত বস্তুই হন, তাহা হইলে তিনি কিরূপে মামুষের উপাস্থ হইতে পারেন ? আবার, যদি জীবের সহিত তাঁহাকে একান্তরূপে অভিন্ন বলিয়া মনে করা যায়, তাহাতেও তাঁহাকে উপাস্থ বলা যাইতে পারিবে না। তিনি জীবের সজে অভিন্ন হইয়াও, জীব হইতে ভিন্ন। তিনি, প্রকৃতি বা "লক্ষ্মীর" সহিত ঘনিষ্ঠ সম্পর্কে আদিয়া, জগতের প্রভু ও নিয়ন্তা ও সর্ব্ব-কামনার পরিপুরক। তাঁহার সঙ্গে মিলিয়া গিয়া একীভূত হইবার—একাত্ম-বোধের— আনন্দ এই প্রকারে বর্ণিত হইয়াছে—"আমাতেই মনকে আবদ্ধ রাখিবে, আমাতেই বুদ্ধিকে অর্পণ করিবে, অতঃপর নিরন্তর আমাতেই বাস করিতে পারিবে।" জগতের সর্বব প্রকার বৈষয়িক স্তখ, এই পরমানন্দের আংশিক অভিব্যক্তি। সকলের মধ্যেই চিরন্তন প্রেমের দেবতা নিরন্তর বাস করিতেছেন বলিয়াই, আমরা সকলকে ভালবাসিয়া থাকি। যিনি প্রকৃত ভক্ত, তাঁহার মনে কদাপি ঔদ্ধত্যের আবির্ভাব হয় না; তাঁহার চিত্ত নিয়ত বিনয়ে অবনত হইয়া উঠে। তাঁহার সেই আদর্শ-বস্তুর সম্মুখে, তিনি 'কোন্ছার'! এই প্রকার আত্ম-বিলোপ ধর্ম্ম-জীবন-লাভের প্রথম কল্প। "প্রমেশ্বর দীনতাকেই ভালবাসেন।" প্রমেশ্বের সঙ্গ-বিচ্যুত হইলে মাসুষের কিছুই থাকে না, তাহার সত্তাই বিলুপ্ত হয়,—ভগবদ্ভক্তের ইহাই অনুভব। ভক্তি, হয় ঈশ্বর-প্রীতি রূপে, নয় ত ঈশ্বর-বিরহে হৃদয়ের দৈশুরূপে নিজেকে প্রকাশ করে। হৃদয় যাঁহাতে অমুরক্ত হয়, তাঁহার

অপার্থিব মূল্য যখন ভক্ত বুঝিতে পারে, তখন দে স্বীয় ব্যক্তিত্বের— আপনার অকিঞ্চিৎকারিম্ব অনুভব করে; এবং তাহা বুঝিয়া, তাঁহারই করুণার উপরে সম্পূর্ণরূপে আপনাকে ফেলিয়া দেয়—একান্ত নির্ভর করিতে শেখে। একান্ত নির্ভর-শীলতাই প্রকৃত উপায়। "তোমার চিত্তকে আমারি মধ্যে নিমজ্জিত করিয়া দাও: আমার ভক্ত হও: আমারি সম্মুখে প্রণত হও: তখন আমাকে পাইবে। সত্যই বলিতেছি, তুমি আমার অত্যন্ত প্রিয়। সকল ধর্ম্ম পরিত্যাগ করিয়া, একমাত্র আমারি আশ্রেয় গ্রহণ কর; ত্বঃখ করিও না: আমিই তোমাকে সর্ববিধ পাপ হইতে বিমুক্ত করিব।" পরমেশ্বর আমাদের ঐকান্তিক নিষ্ঠা চান; এবং ইহা নিশ্চয যে, তিনি আমাদের জ্ঞান ও অজ্ঞানতা গ্রহণ করিয়া আমাদের স্ববপ্রকার অপুর্ণতা দুর করিবেন, এবং সকলকে তিনি তাঁহার মঙ্গলের অসীম আলোকে ও পবিত্রতায় পরিবর্ত্তিত করিয়া লইবেন। আবার, ভক্তের অন্তঃকরণে ভগবৎ-সেবার ইচ্ছা জাগরিত হয়: এবং "ভক্ত তখন মদগত-প্রাণ হইয়া, আমাকেই চিন্তা করে: আমারি কথার কীর্ত্তন করে, কেবল আমাকেই চায়।" ভক্ত যাহাই করুক না, সমস্তই ভগবানের উদ্দেশে ও তাঁহারই গৌরব ও মহিমা ঘোষণের নিমিত্তই করিয়া থাকে। তাহার সমস্ত কর্ম্মই পরার্থ-পর হইয়া পড়ে। তাহাতে ক্ষুদ্র-স্বার্থের কালিমাপাত হইতে পারে না; সে আর কর্ম্ম-ফলে আসক্ত হয় না। ইহা পরমেশ্বরে সম্পূর্ণরূপে আত্ম-সমর্পণ। ভক্ত একান্ডভাবে তাখার আদর্শের হস্তে আপনাকে বিসর্জ্জন দেয়। ইহা একটা অন্ধ-অনুভূতি নহে। ইহা, সমস্ত হৃদয় দিয়া, ভগবানে আত্ম-নিবেদন। তাহার সমগ্র জীবনই ভগবৎ-প্রেমে ভরিয়া উঠে: এবং ইহাই তাহার জীবনের স্থলস্ত ব্রত হইয়া পড়ে। তাহার জীবনের উদ্দেশ্য কুতকুত্যতা লাভ করে: সে অমর হইয়া যায় এবং তাহার আজ্ব-প্রসাদ উপস্থিত হয়। সে আর অপর কোন বস্তু লাভের আকাজ্ঞা রাখে না; সকল চুঃখ দুরে যায়: শান্তি ও মহানন্দে তাহার জীবন ভরিয়া উঠে ও সে আত্ম-রদে নিমগ্ন হইয়া যায়: ঈশরে বিশাস, তাঁহাতে প্রীতি, তাঁহাতে আনুরক্তি, তাঁহাতেই প্ৰবিষ্ট হওয়া—ইহাকেই গীতা প্ৰকৃত ভক্তি বলিয়া নিৰ্দ্দেশ করিয়াছেন। ইহাই ইহার পুরস্কার।

ভক্তি অর্জ্জন করিতে হইলে, প্রথমেই শ্রদ্ধা আবশ্যক। যতদিন না ভক্তের হৃদয়ে ভগবান স্বয়ং প্রকাশিত হন, ততদিন দৃঢ বিশাদ রাখা কর্ত্তব্য। বিশ্বাসই যখন সার বস্তু, 'তখন' ঈশর-ভক্তের চক্ষে, দেব-ভক্ত লোকেরাও সমাদৃত হন। মানুষের চিত্তের ও সংস্কারের অনন্ত বৈচিত্র্য বিবেচনা করিয়া, গীতাকার ধর্ম্ম-জীবন-লাভে, প্রত্যেকের ব্যক্তি-গত স্বাধীনতা দিয়াছেন ও স্থ সংস্কারামূর্য আদুর্শ গ্রহণে কোন একটা বিশিষ্ট পস্থার নির্দেশ করেন নাই। লোকে আপন রুচি অনুসারে উপাস্থ বস্তু ঠিক করিয়। লউক, ইহাই গীতাকারের অভিপ্রায় ছিল। একেবারে অমুরাগ-শূশুতা অপেক্ষা, কোন এক প্রকার অনুরাগ শ্রেয়ক্ষর। কেন না, আমাদের চিত্তে যদি প্রীতি-রস বা ভালবাসা না থাকে, তাহা হইলে ক্ষুদ্র স্বার্থপরতা আসিয়া উপস্থিত হয়; স্বায় আত্ম-কেন্দ্রের বাহিরে যাইবার আর কোন প্রবৃত্তি থাকে না। অনস্ত পরমেশ্বর, জীবের সম্মুখে আপনাকে অনন্ত আকারে প্রকাশিত করেন। ক্ষুদ্র ক্ষুদ্র দেবতাগুলিও, সেই পরম তত্তেরই প্রকার-ভেদ মাত্র। গীতার মতে, অবতারের স্থান পুরুষোত্তমের নিম্নে। ব্রহ্মা, বিষ্ণু, শিব—ইহারা স্বষ্টি, স্থিতি, প্রলয়-কর্ত্তা পর-ব্রহ্মের নাম না হইলেও, ইহাদিগকে পুরুষোত্তমের অধীন ও অঙ্গীভূত তত্ত্বরূপে স্বীকার করা যায়। বৈদিক দেবতাদিগের উপাসনাও গীতায় মানিয়া লওয়া হইয়াছে। গীতায়, ক্ষুদ্র ক্ষুদ্র দেবতার উপাসনার স্বাধীনতাও প্রদত্ত হইয়াছে। ভক্তিপূর্বক যাহারই উপাসনা হউক না কেন, চিত্ত-শুদ্ধিই ইহার একমাত্র উদ্দেশ্য এবং ভাদৃশ চিত্তে, অবশেষে উন্নত ব্রহ্মালোক আপনিই ফুটিয়া উঠে।

কেন এরূপে ব্যক্তিগত স্বাধীনতা দেওয়া হইয়াছে, গীতায় তাহার আভাস আছে। মানুষের যেমন ভাবনা, তদসুরূপে তাহার স্বভাবও নির্মিত হয়। যেরূপ তাহার বিশ্বাস, তদসুরূপ বস্তও সে পায়। জগতে একটা নৈতিক নিয়ম,—একটা মহান্ অভিপ্রায়়—ক্রিয়া করিতেছে; তাই মনুষ্য, যাদৃশ তাহার সংকল্প বা অভিপ্রায়, তাদৃশ বস্তও পাইয়া থাকে। "যাহারা দেব-ত্রত, তাহারা দেব-লোকে যায়; যাহারা পিতৃলোককে চায়, তাহাদের সেই লোকে গতি হয়।" "উপাসক, যে দেবতার যে আকারে, শ্রাজান্থিত চিত্তে ভক্তিপূর্বক উপাসনা করে, তাহার সেই শ্রাজাকে, সেই আকারে,

শামিই দৃঢ় করিয়া দেই। কোন ফল-লাভের কামনায়, উহারা শ্রদ্ধাযুক্ত হইয়া, দেবতার আরাধনায় নিযুক্ত থাকে। আমিই উহাদিগের দেই কামনার সাফল্য সম্পাদন করিয়া দেই।" রামানুক্ত বলিয়াছেন—"এক্ষা হইতে স্তম্ভ পর্য্যস্ত যাবতীয় জীব, স্ব স্ব কর্ম্মবশতঃ, জন্ম ও মৃত্যুর অধীন; স্বতরাং ইহাদিগের কেহই উপাশ্ত বস্ত হইতে পারে না।" কেবল সর্বব-নিয়ন্তা পুরুষোন্তমই একমাত্র উপাশ্ত বস্ত; ক্ষুদ্র ক্ষুদ্র বস্ত গুলি, সেই উপাশ্তে আরোহণ করিবার দার মাত্র। দশম অধ্যায়ে, যে সকল বস্ত বা জীবে ভগবানের মহিমা ও ঐশ্বর্যোর বিশেষ অভিব্যক্তি দৃষ্ট হয়, সেই সকলে চিত্ত স্থির করিবার উপদেশ প্রদন্ত হইয়াছে। ইহা বেদান্তে 'প্রতীক উপাদনা' নামে কথিত আছে। একাদশ অধ্যায়ে, সমগ্র বিশ্বকে ভগবানের রূপ বা আকার বলিয়া গ্রহণ করা ইইয়াছে। দ্বাদশ অধ্যায়ে, বিশ্বের অধিষ্ঠাতা পরমেশ্বরে চিত্ত-শ্বৈর্যের উপদেশ আছে। দর্বাতীত প্রক্ষাবন্তই কেবল আমাদিগকে মুক্তি দানে সমর্থ। অন্যান্ত ভক্তেরা ক্ষুদ্র খণ্ড আনন্দ পাইয়াই সন্তম্বই থাকে; কিন্তু যাঁহারা পরাৎপর প্রক্ষার উপাসক, তাঁহারাই কেবল অথণ্ড পরমানন্দ লাভের অধিকারী।

ভক্তির যে সকল প্রকার-ভেদ নির্দিষ্ট হইয়াছে তন্মধ্যে, ভগবানের শক্তি, জ্ঞান ও মঙ্গলের অনুচিন্তন; ভক্তিপূর্ণ হৃদয়ে সতত তাঁহার স্মরণ; অপরাপর ভক্তের সহিত বসিয়া, ভগবৎ-প্রসঙ্গে কথোপকথন ও তদ্গুণাবলার কীর্ত্তন; এবং তদমুমোদিত কর্ম্মের অনুষ্ঠান। কোন একটা বিশেষ ধরা বাঁধা' নিয়ম নির্দেশ করিয়া দেওয়া হয় নাই; আর তাহা দেওয়া য়য়ও না। মনুয়্ট-চিত্ত এই সকল ভিন্ন প্রকারে পরম-বস্তার সমুখীন হয়। বিষয়-ব্যাপৃত চিত্তকে ঈশ্বরাভিমুখী করিবার উদ্দেশ্যে, নানাপ্রকার প্রতীক গ্রহণের ও নিয়মানুবর্ত্তিতার উপদেশ প্রদত্ত হইয়াছে। চিত্তের বিষয়-লোলুপতা দমন করিতে না পারিলে, পরমেশ্রের ঐকান্তিকী নিষ্ঠা অসম্ভব। এইজয়্টই কোথাও কোথাও যোগাভ্যাস কথিত হইয়াছে। অন্তঃকরণের বিষয়-লিপ্ততা দূর করণের নিমিত্ত, নানান্ধপ উপাসনা এবং বিশেষ কালে বিশেষ অনুষ্ঠানের দ্বারা মনে ভগবৎ-স্মৃতি জাগাইয়া তুলিবার উপদেশও দৃষ্ট হয়। কোন কোন স্থলে এমন কথাও আছে যে, অন্ত

চিন্তা ছাড়িয়া দিয়া কেবল ভগবচ্চিন্তায় নিযুক্ত থাকিবে। ইহা কিন্তু নিষেধ-মুখী প্রণালী (১৮ অঃ, ৬৬ শ্লো)। সমগ্র বিশ্বকৈ ব্রহ্ম-স্বরূপের অভিব্যক্তি বলিয়াও চিন্তা করিবার উপদেশ আছে (৭ম ও ১৮শ অঃ)। জীবে ও জড়-জগতে ঈশ্বরের সত্তার দর্শন করিতে হইবে এবং আমাদের আচরণকে এমন ভাবে নিয়ন্ত্রিত করিতে হইবে যে, মানুষের মধ্যে যে ভগবান বাস করেন, সেটা যেন আচরণে প্রকাশ পায়। ঐকান্তিকী নিষ্ঠা এবং সম্পূর্ণ আত্ম-সমর্পণ—ভক্তি ও প্রপত্তি—ইহারা একেরই তুই প্রকার-ভেদ মাত্র। যে কোন রূপের অবলম্বনে, একই পরমেশ্বরের উপাসনা করা যায়, গীতা ইহা স্বীকার করিয়াছেন। এই প্রকার উদারভাব আছে বলিয়াই হিন্দু-ধর্ম্ম, ভিন্ন ভিন্ন আন্তর অমুভূতির ও উপাসনার একটা সমন্বয় করিয়া লইতে পারিয়াছে; নানাপ্রকার ধর্ম্ম-বিশ্বাসকে ও মতকে একীকৃত করিয়া লইতে সমর্থ হইয়াছে; কতকগুলি আধ্যাত্মিক উৎকর্ম-বিধানের বা স্থাচন্তিত তত্ত্বের মধ্যে একটা স্থসম্বন্ধ সঞ্জতি স্থাপন করিতে পারিয়াছে। কিন্তু এই সমন্বয়ের মূল কথাটা এই যে, সত্য এক, কিন্তু তাহা প্রকার-ভেদে বহু আকার ধারণ করে।

ভক্তির পরিপকাবস্থায়, উপাস্থ বস্তুর প্রামাণ্য সম্বন্ধে একটা দৃঢ়তা জন্মে। ইহা স্ব-প্রমাণিসিদ্ধ ; অন্থ কোন প্রমাণের উপরে ইহার সন্তা নির্ভর করে না। তর্ক দারা ইহার প্রামাণ্য সিদ্ধান্ত করা যায় না। যাঁহারা প্রকৃত ভক্ত, তাঁহারা ঈশ্বরের স্বরূপ লইয়া র্থা বিচার বা তর্ক করিতে বদেন না। 'পরা ভক্তি' উৎপন্ন হইলে, ভজনীয় বস্তুটী ছাড়িয়া আর অন্যত্র যাইবার প্রবৃত্তি জন্মে না। এই ভক্তি নির্হেতুক ও নিরস্তর—ইহার নির্ত্তি সম্ভবে না; ভক্ত ইহার বলে ভজনীয় ঈশ্বরে নিত্য-যুক্ত থাকেন। অতি অল্প লোকেই ফলাকাজ্ফা না রাখিয়া ঈশ্বরের ভজনা করেন; ভাব-প্রধান ধর্ম্মে, জ্ঞান ও কর্ম্মান্ম্ন্তানের বড় একটা আবশ্যকতা দৃষ্ট হয় না; কিন্তু গীতোক্ত ভক্তিত্তে, গীতাকারের এরূপ তুর্ববিলতা প্রকাশ পায় নাই। "সকল প্রকার ভক্তই আমার প্রিয়, কিন্তু জ্ঞানী ভক্ত আমার অত্যন্ত প্রিয়।" অপর তিন শ্রেণীর ভক্ত—আর্ত্ত, জিজ্ঞান্থ ও অর্থার্থী বা সকাম ভক্তেরা ক্ষুদ্রে বস্ততেই নিবিষ্ট-চিত্ত হইয়া থাকে এবং তাহাদের কামনা পূর্ণ হইলেই ভগবানে ভক্তিও

নিবৃত্ত হইয়া যায়; কিন্তু তত্বদর্শী জ্ঞানী ভক্তগণ, তদগত ও পবিত্র চিন্তে ভগবানের ভজনা করিয়া থাকেন।" ভক্তগণের চিত্তে ভগবন্ধক্তি তীব্র বহ্নির ক্সায় প্রজ্বলিত হইয়া উঠে; উহার প্রথব তাপে ক্ষুদ্র ব্যক্তিত্বের গণ্ডী পুড়িয়া যায়। তথন চিন্তে ভগবত্তব্ব, প্রকৃত সত্যা, প্রকাশিত হয়। এই সত্যের প্রকাশ না থাকিলে, গীতোপদিষ্ট ভক্তি পঞ্চিল ভাবাবেশে পরিণত হইয়া পড়িত।

নীরব প্রার্থনায়, এবং প্রেমাস্পদ বস্তুর দর্শনলালসায় যাহার প্রারম্ভ, তাহাই পরিশেষে তুর্দ্দমনীয় ও 'প্রাণ মাতান' মধুর প্রেমে ও আনন্দরসে পরিণতি প্রাপ্ত হয়। ভক্ত তখন ভগবানের অঙ্গে মিশিয়া যায় এবং সমগ্র বিশ্বে ভগবানের একত্বানুভূতি তাহার অন্তরে পূর্ণবেগে প্রদীপ্ত হইয়া উঠে। "বাস্তদেবঃ সর্ববমিতি"—সমস্ত বিশ্ব বাস্তদেবময় হইয়া উঠে। জগৎটা অসার এবং সে এই জগতে নিঃসহায় ও জগতের আর দশটা বস্তুর মধ্যে একটা নগণ্য বস্তু মাত্র—এইরূপ যে একটা নিরাশ-ভাব এতদিন তাহার অন্তরে বাসা পাতিয়াছিল, এখন তাহা নফ্ট হইয়া যায় এবং ভৎপরিবর্ত্তে, সে যে ভগবৎ-কার্য্য সম্পাদনের নিমিত্ত জগতে প্রেরিত হইয়াছে, এইরূপ একটা উৎসাহপূর্ণ ধারণা জাগিয়া উঠে। শ্রেষ্ঠ মান্ত্রয়ও, ভগবৎ-শক্তির একটা অতি সামান্ত অভিব্যক্তিমাত্র। প্রত্যেক জীবের যেটী প্রকৃত স্বরূপ, উহাই পরমেশ্বর,—িযিনি দেশে ও কালে আপনাকে প্রকাশ করিয়া অবস্থান করিতেছেন। জ্ঞান এবং ভক্তি একে **অপরে**র আশ্রিত এবং প্রকৃত ভক্তি পরার্থ-কর্ম্মের আচরণে আত্মপ্রকাশ করিয়া থাকে। অপরের মঙ্গলের জন্ম, ভক্তের হৃদয়ে, প্রেমের বন্সা উত্থিত হইয়া তাহাকে ভাসাইয়া দেয় এবং প্রেম আপনার হিত চায় না, অথবা কোন পুরস্কার লাভেরও আশা রাখে না। এই প্রেম, প্রমেশ্বরের হৃদয়োথ প্রেমের তুল্য,—যে প্রেম-প্রবাহ এই জগতের নিম্মাণ করিয়া তাহাকে ধরিয়া রাখিয়াছে এবং অবসানে আবার তাহাকে আপন বক্ষেই তুলিয়া লইবে। ভক্ত নিজে নহে, ভক্তের মনে ভগবং-শক্তিই, স্বতঃপ্রবুতভাবে স্তত ক্রিয়া করিয়া থাকে। ভগবানে একান্ত আত্ম-সমর্পণ এবং সকল কর্ম্মের ফল অর্পণ,—ইহাই ভগবদভক্তের বিশেষ লক্ষণ। এইরূপে, তাহার অন্তঃকরণে,

একটা উচ্চতর দার্শনিক সন্তোষ এবং আদর্শ পুরুষের ন্যায় একটা কর্ম্মাক্তি পরিদৃষ্ট হয়। ইহা সত্য যে কোন কোন ভক্ত-পুরুষ সাংসারিক কার্য্যে আছা প্রদর্শন করেন না; কিন্তু গীতোক্ত ভক্তের স্বভাব সে প্রকার নহে। ইহারা জ্ঞানী ভক্ত; ইহাদের ঈশ্বর-ভক্তি জ্ঞান-দীপিত; ইহারা মানব-সমাজের কল্যাণার্থ, নিজে ছঃখ-কস্ট বরণ করিয়া লইতে সতত প্রবল আগ্রহান্বিত। মহাত্মা তিলক বিষ্ণুপুরাণ হইতে যে শ্লোক উদ্ধৃত করিয়াছেন, তাহাতে দেখা যায়—"যাহারা আপন কর্ত্তব্য কর্ম্ম ত্যাগ করিয়া কেবল মুখে "কৃষ্ণ," "কৃষ্ণ" বলিতে থাকে, তাহারা প্রকৃত-পক্ষে ভগবানের শক্ত এবং পাপী। ভগবান্ স্বয়ংইত ধর্মারক্ষার্থ ভূতলে জন্মগ্রহণ করিয়াছিলেন।"

ইহা স্থুস্পান্ট যে, যাঁহার। ভক্তিকে ধর্ম্মজীবনের সর্বশ্রেষ্ঠ মার্গ বলিয়া মত প্রকাশ করেন, তাঁহাদের মতে, ভক্তের শেষ উদ্দেশ্য কোন নির্বিশেষ-তত্ত্বে নিমজ্জন নহে, কিন্তু পুরুষোত্তমের সহিত ঐক্যলাভই উদ্দেশ্য। গীতায় কিন্তু নিগুণ ভক্তি,—অর্থাৎ নিগুণ ব্রহ্মে অমুরাগ ও প্রীতিই সর্বব্রোষ্ঠ বলিয়া কীর্ত্তিত হইয়াছে। তবেই নিগুণিই চরম তত্ব দাঁড়াইতেছে (ভাগবত, ৩০২৯, ৭০১৪)। ভক্তির পূর্ণাবস্থায়, ভক্ত ও ভক্তের ভগবান্ উভয়ে এক আত্মরসে সমাচছন্ন হন এবং উভয়ে একই জীবনের প্রকার-ভেদমাত্র বলিয়া প্রতাত হইয়া থাকেন। তবেই, ভক্তির আরম্ভ, পরস্পার ভেদে বা ধৈতে। কিন্তু দৈত অধৈতে গিয়া পূর্ণতা লাভ করে।

কর্ম-মার্গ

ভগবৎ-কর্ম * সম্পাদন ঘারাও, ভগবৎপ্রাপ্তি ঘটিতে পারে। কর্ম্ম ঘারাই নির্জ্বণ ব্রহ্ম, সগুণ-রূপে শঅভিব্যক্ত ইইয়াছেন। কর্ম্ম অনাদি এবং কিরপে জগতে ক্রিয়া চলিতেছে, তাহার তত্ত্বও অভি গহন। স্প্তির অবসানে, প্রলয়ে, জগৎ থাকে না বটে, কিন্তু সূক্ষারূপে জগতের কর্ম্ম-বীজ থাকিয়া যায়; এবং পুনরায় যখন স্প্তি আরক্ষ হয়, তখন বীজ হইতে অঙ্কুরোৎপত্তির ত্যায়, সেই কর্ম্ম-বীজ ক্রমে বিকাশিত ইইতে থাকে। এই জগতের প্রবৃত্তিও গতি (Process) পরমেশ্বের একান্ত অধীন, এই জ্ব্মুই ভগবান্কে কর্ম্মের নিয়ন্তাও প্রভু বলা যায়। আমাদিগকে যখন কোন না কেন কর্ম্ম করিতেই হইবে, তখন আমাদিগের আচরণে যাহাতে জগতে ধর্ম্ম্য-ক্রিয়ার বৃদ্ধিও সঙ্গে সংস্ক আত্মারও সন্তোষ ও শান্তি হয়, সেই দিকে দৃষ্টি রাখিতে হইবে। যাহাদের অন্তরে কর্ম্ম করিবার পিপাসা জাগিয়া উঠিয়াছে, তাঁহাদের আচরণ যদি অভীপ্রিত বস্তুলাভে সমর্থ হয়, তবে তাহাকেই 'কর্ম্ম-মার্গ' বা কর্ম্ম-নিষ্ঠা বলা যায়।

গীতার সময়ে কর্মাচরণ সম্বন্ধে নানা মত প্রচলিত ছিল। বেদোক্ত যাগামুষ্ঠান, উপনিষত্ত্ত আত্মামুসন্ধান, বৌদ্ধদিগের উপদিষ্ট সর্ববকর্মত্যাগ এবং সেশ্বর-বাদের নির্দ্দিষ্ট পর্মেশ্বরের উপাসনা;—গীতা এই সকল বিভিন্ন মত-বাদের মধ্যে একটা সম্পতি-স্থাপনের চেফা করিয়াছেন।

কর্ম্মের অনুষ্ঠান দারাই জগতের সকল বস্তুর সক্ষে আমাদের একটা সম্বন্ধ স্থাপিত হয়। নৈতিক আচরণের সার্থকতা কেবল এক মানব-সমাজেই পরিদৃষ্ট হয়। সংসারে যত কিছু বস্তু আছে তন্মধ্যে কেবল এক মনুষ্টই দায়িত্ব-জ্ঞান-বিশিষ্ট প্রাণী। আত্মানন্দ লাভের জন্ম মানুষ লালায়িত হয়, কিন্তু জড় বিষয়বর্গ হইতে ত সেই ভূমানন্দ পাইবার কোন সম্ভাবনা নাই। মানুষ যে স্থুখ চায়, তাহা নানাজাতীয়। মোহান্ধ চিত্তের বা বিষয়বাসনার যে স্থ, তাহা তামসিক স্থ; ঐন্দ্রিয়িক স্থ রাজসিক; আত্মজ্ঞানজনিত স্থকে সান্থিক স্থ বলা যায়। কিন্তু যথন সাধক বুঝিতে পারে যে ভগবান্ তাঁহার অপার দয়ায় এই বিশ্ব নিয়ন্দ্রিত করিতেছেন এবং আমরাও ঈশ্বরাধীনে ক্রিয়া করিয়া থাকি, কেবল তথনই সে প্রকৃত আনন্দের অধিকারী হয়। জগতে পরমাত্মাকে দেখিতে পাইলেই, নিজের আত্মাও পরম পরিতোষ লাভ করে। যে কর্দ্মে জীবত্বের বিমুক্তি এবং আত্মার পূর্ণতা লাভের সাহায্য হয়, তাহাকেই সহকর্ম্ম বলা যায়।

যে আচরণে, মানবে, জগতে ও ঈশ্বরে একত্ব প্রকাশ পায়, তাহাই সদাচরণ; আর যাহা দ্বারা সেই একত্ব প্রকাশিত হয় না, তাহাই অসদাচরণ। বিশ্বের একত্বই মূল তত্ব। যাহা পূর্ণতার দিকে অগ্রসর হয়, তাহাই সাধু; অসাধু তাহা, যাহা উহার বিরোধী। বৌদ্ধর্মের ও গীতায় এইখানেই পার্থক্য। বৌদ্ধর্মের অবশ্য নীতিকে 'সাধু' জীবনের মূলে স্থান দিয়াছে সত্য, কিন্তু বিশ্বের যেটা মহান্ অভিপ্রায়, তাহার সঙ্গে মানবের নৈতিক জাবনের সন্দক্ষটাকে পরিস্ফুট করা হয় নাই। মানব-আত্মাকে সর্ববভাবে পূর্ণ করিয়া তোলাই, জগতের মহান্ অভিপ্রায় বা উদ্দেশ্য। গীতা বলিয়া দিয়াছে যে, আমাদের চেন্টা বিফল হইতে পারে, কিন্তু জগতে যে ভগবদভিপ্রায় ক্রিয়া করিতেছে, তাহা বিনম্ট হইতে পারে না। যদিও জগতে অসতের প্রান্থভাব দেখা যায়, তথাপি জগতের যিনি আত্মা তিনি মঙ্গলময়। তোমার আমার জীবনের উদ্দেশ্য সফল হয়, যদি আমরা আপনাদিগকে, জগতে ক্রিয়াশীল ক্রম-বর্দ্ধমান ভগবদভিপ্রায় সাধন করিবার যন্ত্র করিয়া তুলিতে পারি।

তুমি আমি সকলে মিলিয়া এই ব্রহ্মাণ্ড, কেহই স্বতন্ত নহে। আমরা সকলেই সেই ব্রহ্মাণ্ডের অন্তর্ভূত, উহার অংশ বা অক্সন্থানীয়। আমরা সকলেই সেই ব্রহ্মাণ্ডের জন্মই স্ব স্ব কর্ত্তব্য করিয়া যাইতেছি। অক্সকে ছাড়িয়া অক্সী থাকিবে কিরুপে ? আমরা প্রত্যেকে স্ব স্ব প্রধান এবং একে মপরের বিরোধী—একে অপরের স্বাধীনতা ক্ষুণ্ণ করে,—এই ধারণা নিতান্ত জান্তিপূর্ণ। আসল কথা "লোক-সংগ্রহ",—অর্থাৎ সকলের সহিত সকলের ঘনিষ্ঠ সম্পর্ক; কেহ ছাড়া কেহ নহে। সকলের মঙ্গলে, ব্রহ্মাণ্ডের মঙ্গল।

যিনি ব্রহ্মাণ্ডাধিপতি তিনিই ব্রহ্মাণ্ডে ক্রিয়া করিতেছেন। সতএব যিনি সাধু তাঁহার কর্ত্তব্য সেই মহতী ক্রিয়ার সহিত নিজের ক্রিয়াকে মিলাইয়া দেওয়া এবং ব্রহ্মাণ্ডের মঙ্গলের জন্ম লক্ষ্য স্থির রাখা। সেই লোকহিত ব্যতীত, ব্রহ্মাণ্ডের হিত ছাড়া, আমাদের আবার নিজের নিজের একটা স্বার্থ থাকিতে পারে—গীতা একথা মানেন না। সর্ব্বভূতের হিত-সাধনই প্রত্যেকের লক্ষ্য :--ইহাই "ভগবৎ-কর্ম্ম", 🕸 পরমেশ্বরের অভিপ্রায় (অঃ ৫, ২৫: ১২,৪)। এই লক্ষ্যসাধন ব্যতীত মামুষের নিজের কোন স্বতন্ত্র লক্ষ্য থাকা উচিত নহে। যিনি যত বেশী সাধু, সৎ, তাঁহাকে তত অধিক ভার বহিতে হয়। অবশ্য হিত-সাধন করিতে গেলেই, অমঞ্চলকে দমন না করিলে চলে না। অন্থায় ও পাপের বিরুদ্ধে, অত্যাচারের দমনে, আমাদিগকে পরাখ্যখ হইলে চলিবে না। কিংকর্ত্তব্যবিমূচ অর্জ্জুনকে ভগবান্ যুদ্ধ করিতেই প্রবৃত্তি দিয়াছিলেন। এ যুদ্ধ রাজ্যলাভের নিমিত্ত নহে: গোরব অর্জ্জনের জন্ম নহে, কিন্তু ধর্ম্মের জন্ম, ন্যায়ের জন্ম,—অত্যাচার দমনের জন্ম। কিন্তু য**খ**ন অত্যাচার ও অমঙ্গলের বিরুদ্ধে সংগ্রাম করিতে হইবে, তথন যেন আমরা ক্রোধান্ধ হইয়া, কিংবা যাহাতে তুঃখ ও অশান্তিকে আনয়ূন করে এ প্রকার মোহের (অজ্ঞানতার) বশীভূত হইয়া,—যেন যুদ্ধে বা অমঙ্গল-দমনে প্রবৃত্ত না হই,—বুঝিয়া এবং "সর্বভূতে বৈরত্যাগ" করিয়া—সকলকে ভালবাসিয়া (অঃ ১১, ৫৫)—সেই সংগ্রামে অবতীর্ণ হইতে হইবে।

সাধুদিগের পক্ষে চিন্ত-দমনের আবশ্যকতা আছে। মন্দ প্রবৃত্তি ও বাসনা আমাদের আত্মাকে অধিকার করিয়া আছে। ইহাদের প্রভাবে আমাদের বিচার-বৃদ্ধি (প্রজ্ঞা) কলুষিত হয় এবং ইহারাই জ্ঞানের বন্ধন-স্বরূপ। ইহাদিগকে সংযত না করিয়া যথেচছ ছাড়িয়া দিলে, দেহমধান্থ আত্মাকে ইহারা ভূত্যের মত যথেচছ চালাইয়া থাকে, আত্মার স্বাধীনতা ক্ষ্ম হয়; আত্মা স্ববশে থাকিতে পারে না। কর্ম্মকলে অনান্থা, স্থ্য-স্পৃহা-ভ্যাগ, সর্বত্তি সমবৃদ্ধি—গীতা এই সকলের অভ্যাস করিতে উপদেশ করেন।

শত্যাচার দমন, ধর্মছাপন প্রাভৃতিকে 'ভগবৎ-কর্মা' বলা হয়। 'জয়
কর্মাচ মে।' (আং ৪, ৮-৯) ইহাই জগতের অভিপ্রায়।

ইহাকেই প্রকৃত "ত্যাগ" বলে। "মোহ বা অজ্ঞানতার বশে যে কর্ম্মের পরিত্যাগ, তাহা 'তামস' ত্যাগ নামে কথিত; কায়-ক্লেশাদির ভয়ে যে কর্ম্মের ত্যাগ, উহা 'রাজস' ত্যাগ; ফলাশা না করিয়া, অনাসক্ত চিত্তে, কর্তব্য-বোধে কর্ম্ম কর্ত্তব্য; ইহাই সর্বব-শ্রেষ্ঠ, কেন না, ইহা সন্বগুণোদ্রেকের ফল।"

কর্ম্ম সম্বন্ধে গীতার প্রকৃত অভিপ্রায় কি প্রকার, সেটী জানা আবশ্যক। ইহা সন্ন্যাসীদের সর্ববত্যাগ-নীতির অনুমোদন করে না। বৌদ্ধদিগের কথিত কর্ম্মহীনতার ব্যাখ্যা গীতা অস্ত প্রকারে করিয়াছেন। পুরস্কারের লোভে বা ফলাশা করিয়া কর্মা করিবে না, কর্মাহীনতার অর্থ ইহাই। কর্ম্মের বিশ্লেষণে গীতার নৈপুণা দৃষ্ট হয়। ইহা কর্ম্মের আন্তর ভাগ ও বাহ্য ভাগ —এই চুই ভাগের পৃথক্করণ করিয়া বলিয়া দিয়াছে যে, অন্তরের স্বার্থ-পরতার দমন করিবে; এবং ফলাশাও পরিত্যাগ করিবে। নৈক্ষর্ম্য বা কর্ম্মের পরিত্যাগ করিবে না: কিন্তু নিক্ষাম ভাবে অর্থাৎ পরার্থপর হইয়া কর্ম্ম করিবে,—এই নীতির অমুমোদন করিয়াছে। "বিষয়-কামনা, ক্রোধ ও লোভ—ইহার। নরকের দ্বার: ইহাদিগকে দমনে রাখিবে।" "সকল কামনাই যে মন্দ তাহা নহে: ধর্ম্মের অবিরোধী কামনা ভগবদভিপ্রেত।" গীতায় চিত্তের অসৎ প্রবৃত্তিগুলির একান্ত উচ্ছেদের পরামর্শ দেয় নাই. কিন্তু উহাদের বিশুদ্ধিতা-সম্পাদনের উপদেশ দিয়াছে! প্রাণ, মন ও বিজ্ঞানের শুদ্ধি করিতে পারিলে আধ্যাত্মিক সন্তোষ উৎপন্ন হয়। চুপ করিয়া জডের মত বসিয়া থাকার কথা গীতায় দেখা যায় না। "দেহধারী প্রাণীর পক্ষে একান্তভাবে কর্ম্ম-ত্যাগ কদাপি সম্ভব নহে।"—

> "ইহা কি সম্ভবে, কর্ণ শব্দ না শুনিবে ? আছে চক্ষু, কিন্তু উহা রূপ না দেখিবে ? চাও বা না চাও, থাক যথা ইচ্ছা হয়; কর-স্পর্শে গাতে হয় বোধের উদয়।"*

পৃথিবীতে কর্ম্ম-হীনতা নাই। সর্ববত্র প্রাণ-ক্রিয়া চলিতেছে। কর্ম্ম-বশেই বিশ্বের গতাগতি চলিতেছে—"জগচ্চক্র" ঘূর্ণিত হইতেছে:—এই জগচ্চক্রের

^{*} कवि Wordsworth.

অনুবর্ত্তন করা সকলেরই কর্ত্তব্য (অঃ ৩।১০—১৬)। দেহ-ভূৎ প্রাণীর পক্ষে কর্মাত্যাগ সম্ভব নহে। সমগ্র গীতাই ত কর্ম্মের কথায় পূর্ন, এবং কর্ম্মে প্রবৃত্তি জন্মাইবার জন্মই ত ইহার পুনঃ পুনঃ চেন্টা। আমাদিগকে কর্ম্ম করিতেই হইবে; কর্ম্ম না করিয়া নিস্তার কোথায়, যতদিন না মৃক্তি হইতেছে? মোক্ষ-লাভের জন্ম কর্ম্ম অবশ্য কর্ত্তব্য; যখন মৃক্তিলাভ ঘটিবে, তখনও ভগবদভিপ্রায়-সিদ্ধির সাধনরূপে (Instrument of the Divine) আমাদিগকে কর্ম্ম করিতে হইবে। একথা অবশ্য সত্য যে, মৃক্তের পক্ষে—আর চিত্তের বিশুদ্ধিতা-সম্পাদনের জন্ম বা মনকে উপযুক্ত করিয়া তুলিবার উদ্দেশ্যে কর্ম্ম করিবার প্রয়োজন উপস্থিত হইবে না। মৃক্তপুক্ষধের পক্ষে কোন বিধি-নিষেধ নাই; তাঁহার যাহা ইচ্ছা, করিতে পারেন; কিন্তু আসল কথা এই যে, তাঁহার পক্ষেও কোন না কোন ক্রিয়া অবশ্য কর্ত্তব্য (রুঃ উঃ, ৪।৪।২২)।

গীতা এমন ভাবে কর্ম্ম করিবার ব্যবস্থা দিয়াছেন যে যাহাতে কর্ম্ম-বন্ধনের হেতৃ না হইতে পারে। লোক-হিতার্থ, ভগবান স্বয়ংই কর্ম্মে নিযুক্ত আছেন। যদিও পরমার্থ-দৃষ্টিতে তিনি স্বাত্মস্থ এবং সংকল্প-হীন, তবুও, জগতের জন্ম তাঁহাকে ক্রিয়া করিতেই হয়। সেইরূপেই, সর্জ্জ্বনকেও যুদ্ধে প্রবৃত্ত হইতে বলা হইয়াছিল। আবার, মনুষ্টের চিত্তে যাহাতে ব্রহ্মবুদ্ধি জাগরিত হয়, তদ্বিষয়ে সাহায্য করিবার জন্ম, মুক্ত-পুরুষের একটা কর্ত্তব্য ও দায়িত্ব আছে। লোক-দেবা, জন-হিতার্থ কর্ম্ম-পরমেশরের প্রকৃত দেবা। কামনা-বিরহিত হইয়া, আপন স্বার্থ ভূলিয়া, জগতের হিতার্থ ক্রিয়া করিলে, সে সংসারে বন্ধ হয় না। "আমি অনাসক্ত ভাবে, উদাসীনের স্থায় অবস্থিত: কোন কর্ম্মেরই আমাকে বন্ধন করিবার শক্তি নাই।" সন্মাস ও ত্যাগের মধ্যে একটা ভেদ, গীতায় প্রদর্শিত হইয়াছে। "সকাম কর্ম্মের পরিত্যাগকে সন্ন্যাস বলে; কর্ম্ম-ফলের ত্যাগই ত্যাগ।" শেষটা ব্যাপক **অর্থে প্রযুক্ত** হইয়াছে। গীতা মনুয়ের জীবনের দৈনন্দিন কর্ম্মের নিন্দা করেন নাই বা উহাকে তুচ্ছ বলিয়া উড়াইয়া দেন নাই; কিন্তু কেবল স্বার্থপর-কামনা তাাগেরই পরামর্শ দিয়াছেন। গীতায় প্রবৃত্তি ও নিবৃত্তির সমন্বয় দৃষ্ট হয়। কর্ম্ম-নিবুত্তি বা কোন কর্ম্ম না করিলেই যে সন্মাস হইল তাহা নহে। তোমার হস্ত চূপ করিয়া থাকিতে পারে, কিন্তু মন ত চূপ করিবার পাত্র নহে; মনের বাসনার কি করিবে ? তাহার ত নিবৃত্তি সম্ভব নহে। কর্ম্ম ত আমাদিগকে সংসারে বাঁধে না; বাঁধে—তুমি কি ভাব লইয়া কর্ম্ম করিয়াছ, মনের সেই ভাবটী! "অজ্ঞ লোকের যে কর্ম্ম-ত্যাগ, উহা বাস্তবিক অকর্ম্ম নহে; উহা কর্ম্ম। কিন্তু জ্ঞানিগণের সম্পাদিত যে কর্ম্ম, উহাই প্রকৃত অকর্ম্ম।" * অন্তরে আধ্যাত্মিক জীবন আর বাহিরে কর্মময় জীবন;—এ উভয়ের ত কোন অসম্পতি নাই। উপনিষদের তাৎপর্য্যেই গীতা উভয়ের সমন্বয় করিয়াছেন। "যোগঃ কর্মান্ত কেশিলম্।" কর্ম্ম করিবার যে একটা বিশেষ কোশল আছে, উহাই গীতোপদিই কর্ম্ম।

আমরা যাহাই করি না কেন, বাহ্য কোন বিধি-নিষেধের বশবর্তী হইয়া আমাদিকে কর্ম্ম করিতে হইবে না; অন্তরে যে স্বাধীন আত্মা আছেন, তাঁহারই সংকল্পের বশে কার্য্য করা কর্ত্তব্য। এই প্রকার কর্ম্মই সর্বব্রেষ্ঠ। গ্রীক্ দার্শনিক অরিইটল বলিয়া গিয়াছেন—"পর-বশে, অপরের পরামর্শে, যে কর্ম্ম করা যায়, উহার স্থান নিম্নে; কিন্তু আত্ম-বশে, নিজে বুঝিয়া-স্থবিয়া যে কর্ম্ম সম্পাদন আমরা করি, উহাই প্রথম কল্প।" অজ্ঞের পক্ষে বৈদিক বিধানই, বেদের নিয়োগই, পালনীয়। যখন পরমাত্ম-তত্মে প্রবেশ করা যায়, তথন আর বেদের নিয়োগের কোন প্রভুত্ব থাকে না। সে অবস্থায় আত্ম-নিয়োগ-বশতঃই স্বভঃ আমরা কর্ম্ম করিয়া থাকি।

সাধু সংকল্প লইয়া কর্ম্ম কর্ত্তব্য,—উদ্দেশ্য পবিত্র হওয়া আবশ্যক। মন হইতে সর্ববপ্রকার স্বার্থ দূর করিতে হইবে; লোকে প্রশংসা করুক বা অপরের সহামুভূতি আকর্ষিত হউক, এরূপ উদ্দেশ্য লইয়াও কর্ম্ম করিবে না। যাহা চিন্তের বিশুদ্ধি-সম্পাদনে সমর্থ; যাহা জ্ঞান-মার্গে লইয়া যাইতে পারিবে,—এইরূপ কর্ম্মই কর্ত্তব্য। "যাহারা স্বার্থ-পর, কেবল আপনার টুকুই বুঝে, তাহারা আপনাকেই পৃথিবীতে প্রভু বলিয়া মনে করে, এবং ইহারা কেবল ইন্দ্রিয়-ভৃপ্তির জন্মই ব্যস্ত থাকে। ইহারা জড়বাদের আশ্রেয় গ্রহণ করে এবং ইন্দ্রিয়-সেবাই ইহাদের নীতি। ইহারা 'আম্বর প্রকৃতিসম্পন্ন।'"

সন্ধ, রক্ষঃ প্রভৃতি গুণের বিবরণ গীতার একটা বিশেষ আবশ্যকীয় অংশ।
গুণের অধীনতা, আত্মার পরিচ্ছিন্নতা বোধের হেতু। উহারাই আত্মাকে
পরিচ্ছিন্ন করিয়া তোলে। বাস্তবিক, অন্তঃকরণই গুণে আবদ্ধ হয়;
আমাদের কিন্তু ভ্রম হয় যে, আত্মাই যেন গুণে আবদ্ধ ইইয়াছে। যদিও
দন্ধ-প্রধান কর্দ্মকে শ্রেষ্ঠ কর্দ্ম বলিয়া উল্লেখ করা ইইয়াছে; কিন্তু এ কথাও
বলা ইইয়াছে যে, সন্থও বন্ধনের হেতু ইইয়া থাকে; কেন না, সান্ধিক,
দাধু সংকল্প জীবের একটা অবস্থান্তর—পবিত্রতা উৎপন্ন করিয়া দেয়।
মৃক্তিলাভ করিতে ইইলে জীবের সর্বব-প্রকার অবস্থা-ভেদই অপগত হওয়া
আবশ্যক। আমাদের চিত্ত—যত পবিত্র বা বিশুদ্ধই ইউক না কেন, উহাও
আত্মার প্রকৃত স্বরূপের আবরক; কেন না, উহাও শুজান ও সুখ উৎপন্ন
হরিয়া আমাদিগের বন্ধনের হেতু হয়। সকল প্রকার গুণের অতীত ইইতে
গারিলে যে একটা সর্ববগ্রাহা দৃষ্টি আবিভূর্ত হয়, তাহাই সর্বব্র্ছোষ্ঠ অবস্থা।"

গীতা, কর্ম্ম-প্রধান বৈদিক যজ্ঞকে আজ্ম-যজ্ঞে পরিবর্ত্তন করিয়া দেওয়ায়,
উভয়ের মধ্যে একটা সঙ্গতি উৎপন্ন করিতে পারিয়াছেন (অঃ ৪।২৪—২৭)।
মাজ্ম-সংযম ও আজ্ম-বিসর্জ্জনের পরিপুষ্টির জন্মই ত যজ্ঞের অমুষ্ঠান।
ঐন্দিয়িক ভোগের আহুতিই হইতেছে প্রকৃত পক্ষে যজ্ঞের আহুতি। যে
দেবতাবর্গের উদ্দেশে যজ্ঞে আহুতি প্রক্রিপ্ত হয়, উহারা এক পরাৎপর
গরম দেবতারই রূপান্তর। সমস্ত যজ্ঞের প্রভু, সেই "যজ্ঞ-পুরুষের"
উদ্দেশেই আমরা আহুতি অর্পণ করিয়া থাকি। আমাদের চিত্তে ঈদৃশ
মমুভূতি জাগরিত রাধিতে হইবে যে, বিশ্বের তাবৎ বস্তু ভগবদভিপ্রায়
সদ্ধির, ভগবন্ধির্দিষ্ট উপায় মাত্র,—ছার-স্বরূপ। স্থতরাং, ঈশ্বরাপিত
ছিতে, সমস্ত কর্ম্ম-শয়ন-ভোজনাদি—করিয়া যাইতে হইবে। যিন
যাগী, তাঁহাকে পরমেশ্বরে নিরস্তর স্থিত রহিয়াই কর্ম্ম করিতে হইবে, এবং
১৫-কৃত কর্মই অপর সকলের আদর্শ হইবে।

মসুয়ের আচরণ নিয়মিত করিবার নিমিত্ত, গীতায় কতকগুলি সাধারণ নিয়মের উল্লেখ করা হইয়াছে। কোন কোন শ্লোকে 'মধ্য-পন্থার' নির্দ্দেশী দাছে (অঃ ৬।১৬-১৭)। গীতা, বর্ণ-ভেদ ও আশ্রাম-ভেদ মানিয়া লইয়াছেন। নুমাজের নিম্নস্তর-বাসী লোককে সহসা এক দিনেই সর্ব্রোচ্চ স্তরে উন্নত

করিতে পারা যায় না। প্রকৃত মন্ত্রয়ত্ব-সম্পাদক প্রক্রিয়া সফল হইতে অনেক সময়ের দরকার হয়, কখনও কখনও বংশ-পরম্পরা লাগে। গীতায় মোটামোটি, মানব-সমাজভুক্ত ব্যক্তিদিগকে চারিটী জাতিতে বিভক্ত করিয়া লওয়া হইয়াছে। গুণাসুসারে জাতির বিভাগ: কাজেই প্রত্যেকেরই স্ব স্ব জাতির উপযুক্ত কর্তব্যেরও ভাগ করিয়া দেওয়া হইয়াছে। যাহার যেমন প্রকৃতি, তদমুরূপ কর্মাকেই তাহার "স্বধর্মা" বলা হইয়াছে। নিজের নিজের স্বভাব-নির্দ্দিষ্ট কর্ত্তব্য-সম্পাদন করিলেই ভগবানের আরাধনা হয়। ভগবান স্বয়ং এই সামাজিক ব্যবস্থার স্বষ্টি করিয়াছেন। গ্রীক পণ্ডিত প্লেটোর গ্রন্থেও এই জাতীয় একটা মত-বাদের উল্লেখ দেখা যায়। "বিশের রক্ষা ও হিতের জন্ম, বিশ্ব-বিধাতা সকল বস্তুতে একটা শৃঙ্খলার বিধান করিয়াছেন। যতদূর সম্ভব, প্রত্যেক অংশেরই এক একটা ক্রিয়া বা ব্যাপার আছে। প্রত্যেক চিকিৎসক এবং প্রত্যেক নিপুণ শিল্পী, ভিন্ন ভিন্ন অংশগুলি যাহার অংশ, তাহারই হিতের জন্ম, অংশীর (whole) উপ-কারার্থ, ঐ অংশগুলির উপরে ক্রিয়া করিতে থাকেন। অংশীর রক্ষার্থ ও হিতার্থ তাঁহাদের সমস্ত চেফ্টার প্রয়োগ করেন; মংশের জন্ম ততটা করেন না: কেন না, তাঁহারা বুঝেন যে, অংশীর জন্মই অংশগুলি রহিয়াছে ও স্ব স্ব ব্যাপার সম্পন্ন করিতেছে।" জাতি-ভেদ যদিও প্রথমতঃ গুণ-বিভাগের উপরেই প্রতিষ্ঠিত হইয়াছিল, উহা শীঘ্রই জন্ম-গত হইয়া পড়িল। কাহার কিরূপ গুণ আছে, ইহা নির্ণয় করা বড় কঠিন; তাই জন্ম দ্বারাই তাহা স্থির করা যাইতে লাগিল। এইরূপে, যে জাতি-বিভাগ আত্মার গুণের উপরে প্রতিষ্ঠিত হইয়াছিল, তাহা কালে নফ হইয়া গেল। কিন্তু একটা বিশেষ কুলে জন্মগ্রহণ করিয়াছে বলিয়াই যে, সে সেই কুলোপযুক্ত গুণ-গ্রামে ভূষিত হইবে, এমন আশা করা যায় না। সংসারে, কার্য্যতঃ এই আদর্শের ব্যভিচার দৃষ্ট হয়। এই জন্ম এই বিশাল জাতি-বিভাগের সৌধ ভালিয়া পড়িতে লাগিল। বর্ত্তমানেও উহার প্রায় ভগ্নদশা উপস্থিত হইয়াছে। অবশ্য বর্ত্তমানে জাতি-ভেদের এই ব্যবস্থার নিন্দা করা থুবই সহজ : কিন্তু এই প্রাচীন ব্যবস্থার সপক্ষে এই কথাটা ভূলিলে চলিবে না যে, পরস্পরের হিতসাধন ও পরস্পরকে সাহায্য করা, ইহারই উপরে সমাজকে

গড়িয়া তুলিবার চেষ্টা করা হইয়াছিল এবং বর্ত্তমান কালে পরস্পর প্রতিযোগিতা-মূলক সমাজ-ব্যবস্থার যে সকল বিপদ্ উপস্থিত হইয়াছে, তাহার প্রতিকারের উদ্দেশ্যেও ঐভাবে প্রাচীন জাতি-বিভাগের কল্পনা করা হইয়াছিল। ইহা ধনের প্রাধান্ত স্বাকার করে নাই; জ্ঞানের প্রাধান্ত ধরিয়াই গুবস্থা করা হইয়াছিল। দেখা যায় যে, প্রাচীনেরা বিচারে ভুল করেন নাই।

চারি প্রকার আশ্রম-বিভাগের মধ্যে, সন্ন্যাসই চতুর্থ আশ্রম। গার্হস্থানিব ত্যাগের উপদেশ এই আশ্রমের পক্ষে বিহিত হইয়াছে। "গৃহস্থাখন দেখিবে যে তাহার দেহ পলিত হইয়াছে এবং কর্ম্মে অশক্তি প্রকাশ শাইতেছে, তখনই এই আশ্রমে প্রবেশের বিধান আছে।" কিন্তু স্বার্থচ্যাগই প্রকৃত সন্ন্যাস; ইহা ত গৃহস্থের পক্ষেও সম্ভব। ইহা মনে করা অন্যায়
হইবে যে, সন্ন্যাস-আশ্রমভুক্ত না হইলে, গীতার মতে, মুক্তিলাভ অসম্ভব।

গীতা যে প্রকারে কর্ম্ম করিবার বিধান দিয়াছেন, জ্ঞান-লাভেই উহার রম পারণতি। সহস্কার ও অভিমান বিনষ্ট হইয়া যায় এবং আত্ম-বোধ দাগরিত ও প্রোক্ষল হইয়া উঠে। এই অবস্থায় পরমেশ্বরে ঐকান্তিকী চক্তি জন্মিয়া থাকে। তবেই দেখা যাইতেছে যে, কর্ম্ম-মার্গ আমাদিগকে এমন একটা অবস্থায় লইয়া যায়, যেখানে, ভাব, প্রজ্ঞা ও কর্ম্ম-সংকল্প এই তনটীই উপস্থিত আছে।

আমরা যে বিবরণ প্রদান করিলাম, তাহা হইতে স্থাপ্ট বুঝা যাইবে য়, কর্ম্ম-নিষ্ঠা দ্বারা মুক্তিলাভ ঘটিয়া থাকে। কিন্তু পূর্ববমীমাংসা কর্ম্মের য তাৎপর্য্য বলিয়াছেন, সে অর্থে কর্ম্মকে গ্রহণ করিলে চলিবে না। বদিক যজ্ঞানুষ্ঠান মুক্তি দিতে পারে না। উহা উপায় মাত্র; উহা চিন্তুকে জানালোক-পাতের উপযুক্ত করে, কিন্তু ঈশরোদ্দেশে যদি কর্ম্মের অমুষ্ঠান চরা যায়, এবং উহা যদি নিক্ষাম হয়, তাহা হইলে ইহাও, অন্যান্ম সাধন-শ্রণালীর ন্যায়, ফল-প্রসূত্ হইয়া থাকে। স্থতরাং কর্ম্মকে জ্ঞানের অঙ্গাভূত চরিবার কোন আবশ্যকতা দেখা যায় না, যেমন শঙ্কর মত প্রকাশ করিয়াছেন; থেবা ইহাকে ভক্তিরও অঙ্গরূপে বিবেচনা করিবার প্রয়োজন নাই,— যমন রামানুজ বলিয়া দিয়াছেন। এই ছই আচার্য্য, স্ব স্থ মত সংস্থাপনের থকান্থ আগ্রহে, এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়া গিয়াছেন যে, "ভগবান্

যে গীতায় কর্ম্মযোগকে শ্রেষ্ঠতর বলিয়া কীর্ত্তন করিয়াছেন, তাহার উদ্দেশ্য কেবল অর্চ্ছনকে কর্ম্মে প্রবৃত্ত করান এবং তাহার চিত্তামুবর্ত্তন।" কিন্তু হৃদয়-মধ্যে এইরূপ একটা আত্মবঞ্চনা বা মিথ্যা পুষিয়া রাখিয়া অর্জ্জনকে কর্মা করিবার জন্ম নিযুক্ত করা হইয়াছিল, এরূপ অনুমান করা অসকত। আবার, অর্জ্জন অজ্ঞ, তাঁহার চিত্ত-বিশুদ্ধির নিমিত্ত কর্ম্মোপদেশের আবশ্যক হইয়াছিল, একথাও মনে করা যায় না। ইহাও আমরা বলিতে পারিব না যে, শ্রীকৃষ্ণ, জনক ও অপরাপর মহাপুরুষদিগের জ্ঞানের অল্পতা ছিল বলিয়াই ইহারা কর্ম্ম করিতেন। এরূপ মনে করিবারও আবশাকতা দেখা যায় না যে, জ্ঞান-লাভ হইলেই আর কর্ম্ম আচরণ-করার সম্ভাবনা চলিয়া যায়। জনক স্বয়ং বলিয়াছিলেন যে, জ্ঞানের উদয়ে যখন স্বার্থপরতা---কামনা—দূর হইয়া যায়, তখন কৰ্ম্মাচরণে নিযুক্ত হইবে, ইহাই প্রাচীন উপদেশ। এমন কি, স্বয়ং শঙ্করাচার্য্যও ব্যবস্থা দিয়াছেন যে,—জ্ঞানোৎপত্তির পরেও. অন্ততঃ দেহ-ধারণার্থ ভিক্ষাটনাদি কর্ম্ম করিতেই হয়। যদি কর্ম্মবিশেষ কর্ত্তব্য বলিয়া ব্যবস্থা দেওয়াই যায়, তবে ত মুক্ত পুরুষদিগের কর্ম্মে অধিকার রহিয়াই যাইতেছে। যদি বলা যায় যে কর্দ্ম করিতে থাকিলে, কি জানি যদি কর্ম্ম বন্ধনের হেতু হইয়া পড়ে, এইরূপ আশস্কায় কর্ম পরিহারই উচিত। আমর। ইহার উত্তরে বলিতে পারি যে. পুনর্বন্ধনের আশঙ্কাই যদি থাকে তবে ত বুঝিতে হইবে যে, উত্তমরূপে ইন্দ্রিয়-সংযম অভ্যস্ত इस नारे। ञुन् अरयभीत भएक, वस्तानत आनका त्काथाय ? यनि वला যায় যে. ব্রহ্ম যেমন জগৎ হইতে স্বতন্ত্র, আত্মাও ত দেহাদি অপেক্ষা স্বতন্ত্র বস্তু: কিন্তু এ মতেও, দেহের পক্ষে কর্ম্ম সম্পাদনে বাধা কৈ ? (অঃ ৪।২১ : ৫।১২)। বাস্তবিক পক্ষে গীতার অভিপ্রায় এই যে.—ম**নু**য়্মের চিত্তে বাসনার বৈচিত্র্য সর্ববত্র দৃষ্ট হয়। কেহ বা কর্ম্ম-নিবৃত্তির পক্ষপাতী: আবার কেহ কেহ প্রবৃত্তিপ্রধান, কর্ম করিবার জন্মই সতত উদযোগী। স্তুতরাং আপন আপন স্বভাবামুসারে লোকে ক্রিয়া করিয়া থাকে। *

পরিশেষে, মুক্তি-বিষয়ে গীতার কি প্রকার অভিমত, সেইটী দেখান এ স্থলে আবশ্যক। মামুষের অন্তরে যে সংকল্প-শক্তি (Will) আছে,

মহাভারত, শান্তিপর্বা, ৩৩৯-৩৪•। গীতা, ২।১• শব্দর-ভাষ্য, Intro.

ভাহার চালক কে ? লোকে সংকল্প বা ইচ্ছা করিয়াই কর্ম্ম করিয়া থাকে। কর্ম্মের পরিচালনা করে সংকল্প: কিন্তু সংকল্পের পরিচালক কে 📍 মাসুষের অতীত স্বভাব, উহার কুলক্রমাগত সংস্কার, উহার শিক্ষা এবং উহার পারিপার্শ্বিক অবস্থা—এই সকল মিলিত হইয়াই মানুষের সংকল্পকে পরিচালিত করে। কেনুনা, এই সকলেই ত উহার সংকল্প বা ইচ্ছাশক্তিকে গড়িয়া তলিয়াছে। তবেই বলা যাইতে পারে যে, সমস্ত জগৎটাই যেন মানুষের স্বভাবের মধ্যে কেন্দ্রীভূত হইয়া রহিয়াছে। মানুষের উপরে এই যে স্বভাবের প্রভাব, ইহাকে সাক্ষাৎ সম্বন্ধে ভগবানের বিধান বলা যায় না। "সকলেই আপন আপন স্বভাবের অনুসরণ করিয়া থাকে (অর্থাৎ যাহার যেমন স্বভাব বা প্রকৃতি গড়িয়া উঠিয়াছে, সে তদমুসারেই ক্রিয়া করিয়া থাকে), নিগ্রহ কি করিবে ? (শাসনের ঘারা বলপূর্ববক অন্য প্রকারে কাজ করাইবে কি প্রকারে १)। (অঃ ৩।৩০)।" "মানুষের নিজের চেটা বিফল, কেন না, পরমেশ্বর জীবের হৃদ্দেশে থাকিয়া, সকলকে যন্তারচের মত ঘুরাইতেছেন।" কিন্তু নিজ স্বভাবই যদি মানুষের ইচ্ছাশক্তির একমাত্র চালক হয়, তবে ত মানুষের স্বাধীনতা থাকে না। বৌদ্ধগণ বলিয়া থাকেন যে, স্বতন্ত্র আত্মা কোথায় ? কর্ম্ম-প্রবৃত্তিই ত মানুষকে চালায়। কিন্তু এই যে স্বভাব-চালিত ইচ্ছা-শক্তি, ইহার উপরেও, স্বতন্ত্র একটা আত্মা আছে,—গীতা এ কথা মানিয়া লইয়াছেন।

আত্মার সর্বব-শেষ অবস্থা সম্বন্ধে যে মন্তই পোষিত হউক না কেন, একথা স্বীকার করিতেই হইবে যে, আত্মা যখন প্রকৃতির বন্ধন হইতে বিমৃক্ত হয়, তখন প্রকৃতি হইতে স্বতন্ত্র স্বাধীন সতা উহার আছে। গীতা, আত্মার এই স্বাধীনতায় বিশ্বাস করেন। শ্রীকৃষ্ণ, মনুষ্য-জীবনের সমস্ত দার্শনিক-তত্ত্ব ব্যাখ্যা করার পর, পরিশেষে অর্চ্জুনকে বলিলেন—"যদিচ্ছসি তথা কুরু,"—তোমার যেরূপ ইচ্ছা হয়, সেইরূপ কর্মা কর। মানবাত্মার উপরে প্রকৃতির বা স্বভাবের সর্ববময় প্রভুত্ব খাটে না। প্রকৃতির আদেশ মানিয়া চলিতে আমরা বাধ্য নহি; প্রকৃতি আত্মাকে বাধ্য করিতে পারে না। রাগ-দেবের বশীভূত হইয়া কার্য্য করিতে গীতায় নিষেধ করা হইয়াছে; কেন না, উহারা আত্মার প্রতিকৃল, আত্মার শক্র। আমাদের স্বভাবকে

ভাগ করিয়া দেখান হইয়াছে,—যে ভাগের উপরে আমাদের কোন কর্তৃত্ব খাটে না, যাহাকে আমরা বশে আনিতে পারি না: কিন্তু উহার যে সকল ভ্রান্তিও মালিশু, সেগুলি হইতে বিমৃক্ত হওয়া যায়। যে সকল লোক প্রকৃতির প্রবাহের উপরে উঠিবার কোন চেফাই করে না. তাহারা ত সেই প্রবাহের নীচে পড়িয়া 'হাবুড়বু খাইবেই'। কিন্তু যে সকল মানুষের বদ্ধি তীক্ষ্ণ, জ্ঞান প্রবল: তাহারা প্রকৃতির গতি বা প্রবাহকে নিরুদ্ধ করিয়া রাখিতে পারে। তাহারা সমস্ত ক্রিয়াকে আত্মিক ইচ্ছার নিকটে অর্পণ করে। ইহারা কখনই বিনা বিচারে প্রাকৃতিক জীবন—পশুর জীবন—যাপন করে না। "সে কে, যে মানুষকে তাহার ইচ্ছার বিরুদ্ধে, অবশ-ভাবে, জোর করিয়া পাপ-পথে লইয়া যায় ?" গীতা এই প্রশ্নের উত্তরে বলিয়াছেন---"ইহা সেই তরস্ত কাম---বিষয়-বাসনা---যাহা মাসুষ্কে পাপে লইয়া যায়: ইহা আত্মার শত্রু।" বাসনাকে দমন করা, প্রবৃত্তিকে শাসনে রাখা, মামুষের পক্ষে সম্ভব। শঙ্কর বলিয়া দিয়াছেন—"শকাদি বিষয়বর্গের মধ্যে যেটী প্রীতিকর তাহার জন্ম অনুরাগ, এবং যেটী অপ্রীতিকর, তাহার প্রতি বিদ্বেষ উপস্থিত হয়। তবে কি পুরুষকারের— পৌক্ষেয়-প্রযুত্তর—কোন স্থল নাই ? আছে, স্থল আছে। আমি তোমায় তাহার কথা বলিতেছি। মানুষকে আত্ম-প্রয়ত্নে এই রাগ-দ্বেষকে জয় করিতে হইবে, ইহাদের প্রভাবের উপরে উঠিতে হইবে: ইহাদিগের বশে আসিলে চলিবে না।" গীতা কর্ম্মের বিশ্লেষণ করিয়া দেখাইয়াছেন যে. দৈব বা অদুষ্ট, কর্ম্মের পাঁচটা হেতুর মধ্যে একটা হেতু মাত্র (condition)। যে কর্দ্মই করা যাউক না কেন, পাঁচটী উহার হেতু। ইহারা না হইলে কর্দ্ম করাই সম্ভব হয় না। ইহাদিগকে কর্ম্মের 'অধিষ্ঠান' বা কেন্দ্র-স্থান বলা যায়। কর্ম্মের যিনি কর্তা: কর্ম্মের করণ বা ইন্দ্রিয়: কর্ম্মের চেষ্টা বা যত্ন: এবং দৈব। এই শেষোক্ত হেতুটী, অর্থাৎ বাহাকে 'দৈব' বলা হইয়াছে, উহা মনুষ্য হইতে ভিন্ন শক্তি: ইহা অদৃশ্যভাবে থাকিয়া কর্ম্মের পরিবর্ত্তন-সাধন করে ্রবং কর্ম্ম-ফলের নিয়ন্ত্রণ করিয়া দেয়; ইহা প্রাকৃতিক শক্তি, ইহাই স্বভাব।

মুক্তি

জ্ঞান, প্রেম বা সেবা—্যে প্রণালীরই অনুসরণ করি না কেন, উদ্দেশ্য একই; ভগবৎপ্রাপ্তি সকলেরই চরম ফল। চিত্ত বিশুদ্ধ হইলে, অহং-বোধ ও মমত্বাভিমানের নাশ হইলে, জীব পরমাত্মার সহিত এক হইয়া যায়। লোক-সেবায় যদি আরম্ভ হয়, তবে পরিশেষে আমরা পরমাত্মিকা লাভ করিতে পারিব। এই ঐক্য, কেবল কর্ম্মে ও জ্ঞানে নহে; কিন্তু জীবনে ও সন্তায় একতা জন্মিবে। প্রেম, ভক্তির নিবিড়ানন্দে পরিণত হয়, যে আনন্দে জীবে ও ঈশ্বরে মিলন হইয়া যায়। যে মার্গ অবলম্বন করিয়াই যাত্রা আরম্ভ করা হউক, অবসানে জ্ঞানে, ব্যবহারে ও জীবনে পরমেশ্বরামুভূতি আমাদিগকে সর্ববতোভাবে অধিকার করিবে;—ভাগবতজীবন যাপনই চরম লাভ হইয়া উঠিবে। ধর্ম্মজীবনের ইহাই পরিপক্ষ অবস্থা; ইহাকে আধ্যাত্মিক জীবন বা জ্ঞান-নিষ্ঠা নামে অভিহিত করা যায়।

জ্ঞান শব্দটী ছুই অর্থে ব্যবহৃত হয়; সাধন হিসাবে ও চরম ফল হিসাবে। যে জ্ঞাননিষ্ঠাদ্বারা ব্রহ্মলাভ হয় তাহাও জ্ঞান; আবার ব্রহ্মের যে সাক্ষাৎ অমুভব—তাহাকেও জ্ঞান বলা হয়। শব্দর যথার্থই বলিয়াছেন যে,— সেবা, ভক্তি বা জ্ঞান ইহারাই ব্রহ্ম-সাক্ষাৎকার নহে; সেবা, ভক্তি ও জ্ঞাননিষ্ঠা এই তিনটীকে ব্রহ্মজ্ঞানের সাধন বলা যায়। আত্মলাভের নিমিন্তই জিন্ন জিন্ন মার্গের ব্যবহা। যে পথগুলি আমাদিগকে ব্রহ্মতত্বে পৌছাইয়া দেয়, সেই পথগুলির কার্য্যকারিতা নির্দ্ধারণ করিতে গিয়া গীতাকার যে সর্বব্রহ্ম সক্ষতি বা সামঞ্জত্ম রাখিতে পারিয়াছেন, ইহা বোধ হয় না। "আমাকে জানিতে চেন্টা কর; যদি তাহাতে অশক্ত হও, যোগাভ্যাস কর। যদি তাহাতে সামর্থ্য না থাকে, সর্ববন্ধ্য-ফল আমাতে সমর্পণ করিয়া ক্রিয়া কর। ইহাতেও যদি কন্টবোধ কর, ফলের প্রতি দৃক্পাত না করিয়া ত্রেমার কর্ত্তব্য করিয়া যাও।" আবার, "অভ্যাস অপেক্ষা জ্ঞানই শ্রেষ্ঠ; জ্ঞান হইতে ধ্যানই শ্রেষ্ঠ; ধ্যান অপেক্ষাও কর্ম্মের ফলত্যাগই শ্রেষ্ঠ; ফলত্যাগেই শান্তি লাভ

করিতে পারা যায়।" আবার, কোন কোন ছলে এরপও দেখা যায় যে, একটা অপেক্ষা অপরটা শ্রেষ্ঠ উপায় বলিয়া কীর্ত্তিত হইয়াছে (অঃ ৬।৪৬; ৭।১৬; ১২।১ দ্রুষ্টব্য)। বোধ হয় গীতাকারের এ সম্বন্ধে এই অভিপ্রায় ছিল যে, সাধন-প্রণালী যে কোন একটা গ্রহণ করিলেই হইল; সাধকের রুচি অমুসারে সাধন অবলম্বিত হইবে। কেহ ধ্যান দ্বারা, কেহ বা সাংখ্যাক্ত যোগাবলম্বনে, আর কেহ বা কর্ম্ম দ্বারা; অপরে উপাসনা দ্বারা—মুক্তা অতিক্রম করিয়া থাকে।

মুক্তি-লাভই চরম ফল। জ্ঞান শব্দটী সাধন ও ফল উভয় অর্থেই ব্যবহৃত হইয়াছে, একথা আমরা পূর্বের বিলয়াছি। এই গোলবোগে পড়িয়া অনেকে মনে করেন, অপর মার্গ অপেক্ষা জ্ঞান-মার্গ ই সর্বশ্রেষ্ঠ পথ, এবং অবসানে রস বা ভাব ও সংকল্প-ভক্তি ও ক্রিয়া—উভয়ই চলিয়া গিয়া, এক জ্ঞানই চরমে অবশিষ্ট থাকিয়া যায়। কিন্তু এ প্রকার মত গ্রহণ করিবার পক্ষে কোন শ্রায়সঙ্গত হেতু নাই।

পরমাত্মার সহিত একত্ব-প্রাপ্তিই—মৃক্তি। এই মৃক্তি নানা নামে পরিচিত; — মোক্ষ বা বন্ধন-চ্যুতি; ব্রাক্ষীন্থিতি; নৈকর্মা; নিস্তৈগুণা; কৈবল্য; ব্রহ্ম-ভাব; — প্রভৃতি। চরম অনুভবে (প্রকৃত জ্ঞান জন্মিলে), সকলের দক্ষেই সম-বৃদ্ধি উৎপন্ন হয়। "পরমাত্মা সকল ভূতে অবস্থান করেন, এবং সকল ভূত পরমাত্মায় অবস্থান করে।" পুণ্যফল অপেক্ষাণ্ড মৃক্তি ক্সের বস্তু গ্রামাত্মার অনুষ্ঠান, যজ্ঞ, দান, তপস্থা—এ সকল হুইতে মৃক্তি সর্বব শ্রোষ্ঠ।

চরম-অবস্থায় কর্ম্মের স্থান কোথায়, তৎসম্বন্ধে মত-ভেদের উল্লেখ আমরা পুর্বেই করিয়া আসিয়াছি। মৃক্তিতে জাবের জীবন্ধ (ব্যক্তিত্ব) থাকিবে কিনা, এ বিষয়ে গীতায় স্মুস্পাই সিদ্ধান্ত দেখা যায় না। চরমাবস্থাকে—সিদ্ধি, পরাস্দিদ্ধি, "পরাং গতিম্", "অনাময় পদ", "শান্তি", "অব্যয়, শাশত পদ" প্রভৃতি নানা সংজ্ঞায় অভিহিত করা হইয়াছে। এসকল উক্তিতে কোন বৈশিষ্ট দেখা যায় না। ইহা হইতে, জীবন্ধ থাকিবে কি না, তাহার কোন নির্দ্ধারণ যায় না। এমন শ্লোক আছে যদ্ধারা বুঝা যায়, মৃক্ত পুরুষের পক্ষে সাংসারিক বিষয়ের জন্ম মাথা ঘামানর আবশ্যক থাকে না। তাঁহার ষধন

ব্যক্তিত্বই থাকিল না, তখন কাহার আশ্রেয়ে কর্ম্ম থাকিবে ? বৈতের বিনাশে. কর্ম্মেরও সম্ভাবনা বিনষ্ট হইয়া যায়। মৃক্ত পুরুষের কোন গুণাদিও থাকে না। সে "আত্ম-ভাবকে প্রাপ্ত হয়:" আত্মা হইয়া যায়: প্রমাত্মার সহিত তাহার ঐক্য স্থাপিত হয়। পরমাত্মা যদি প্রকৃতির সর্বববিধ বিকারের অতীত হন এবং প্রকৃতিই যদি সর্ববপ্রকার ক্রিয়ার জননী হন ; তাহা হইলে মুক্তিতে অহংকার, সংকল্প, ইচ্ছা প্রভৃতি কিছুই ত আত্মার থাকে না। ইহা প্রাকৃতিক বিকার ও গুণের অতীত অবস্থা ; নিষ্ক্রিয় স্বতন্ত্র শাস্ত ভাব। পরে আত্মার অবস্থান-মাত্র নহে: কিন্তু ইহা এমন এক অবস্থা. বে অবস্থায় আত্মা অনুভব করে যে, সে এখন জন্ম-মৃত্যুকে অভিক্রেম করিয়াছে: সে এখন অনন্ত, নিত্য, অবিকৃত। শঙ্কর এই প্রকার কতকগুলি বাক্যের আশ্রয়ে, গীতোক্ত মুক্তিকে, সাংখ্যদিগের 'কৈবল্য' অবস্থার ন্যায়, বর্ণনা করিয়াছেন। জীর্ণছকের স্থায় এই দেহ যত দিন না পরিতাক্ত হইতেছে, ততদিন প্রাকৃতিক ক্রিয়ার বিরতি কোথায়? কিন্ত মক্তিতে নির্বিশেষ আত্মা দেহকে ও দেহের ধর্মকে পরিত্যাগ করে। একথা শঙ্করও স্বীকার করেন যে, যতক্ষণ দেহ আছে ততক্ষণ পর্য্যন্ত জীবের জীবন ও কর্ম্ম চলিতেই থাকিবে। প্রকৃতি, সর্ববিক্রিয়ার সাধন বা যন্ত্র। জীবমুক্ত পুরুষের যত দিন দেহ থাকিবে ততদিন সে, জগতের ব্যাপারে প্রতিক্রিয়া করিতে থাকিবেই: অবশ্য প্রাকৃতিক ক্রিয়ায় এখন আর সে, আবদ্ধ বা অভিভূত হইবে না। কিন্ত পরমাত্মার অনস্ত শক্তির নিয়মে, সমস্ত প্রকৃতিই যে অবিনশ্বর ধর্ম্মে পরিবর্ত্তিত হইয়া যাইবে এমন কোন আভাস কোথাও পাওয়া যায় না। আত্মা ও দেহ—জড এবং চেতন—এই দৈতের সমন্বয় সম্ভব হয় না: আত্মা তখনই বিমুক্ত হইয়া যায়, যখন দেহের সত্যতা-বোধ তিরোহিত হইয়া যায়। এ অবস্থায় ত্রন্ধে কোন ক্রিয়া সম্ভবে না; কেন না, সাগর-বন্ধে উৎপন্ন বুদ্বুদ্ যেমন সাগর-বক্ষেই মিলাইয়া যায়, সেইরূপ, অনস্ত ত্রহ্ম-সাগ্যে উৎপন্ন—চঞ্চল, অস্থির, আগন্তুক, জাবত্ব-বুদ্বুদ্ও তখন বিলান হইয়া গিয়াছে। যে দৃষ্টিতে জীব এতদিন জগৎ দেখিত, সে দৃষ্টির সম্পূর্ণ উচ্ছেদ হইয়া গিয়াছে। শক্ষর বলিয়াছেন যে, জীবের দৃষ্টি আত্মার প্রকৃত পরিচয় দেয় না। এই জন্মই শঙ্করের ব্যাখ্যায়, গীতার যে সকল শ্লোকে আত্মার

বহুত্বের প্রতিপাদক বর্ণনা আছে, তাহা আত্মার প্রকৃত চরম স্বরূপ নহে; উহা আপেক্ষিক।

গীতায় এমন শ্লোকও দেখা যায়, যাহাতে মনে হয় যে, মুক্ত পুরুষেও কর্ম্মের সম্ভাবনা আছে। তত্ত্বদর্শী পুরুষেরা ভগবানের আদর্শে জগতে কর্ম্ম করিয়া থাকেন (অঃ ৪।১৫)। মুক্তিতে জীবত্বের একাস্ত উচ্ছেদ বা বিলয় পরমেশ্বরের অংশরূপে তথনও জীবের ব্যক্তিত্ব রহিয়া যায়। মুক্ত পুরুষ তথন পুরুষোত্তমের মধ্যে বাস করেন, এবং "সম্ভাবকে" (পরমেশ্বরের ভাবকে) প্রাপ্ত হন। অতএব দেখা যাইতেছে, মুক্তিতে জীব আপনার সত্তাকে হারায় না :—"আমার ভক্তেরা আমাতেই আসিয়া থাকেন।'' বোধ করি, গীতাকার স্বয়ং মনে করিতেন যে, মুক্তিতে জীবের নিজের একটা অস্তিত্বের বোধ রহিয়াই যায়। বাস্তবিক বলিতে কি, গীতার কোন কোন শ্লোকে দেখা যায়, মুক্ত আত্মাগুলি একেবারে স্বয়ং ঈশ্বর হইয়া যায় না, তাহারা স্বরূপে প্রমান্মার তুল্য হয়। ইহা একান্ত (সংখ্যা-গত) ঐক্য নহে; ইহা সাদৃশ্য-গত একত্ব। ইহা জীবের পরমাত্মার স্থায় সত্তা এবং ক্ষুদ্র বিষয়-কামনা আর তখন উহাকে পরিচালিত করিতে সমর্থ হয় না। সে অবস্থায় মুক্তের সন্তার বিনাশ হয় না; বরং সতার পূর্ণবিকাশ হয়; পাপ-মালিভ মুছিয়া যায়; সংশয়ের গ্রন্থি ছিল্ল হইয়া পড়ে: তখন সে, জগতের সকল প্রাণীর কল্যাণার্থ কর্ম্মে প্রবৃত্ত হয়। তখন যে আমরা সর্ববঞ্চণ-বর্জ্জিত হইয়া পড়ি, তাহা নহে: বরং তখন সত্ত্ব-গুণের চরমোৎকর্ষ সাধিত হয় এবং রজোগুণের বিলয় ঘটে। রামানুজ এইরূপ অভিমতই প্রকাশ করিয়াছেন, এবং বলিয়াছেন যে মৃক্তপুরুষ পরমেশ্বরে "নিত্যযুক্ত" থাকেন এবং তাহার সমগ্র জীবনে এই ভাবটা পরিব্যক্ত হইতে থাকে। সে, ভগবদ-জ্ঞানালোকে বাস করিতে থাকে এবং ভগবৎ-প্রেম তাহাকে একেবারে প্লাবিত করে। এ অবস্থায় প্রকৃতি, চৈতন্ত-সত্তা দ্বারা পূর্ণ হইয়া উঠে; স্কুতরাং মুক্ত পুরুষকে প্রকৃতিবিচ্যুতও বলা যায় না। তখন আমরা ভগবানের মধ্যে বাস করি ও ক্রিয়া করি, কেবল ক্রিয়ার মূল উৎস তখন জীবাত্মা হইতে পরমাত্মায় অপস্তত হয়। এক পরমেশ্বরের মহতী শক্তি, সমগ্র বিশ্বে নানা পদার্থে নানা আকারে পরিস্পন্দিত হইতেছে

বিলয়া তথন অনুস্তৃত হইতে থাকে। প্রত্যেক জীবের কেন্দ্র ও পরিধি উভয়ই পরমেশ্বরে অবস্থিত;—আত্মার অন্তরে ও বাহিরে এক পরমেশ্বরই অবস্থান করিতেছেন। রামানুজের এই মতে, চরম মুক্তাবস্থাতেও জীবের জীবত্বের—আত্মসন্তার—বিনাশ হয় না। ভগবৎ-প্রেমের মধ্যে সে তথন ডুবিয়া যায় ও আপনাকে যেন তাহাতেই হারাইয়া ফেলে।

তবেই এখন বুঝা যাইতেছে যে, জীবের চরমাবস্থা সম্বন্ধে, পরস্পর বিরোধী তুইটী মতই গীতায় পরিদৃষ্ট হয়। এক মতে, নির্বিশেষ, সংসারাতীত পরমাত্মার মধ্যে জীবের একান্ত লয় এবং সংসারাবর্ত্তের উপরে উঠিয়া শান্তি লাভ। অপর মতে, তুঃধ, তুর্গতি, ও ক্ষুদ্র কামনার উর্দ্ধে উঠিয়া আমরা ভগবানে মধুর-রসাস্বাদনে নিমগ্ন থাকি।

গীতা একখানি ধর্ম্ম-গ্রন্থ, তাই ইহাতে পরম-পুরুষ পরমেশ্বরকেই চরম তত্তরপে স্বীকার করিয়া লইয়া, অন্তরাত্মার প্রজ্ঞা ও প্রেম, শক্তি ও ঐশর্য্যের পূর্ণ অভিব্যক্তি ও চরম পরিপুষ্টিকেই ভগবৎ-প্রাপ্তির লক্ষণ বলিয়া কথিত হইয়াছে। গীতার এই মত যে উপনিষদের মতের বিরুদ্ধ, তাহা নহে। বিবাদের বিষয় স্বধু এইটুকু যে—চরম তত্ত্ব কোন্টী ? ইহা কি নিগুণ, নির্বিশেষ, সর্ব-সম্বন্ধ-বিহীন ব্রহ্ম: না, সগুণ, সর্ববান্তর্ভাবক, পুরুষোত্তম ? আমরা পূর্বেবই দেখাইয়া আদিয়াছি যে, গীতা যে নির্বিশেষ ব্রহ্মবস্তুকে চরম-তত্ত্ব বলিয়া অস্বীকার করিয়াছেন, তাহা নহে; কিন্তু আমাদের দৃষ্টিতে, যিনি নিগুণি তিনিই অন্তর্যামী আদি-পুরুষরূপে আপনাকে অভিব্যক্ত করিয়াছেন। মনুষ্টের এই সীমাবদ্ধ জ্ঞানে, ব্রহ্মবস্তুকে বুঝিবার অপর কোন উপায় নাই। এই হিসাবে আমর। বলিতে পারি যে. গীতায় মুক্তাত্মার অবস্থান সম্বন্ধে এই যে মত-বৈধ দৃষ্ট হয়, ইহা একই সত্যের তুইটা বিভিন্ন দিক্। যথন আমরা ব্যবহারিক দৃষ্টিতে, বুদ্ধির সাহায্যে, মুক্তাত্মাকে গ্রহণ করি তথন একরূপ প্রতীত হয়: আবার উহাই বৃদ্ধির উদ্ধ-ভূমিতে উঠিয়া, পারমার্থিক দৃষ্টির দিক্ দিয়া দেখিতে গেলে,—অক্স প্রকারে প্রতীয়মান হয়। সংসার-বন্ধ জীবের দৃষ্টিতে, সংসারাতীত ব্রহ্মকে সর্ববক্রিয়া ও সর্ববগুণ বর্জ্জিত বলিয়াই মনে হইবে এবং এ অবস্থায় কোন ক্রিয়াই তাঁহাতে সম্ভব হয় না (যদিও সেটা প্রকৃত কথা নহে)। আবার উহাকেই বিধি-মুখে (Positive) অর্থাৎ সর্ববগুণবিশিষ্টরূপে বর্ণনা করিতে হইলে, রামানুজের অবলম্বিত বিবরণই প্রকৃত তত্ব বলিয়া মনে হইবে। আপৌরুষেয় নিগুণ ব্রহ্ম এবং সগুণ পুরুষ উভয়ই প্রকৃত পক্ষে একই তত্ত্ব,—ইহা বুঝাইতে গিয়া, গীতা নিগুণিকে সগুণের সহিত সংযুক্ত করিয়াছেন। কিন্তু কিরূপে এই সংযোগ হয়, তাহা মনুয়ের বোধাতীত। ঠিক এই ভাবেই, মুক্ত পুরুষের কোন 'ব্যক্তিত্ব' নাই, তিনি সংসার-ধর্ম-শৃষ্ম,—ইহাও বলা যায়; আবার, নিজেই নিজেকে সীমাবদ্ধ—উপাধি-প্রস্তে—করিলেই, তাহারই ব্যক্তিত্ব (Individuality) বা জীবত্ব-ধর্ম্ম সমুদিত হয়। এই প্রকারে গীতায় কালাতীত নিজ্জিয় পরমাত্মাকে, সতত্ত-চঞ্চল প্রাকৃতিক শক্তির সঙ্গে সময়য় করা হইয়ছে।

মৃত্যুর পরে, মুক্ত পুরুষের অবস্থা যাহাই হউক না কেন, যতদিন দে এই সংসার-ক্ষেত্রে বিচরণ করে, ততদিন উহাকে (উহার দেহ আছে বলিয়া) কোন না কোন ক্রিয়ায়—কর্মানুষ্ঠানে—ব্যাপত থাকিতেই হইবে। শঙ্করাচার্য্য, জীবন্মুক্ত পুরুষের এই ক্রিয়ায়, প্রকৃতিরই একপ্রকার ক্রিয়া চলিতেছে বলেন: রামান্মজাচার্য্যের মতে, এ ক্রিয়া পরমপ্রক্ষারেই ক্রিয়া। এই প্রকারে কর্ম্মের 'অপৌরুষেয়ত্বের' (Impersonality of action) ত্রই প্রকার ব্যাখ্যা দৃষ্ট হয়। এক মতে, কর্ম্ম জীব-কৃত নহে, প্রকৃতি-কৃত: অপর মতেও, উহা জীব-কৃত নহে, উহা ভগবৎ-কৃত। তবেই, উভয় মতেই, কর্ম্ম 'অপৌক্ষযেয়ই' হইল। তৎকালে মুক্ত জীব যে ক্রিয়া করিতে থাকে. উহা স্বেচ্ছাপ্রণোদিত: বাহ্যপ্রকৃতির প্রেরণা উহাতে নাই। উ^{*}হার কার্যো. অবিশ্বাস বা সংশয়জনিত কোন নৈরাশ্য ও নিরুগুমতা থাকিতে পারে না। উহার বদন-মণ্ডল সদা প্রফুল্ল: উহার অন্তরে যে আধ্যাত্মিক জ্যোতিঃ রহিয়াছে, তাহা উহার প্রদীপ্ত মুখমগুল ও নিরুদ্বিগ্ন কণ্ঠস্বরেই প্রকাশ পাইতে থাকে। কামনার বেগ বা এই 'মাংস-মেদের' প্রভাব **উ**হার উপরে নাই। সম্পদে প্রফুল্লতা বা বিপদে অবসন্মতা তাঁহাকে অধিকার করিতে পারে না। ক্রোধ, ভয় ও উদ্বেগ তাঁহার সম্পূর্ণ অপরিচিত বস্তু। ইহার চিত্ত সভত নিশ্চিত্ত থাকে, এবং বালকোচিত সারল্য ও মধুরতা পরিদৃষ্ট হয়।

মুক্ত পুরুষ, পাপ-পুণ্যের অতীত হইয়া যান। পূর্ণতা প্রাপ্তিতে, পুণ্যও অতিক্রান্ত হইয়া যায়। তখন তাঁহার আধ্যাত্মিক জীবন, জ্ঞানের প্রকাশে, শক্তি ও সামর্থোর গৌরবে বিমণ্ডিত হইয়া উঠে। কদাচিৎ কোন কর্ম্ম-বৈগুণ্য উপস্থিত হইলেও সাধারণ অজ্ঞ লোকের মত, তাঁহাকে সেই অধর্ম-কর্ম্ম-নিবন্ধন এই মর-লোকে পুনর্জন্ম গ্রহণ করিয়া সেই পাপক্ষয় করিতে হয় না। তিনি সর্ববিধ 'নিয়ম-কামুনের' অগীত হইয়া যান। তাঁহাকে আর সামাজিক শাসন মানিয়া চলিতে হয় না, সমাজের বিধি-নিষেধের বশবর্তী হইয়া চলিতে হয় না। কিন্তু জার্মান দার্শনিক শ্রীমান নিস্জে কথিত 'অতি-মানবের' আদর্শে যদি জীবমুক্ত পুরুষ আত্ম-জীবন যাপন করিতে প্রবৃত্ত হন, সে বড় বিপদের কথা হইয়া উঠিবে; কেন না, সে সকল অতিমানৰ পুরুষের—সমাজস্থ দুর্ববল ও অযোগ্য ও রুগ্ন ও অঙ্গবিকল ব্যক্তিদিগের উপরে কোন সহানুভৃতি থাকে না :—ঐ সকলের বিনাশ সাধনই সমাজের কল্যাণকর, ইহাই তাঁহাদের অভিমত—যদিও তাদৃশ অতিমানবেরাও সমাজের শাসন ও নিয়ম-কামুনের অতীত। গীতোক্ত যাঁহারা মুক্তপুরুষ, তাঁহারা স্বয়ং কোন বিধি-নিষেধের বশবর্তী নহেন, ইহা সতা : কিন্তু তাঁহারা এ সকল সমাজ-বিধানের আবশ্যকতা ও উপযোগিতা মানিয়াই চলেন। এই সকল জীবন্মুক্ত পুরুষ নিজেরা যেমন নিরুদ্বেগে জীবন যাপন করেন, তাঁহারা অপর কাহারও উদ্বেশের হেতু হইয়া উঠেন না। জগতের হিত-সাধন, অপরের কল্যাণজনক কর্ম্মের অমুষ্ঠান, তাঁখাদের জীবনের একরূপ স্বপ্রণোদিত ও স্বতঃসিদ্ধ-ব্যাপার হইয়া উঠে। এই সকল মহাত্মা সকলের প্রতি সম-দৃষ্টি সম্পন্ন; ইহাদিগের আত্ম-পর, ধনি-দরিদ্র—এ প্রকার ইতর বিশেষ থাকে না। তাঁহাদের জীবন নিরস্তর কর্ম্মোভ্যমপূর্ণ এবং তাঁহাদের সতর্ক দৃষ্টি—যাহাতে সমাজের শাসন ও বিধি-নিষেধের প্রভাবে, ক্রমে, সমাজস্থ লোকদিগের জীবন আধ্যাত্মিকভাবে পূর্ণ গ প্রাপ্তির দিকে অগ্রসর হয়,—তজ্জন্ম নিরন্তর জাগরক থাকে। কিন্তু বিধি-নিষেধ মানিয়া চলাটাই যেন জীবনের মুখ্য উদ্দেশ্য হইয়া না উঠে। ভগবৎ-প্রেরণা অমুভব করিয়া, এই সকল মহাপুরুষ, স্ব স্ব নির্দ্দিষ্ট কর্ত্তব্য ৰুৰ্ম্ম ("নিত্যং কৰ্ম্ম") সম্পাদন করিয়া যান।

সমাজের অন্তর্ভ ক্রাকদিগের অমুষ্ঠেয় কর্ম সম্বন্ধে গীতায় পুনঃ পুনঃ উপদেশ প্রদত্ত হইয়াছে বটে, কিন্ত গীতায় একটা 'অত্যাশ্রমের' * কথাও বর্ণিত হইয়াছে। কোন একটা সমাজবিশেষের নির্দ্ধারিত কর্ত্তব্য-কর্মানুষ্ঠান করিতে পারিলেই যে মনুষ্য-জীবনের উদ্দেশ্য পরিসমাপ্ত হইল, গীতা এরূপ কথার আদর করেন না। মনুয্য-জাবন অনন্তের অভিমুখে ছটিয়া চলিয়াছে: জীবনের উৎকর্ষ-সাধনেরও কোন অন্ত নাই। 'অত্যাশ্রম'—এই তত্ত্বেরই পরিচায়ক। সন্মাসের প্রকৃত তাৎপর্য্য ও গুরুত্ব কোথায় ? সন্ন্যাস আমাদিগকে শিক্ষা দেয়—মানবাত্মাকে প্রকৃত-পক্ষে কোন नियमितिए। दर्गान नमाक विरम्पर, निरूक कविया वाथा याय ना। दर्गान বস্তুই আত্মাকে ধরিয়া রাখিতে পারে না; স্ত্রী বল, বন্ধু বল, সন্তান-সন্ততি বল, মানবাত্মা এক মুহুর্ত্তে সকল বন্ধন ছিঁড়িয়া ফেলিতে পারে। কোন বস্তুই স্বভঃসিদ্ধ, স্বাধীন, বলিয়া পরিগণিত হইতে পারে না। গীতোক্ত সন্ধ্যাস— সংসার পরিত্যাগের আদর্শ উপস্থিত করে নাই। সমাজের বন্ধন হইতে সন্ন্যাসী নিজেকে দুরে রাখিতে পারে: কিন্তু তথাপি সমাজস্থ সকলের জন্মই তাহার চিত্ত কারুণ্য-পূর্ণ। মহাদেব, সন্ন্যাসিগণের আদর্শ পুরুষ: তিনি হিমাদ্রির তুষার-দ্রব শিখরে সমুপবিষ্ট: কিন্তু তবুও সমাজ-রক্ষার জন্ম, মানবের ত্রাণ ও কল্যাণার্থ—অকুন্তিত চিত্তে বিষ পান করিয়াছেন।

সমাপ্ত॥ ওঁ তৎসৎ॥

^{*} Supra-Social State.

THE LALITAMADHAVA TRANSLATED INTO BENGALI VERSES

BY SVARUPA GOSWĀMĪ.

Edited by Manindra Mohan Bose, M.A.

Rūpa Goswāmī is the author of two Sanskrit dramas known as the Vidagdha-Mādhava and the Lalita-Mādhava. both of which have attained considerable popularity with the Vaisnavas of Bengal. Dr. D. C. Sen in his Mediæval Vaisnava Literature (p. 30) writes that these works may be considered as the "masterpieces of literary composition in Sanskrit in the 16th century. No writer in Sanskrit from the 15th century downwards has shown poetical power of such high order as Rūpa." Referring to the circumstances under which these two works were written. Dr. Sen states:-"It is while travelling to Puri that Rūpa conceived the idea of writing some dramas in Sanskrit. The plot of one was roughly drawn up. In this play he thought of commemorating the events of Kṛṣṇa's life in Vṛndāvana and Mathurā. preliminary verses were written on the way, and he contemplated a further development of the plot and characters. He came to a place named Satyabhāmāpura by boat. he dreamt that Satyabhāmā, the queen of Kṛṣṇa, appeared to him and ordered him not to embody the incidents of Vrndavana and Mathura in the same drama, but to deal with them separately. On reaching Puri he mentioned the plot of the drama, as he had conceived it, to the Master who said that the Kṛṣṇa of Vṛndāvana and the Kṛṣṇa of Mathurā were not at all alike. Rupa had already advanced considerably with the plot of his

drama; so he had to take considerable pains in recasting the original plan and in disintegrating it in two of its main features." We have references to this incident in the first few pages of the translation under review.

The Sanskrit verses only (but not the entire book with its prose portion) of the Vidagdha-Mādhava were rendered into Bengali verses by Yadunandana Dās, a poet of the 16th century A. D., and this work has already been printed, but no authentic translation of the Lalita-Mādhava has as yet been published. In the Calcutta University Manuscript Library there is a copy of the Lalita-Mādhava translated into Bengali verses by Svarūpa Goswāmī who puts himself as a scion of the family of Nityananda, one of the trio who preached the Vaisnava faith in a new garb in Bengal. One important feature of this translation is that the whole book (both the prose and the verse portions) has been rendered into Bengali verses, the composition of Svarupa being easy, flowing, and always faithful to the text, thus testifying to the great poetic merit of the author. The aim of the present article is to bring into public notice a work of such intrinsic merit which had hitherto remained unrecognised.

Date.—The date of composition cannot definitely be ascertained. At the end of the work we have simply "সাকে ছয়সটী সালে হইল সমাপ্ত। পৌষ মাস একাদশ দিবসে লিখিল।" which means that the copy was finished on the eleventh day of the month of Pauṣa in a certain—66 B.S. The digits of the thousandth and the hundredth places are not mentioned either in figures or in words.

Author.—The author of the work is Svarūpa Goswāmī who was eighth in descent from Nityānanda, the celebrated Vaiṣṇava saint who was a companion of Caitanya. Nityānanda died in 1542 A. D., so counting 200 years in eight generations we may assume that Svarūpa was living at about 1742 A. D., roughly speaking at about the time of the battle

of Plassey. He was probably a contemporary of Rājā Kṛṣṇa Chandra of Nadīyā, and of the poet Bhārata Chandra who flourished in the court of that king.

The poet has given an account of the circumstances under which the book was written, and a genealogy of his forefathers:—

এই অবধি ললিত মাধ্ব কথা কহয়। স্বরূপ চরণ প্রেম কদম্ব রচয়। শ্রীললিতমাধব নাটক করিল লক্ষণ। স্বরূপ গোসামী হৈতে হৈলা প্রকটন ॥ সংস্কৃত গম্ভ পছা নাট্য ভাষা তায়। অনায়াসে সর্বব ভাষা বঝা নাহি যায়॥ অতএব গোডভাষা করিবার তরে। বৈষ্ণব সকলে যতে আদেশিলা মোরে॥ সেই কালে মাতা মোর গেলা বন্দাবনে। সঙ্গে দরশনে যাব বাঞ্চা ছিল মনে ॥ আপন চুর্দ্দৈবক্রমে গমন নহিল। তাহাতেই মনে বড উদ্বিগ্ন হইল। বৈষ্ণবগণের আজ্ঞা শরণ করিয়া। দেখিতে লাগিল গ্রন্থ একান্তে বসিয়া॥ গ্রন্থার্থ করিতে মোর নাহি নিজ শক্তি। তা সবার আদেশে চঞ্চল হৈল মতি। কেমনে বর্ণিব গ্রন্থ না জানি সন্ধান। অকস্মাৎ গোস্বামী জীজগন্ধাথ নাম। আমারে সম্মুখে দেখি হঠাৎ কহিলা। স্বরূপ তুমি এত দিন পড়িলা শুনিলা॥ অতএব নাটকের করহ পয়ার। যাহা শুনি স্থখ হয় আমা সবাকার॥ তেঁহো সর্ব্ব জ্যেষ্ঠ মোর সহোদর ভাই। তাঁর আজ্ঞা হৈল ইহাতে বল পাই।

নিজ ইফদৈব-পাদ-পদ্ম ধ্যান করি। শ্রীরূপ গোস্থামি-পদে প্রণতি আচরি॥

যার বংশে জন্ম সেই প্রস্তুর চরণ। স্মরণ করিল স্থির করি নিজ মন॥

নৃত্যানন্দ রাম প্রেমানন্দ ধাম বস্থধা জাহুবা পতি।

তাঁহার নন্দন ভুবন পাবন বীরচনদ ধীর মতি॥

...... ज्ञेषद मृर्ववश्वनथद

মহিমা জানয়ে **কে**।

প্রেমধন দিয়া জীব উদ্ধারিয়া ভকতি স্থাপিল যে ॥

তাঁহার তনয় সর্ববগুণালয় গোসাঞি **এ**রামচন্দ্র।

তাঁর আত্মভব **শ্রী**রাধা মাধব ভক্তি শক্তি কন্দ ॥

তাঁহার নন্দন বিদিত ভুবন গোসাঞি শ্রীগোপীকান্ত।

তাঁর স্থত ধন্য পরম শরণ্য নন্দরাম মহা শাস্ত॥

শুক দেব নাম সর্ববগুণ-ধাম

প্রথম তনয় তাঁর।

শ্রীনবকিশোর সর্ববগুণধর দ্বিতীয় তনয় স্থার ॥

তাঁহার তনয় ভক্তিরসময়

শ্ৰীল জগন্নাথ নাম।

ষিতীয় নন্দন প্রেম-রসায়ন গোরাচান্দ গুণধাম ॥

LALITAMADHAVA

বিনোদ বেহারি নাম পরচারি তৃতীয় স্থত বিরাজে। সকল কনিষ্ঠ গুণেতে লখিষ্ঠ কহিতে বাদিএ লাজে। সেই বলে হৈল শরণ করিল य किছु निधन मांज। স্বরূপে চাহিয়া করুণা করিয়া শোধিবে রসিক পাত্র॥ শ্ৰীশ্ৰীপাট নাম খড়দহ গ্ৰাম গঙ্গাতীরে স্থশোভিত। শ্রীশ্যামস্থন্দর যাহে নিরস্তর রাধা সনে বিরাজিত ॥ ভট্টাচার্য্যগণ কুলীন আহ্মণ সদা স্থথে বিরাজয়। পূৰ্ণ অভিলাষ তথায় নিবাস স্বরূপ এ গ্রন্থ কয়।

The End :-

ইতি শ্রীললিতমাধব-ব্যাখ্যানে প্রেমকদম্বে
পূর্ণমনোরথো নাম দশমোহকঃ।
শ্রীচৈতশ্য-পাদ-কমলে কলিতাত্মভাবৈউক্তৈর্ভঃ কুপাপরবশৈঃ পরিশোধনীরঃ॥
ইতি শ্রীললিতমাধব গ্রন্থ রসময়।
ভাষা করি শ্রীস্বরূপ গোস্বামী লেখয়॥
সাঅক্ষর পড়োটার গোপিনাথ মিত্র।
সাকে ছয়সন্টি সালে সমাপ্ত ॥
পৌষ মাস একাদশ দিবসে লিখিল।
ললিতমাধব গ্রন্থ সমাপন কৈল॥ শ্লোক॥৫৮॥৫৮॥

ললিত-মাধব

(বঙ্গামুবাদ)

প্রথম অঞ্চ

(গ্রন্থারন্ত)

🔊 🗐 রাধাকৃষ্ণ ॥

শ্রীরাধাকৃষ্ণ-সৌন্দর্য্য-মাধ্র্য্যামৃত্র্যারিধো ।
নিমগ্নং মানসং নিত্যং বন্দে স্বাভীষ্টদৈবতম্ ॥
শ্রীকৃষ্ণং কৃষ্ণচৈতক্যং নিত্যানন্দং তদগ্রজম্
অবৈতাচার্য্যমীশঞ্চ তক্তবৃন্দং নমাম্যহম্ ॥
শ্রীরূপরসসম

দশাক্ষপূর্ণলক্ষণম্ ।
নাটকং ভাতি ললিত-মাধবং মধুরাশ্রায়ম্ ॥
তত্র চ প্রথমে কৃষ্ণজন্ম রূপঞ্চ বর্ণতে ।
তৎপ্রিয়াণাং ভবশ্চন্দ্রাবল্যা সহ সমাগমঃ ॥

প্রথমে বন্দিয়া ইউ দেবের চরণ।

যাহা হৈতে বিদ্ন নাশ অভীউ পূরণ॥

শ্রীরাধা শ্রীকৃষ্ণচন্দ্র প্রেম রসময়।

বন্দাবনে সখীগণ সঙ্গে বিলসয়॥

দোঁহার সোন্দর্য্য আর মাধুর্য্য অবধি।

নিত্য নব নব নানা অমৃতের নিধি॥

তাহাতে নিমগ্ন সদা কায়বাক্যমন।

ভজিব একান্ত ভাবে সে প্রভু-চরণ॥

শ্রীকৃষ্ণচৈতত্য মহাপ্রপু ভগবান্।

তাঁহার চরণ-পদ্মে অনন্ত প্রণাম॥

শ্রীনিত্যানন্দ নাম প্রভু বলরাম।

তাঁহার স্বরূপ বিশ্বরূপ বিশ্বধাম॥

তাঁহার চরণে মাত্র করিয়ে প্রণতি।

অন্ধ মুঞ্ আর কিছু না জানিয়ে স্ততি॥

আন্ধ মুঞ্ আর কিছু না জানিয়ে স্ততি॥

অবৈত আচার্য্য প্রভু অভিন্ন ঈশ্বর। তাঁহার চরণে মোর প্রণতি বিস্তর ॥ 🗃 নিবাস পণ্ডিত গদাধর বক্তেশ্বর। বাস্থদেব মুরারি মুকুন্দ দামোদর॥ বিছানিধি শ্রীম্বরূপ ঠাকুর শ্রীরাম। পুরন্দর পণ্ডিত রাঘব গুণধাম।। রামানন্দ সার্ববভৌম শ্রীসনাতন। শ্রীরপ শ্রীরঘুনাথ শ্রীরঘুনন্দন। হরিদাস ঠাকুর নরহরি প্রেমময়। জগদানন্দ ধনপ্তয় পণ্ডিত ধনপ্তয়॥ ইত্যাদিক চৈতন্তের ভক্তগণ যত। সভার চরণে মুঞি হইলাম নত॥ শ্ৰীললিত-মাধব নাটক বিলক্ষণ। শ্রীরূপ গোসাঞি যাহা করিলা বর্ণন ॥ দশ অঙ্ক সেই গ্রন্থ হইল বিদিতে। কৃষ্ণরূপ-রুস-লীলা পরিপূর্ণ যাতে॥ কুষ্ণচন্দ্র প্রকট হইলা গোকুলেতে। তাহা প্রেয়সীরগণ জন্মিলা যে মতে। ক্ষের মিলন চন্দ্রাবলীর সহিত। এই সব কথা প্রথমাকে বিরচিত ॥ তার মর্থ পরিভাষা রূপে লিখিবারে। বৈষ্ণব সকলে আদেশিলা এবে মোরে॥ অতএব লিখি কিছু সংক্ষেপ করিয়া। নাটকের নান্দিশ্লোক শুন মন দিয়া॥ তথাতি। স্থররিপু স্থদৃশা মুরোজ কোকান্ मूथ कमलानि ह (थप्तराम थएः। চির মখিল সুহাচ্চকোর নন্দী मिশकू मुकुन्त यभः भनी मृतः यः ॥

শ্রীমুকুন্দ যশঃ শশী ভকত হৃদ্ধে বসি সভত প্রমানন্দময়।

পূর্ণ ক্থা বরিষণে ক্ষ্চকোর ভক্তগণে

আনন্দ দিছেন অতিশয়॥

ভক্তগণ শুন সভে হইয়া একমন।

কৃষ্ণ সহ লীলাগণ কর্ণ মন রসায়ণ

পাবে প্রোমানন্দ মহাধন।

অস্থুর রমণীগণ চক্রবাক তার স্তন

তা সভার মুখ পদ্ম যত।

কৃষ্ণ যশচন্দ্র সেই তা সভারে খেদ দেই

্ প্রজবধূ কুমুদিনী রত॥

ভুবন মোহন শৰী পরিপূর্ণ দিবানিশি

ব্রজপুরে সদা বিরাজয়।

স্থজন দেবেন্দ্রগণে লীলামৃত বিতরণে

चक्तभ भक्तमानसम्बद्ध । '

জর জয় শ্রীকৃষ্ণ চৈতক্ত দরাময়।
জয় জয় নৃত্যানন্দ প্রেমের সঞ্চয়।
শ্রীকৃষ্ণ চরণ-পদ্মে করি নমস্কার।
মেঘরণে স্লিশ্ধ করে সকল সংসার॥
পীন বক্ষস্থল'পরি ভান্ম যার শোভা।
প্রকাশ পাইল তাহে চন্দ্রাকৃতি আভা॥
ভান্মজা কহিয়ে বৃষভান্মর নন্দিনী।
চন্দ্রাকৃতি নাম চন্দ্রাবলী ঠাকুরাণী॥
অস্কুত শ্রীকৃষ্ণ মেঘ করিয়ে উদয়।
দর্শনেই রমণীর চিত্ত আকর্ষয়॥

অফটিদগ নারীরে সিঞ্চয়ে মেঘরসে। পত্রাঙ্গুর শোভারে রচয়ে দিব্য বেশে॥

[·] প্রদর্গ চকোরবর্দের আবলপ্রদ—ট্রকা।

মেঘ যেন আরাম সিঞ্চয়ে অমুক্ষণ। পত্র পুষ্প ফলে করে বিবিধ ভূষণ॥ তৈছে অফ সখী আর ব্রজাঙ্গনা যত। লীলা রসে স্থি**শ্ব করে ভাবে অল**ক্কত । তুই শ্লোক নান্দী অস্তে কহে সূত্রধার। শুনহ সকল লোক শুভ সমাচার॥ রাত্রি শেষে স্বপ্নে আজ্ঞা করিলা শঙ্কর। ব্রহ্মকুগুতীরবাসী খ্যাতি গোপেশ্বর ॥ শুনহ পণ্ডিত তুমি নাট্যাচার্য্যবর। অপুর্বব রহস্ত লোকে করহ গোচর ॥ রাধাকুফ লীলারস পরম পাবন। প্রবন্ধ করিয়া ভক্তে কর সমর্পণ ॥ ইহাতে সন্দেহ কিছ না ভাবিহ আন। মোর আজ্ঞা বলে সব হইবে সমাধান॥ এত বলি সদাশিব অমর্থান কৈল। সেইত সময়ে মোর নিদ্রাভঙ্গ হৈল।। প্রভাতে উঠিয়া করি গুরুর বন্দন। ভাবিতে ভাবিতে মনে হইল স্মারণ॥ গোপেশ্বর মহাদেব কি আজ্ঞা করিলা। রাধাক্ষ রসলীলা বর্ণিতে কহিলা। তার আজা বলে বড সাহস হইল। বিদগ্ধ-মাধব নাম গ্রন্থ আরম্ভিল ॥ নাটক লিখেন তবে করিয়া ভাবনা। ব্রজলীলা পুরলীলা একত্র ঘটনা॥ ইতিমধ্যে স্বপ্নে সত্যভাষা ঠাকুরাণী। পুরলীলা পৃথক্ রচিতে কহে বাণী। স্বপ্নে দেখি সূত্রধার চিস্তিতে লাগিল। মহাপ্রভুর আজ্ঞা তাহে পোষক হইল। অতএব তুই ভাগ করিলা ঘটনা। वक्नीमा श्रवनीमा क्रिना उठना॥

বিদশ্ধ-মাধব আর ললিত-মাধব।
ছই গ্রন্থে [এই] লীলা বর্ণিলেন সব॥
ললিত-মাধব এই নাটক উত্তম।
প্রবন্ধ করেন সূত্রধার বিচক্ষণ॥
দীপযাত্রা দেখিবারে আইলা ভক্তগণ।
রাধাকুগুতীরে সভে করিলা আশ্রম॥
ভক্তরুন্দ দেখি সূত্রধার হর্ষ হৈলা।
নিজ মনে মনে তবে বিচার করিলা।
ভক্তে প্রকাশিবা বলি আভ্রা আছে মোরে।
এইত বৈষ্ণবগণ নয়নগোচরে॥
নিজ ইউ দেবের চরণে প্রণমিয়া।
নাটক কহি যে সভে শুন মন দিয়া॥

তথাহিঃ—

নিজপ্রণায়তাং স্থামুদয়মাপ্লুবন্ যঃ ক্ষিতো কিরত্যলমুরীকৃতবিজকুলাধিরাজন্থিতিঃ। স লুক্ষিততমস্ততির্মন শচীস্থতাখ্যঃ শশী বশীকৃতজগদ্মনাঃ কিমপি শর্মা বিশ্বস্থা তু॥

স্বতন্ত্র পরমানন্দ

ভগবান্ কৃষ্ণচন্দ্ৰ

विजकुरल छेमग्र श्रेल।

নিজ প্রেম স্থানাম

জগতে করিয়া দান

मकरलात मन वर्ग किल॥

অম্ভুত শচী-স্থত-শণী।

অবনী-মণ্ডলে আসি প্রেম-জ্যোৎস্না পরকাশি হুন্তমো নাশয়ে দিবানিশি॥ গুল

নদীয়া নগর-মাঝ জগলাথ মিশ্ররাজ

শচী দেবী তাহার গৃহিণী।

না জানি কি তপ কৈল তাহার তনয় হৈল

অখিল দেবেন্দ্র চূড়ামণি॥

অন্ধ বধির জড

হীন দীন স্থপামর

সভে পাইল চিন্তামণি ধন।

গৌরাঙ্গ-চন্দ্রের গুণে ভরসা বাড়িল মনে

মোরে করু কুপাবলোকন। আকাশে হইল শব্দ কি কথা কহিলা।

এ মহা সাহসে কৈছে মনযোগ দিলা॥

সূত্রধার কহে কথা যে কহিলা সার। আমি সদা পরাধীন কি দোষ আমার॥

নিশ্চিন্ত হইতে নারি উদ্বেগ বাঢায়।

কেহো যেন আসি মোরে প্রবন্ধ করায়॥

কোথা সভা গুণবতী সাধু শত শত।

কোথা মুঞ্জি মুগ্ধ রূপ-গৌরব-রহিত।

তাহাতে ভরসা মোর এই বড চিতে।

কৃপাসিকু দীনে দয়া করেন তুরিতে।

এত বলি সূত্রধার মন স্থির কৈলা।

প্রবন্ধ করিতে তাই প্রবর্ত্ত হই**লা** ॥

অগ্রে নিরীক্ষণ করি সাধুরুদ্দ প্রতি।

প্রসাদ মাগেন অতি কবিয়া মিনতি ॥

দীন দেখি কুপাদ্ধি করহ অর্পণ।

নিরাপদে প্রবন্ধ হইবে সমাপন ॥

শাস্ত স্থিয় চিত্ত ভাগবতগণ হয়।

দোষ যত থাকে তাহা গুণ করি লয়॥

তাহার প্রমাণ এই নক্ষত্রের গণ।

দোষাবলি রাত্রি ততু করেন ভূষণ ॥

বিষ্ণুপদে নিবাস করয়ে যেই জন।

তাহার স্বভাব এই শাস্ত্রের বচন ॥

এতেক বলিয়া শিরে অঞ্চলি বান্ধিয়ে।

নিজ গু**রু-**চরণ বন্দয়ে নম হয়ে॥

সনকাদি মধ্যে যেহো গ্রীসনাতন।

পরমহংসের ধর্ম্ম করিলাচরণ ॥

তেহোঁ আসি ভক্তগণে ভক্তি প্রচারিলা। পরম রহস্য তন্ত প্রকাশ করিলা ॥ অভএব বিশ্বগুৰু কবি তাঁরে বলি। তাঁহার কুপায়ে সিদ্ধ হইবে সকলি॥ এত কহি সূত্রধার রঙ্গে প্রবেশিলা। বিভাধরী নটবুন্দে স্মরি সঙ্রিলা।। স্মৃতিমাত্রে রঙ্গে নটা প্রবেশ করিলা। আবিষ্ট হইয়া তবে কহিতে লাগিলা॥ শুন ওহে নটাচার্য্য আমার বচন। বক্ত করিবারে এবে নহে মম মন ॥ সূত্রধার কহে কেন এমন কহিলা। আনন্দের পুরে কেন কাতর করিলা। দেখ দেখ প্রকাশিত শরৎ উৎসব। আনন্দিত মন এই সকল বৈষ্ণব ॥ গোবর্দ্ধনে কৃষ্ণ কীর্ত্তিধারা প্রকাশিলা। আর কি কহিব কৃষ্ণমূর্ত্তি দেখা দিলা॥ অতএব পরম আনন্দ সমুশ্চয়। তোমার পুণ্যের ফল করিল উদয়। ' নটী কহে মহা অনুভাব কেহো হয়। তাহার হুঃখেতে মোর হুঃখ অতিশয়॥ সূত্রধার কহে দেবি না জান কারণ। মহাসুভাবের ত্রঃখ নহে কদাচন॥ যথা রাগ।

বনে স্বর্গে রসাতলে যদি ভক্তগণ চলে তবে ভগবান্ কৃপাময়। নিজ্ঞ স্থান পরিহরি ভক্ত পাছে ফিরি ফিরি রক্ষা করি আনন্দ করয়॥

[ু] এই গিরি চিরকালের নিমিত শ্রীক্ষের অমল কীর্ত্তিধার। উলগার করিতেছে, অধিক কি, এখানে মধুর মূর্ত্তি মাধ্যত প্রকাশ পাইতেছেন, অতএব এ আগনার বিশুদ্ধ পূণ্য-সম্পদের পরম উদয় বলিতে হইবে।—টীকা।

क्षन दावि दावि निद्वान

দর্বব তঃখ নফ্টকারী যাহার সহায় হরি

তার তঃখ হবে কি কারণ ॥ ধ্রু ॥

যদি **অপরাধ করে**

তথাপি তাহার তরে

ভাল লাগি করায় যতন।

পর্ম আনন্দম্য

কুষ্ণের স্বভাব হয়

ভক্তজনে না করে তেজন। '

অন্তরে বসিয়া হরি

অমঙ্গল দুর করি

নিজ জনে বাঢ়ায় সন্মান।

ক্লফে ভক্ত ভিন্ন নয় করিয়া প্রণতি চয়

স্বরূপ চরণ গুণধাম॥

নটী কহে বাছা সত্য কহিলে আখ্যান।

বিবেচনা নাশে এই স্নেহের বিধান ॥

সূত্রধার কহে তুমি স্নেহ কর কারে।

নটী কহে আছে কেহো গোকুল নগরে।

সূত্রধার কহে পরিচয় কহ শুনি।

নটা কহে কলানিধি নাম মাত্র জানি॥

সূত্রধার কহে মুঞি জানিল এখন।

কলানিধি নাম হয় গোপেন্দ্ৰ-নন্দন ॥

বড নাট্য জানে সেই নটের পণ্ডিত।

নবীন যৌবন রূপ গুণেতে পুজিত॥

ব্রজপুরে খ্যাত সেই বিক্রমে বিশাল।

রিপুনাশকারী রঙ্গে নবীন গোপাল।

नि कर्र कलानिधि विस्थि कानिल।

আর কথা শুন মোর মনে যে আছিল।

দয়া করি বিধি মোরে অনুকৃল হৈল।

তারানাম । অনুপাম নাতিনী পাইল ॥

[›] পুথিতে আছে "যতন," কিন্তু মূলে আছে—"ভক্তজনং ন মোক্তৃমীটে" অর্থাৎ— "তক্তু মীষ্টে"; অভ এব "তেজন"এর মত কোন শব্দ হইবে বলিয়া মনে হয়। রাধার অপর নাম।

তাহার সম্বন্ধ লাগি সদা তঃখ মনে। তার যোগ্য পাত্র আমি না দেখি নয়নে ॥ সূত্রধার কহে বিধি বড় গুণবান্। অকলক কলানিধি করিল নির্মাণ ॥ লোকনিন্দা নফ্ট আর সাধুবাদ লাভে। তুৰ্ঘট ঘটনা সংঘটন কৈলা আগে ॥ নটা কহে পাপ কংস লোভী চুফীমতি। নাটা দেখিবার ছলে নিমন্ত্রিবে তথি। কি জানি বা কলানিধি পরাভব হয়। ইহাতেই আমার অন্তরে বড় ভয়॥ সূত্রধার কহে আমি জ্যোতিষশান্ত্র জানি। লগ্ন অনুসারে তত্ত্ব কথা কহি গণি॥ এত বলি ক্ষণ এক অন্তরে ভাবিয়া। কহিতে লাগিলা তবে আনন্দিত হৈয়া। নাট্য করি কলানিধি কংসেরে বধিয়া। কালে ভার করগ্রহ করিবে আসিয়া॥ ১ তবে নটা মনস্থির করিয়া বসিল। হেনকালে বেশস্থলে শব্দ উপজিল। রাধাকৃষ্ণ পাণিবন্ধ কথা স্থমধুরে। কহিতে না পারে কেহ চুফ কংস-ডরে॥ ভাগ্যবান কোন জন নির্ভয়ে কহিলা। এতদিনে মোর মনপীড়া ঘুচাইলা।। সূত্রধার কহে তবে সে দিগে চাহিয়া। পৌর্ণমাসী আকারিলা ? আনন্দ শুনিয়া॥ সতা এবে মোর মনে হইল নিশ্চয়। গার্গী সঙ্গে দেখ রঙ্গে প্রবেশ করয় ॥

কলানিধি নৃত্য করিতে করিতে কংসকে বধ করিয়া পূর্ণমনোরপ নামি সময়ে তারার
 শ্রীরাধার) পাণি গ্রহণ করিবেন।—টীকা।

২ প্রক্রিলা।

এত ভাবি সূত্রধার নিভূতে বসিলা। পৌর্ণমাসীরূপ ছেবি পবিচয় দিলা ॥ एच एच माखिशून (मान्नीभि) मूनित जन्नी। বন্ধা সব জানে পতিব্ৰতা শিরোমণি॥ নারদের শিশ্বা পরিচয় পৃথিবীতে। কাশপুপ্প জিনি শ্বেত চিকুর শোভিতে **॥** গাৰ্গী সঙ্গে তত্ত্বকথা কহিতে কহিতে। প্রবেশিলা রঙ্গন্থলে সম্রমে তরিতে ॥ সূত্রধার কহে আর্য্যে আইস যাই ঘরে। ইহার উত্তর বেশ শ্যা করিবারে ॥ এত কহি নটী সঙ্গে প্রস্থান করিল। নাটকের প্রস্নাবনা এইত কহিল। পৌর্ণমাসী করে গার্গী শুনহ বচন। রাধাকৃষ্ণ লীলারস কর আস্বাদন॥ রাধিকার মুখচন্দ্রে চন্দ্রিকা শোভিত। গঙ্গার প্রবাহে যেন বহয়ে অমৃত। কুষ্ণের অপাক্ত-ছটা-তরক্স সহিতে। যমুনা-সম্ভেদ-বেণী হইল তাহাতে॥ ' তাহা পান করি নেত্র মন জুড়াইল। দেহের যতেক তাপ সব দূরে গেল। এই ত সোভাগ্য মোর মনে হেন লয়। সপ্ত স্বর্গোপরি বাস সেহো কিছ নয়॥ গার্গী কহে অভিমুগ্ত-সঙ্গে একবার। বিবাহ দিয়াছ তুমি জানি রাধিকার॥ আরবার রুফ্ত সঙ্গে করাবে মিলন। কেমনে সম্ভবে ইহা কহ বিবরণ ॥

ক্লঞ্চের অপাঞ্চতরক্ষসরপ বম্না, ও রাধার হাস্তচল্রিকারণ গলার মিলনে বেণী হওরার, তাহা দেখিয়া আমার মন ক্ল্ডাইল।

পৌর্ণমাসী করে সেই বিবাহ নির্ণয়। মাযার সক্ততি মাত্র জানিত নিশ্চয ॥ বিদ্ধাগিরিবর পূর্বেব তপস্থা করিল। তুষ্ট হৈয়া ব্রহ্মা আসি তারে বর দিল। সেই বর হৈতে বিদ্ধাা রাধিকা পাইল। তার কর গ্রহণেতে কার শক্তি ছিল। গার্গী কহে তুমি মোরে অশু না জানিবে। কেমনে সে সব কথা আমারে কহিবে॥ পোর্ণমাসা কহে শুন অপূর্বব কখন। যেমতে পাইল বিন্ধ্য কন্মারত্বধন ॥ ব্ৰহ্মা আসি কহে উঠ বিদ্ধা তপোধন। তোমার তপস্থা দেখি তৃষ্ট মোর মন। তোমার যে অভিলাষ হইবে সফল। অচিরাৎ পাবে তুমি তুহিতা যুগল। যুদ্ধ করি পরাভব পাইবে শঙ্কর। এমত জামাতা পাবে ভুবন-স্থন্দর॥ এই বর দিয়া ব্রহ্মা গমন করিলা। বিন্ধাগিরি মহাননে নাচিতে লাগিলা। গাৰ্গী কহে এ অপূৰ্বৰ আখ্যান শুনিল। কন্সা লাগি বিদ্ধা কেন কামনা করিল। পৌর্ণমাসী কহে শুন তাহার নিশ্চয়। জামাতার গর্বেব গববী হৈলা হিমালয় ॥ তাহার দেখিতে স্পর্দ্ধা সক্ষম না হৈল। তাহার কারণে বিশ্ব্য চুহিতা চাহিল। গাৰ্গী কহে এহ বড আশ্চৰ্য্য শুনিল। সগোত্রের উৎকর্ষতা সহিতে নারিল। পূর্বের মেরু জিনিবারে উদ্যোগ করিল। অগস্তের বাকা শুনি তথায় রহিল। পৌর্ণমাসী কহে বাছা কি কহিব আর। এমন স্বভাব হয় মনুষ্য জনার॥

গাৰ্গী কহে কন্তাকে সে কেমনে ছাড়িলা। কেমন প্রকারে রাধা গোকুলে আইলা। পোর্ণমাসী কহে পত্রি শুন মন দিয়া। পুতনা আনিল মায়া-জাল প্রকাশিয়া॥ গার্গী বলে আর্যো মোর বড ভয় হৈল। রাক্ষসীর হাতে বাধা কেমনে বাঁচিল ॥ পৌর্ণমাসী বলে আছে ইহার কারণ। কংসের আজ্ঞাতে আনে না হরে জীবন ॥ স্থন্দরী আনিতে আজ্ঞা দিল কংস রায়। প্রাণ বধিবারে নারে আনিয়া যোগায়॥ গাৰ্গী বলে কহ কহ এ বড বিচিত্ৰ। ক্যা লাগি কংস কেন হইল প্রবর্ত্ত ॥ পৌর্ণমাসী করে শুন তাহার কারণ। দৈবকীর কলা যে কহিল বিবরণ ॥ গাৰ্গী বলে কহ শুনি পে সব কথন। দৈবকীর কন্যা কিবা কহিল বচন। পৌর্ণমাসী বলে বাছা শুনহ আশ্চর্যা। শুনিলে সম্ভোষে মন হইবেক ধৈৰ্ঘ্য॥ দৈবকীর কন্মা যবে গগনে উভিলা। কংস সম্বোধিয়া তেঁহো কহিতে লাগিলা ॥ শুন শুন চুষ্টমতি কংস চুরাচার। আমার কর্ত্তর নহে তোমার সংহার॥ যেছো সর্বন্দেবের বন্দিত শ্রীচরণ। ভক্তরন্দে প্রেমানন্দ দেন অতুক্ষণ ॥ সেই তোর রক্ত্মল প্রবেশ করিবে। তীক্ষধার চক্রে তোর মস্তক ছেদিবে॥ অছা চন্দোদয়ে হৈল সেই মহাশ্য। পৃথিবীতে প্রাত্মর্ভাব করিবে নিশ্চয়। আমা হৈতে শতগুণ হইবে মাধুরী। প্রকট হইবে পৃথিবীতে অফ নারী॥

কালি বা পরশু জন্মিবেক অফ কলা। তার মধ্যে তুই কন্সা রূপে গুণে ধন্সা॥ সে দোহার পাণিগ্রহণ যে জন করিবে। মহারাজ সর্ববজয়ী সে জন হইবে ॥ এত কহি মহামায়া করিলা গমন। সেই হৈতে কংস করে কন্যা অন্বেষণ।। গার্গী কহে রাধিকার রুত্তান্ত শুনিল। তাহার ভগিনী এথা কেমনে আইল। পৌর্ণমাসী কহে সেই বিদ্ধ্য-পুরোহিত। রাক্ষস-নাশক মন্ত্র করিল বিদিত ॥ সেই ভয়ে বিকলা সে পুতনা রাক্ষ্মী। পলাইতে বিদর্ভগা ' নদীজলে ভাসি॥ ভয়ে অতি ব্যাকুল তাহার হস্ত হৈতে। পডিল প্রথম কন্সা নদী-তর**সে**তে॥ গার্গী কহে সর্বববিজ্ঞ গর্গ মোর পিতা। তাঁহার মুখেতে শুনি আর যত কথা।। ব্রষভান্ম বর নিল তুর্ববাসার স্থানে। তাহার ঔরসে কন্সা রাধা সবে জানে॥ সন্দেহ ইহাতে বড় আছুয়ে আমার। সিদ্ধান্ত করিয়া কহ যেই হয় সার॥ পৌর্ণমাসী কহে পুত্রি শুনহ নিশ্চয়। চন্দ্রভানু বুষভানু তুই ভাই হয়॥ দোহার রমণী হয় চুইত সমান। কতদিনে সেই দোহার হৈল গর্ভাধান ॥ ব্রহ্মার প্রার্থনা লাগি মায়া প্রকটিল। ছুই স্থন্দরীর গর্ভে প্রবেশ করিল। সে দোহার গর্ভ হৈতে করি আকর্ষণ। বিদ্ধা স্থন্দরীর গর্ভে করিল অর্পণ ॥

' বিদর্ভদেশগামিনী।

गार्गी **क**टर শুनिलाम आन्तर्या निकास । মোর পিতা জানে নাকি এ সব ব্রত্তান্ত ॥ (भीर्गमा) वत्न जात्न मव मृतिश्व। নতুবা নিশ্চিন্ত কেন তুবর্বাসারস্তন ।॥ পুন গাৰ্গী কহে মাতা শুন নিবেদন। তুমি কৈছে জানিলা এ সব বিবরণ॥ পোর্ণমাদী কহে গুরু নারদ আমার। তাহার প্রসাদে জানি সব সমাচার ॥ সেই উপদেশে মোর সোভাগ্য হইল। রাধিকা উপরে স্নেহ অধিক বাডিল ॥ গার্গী কহে রাক্ষ্মীর ক্রোডে রাধা ছিল। সতা করি কহ তারে কেমনে পাইল ॥ পৌর্ণমাদী কহে পুত্রি রাধা একা নয়। আর পঞ্চ কন্যা আমি পাইল নিশ্চয় ॥ গার্গী কহে বিস্ময় হইল মোর মনে। তা সভার কিবা নাম কহ বিবরণে ॥ পৌর্ণমাসী কহে রাধা-প্রেয় নী । ললিতা। চন্দাবলী প্রিয় পদ্মা ভদ্রা পরিচিতা। শৈব্যা শ্যামা গুণবতী গোকুল-পূজিতা। মাধুর্য্যাতিশয়ে সভে ভুবন-পুজিত। ॥ গার্গী কহে পঞ্চকন্তা কেমনে পাইলা। কেবা আনি ব্ৰজ মধ্যে সমর্পণ কৈলা। পৌর্ণমাসী কহে বাছা জানিহ নিশ্চয়। অসক্ততি সমাধান মায়া হৈতে হয় ° ॥

শৃল আছে—"অথ কিং স হর্কাসাঃ কথং নিজোপকারমনাবেত বিশ্রাম্য তৃ।" অর্থাৎ "হর্কাসা নিজোপকার না বলিয়া ক্ষান্ত হইবেন কেন ?"

[্] মূলে আছে—"রাধা স্থীহ ললিতা" অর্থাৎ "শ্রীরাধার স্থী ললিতা"।

[ু] নৃতন ভাবে রাধিকার জন্মর্তান্ত প্রচার করা হইতেছে, তাহা স্বীকৃত হইল।

কুমারী পঞ্চক আমি বিভাগ করিয়া। আভীরীগণেরে দিল নিভতে কহিয়া॥ যশোদার ধাত্রী তথা মখরা আইল। ব্রত্তান্ত কহিয়া রাধা তারে সমর্পিল। গার্গী বলে রাধার দ্বিতীয় সখী আর। গোকুলে উন্তব কিবা হৈল বিশাখার॥ পৌর্ণমাসী বলে জলে ভাসিতে আছিল। যমুনার স্রোত হইতে জটীলা আনিল। গাৰ্গী কহে বিদ্ধা-জেষ্ঠা ' যে আছিল। নদী-জলে ভাসি গেল কেবা তারে পাইল ॥ পৌর্ণমাসী কহে বিদর্ভার নদী-জলে। ভীষ্মক পাইল তারে পূর্বব পুণ্য-ফলে॥ গাৰ্গী বলে কিবা ভবিতবাতা নিৰ্ণয়। কোথা থাকে কোথা আনে কোথা বা রাখয়॥ পৌর্ণমাসী কহে পুন করুণা १ করিল। একস্থানে দোহাকারে আনিয়া রাখিল। গার্গী কহে কেমনে হইবে পরতীত। পোৰ্ণমাসী কহে তাহা সাক্ষাৎ বিদিত ॥ সেই চন্দ্রাবলী হেথা করালা-নাতিনী। সৌভাগ্য স্থশীলা কন্মা রত্ন শিরোমণি॥ পঞ্চম ব্যীয়া কন্তা কান্তি অতিশয়। দেখি ভীম্মকের অতি আনন্দ হৃদয়॥ বাধা তার " সঙ্গতি করিতে সমাধান। গোবৰ্দ্ধন বিন্ধ্য মধ্যে বৈসে জাম্ববান্॥

- অর্থাৎ বিদ্যাপকতের জ্যেষ্ঠ কতা যিনি ছিলেন তাঁহার কি হইল গ
- ভবিতব্যতা পূর্ব্ধে নিষ্ঠুরতা করিয়া ছই ভগিনীর বিচ্ছেদ ঘটাইয়াছিল, পুনরায় করুণা
 করিয়া তাহাদের মিলন ঘটাইল।
 - 🐣 চক্রাবলীর। চক্রাবলীর সহিত রাধার মিলন।

বিদ্ধাচল-নিবাসিনা ' তারে আজ্ঞা দিলা। কুণ্ডীল ২ হইতে তেঁহো গোকুলে আনিলা॥ জাম্ববান মোরে দিয়া প্রস্থান করিল। করালা বুন্দার হস্তে মঞি সমর্পিল। তবে গার্গী মনে মনে ভাবিতে লাগিলা। পূর্বের পিতা গর্গ মোরে শঙ্কেতে কহিলা॥ চন্দ্রভান্থ প্রভৃতির কন্সা যে আছয়। ভীষ্মক আদির কন্যা এক তত্ত হয়॥ রূপ গুণ শোভা শীল সমস্ত একই। শরীর পৃথক্ হয় ভেদ মাত্র এই ॥ ইহাতে দুর্ঘট মোর মনে না হইল। প্রভাসেতে মহামায়া সমাধান কৈল ॥ যে হউক পশ্চাতে জানিব সে কারণ। উটক্কন ° তাহা নাহি করিব এখন ॥ মনে মনে গর্গ-কন্মা এতেক ভাবিলা। প্রকাশ করিয়া তবে কহিতে লাগিলা ॥ গোবর্দ্ধন মল্ল আদি গোপ ভোষ্ঠ ছিল। চন্দ্রাবলী প্রভৃতিরে বিবাহ করিল। নিশ্চয় করিয়া মোরে কহ ঠাকুরাণী। নির্বাহ করিল সেই **মায়া কি আপু**নি ॥ পৌর্ণমাসী বলে কত দিব পরিচয়। তুর্ঘট ঘটনা পট মহামায়া হয়॥ পতি অভিমান সব বল্লভ করয়। বল্লভীরে নিজ নিজ পত্নী সে মান্য ।

মায়া, ষিনি যশোদার ক্ঞারণে জন্মগ্রহণ করিয়াছিলেন, কংস ধারা শিলাতে নিক্ষিপ্ত

ইইয়াও তিনি বিদ্ধাচলে অবস্থিতি করিতেছিলেন। টাকা—"বিদ্ধাবাসিনা যশোদাপুত্রী

বস্থদেবেন গোকুলায়ীতা কংসেন শিলায়াং নিক্ষিপ্তা তত্ততা দিচ্যুতা সতী বিদ্ধাচলে স্থিতা।"

[🍳] কুণ্ডীল ভীম্মকের রাজধানা।

[•] উত্থাপন।

মমতা মাত্রেক শেষ ' মায়ার প্রচার। সম্ভাষণ নাহি দেখিবারে হয় ভার। গাগী কহে এবে ইহা জানিল নিশ্চয়। অফ কুমারীর কুফে অমুরাগ হয়। (भोर्गमो) वर्ल अछ नाती माळ नग्न। কুষ্ণে **অনু**রাগ সব বল্লভী করয়॥ পুন গাগাঁ কহে দেবি মোরে কূপা করি। অপুনৰ বৃত্তান্ত ইহা কহিবা বিস্তারি॥ ষোডশ সহস্রশত গোপ কন্সা ছিল। কৃষ্ণ লাগি কাত্যায়নী তপস্থা করিল। পৌর্ণমাসী কহে গর্গ মূনি তপোধনে। কামাখ্যা ২ পূজিতে আজ্ঞা দিল গোপীগণে॥ গাগী বলে সূর্য্য আরাধনা করিবারে। কোন জন প্রবর্ত্ত করিল রাধিকারে॥ পৌর্ণমাসী কহে তব পিতার আজ্ঞাতে। সূর্য্য-পূজা করে রাধা উঠিয়া প্রভাতে ॥ গার্গী কহে শুনিয়াছি পিতার মুখেতে। রাধার মিলন হবে ক্ষের সহিতে॥ সেই রক্ষ পরম আনন্দ অতিশয়। তাহাতে বিপ্রিয় ° নাকি দৈবেতে করয় ॥ পৌর্ণমাসী বলে বাছা যে কহিলা সার। তাহাতে কৌশল আমি করিল প্রচার॥ সেই ছই কিশোরিকা রত্ন শিরোমণি। নিরোধ ⁸ করিতে যতু করিয়াছি আমি ।

মৃলে আছে—"মমতামাত্রাবশেষা"।

২ পৃথিতে আছে—"কামীক্ষা"।

মৃলে আছে—"বিপ্লওয়ং" অর্থাৎ নিচ্ছেদ।

ক্লফসহ মিলনে বাধা জনাইতে।

অভিমন্যু গোবর্দ্ধন মন্ন মহাস্কর ।
জটীলা ভারগুণ ' ছই জননা নিষ্ঠুর ॥
কৃষ্ণলীলা ভঙ্গ হবে অন্তরে জানিয়া ।
নিয়োগ করিল তাহে নিবন্ধ করিয়া ॥
গার্গা কহে আর্য্যে সহোদরা তুইজন ।
এক ঠাঁই না রাখিলা কিসের কারণ ॥
পৌর্ণমাসী কহে কংসদৃত যাতায়াতে ।
বিতর্ক করয়ে জানি ই নিশঙ্ক হৈল ইথে ॥
গার্গা কহে আর্য্যে এই অপূর্বর কথন ।
অন্য কেহ না জানে কি তেন বিবরণ ॥
পৌর্ণমাসী বলে আর কেহ নাহি জানে ।
যশোদা রোহিণী জানে আমার বচনে ॥
এত কহি পৌর্ণমাসী নিভূতে রহিল ।
বেশস্থানে পুনরুপি আর শন্দ হৈল ॥

মঞ্চাত্মতিষ্ঠ পদ্মে মুকুটবিরচনং মুঞ্চ পিঞ্ছেন ভদ্রে শ্যামে দামান্তুবন্ধং পরিহর ললিতে পিন্টি মা জ্বাগুড়াণি। শারিপাঠাবিশাথে ব্যুপরম কবরীসংগ্রিয়ামূজ্ঝ শৈব্যে পূর্ববাং বেবেম্টি কাষ্ঠাং স্থরভিথুরপুটীপাংশুপিষ্ঠাতপুঞ্জঃ॥

পদ্মা তৃমি কিবা কর পাশক্রীড়া পরিহর দেখ আসি বাহির হইয়া। ভদ্রা শুন বিবরণ মটুকের বিরচন না করহ চন্দ্রিকা রচিয়া॥ শ্যামা কর অবধান নবীন প্রপোর দাম

গাঁথা ছাড়ি উঠহ সন্তরে। ললিতা স্থন্দরী ভূমি আমার বচন শুনি

ু স্থন্দর। তুমি আনার বচন ভার্ কুস্কুম-রচনা কর দূরে॥

- মৃলে আছে—"লক্ষণ্ডা", গোবর্দ্ধনমলের জননী।
- যুদে আছে—"গৃষ্টকংসচরাণাং বিভর্কশঙ্কয়া"।

বিশাখা বচন শুন কর পূর্বের নিরীক্ষণ শারিপাট দুরে তেয়াগিয়া। শৈব্যা কেশপাশ ভার বাখ প্রসাধন তার শীঘ্ৰ চল বেণী হেলাইয়া ৷ স্থরভি খুরের ধূলি গগনমণ্ডলে চলি পূর্বদিক্ অন্ধকার কৈল। শুভ বংশীশক হয় মোর মনে এই লয় গোষ্ঠ হৈতে শ্রীকৃষ্ণ আইল। বস্থ্য বেশ শোভে অঙ্গে ধেন্দ্র বৎস করি সঙ্গে প্রবেশয়ে বেণু বাজাইয়া। হৈ হৈ করয়ে শিশু হাম্বা হাম্বা রবে পশু নিজগুহে চলয়ে ধাইয়া॥ ' যত ব্রজ গোপীগণ করি কৃষ্ণ দরশন নিজ নিজ ভাব হয় মনে। সকল গোকুলবাসী পাইল আনন্দ রাশি স্বরূপ আনন্দে তঁহি ভণে।। পৌর্ণমাসা কহে দেখ আশ্চর্য্য উদয়। হরির উদ্দেশ কহে রজ সমুচ্চয়। দেখিতে দেখিতে রজ পরাভব পাইল। গোবিনের সঙ্গানন তমে। পাওয়াইল ॥ १ ব্রজের রম্ণীগণের পথ বিলক্ষণ। অগ্য কে জানিবে শ্রুতি না জানে কারণ। শুনিয়া গর্গের কন্সা আনন্দ পাইলা। বংশীধ্বনি শুনি বংশী বর্ণিতে লাগিলা ॥

- › পুথিতে আছে—"ধাইঅ''।
- ং মৃলে আছে—"পুরতঃ সঙ্গময়ত্যমুংতমঃ ; অর্থাৎ অস্ককার সন্মুখে ঐ হরিকে সঙ্গমিত করিতেছে।
- মৃলে আছে— "ব্ৰজবামদৃশাং ন পছতিঃ প্ৰকটা দৰ্জদৃশঃ শ্ৰুতেরপি;" অধাৎ ব্ৰজ্বরিণলোচনা ও দর্বজ্ঞ বেদের মার্গ দকল কাছের হইয়া পড়িল।

তথাহি---

ব্রিয়মবগৃহ গৃহেভ্যঃ কর্ষতে রাধাং বনায় যা নিপুণা। স জয়তি নিস্ফীর্থা বরবংশজকাকলী দৃতী॥

যথা রাগ---

সদা জয়যুক্ত বাঁশী কৃষ্ণকাৰ্য্য-অভিলাষী জন্মিয়া উত্তম বংশ কুলে।

যাহার মধুর স্বরে মুত তরু পত্র ধরে

ধেমু দত্তে তৃণ করি বুলে।

বৎস উর্দ্ধ কর্ণ করি

মুখে অর্দ্ধ স্তন ধরি

রহে কৃষ্ণ মুখ নিরখিয়া।

যত **মুগমুগী**গণ তেজি নিজ নিজ বন

গান শুনে নিকটে আসিয়া॥

মনিমনে প্রবেশিয়া ধ্যানভঙ্গ করাইয়া

যমুনাতে বহায় উজান।

অনুপম কাকলীতে প্রেম হয় পশু-চিতে

বৃক্ষলতায় পুলক বিধান॥

লঙ্জা ভয় ছাড়াইয়া আর্য্যপথ তেয়াগিয়া

আকর্ষয়ে বনে রাধিকারে।

আর যত ব্র**জনা**রী গৃহধর্ম্ম পরিহরি

ধায় বনে কৃষ্ণ দেখিবারে ॥

পক্ষিগণ স্তব্ধ রয় পাষাণ দ্রবিত হয়

বাঁশীর মধুর আলাপনে।

মানিনী তেজয়ে মান শুনি সে মোহিনী গান

কহে দীন স্বরূপ চরণে।।

এতেক কহিয়া গাগী নিভূতে রহিলা।

পুনর্বার বেশস্থলে আর কথা হৈলা।

দক্ষিণ নয়নে কেন কজ্জল পরিলা॥ '

[›] এই স্থানে পূর্ববন্তী চরণ উদ্ধৃত হয় নাই। মূলে আছে—"ধন্তে কজ্জনমূক্ত বাম-नम्ना" व्यर्थाए-- "थरण, कृषि वामनग्रत कब्बन ना निया'।"

পদ্মা ' কেন দ্রুততর করহ গমন। হাক্ষের অক্সদ পদে করিয়া ধারণ ॥ সারক্লী চলিলা কোথা উন্মত্ত হইয়া। রতন নৃপুর এক চরণে পরিয়া। পালীসখী কোথা যাও অধীর নয়নে। মেখলা খসিচে, নাতি কর সম্বরণে ॥ লবঙ্গী অস্থির মতি কেনবা হইলা। নাসার তিলক কেন গণ্ডেতে পরিলা। কমলা ধাইছে কেন উদাত হইয়া। পদের অলক্ত নেত্রযুগলে অর্পিয়া। না ধাও না ধাও সবে শুন মোর বাণী। বহু দুরে হইতেছে মুরলীর **ধ্ব**নি ॥ স্বরূপ কহিছে নিষ্ধেহ কি লাগিয়া। কে স্থির হইতে পারে মুরলী শুনিয়।॥ গার্গী করে নীলমেঘ সম রূপধারী। বিহার করিছে অগ্রে * * নারী॥ ° গোপশিশু তারা সম চৌদিক বেড়য়। অতিশয় শোভা কৃষ্ণচন্দ্র শোভা পায়॥ তবে পৌর্ণমাসী কৃষ্ণ বদন হেরিয়া। সে রূপ লাবণা কহে আনন্দ পাইয়া॥ তথাতি ॥৮॥ বিভন্নীলচ্ছবিমবিষমামগ্রহক্ষেন যক্তিমিত্যাদি ॥ ৮ ॥ বিহরই এীকৃষ্ণ দেখহ। নবীন জলদক্তচি দেহ। ইন্দীবর মরকত জিনি। মনোহর মধুর লাবণী॥

^১ পদ্মা, সারঙ্গী প্রভৃতি স্থী**গণে**র নাম।

थहे ठद्रगंगी अमुल्य अवशाह ।

অলকা আরত মুখচাঁদ। ' ব্রজনববালিকার ফাঁদ ॥ ² কনক বসন শোভে গায়। মেঘ যেন বিজুরি খেলায়॥ নাসা আগে মুকুতা শোভয়। হাসির হিল্লোলে সে দোলয়। চ্ডার টালনী বামে বাঁকা। " তাহে শোভে মউরের পাথা॥ স্বপত্র সহিত তঁহি ফুল। রমণীর মোহনের মূল। গুঞ্জাহার চূড়ারে বেড়য়। হেরি কেবা ধৈরজ ধরয়॥ ডাহিনে সে পাচনি ফিরায়। বাম করে বংশী শোভা পায়॥ বিধুমুখে স্থমধুর হাসি। হেরি কুলবধূ হয় দাসী॥ বঙ্কিম চাহনি সে নয়নে। অলক্ষিতে হানে নারীগণে॥ রূপ নহে, ভুবন-মোহন। তেঞী বুঝে স্বরূপের মন॥ তবে পৌর্ণমাসী কহে হেথা না রহিব। যশোদা-মন্দিরে চল গমন করিব॥ এত কহি চুই জনে গমন করিলা। নাটকের অঙ্কমুখ ⁸ এইত হইলা।

- १ हॅन्स--श्रि।
- ৰ ফাঁন্স-তা।
- हृषांत्र ठाननी वादम—हश्वीनांत्र।
- অন্ধ্যুথ অর্থাৎ কারণের উত্থাপন।

তবে সেই কৃষ্ণচন্দ্র নন্দের নন্দন। রক্ষন্তলে প্রবেশিয়া কহেন বচন। শুন শুন প্রিয়সখা শ্রীমধুমঙ্গল। গোকুলে উৎকণ্ঠা দেখ স্থরভিমণ্ডল ॥ ' নবীন তৃণের পুঞ্জ আস্বাদ করিয়া। শিথিল হইল অ**ন্ধ ধাই**য়া ধাইয়া॥ অবিরত হাম্বা রব করিতে করিতে। মলিন হইল মুখ দেখহ বিদিতে॥ চঞ্চল নয়ন দ্রুতগতি সব ধায়। চল শীদ্র পথেতে বিলম্ব না জুয়ায়। বটু ২ কহে মোর ভাগ্য এই অতিশয়। সুরভি সকল দেখ **করুণা ক**রয়॥ ° বিপ্রজাতি বনে বনে কতেক ভ্রমিব। ঘরে গেলে খেয়ে নিয়ে আনন্দ পাইব। এতেক শুনিয়া রাম কহেন তথন। দেখ দেখ আর এই স্থরভিরগণ॥ ছই তিন পদ বেগে গমন করিয়া। বৎসগণে বিলোকয়ে শির বাঁকাইয়া॥ আরবার কৃষ্ণ মুখচন্দ্র বিলোকয়। প্রেমের বন্ধনে বন্ধ ধেনু সমুচ্চয়॥ তবেত পশ্চিম দিক দর্শন করিয়া। কহিতে লাগিলা হরি হাসিয়া হাসিয়া॥ দেখ সূৰ্য্য আকাশেতে ভ্ৰমিতে ভ্ৰমিতে। বীর্যাহীন হৈল আর না পারে চলিতে। করে ভাণ্ডীরের * চূড়া অবলম্ব করি। অনেক যতনে প্রবেশিল অন্তগিরি॥

^{&#}x27; গোকুলে গমনার্থ উৎক্ষিত গাভীশ্রেণী।

[•] আমার শ্রম দেখিয়া যেন আমার প্রতি সদয় হইয়াছে।

^২ মধুম**ঙ্গল**।

[°] ভাগ্ডীর বৃক্ষাগ্র।

এত শুনি রাম কছে দেখ সভে আসি। পর্ববতপ্রমাণ ঠাঞী ঠাঞী ঘুট্যারাশি॥ ১ এবে বৃঝি ব্রজপুর নিকট হইল। ধের সব হামা রব করিতে লাগিল। বন ভ্রমণের শ্রম বিশ্রান্তি হইতে। যমুনায় যাই চল মঙ্জন করিতে ॥ এত বলি বলরাম স্থাগণসঙ্গে। কালিন্দীর কলে গেলা নানা কথা রকে। কৃষ্ণচন্দ্র কহে তবে মধুমঙ্গলেরে। দেখ দেখ অত্য মহানন্দ ব্রজপুরে॥ পূর্ণ শশধর এই করয়ে উদয়। চক্রকান্ত মণি সব দ্রবীভূত হয়। সেই পাছ १ হৈল হেন অনুমান করি। রত্নের সহিত উছলিত সিন্ধবারি॥ রত্নের দুলেতে সিন্ধু অর্ঘ্য সমর্পিল। দিগান্তনা-কান্ত হেবি আনন্দ পাইল ॥ নক্ষত্র উদয় হলে পুষ্পাঞ্জলি দিল। কন্দর্প তরক্ষ তাহে বিদিত হইল ॥ বট কহে প্রিয় সখা না জান বিধান। কলন্ধী চাঁদের কিবা করিছ বাখান। লতাগণ অম্বর, তাহাতে স্থশোভিত। অকলক্ষ পূর্ণচন্দ্র সহস্র উদিত ॥ দিবানিশি সমান স্থমা হয় যাতে। গোপীগণ-মুখচন্দ্র দেখহ সাক্ষাতে॥ তবে কৃষ্ণ গোপী-মুখচন্দ্র নেহারিয়া। বটুরে প্রশংসি কহে আনন্দিত হৈয়া॥

^{&#}x27; উৎপলিকা (ঘদি) অর্থাৎ শুষ্ক গোময়-চূর্ণ।

[্]ব চন্দ্রকিরণ-প্রতিফলিত উজ্জ্বল তরঙ্গসমূহ হারা (মনে হয় যেন চন্দ্রকাস্তমণি দ্রবাস্কৃত হইয়াছে) সিদ্ধু চন্দ্রকে তাঁহার উত্থান-সময়ে পাছামর্ঘ্য প্রদান করিতেছে।

ভাল বিচারিলা সথা তুমি বিচক্ষণ। গোপী-মুখতুল্য চন্দ্র নহে কদাচন । স্থাপূর্ণ চন্দ্র রমণীয় মনোহর। য়প্তাপি সর্ববদা সর্ববনেত্রপ্রিয়ঙ্কর ॥ নিরমল কান্তি যদি শুদ্ধ অতিশয়। তথাপি পদাের বন মলিন কর্য॥ এক দোষ, আর এই কলঙ্ক বিদিত। তুই মুখ্য দোষ, চাঁন্দ হইলা নিন্দিত ॥ এই মত কৃষ্ণ যদি কহিলেন বাণী। হর্ষ হৈয়া বট পুন কহে অনুমানি। হে বয়স্থা, তুমি বুঝি হইলা উৎকর্ণ। উপযুক্ত হয় এবে শুনহ কারণ ॥ দক্ষিণে কদন্ত বনে কোন বা বমণী। আকর্ষণ মন্ত্র পড়ে কিছুই না জানি॥ কৃষ্ণ কহে শৈব্যার পাবিকা বিহর্য। যাহার বিভ্রমে মোর বেণু স্তব্ধ হয়॥ ' **অগ্রে অনু**সরি তবে শুনিতে পাইল। বীণার মধুর ধ্বনি নিশ্চয় জানিল। আনন্দিত হৈয়া হরি কহিতে লাগিলা। হেন বুঝি ভদ্রা সখী বীণা বাজাইলা। বীণা ভদ্রা চই জন সম গুণ ধরে। नशिल श्री९ कान त्मात रेथ्या शत ॥ वौगामख-প্রবালধারিণী 2 সেই वोगा। প্রবাল-সুষমা-ভদ্রা ° গানে স্থনিপুণা ॥

- শৃলে আছে—দেয়ং দীব্যতি শৈব্যায়া: পাবিকা বিশ্বপাবিকা।
 বেণ্বছিল্মায়ন্তে তক্তমালয়তে ময়॥

 টীকা—পাবিকা কুল্বংশক্লপা।
- বীণাদণ্ডকে প্রবাদ বলে; অতএব প্রবাদ অর্থাৎ স্বীয় দণ্ডে সুশোভিত।
- প্রবালবৎ শোভাসম্পর অধর—টাকা।

স্থূল তুস্বি ফল গ্রই শোভিত বীণাতে। ভদ্রার যুগল পীন স্তন স্থশোভিতে। মধুর অব্যক্ত ধ্বনি বীণাতে করয়। কলকল্লী ' ভদ্রা মোর চিত্তকে হরয়। পুন বট কহে সথা, কি আশ্চর্য্য শুনি। যমুনার মধ্যে কিবা কচ্ছপীর ধ্বনি॥ কুষ্ণ কহে শ্যামলার বীণা বাছ্য হয়। স্মরকেলি-নত্যগীত-শব্দ-ব্রহ্মময়। ^২ এত কহি অগ্রসরি কতদুরে গেলা। পদ্মার বলয়ধ্বনি শুনিতে পাইলা। আনন্দিত হৈয়া হরি চতুদ্দিকে চায়। চন্দাবলী-পরিমল সেথানে না পায়॥ বট্টর সহিতে তবে পরামর্শ করি। করালার মন্দির-নিকটে গেলা হরি॥ রহিলেন " এক পুষ্পবাটীর ভিতরে। শ্রীমধমঙ্গল ভবে কহেন ক্*ষে*রে॥ অগ্রে এক গোপনারী দেখিবারে পাই। না জানি কি লাগি সেই আসিছে হেথাই॥ উপানন্দ-নন্দন সভদ্র মহাশয়। তার পত্নী কুন্দলতা জানিহ নিশ্চয়॥ তবে কুন্দলতা রক্তে প্রবেশ করিলা। কৃষ্ণ সম্ভাষিয়া তহেঁ কহিতে লাগিলা॥ অকালে প্রফুল্ল দেখি বকুলের ° বন। তাহার প্রশংসা কেন না কর এখন।

- ' অব্যক্ত মধুর ধ্বনিতে ভূষিত—টীকা।
- ং কন্দর্শ-কেশিনাট্যের নান্দীপাঠরপ শব্দপ্রন্ধের শোভাধারী—টীকা; মূলে আছে— শ্বরকেলিনাট্যনান্দীং শব্দপ্রশ্বশ্বিষ মূহর্দধতী ইত্যাদি।
 - পৃথিতে আছে—কহিলেন।
 - ⁸ মূলে আছে—বঞ্জ্লং; টীকাত্তে—"অশোকরক্ষ"।

তবে হরি সেই দিকে মুখ ফিরাইয়া। দেখিতে লাগিলা শোভা মনেতে ভরিয়া॥ बकात्न वकुनभूष्भ श्हेन थाताता। চন্দ্রাবলী-চরণ-চারণ চমৎকার॥ ' এত ভাবি মনে কৃষ্ণ আনন্দ পাইলা। কৃষ্ট হৈয়া পুনরূপি কহিতে লাগিলা ॥ চন্দ্রাবলীর চরণের নুপুর-সিঞ্জিত। মত্তহংস-কলধ্বনি-নিকরে বিভন্মিত। বকুলের বন হৈতে উদয় হইল। মোর কর্ণ কুহরেতে প্রবেশ করিল ॥ কুন্দলতা কহে বিবরণ শুন বলি। ভারুণ্ডার গৃহে রুদ্ধা ছিলা চন্দ্রাবলী। অনেক যতনে আমি চাতুরী করিয়া। আনিল বকুলকুঞ্জে তারে আকর্ষিয়া॥ কৃষ্ণ করে কেনে তারে ভারুণ্ডা রাখিল। চন্দ্রাবলী রাখি তার কি লাভ হইল ৷ কুন্দলতা কহে একা ভারুণ্ডা না হয়। জটিলা প্রভৃতি সব বুদ্ধাই রাখয়॥ এই কথা কুন্দলতা কহিতে কহিতে। সেই স্থানে চন্দ্রাবলী হৈল উপনীতে ॥ পদ্মা সঙ্গে নান। রক্ষে আনন্দ পাইয়া। কহিতে লাগিলা কৃষ্ণ প্রেমে মত্ত হৈয়া। তথাতি ॥ ৯ ॥ রচয়তু মম বৃদ্ধা তর্জ্জনং তুর্জ্জনী সা কবলয়তু কুলেন্দুং কোহপি চুর্বাদরান্তঃ। সহচরী পরিহর্ত্ত্যুং নাক্ষিভৃঙ্গৌ ক্ষমেতে মধুরিপুমুখপদ্মালোক-মাধ্বীক-লোভম্ ॥ ৯ ॥

^{&#}x27; মূলে আছে—ন্নং চক্রাবলীচরণচাতুরীচমৎকারোহয়ং। টীকাতে আছে—এ নিশ্চর চক্রাবলীর চরণচাতুরীর চমৎকার, অর্থাৎ তাঁহারই পদাম্বাতে অকালে এই অশোক বৃক্ষ সকল পুশিত হইয়াছে।

যথা রাগ ॥

গুহে মোর গুরুজন যদি করে তরজন কিবা মন্দ কহে বারে বারে। কৃষ্ণমুখ-নিরীক্ষণ পদ্মমধু-আস্বাদন নেত্রভঙ্গ ছাডিতে না পারে। যদি কুলচন্দ্রবরে নিন্দা-রাছ গ্রাস করে অনাদর করে জগঙ্জন। তথাপি ক্ষের গুণ পাশরিতে নারে মন না হেরিলে না রহে জীবন। কৃষ্ণরূপ রুসায়ন পান করে যেন **ম**ন সে নয়ন ধশ্য করি মানি। কৃষ্ণকথামূত-গান যে কর্ণ করয়ে পান সফল জনম তার জানি॥ শুন পল্মা সহচরী ধৈরজ ধরিতে নারি সদা মন হয় উচাটন। কৃষ্ণপদ নির্বাথয়া সব তুঃখ বিস্মরিয়া

তবে কৃষ্ণ চন্দ্রাবলী নিকটে আসিয়া।
কহিতে লাগিলা তার বদন চাহিয়া॥
শুন প্রিয়ে চন্দ্রাবলি তুয়া মুখ হেরি।
পরাভব পাইল চন্দ্র কাঁপে থরথরি॥
ক্রেক্সর ভঙ্গিতে পুন ভয় হৈল চিতে।
বিষ্ণুপদে শরণ লইল আকাশেতে॥
সেখানে থাকিয়া স্থির হইতে না পারে।
দশুশ্রোণী হইয়া মুখের সেবা করে॥
অতএব বিজরাজ পদবী পাইয়া।
সর্কোপরি রহে এবে নির্ভয় হইয়া॥
শুণশীল সুধানিধি সম্পূর্ণ সকলি।
সেই হেতু তুমিত হইলা চন্দ্রাবলী॥

স্বরূপের এই নিবেদন॥

কুন্দলতা কহে কৃষ্ণ তোমার হিয়ায়। হারমধ্যে রত্ন এই অতি শোভা পায়॥ তারমধ্যে দেখ এক আশ্চর্যা ঘটিল। চন্দ্রাবলী মোর জায়ের প্রতিবিদ্ধ হৈল। কৃষ্ণ কহে কুন্দলতা কি কথা কহিলা। চন্দাবলী তব জাতা কেমনে হইলা॥ কুন্দলতা কহে কৃষ্ণ শুন বিবরণ। চন্দ্রাবলী-পতি নহে মল গোবর্দ্ধন ॥ পরস্পর লোকমুখে মরম শুনিল। তুমি ত বল্লভ তার নিশ্চয় জানিল। তুমি মোর দেবর তোমার সেই কাস্তা। অতএব চন্দাবলী হৈল মোর ভাতা ॥ তবে চন্দ্রাবলী কহে জ্রভঙ্গি করিয়া। ধুষ্ট কুন্দলত। তুমি রহ স্থির হৈয়া। কুন্দপুষ্প সমভাব দেখিয়ে তোমারে। নিজগন্ধ বিস্তারিয়া আনহ ভ্রমরে॥ কুন্দলতা কহে শুন শ্রীকৃষ্ণ দেবর। নিকুঞ্জবাসিনী তোহেঁ কহিল বিস্তর ॥ বৃন্দাবন ভ্রমর না হয় বিদগ্ধ। প্রফল্ল পদ্মিনী হেরি তাহে নহে রত॥ পদ্মা কহে তুমি মিথ্যা করহ সংশয়। বনচর ভ্রমরে পল্লিনী না রোচয়। বনে থাকি মত্ত হয় মধু পান করি। তারে ভাল লাগয়ে বিশাখা-সহচরী॥ ' বিশাখার সহচরী ঝিল্লী পুষ্প হয়। ছলে পরিহাস কথা পদ্মা সখী কয়॥ কুন্দলতা কহে শুন সখি চন্দ্রাবলি। জানিলাম অভিপ্রায় তোমার সকলি।

বিশাথা অর্থাৎ শাখারহিতা সহচরী—বিস্তী পূষ্প।

লজ্জা পরিহরি নিজ বক্ষম্বল 'পরে। হারসম হরিরত্ব কর অলঙ্কারে ॥ চন্দ্রাবলী কহে ধ্রফে অন্যে কেন বল। আপনার বক্ষস্তলে অলঙ্কার কর ॥ কুন্দলতা কহে কুফ শুন মোর কথা। खवकिनो कत हन्तावनौ-**कर्नल**ा॥ চন্দ্রবিলী করে বাধা দেহ কি কারণে। প্রিয়া লাগি উৎকণ্ঠা আছয়ে কৃষ্ণ-মনে ॥ कुन्मला करह मिथ व्याम्ठिश এ इय । তোমা বিনে কুষ্ণপ্রিয়ে অশ্য কে আছয়। পদ্মা কহে থাক থাক রাধিকার সথী। কত পরিহাস কথা জান হর্ষম্থি॥ कृष्ठ करह. "हन्द्राविल, व्यामात्र ऋषग्र। তোমার পরোক্ষে রাধা নাহি পরশ্য ॥ কিন্ত অতিশয় তুঃখ হয় সেইক্ষণে। মন্মথ-বাধা প্রবেশয়ে মোর মনে ॥" ' রাধানাম স্মরণেই ভাব উপজয়। বাধা বাধা কহিতে আপুনি রাধা হয়॥ চন্দ্রাবলী হেরি কৃষ্ণ মনে হৈল ভয়। রাধা রাধা বলি পুন কহে বিপর্যায়॥ পদ্মা কহে শব্দ ফিরাইয়া কিবা লাভ। সতাবাদী হয় মহাজনের স্বভাব ॥ যাহাতে নিগৃঢ় প্রেম সেই জাগে মনে। রাধার করিতে নাম বাধা বল কেনে। কৃষ্ণসঙ্গে পদ্মা এইমত কথা কয়। হেন কালে বেশস্থলে আর শব্দ হয়।

^{&#}x27; তোমার পরোক্ষে রাধা কখনও আমার হানর স্পর্শ করিতে পারে না, কিন্তু রাধা আসিয়া আক্রমণপূর্বক অবস্থিতি করেন।—টীকা। এই স্থানে রাধা ও বাধা এই ফুইরের বিশব্যয়-পাঠ-পরে ক্রষ্টব্য।

সাধু সাধু কুন্দলতা, না জান কারণ। শিলাপুঞ্জসম ক্রের মল্ল গোবর্দ্ধন ॥ কুন্দলতা কহে হায় বিপত্তি ঘটিল। কোপমতি ভারত্তা কি কঠোর কহিল। চন্দ্রাবলী মনে তবে ত্রাস উপজিল। পদ্মার সহিত তথা হৈতে গহে গেল। कुन्मला कृत्यः करि विषाय श्रेया । যশোদা-মন্দিরে গেলা তুরিতে চলিয়া॥ তবে কৃষ্ণ কিছ অগ্রে গমন করিলা। বিশাখার কাঞ্চিধ্বনি শুনিয়া কছিলা। শুন স্থা কিবা শব্দ আচ্মিতে হয়। অনঙ্গ-বিলাস যেন করিল উদয় ॥ বাম দিক নির্খিয়া উৎকণ্ঠা বাডিল। কুন্দলতিকার কথা শরণ হইল।। নিজবধু গোপবুদ্ধা নিরোধ করয়। হেন বুঝি রাধিকার না হয় উদয়। তবে কেন রুথা আর এ স্থানে বসিয়া। গুহে গিয়া নিজ জননীরে প্রীত দিয়া॥ ' এত বলি স্থা সঙ্গে গমন করিলা। পৌর্ণমাসী গাগী সঙ্গে আসিয়া মিলিলা ॥ রোহিণী প্রভৃতি যত শ্রেষ্ঠা গোপীগণ। যশোদা নিকটে সভে করিলা গমন॥ তবে ত যশোদারাণী সভারে মিলিলা। স্নেহ ভবে আর্দ্র হৈয়া কহিতে লাগিলা॥ প্রভাতে উঠিয়া মোর কান্ত গেলা বনে। এখন না আইলা, এত বিলম্ব বা কেনে ॥ হেনকালে কুন্দলতা তথাই আইলা। যশোদারে সম্ভাষিয়া প্রণাম করিলা ॥

প সম্ভোষ করিয়া—টীকা।

কহিতে লাগিলা কুন্দলতা বিচক্ষণা। কুষ্ণের বিলম্ব হেতু না কর ভাবনা। কৃষ্ণ গৃহে আসিবারে গমন করিলা। পথে দেবনারীগণ আসিয়া মিলিলা ॥ কুষ্ণের উপরে করে পূপ্প বরিষণ। গুহে আসিবার এই বিলম্ব কারণ। রোহিণী কহেন ইহা পূর্বেব আমি জানি। গোপীরে দেখিল যবে দেবতা-রমণী ॥ দেবনারী বিজাধরী আপনা নিন্দিল। ব্রজাঙ্গনারূপে তারা মোহিত হইল। যশোদার মনে তবে সন্দেহ ঘচিল। পৌর্ণমাসী-প্রতি বাণী কহিতে লাগিল ॥ চন্দ্রাবলী রাধা আর যত গোপীগণ। আমার মনের সাধ করেন পূরণ। তার মধ্যে রাধা রূপগুণে অমুপমা। সৌন্দর্য্য সৌরভে আনন্দিত করে **আ**মা। পৌর্ণমাসী বলে একা তুমি হেন নয়। সকল গোকুলবাসী এমতি কহয়॥ গার্গী বলে কুন্দলতা ব্রজেশ্বরী ঘরে। সদাই আনহ তুমি কেন রাধিকারে॥ যশোদা বলেন শুন তাহার কারণ। রাধা যেই অন্ন আদি করেন রন্ধন ॥ সে **অন্ন** ব্যঞ্জন যেবা করয়ে ভোজনে। দীর্ঘ আয়ু হয় সেই তুর্ববাসা-বচনে ॥ ইহা জানি আনন্দিত হয় মোর মনে। অতএব রাধিকারে করি নিমন্ত্রণে ॥ পৌর্ণমাসী কহে তুমি স্বরূপ কহিলা। কিন্তু কৃষ্ণ-প্রতি শঙ্কা করয়ে জটালা।। रांत्रिय़ा यत्भामा कटर त्य छन शिवय़। তাহাতে আশক্ষা তার কি বিচারে হয়॥

কুন্দলতা তবে হাসি কহে ধীরি ধারি। স্তনমুখ তব কৃষ্ণ বটে ব্রজেশ্বরী ॥ কিন্ত বাম হতে করি গিরীলে ধর্য। কন্দক সমান মানি বিহার করয় ॥ ³ এত শুনি পৌর্ণমাসী আনন্দ পাইয়া। অগ্রে ক্ষচন্দ্র দেখি করেন হাসিয়া॥ **(** एथ (एथ क्रुक्ट क्रुयमा मम्नाग्र । **ভু**বন মোহিত হয় রূপের ছটায় । জগতের শিররত আনন্দের ধাম। সর্ববাক্তে পুলক হয় শুনি যার নাম ॥ ব্রজেশ্বর-গর্ভ এই রতের আকর। তাহাতে উদয় হৈল নীল মণিবর ॥ তবে কফচন্দ্র আসি প্রবেশ করিলা। জননীরে প্রণমিয়া কহিতে লাগিলা। শুন মাতা অশ্রুস্ছি দেখহ আমারে। বনে হৈতে এই আমি আইলাম ঘরে॥ ट्रिकाल मौभावनौ दाहिनी व्यानिना। নির্দাঞ্জন ২ করি কুষ্ণে কহিতে লাগিলা ॥ শুন শুন বাপ কৃষ্ণ তোমার এ মাতা। গোধনের পথে দৃষ্টি করেন সর্ববথা॥ পথ পানে চাহি মাত্র এক দৃষ্টে রয়। অনেক দুঃখেতে দীর্ঘ দিবাসান ° হয়॥ তোমাতে বাৎসলা তাথে বিহবল সদাই। তোমা বিনা ধন প্রাণ অক্স আর নাই। একবার বসি জননীর ক্রোড' পরি। আনন্দ জন্মাহ স্তনচ্ন্ত্র পান করি॥

> রাজ্ঞীর দন্তান দতাই ছগ্নমুখ, যিনি গোবর্দ্ধনকে কন্দুকিত করিয়াছেন—টীকা।

[॰] নিছিয়া ফেলা।

क्रिवामान=क्रिवावमान।

তবে কৃষ্ণ জননীর ক্রোড়েতে বসিয়া। অতিশয় বালালীলা প্রকাশ করিয়া॥ জননীরে বলে মোর খেলার সাধন। কোপায় রাখিয়াছো মাতা দেহ এই ক্ষণ ॥ জননীর ক্রোড়ে নিজ মস্তক অর্পিয়া। দেহ দেহ বলি মাতা **আশাসে হাসি**য়া॥ দেখি পৌর্ণমাসী অতি সম্ভোষ অন্তরে। কৃষ্ণ-অঙ্গে ধেমুধূলি নিরীক্ষণ করে॥ কি **অপু**র্বব রেণু সব শোভিয়াছে গায়। গিরিধাতু আচ্ছাদিত অলকা লুকায়॥ কৃষ্ণ হেরি যশোমতি অতি স্নেহ ভরে। স্তম্য তুগ্ধ পূরে নব অভিষেক করে। কুন্দলতা হাসি হাসি কটাক্ষ করয়। স্তন পান কর কৃষ্ণ জননী যাচয়॥ অন্ত কুঞ্জ মধ্যে বহু ক্রীড়া অবসরে। মলিন হৈয়াছে মুখ তৃষিত অন্তরে। যশোদা বলেন বাছা হাস কি কারণে। বাল্য নাহি যায়. ' কিবা দোষ স্তন পানে ॥ কুন্দলতা কহে সত্য কহ রাজরাণী। বালাগণ মধ্যে রাস করে নীলমণি ॥ তবে কৃষ্ণ মনে লঙ্জা পাইয়া চিন্তয়। **ক্রভঙ্গি** করিয়া কুন্দলতারে ভর্ৎ সয়॥ পৌর্ণমাসী সম্বোধিয়া কছে রাজবাণী। কার নাম মহারাস, আমিত না জানি॥ হাসি পৌর্ণমাসী তবে বুঝাইয়া কয়। মণ্ডলী করিয়া নৃত্য মহারাস হয়॥

ভোমার এখনও বাল্যকাল গত হয় নাই, অতএব স্বস্তু পানে দোষ নাই।

তবে কুন্দলতা ভঙ্গি করিয়া কহয়। তৃষ্ণাকুলা ' চকোরিণী পিঞ্জরে ' জ্বায়। বকুলের কুঞ্চে তারাপতি নিরদয়। প্রহারয়ে সদা, নিজ স্থধা না অর্পয় 🔭 ॥ কুন্দলতা-বাক্য কৃষ্ণ প্রসঙ্গে বুঝিলা। জ্রসংজ্ঞা করিয়া তাহা স্বীকার করিলা ॥ এই কালে বেশস্থানে পুন শব্দ হৈল। যাইতে নারিল কৃষ্ণ তাহাই শুনিল। আইস বৎস, নীলমণি ভুবন-স্থন্দর। তোমারে না দেখি মোর অন্তর কাতর॥ আসি দেহ আমারে শীতল আলিঙ্গনে। পুরাও মনের সাধ মিষ্ট আলাপনে ॥ এত শুনি কৃষ্ণ মনে বিতর্ক করিলা। গোষ্ঠ হৈতে মোর পিতা নন্দ বুঝি আইলা॥ অনেক দিবস পরে গৃহে আইলা পিতা। তাঁহারে আনন্দ দিব না রহিব এথা।। এত বলি যশোমতি আদি গোপী সঙ্গে গমন করিলা গুহে কৃষ্ণ মহারঙ্গে॥ কুন্দলতা কহে ভাগ্য উদয় হইল। ললিতা বেতসীকুঞ্জে রাধারে আনিল।। প্রবেশ করিয়া রাধা কহে ললিতারে। প্রশংসা না কর কেনে এই ক্ষণদারে ॥ • আহলাদিত হয় মম ছটা স্থশোভিত। ' তোমাদের শুভ আশা করে অঙ্কুরিত।

^{&#}x27; ভৃষ্টাকুলা-পুথি।

^২ পঞ্জরে—পূথি।

তারাধীশ অর্থাৎ রাধেশ, পিঞ্চরাবদ্ধা তৃষ্ণাকুলা চকোরিকা নিরম্ভর দগ্ধ হইতেছে।
 অতএব শীঘ্র অশোককৃঞ্জে পাদ প্রাসারণ কর।—টীকা।

মৃলে আছে "ক্থণদা", অর্থাৎ "ক্ষণদা"—(টীকা)। রজনী।

[•] চন্ত্রকিরণ-শোভিত ?

ললিতা কহুয়ে এই সভারে রঞ্জয়। বজনী ইহারে তেই সর্ববজন কয়॥ কুন্দলতা আসি বলে শুনহ ললিতে। অন্ত রাত্রি স্থথে কৃষ্ণ পুজিলা নেত্রেতে ॥ ³ সরোমাঞ্চ হযে তবে রাধিকা কহিল। কুষ্ণ কেবা ইহা আছে এখনে শুনিল। কহ কহ ললিতা সে কৃষ্ণ কেবা হয়। শ্রেবণ স্পশ্রিয়া নাম উন্মত্ত কর্য **॥** শুনি কুন্দলতা পুনঃ হাসি হাসি কয়। লেকোত্র বস্তর সভাব এই হয়। যে রূপ নয়নে সদা পিয়ে গোপীগণে। তথাপি অপূর্ব্ব সেই হয় ক্ষণে ক্ষণে॥ ললিতা কহেন কুন্দলতা-মুখ চাহি। ইহাতে আশ্চর্যা আছে শুন তাহা কহি॥ লোকোত্তর বস্তর কেবল ধর্ম্ম নয়। অনুরাগ ক্ষণে ক্ষণে নৃতন করয়। রাধিকা কহেন শুন ললিতা সুন্দরী। কি কথায় কিবা কহ বুঝিতে না পারি॥ রাধিকার বচনে ললিতা স্থচতুরা। কৃষ্ণরূপ মাধুরী বর্ণেন মনোহরা॥ দেখি সখা অপরূপ শ্যাম নবঘন। ভুবনমোহনরূপ নবীন যৌবন ॥ नत्मत्र जानन्ममारे [माग्री] देश्ल कान छात । কুলবতী সতীগণের করে বিভন্ননে॥ যাহার বংশীর ধ্বনি দস্যুপণা করে। কর্ণপথে প্রবেশিয়া নীবিবন্ধ হরে।

[ু] মূলে আছে— "ভূজেধিং এ অভিদো কছো," আথাৎ "ভোমএ। ঈরৎ হাসত কটাক্ষ-পদ্মধারা শ্রীক্ষয়ের আন্তর্নাকর নাই।"— টাকা। অমুবাদে নেভিবাচক শব্দেও উল্লেখ নাই।

ব আলোকিক।

গুরুলোক আগে কুলবধু লভ্জা পায়। কৌতৃক দেখয়ে যুবা হাসিয়া বেড়ায়॥ অশ্রমুখী হৈয়া রাই কহিতে লাগিলা। সেবা কোন জন যার এ গুণ বণিলা। সে জন আমারে যবে দরশন দিবে। নয়ন সফল মোর তবে সে হইবে॥ কুন্দলতা বলে ভূমি অতি ভৃষ্টাকুলা। প্রভাতে ' বিশাখা কৃষ্ণ তোমা মিলাইলা । রাধা বলে মোর মনে তাহা না আছিলা। সাধু সাধু কুন্দলতা ভাল স্থচাইলা 🤊 ॥ একবার বিদ্যাতের আভা সম হৈল। ° গোকুলের যুবরাজ আমি নির্থিল। নেত্রভরি না দেখিলুঁ সন্তাপ বাচয়। মন্দভাগ্য আমি মনবাঞ্চা ন। পুরয় ॥ তবে কৃষ্ণ রঙ্গে আসি প্রবেশ করিলা। ললিতা-কঙ্গণ-ধ্বনি শুনিতে পাইলা। চটকের ⁸ ধ্বনি যেবা নিন্দিত করয়। বেতদী-নিকুঞে কিবা হইল উদয়॥ পুনরপি কৃষ্ণচন্দ্র উৎকর্ণ হইলা। রাধার কিঙ্গিণী-ধ্বনি শুনিতে পাইলা॥ মধুরিমাসার কিনা বরিসন হৈল। গগনে সারসগণ স্তম্ভিত হইল ॥ বাধিকার কিন্ধিণী ঝক্লতি চমৎকার। কন্দর্প বিক্রিডা ' হৈয়া রচয়ে আমার ।

মূলে আছে—"কল্পি পদোসারন্তে" অর্থাৎ "কল্য স্বায়ং কালে"—টীকা।

[॰] ऋत् कत्रांडेना; मृत्न चार्छ— "स्मताहेमः"।

বিত্যুৎ-বিশাদের ন্যায়।
 চটকপক্ষীর কলধ্বনি।

[্] মৃলে আছে — "বিজিয়াড়ৰমাণি" অৰ্থাৎ "মামার হৃদয়-মধ্যে বিকার সকলের প্রাকাটা প্রান্তি করাইতে লাগিল।"

তবে রাধা কৃষ্ণ বাক্য শুনিতে পাইয়া। কহিতে লাগিলা প্রেমে আবিষ্ট ছইয়া॥ গোষ্ঠমধ্যে অগ্রে এই কে করয়ে শোভা। মরকতম্বিগণ জিনি তমু আভা ॥ কি অপুর্বব কারিকর বুন্দাবনে আইল। একবারে সর্ব্বচিত অনুরাগা হৈল। কুলবধু-ধর্মা এ পাষাণ হৈতে দঢ়। ছেদিতে কটাক্ষ টাঙ্গি ' পাইয়াছে বড়॥ ললিতা কহেন সখি শুন পরিচয়। তোমার পরাণনাথ আর কেহো নয়॥ শুনিয়া রাধার মনে আনন্দ হইল। ভাবের আবেশে পুনঃ কহিতে লাগিল । গোপী-কুমুদিনী-নাথ স্থধার আকর। সেই স্থশোভিত কিবা এই রঙ্গধর। সেই যুবরাজ এই গোকল-জীবন। মোর মন-কোকিলের বিনোদ কানন ॥ অগ্রে মনোহর রূপ প্রকাশিত হয়। অমৃততরকে মোর নয়ন সিঞ্**য়**॥ তবে কৃষ্ণ রাধিকার বচন শুনিয়া। কহিতে লাগিলা মনে আনন্দ পাইয়া। আপনার মাধুর্য্য-লহরী বিস্তারিয়া। মোর মন-মত্তহস্তা তৃষ্টা বাঢাইয়া। পুনঃ পুনঃ আমার নয়ন আকর্ষয়। কি অপুর্বব বিভা। এই অগ্রে বিরাজয়। मध्तिम-भतिवाश कला। निर्मा । १ জানিলাম মোর মন মোহে প্রীরাধিকা।

[›] মূলে আছে— "দীধাণাক-টক্ষছটাভিঃ" অধাং "দীর্ঘ কটাক্ষরণ পাষাণভেদ।" টকঃ পাষাণদারণঃ।

कानिनाम हिन तिहे नीर्षकिकाक्यनीमा-माध्या-वाहिनी कन्छान-नीरिका अवाधा ।

পুনর্বার শ্রীরাধার মধুরিমা হেরি। আনন্দে মগন হৈয়া কহেন প্রীহরি॥ স্থললিত লোমাবলী শৈবাল যাহাতে। **চক্র**বাক যুগ্যকুচ ' কেলি করে তাথে। করপদ্ম স্থবিস্তার প্রফুল্লিত হয়। মূলে নম্র মুণাল শোভিত বাহুদ্বয়। ञ्रु देश वित्नाहन मक्त्री यूगल। ক্রীড়া করে সদা পূর্ণ অনুরাগ-জল। ব্রজপুরে বিরাজিত সেইত দীর্ঘিকা। বহুভাগ্যে দেখিলাম নাম শ্রীরাধিকা॥ শুনিয়া আনন্দে রাই বিঘূর্ণিত হয়। হস্ত অবলম্ব দেহ, ললিতারে কয়। তবেত ললিতা ধরি স্থস্থির করিলা। আপনার স্কন্ধে তার ভুজ আরপিলা॥ তবে কৃষ্ণ রাধিকার নিকটে আইলা। মুখচন্দ্র নিরখিয়া কহিতে লাগিলা। শুন প্রিয়া প্রকাশিত তোমার নয়ন। প্রসন্ধ আমার মন পাইয়া দর্শন ॥ তোমার বদনে দেখিলাম প্রফুল্লতা। আমি অতি প্রফুল্লিত হইলাম সর্ববথা। তোমার কটাক্ষ অতি শ্যামল বরণ। আমিহ হইনু শ্যামবর্ণ সে কারণ। তুয়া রূপ-গুণে আমি হইলাম বশ। প্রদন্ন হইয়ে দেহ মুখ স্থধারস ॥ শুনিয়া রাধার কত ভাব উপজয়। গদগদ বাক্যে কুন্দলতারে কহয়॥ শুন সখি কুন্দলতা আমার বচন। স্থন্দর শেখরে তুমি কর নিবারণ ॥

চক্ৰবাক্ষুগণভূণ্য কুচ্যুগ।

গুহে বুদ্ধা খশ্র মোর বিষম বাঘিনী। মুঞী মন্দভাগ্য সদা তাহার অধিনী। হেন কালে সেই স্থানে জটিলা আইল। কৃষ্ণ দেখি ক্রোধমুখী গর্জ্জিতে লাগিল। उत्त श्रुष्ठे महा क्रुष्ठे यत्नामात दवछा। ব্রজপুরে সতীঘরে তুই হৈলি কাঁটা॥ গোঠে থাক ধেন্তু রাখ বেড়ায় কাননে। হাথে বাঁশী মন্দ হাসি ক্ষাকার ' এ স্থানে । ধর্ম্মপথ হৈতে চ্যুত কৈলে গোপীগণে। পতিব্ৰতা হেন এথা নাহি একজনে।। পুত্রবরে পূর্ণ করে তেঞী বাচে বধু। সতী নাম রাখে শ্যাম মোর কুলবধু॥ এত বলি হস্ত ধরি রাধারে লইল। শ্রীললিতা কুন্দলতা সহ গৃহে গেল। কৃষ্ণ কহে প্রিয়ে গৃহে করিলা গমন। আমি যাই বৎস গাই করি সম্ভাষণ ॥ ^২ মনে ভাবি বৎস গাভীগণে আকর্ষিলা। মিত্র সঙ্গে নানা রঙ্গে গৃহে প্রবেশিলা। পূর্বের কহিয়াছি চন্দ্রাবলীর মিলন। **এবে কহিলাম রাধা ক্রফের দর্শন** ॥ প্রথমাঙ্ক কথা এই ললিতমাধব। ভাষারূপে কহিলাম সায়ং উৎসব ॥ শ্বতি করি ইফ পাদপদ্মের পল্লব। কহয়ে স্বরূপ নিত্যানন্দ কুলোন্ডব ॥

ইতি—ললিতমাধবাখ্যানে প্রেমকদম্বে প্রথমাঙ্কঃ।

১ কলক

['] মূলে আছে—"দন্তালনায়" অর্থাৎ "একতা করিবার জন্য।"

ছিতীয় অঙ্গ

সান্দানন্দং নিরব্ধিশচীগর্ভপাথোধিরতং হর্ষয়ন্তং দয়িতকুমুদং প্রেমপীযুষপুরেঃ ॥ বেদয়ন্তং বিষয়তিমিরং মুক্তিলাবণ্যজালৈ-র্নেত্রাহলাদং প্রকৃতিমধুরং গৌরচক্রং ভজামি॥ দ্বিতীয়াকে সূর্য্যপূজাকৌশলেন কৃষ্ণসঙ্গমো বর্ণ্যতে রাধায়াঃ প্রেমা শব্দড্বধস্ততঃ॥ জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্ত নিত্যানন্দ। জয়াবৈতচন্দ্র জয় গৌরভক্তরন্দ ॥ প্রথমান্ধ সূত্ররূপ করিল বর্ণন। বিতীয় অক্ষের কথা শুন দিয়া মন। সূর্য্যপূজা করিবারে রাধিকা আইল। প্রেমযোগে কৃষ্ণদঙ্গে মিলন হইল ॥ শঙ্খচড় নামে এক অস্তুর আছিল। এক্রিক্রের হস্তে সেই প্রাণ হারাইল। এ সকল কথা প্রশ্ন এই আঙ্কে হবে। উপস্থিত নাটালালা কথা শুন এবে। তবে বুন্দাদেবী আসি রঙ্গে প্রবেশিলা। গ্রানম্থল হেরি কহিতে লাগিলা ॥ রজনার ক্ষয় বঝি হৈল বিধিবশে। সকল নক্ষত্ৰগণ লুকায় আকাশে॥ বুহস্পতি যদি সনন দেবগুরু হয়। হইয়া গৌরবহীন গৃহে প্রবেশয় ॥ রজনীর কান্ত চন্দ্র কান্তিহীন হৈয়।। নিম্নগামী হৈয়া যেন যায় পলাইয়া ॥ বুঝিলাম বরুণ-রমণী অভিলাবে। নিশাপতি চলিলেন পশ্চিমের দিশে।

কহিতে কহিতে বৃন্দা আগে চলি যায়। দ্ধি-মন্তনের শব্দ শুনিবারে পায়॥ রজনীর শেষে কিবা রম্য শব্দ হয়। গোপাঞ্চনা বঝি দধি মন্তন করয়॥ মধর গম্ভীর ধ্বনি বাঢে ক্ষণে ক্ষণে। সমদ্র মন্থন-স্মৃতি হয় দেবগণে। তবে বৃদ্দা অগ্রে দৃষ্টি বিক্ষেপ করিল। মালতী মন্তুয়ে দ্ধি দেখিতে পাইল। গর্গরির শব্দে কর্ণে আনন্দ জন্মায়। কর্মণের কল্পবনি তাহাতে মিশায় ॥ আকর্ষণ প্রসারণ বাক্তবয় হয়। দধি বিসর্পিয়া [গৃহ] ' **অন্সন শোভ**য়। তবে বৃন্দা নিজ পার্শ্বভাগ নিরক্ষিলা। পালীকা । সখীরে দেখি মনে বিচারিলা ॥ शाली वृक्षि कुक्ष टेश्टा (गार्छ **अ**तमारा । চকিত নয়নে মুখচন্দ্র আবরয়ে॥ **७**(य़ करत मन्द्र भन्द्र भाष विक्रिश्र । চতুদ্দিকে ° নেত্রযুগ করুয়ে চালন ॥ রজনী প্রভাত জানি মনে ভয় পায়। বেণীবন্ধ মুক্ত দেখি মস্তক নামায়॥ । তবে বুন্দা অশুদিকে ফিরিয়া চাহিলা। শ্যামলা গমন করে দেখিতে পাইলা ।।

^{&#}x27; মৃলে আছে— "বিচিত্রিত গৃহাঙ্গনং; অর্থাৎ চতুর্দ্দিকে নিকিপ্ত দধি-বিন্দুতে স্থাণাভিত।

[্] এক স্থীর নাম।

পুথিতে আছে— "চতুদীগে"; পাছে কেহ দেখিতে পাইরা রজনীর কুঞাবিহার অবগ্রহার, এই ভয়ে।

^{॰ &}quot;স্কাৰণখী খণিত-বেণাশালী-মন্তক অবনত করত" ইত্যাদি-ট্রিকা।

কি **অপু**র্বব শোভা তার হৈয়াছে উদয়। গোকুল নগরে আসি প্রবেশ করয়॥ নাভি সহচর ১ বস্ত্র কটীতে ধরয়। শ্রীবংসের সঙ্গী হার গলায় পরয়॥ মকর কুণ্ডল গণ্ডযুগে সমর্পণ। কৃষ্ণকৃত পত্ৰাবলী গণ্ডে স্থশোভন॥ তবে পুনঃ বুন্দা অন্যদিক পানে চায়। পদ্মার গমন তাঁহা ২ দেখিবারে পায় !! পদ্মা সথী কুঞ্জ হৈতে আইসে গোকুলে। কবরী কুস্থম মালা না হয় শিথিলে । " রাগযুক্ত বিস্বাধর তেমতি আছয়। গণ্ডদেশে পত্ৰাবলী ভক্ত নাহি হয়॥ মুখকান্তি মলিন, প্রকাশ না পাইল। ভাবে বুঝি বিপ্রালকা ° হইয়া চলিল ॥ এত জানি বুন্দা মনে আনন্দিত হয়। হেনকালে বেশ-স্থলে কেহো কথা কয়॥ ° निकुक्ष ভবনে यत्य मिल्रका कृषिन। কোন গোপাঙ্গনা * তাহে প্রফল্ল হইল। শেফালিকা পুষ্প যবে খসিয়া পড়য়। তবে সেই বালা অতি বিষাদ করয়॥ मूमिङ श्हेल यत्व क्वलग्न वन। তাহা হেরি সেই নারী মুদিত নয়ন॥

- ু প্রীক্ষের নাভিপদ্মের সহচর পীত বসন। স্বাধীনভর্ত্কার ভাব।
- ২ তথায়।
- ॰ क्वती मिथिन इम्र नाहे--- जिका। विश्वनकात ভाव।
- সঙ্কেতস্থানে ধাইয়া যে নায়িকা ব্যর্থমনোরথ হয়।
- ে পরবর্ত্তী বাক্যে পল্মার স্থী পল্মার অবস্থা বর্ণনা করিয়া শ্রীকৃষ্ণকে ভিরস্কার করিতেছে।
 - অর্থাৎ পদ্ম।।

আর কি কহিব শুন বিলাসী নাগর। প্রণামের ছলে পরিহাস কেন কর । ' रेश छनि वृन्तारमवौ मत्नार जावग्र। জানিল পত্মার সখী ক্ষয়কে ভর্ৎ সয়॥ ইহা জানি বুন্দাদেবী নিভূতে রহিল। পুনঃরূপি বেশ-স্থানে আর শব্দ হৈল। চিন্তার সমুদ্রে আমি নিমগ্র হইয়া। ° আছিলাম একাকিনী ভূমেতে পডিয়া। কাহাকে কহিব মুঞি তুঃখ যত পাইল। জাগরণ করিয়া রজনী পোহাইল ॥ ইহা শুনি বন্দাদেবী সেই দিগে চায়। পৌর্ণমাসী আইলা রক্তে দেখিবারে পায়॥ প্রণাম করিয়া বন্দা করে নিবেদন। চিন্তাকুলা দেখি তোমা কিসের কারণ। পৌর্ণমাসী কহে বাছা শুন মন দিয়া। আদেশিল ° মলিরাজ উদ্ধব আসিয়া ॥ ° অন্ত ভোজরাজ সেই কংস তুরাশয়। অরিষ্টকেশিকে ° তথা আদেশ করয় ॥ শুন শুন চুই স্থা আমার বচন। গোকুলে পুতনা যবে করিল গমন। কুমার মারিতে তারে আমি আজ্ঞা দিল। শীদ্রগতি নন্দালয়ে গমন করিল। নানা যত করি শিশু মারিতে নারিল। সেইত শিশুর ঠাঞি আপুনি মরিল। সেই হৈতে সর্বলোকে বিদিত হইল। স্কন পানে রাক্ষসীর পরাণ বধিল।

- ু প্রীক্ল অভিবাদন করিয়াছিলেন, তাহারই উল্লেখ।
- ্ ইহা পৌর্ণমাসীর উক্তি। "বলিল।
- ॰ পরবর্জী বাকা উদ্ধবের উক্তি। ' ব্রজাস্থর ও কেশীদানবকে।

কেমন বালক সে আশ্চর্য্য বলবান। আমার আপদ বুঝি হইল বিভামান ॥ পুরুবে আমারে যেই হৈল দৈববাণী। তাহা এবে প্রকটিল হেন অনুমানি॥ বিতর্ক করিয়া আমি জানিল নিশ্চয়। বালক বালিকা তুই গোকুলে আছয়॥ অতএব তরা করি করহ গমনে। গোকুল প্ৰবেশি তত্ত্ব জানহ যতনে ॥ ১ শুনি বুন্দা কহে তবে চমকিত হৈয়া। তারপর কি হইল কহ বিস্তারিয়া। পৌর্ণমাসী বলে বাছা শুন বিবরণ। তবে কেশী প্রবেশ করিল রন্দাবন। রাধাকৃষ্ণ রূপগুণ সকল জানিয়া। কংসের নিকটে নিবেদন কৈল গিয়া ॥ শুনি কংস রাধারূপে লোভিত হইল। গোকুলে যাইব বলি মন্ত্রণা করিল। ইহা শুনি বুন্দা মনে কাঁপিতে লাগিল। কহ কহ ভগবতি তবে কি হইল ॥ পোর্ণমাসী কহে শুন নির্ভয় হইয়া। অরিষ্ট অস্তর কংসে নিবেদিল গিয়া॥ শুন শুন মহারাজ কংস মহাশ্য। রাধিকার পাণিবন্ধ । হইল নিশ্চয় ॥ তবে কংস চুষ্টমতি নিরস্ত হইল। শব্দচূড় সম্বোধিয়া কহিতে লাগিল॥ প্রিয় শঙ্কুড় শুন আমার বচন। তুমি গিয়ে রাধিকারে করহ হরণ॥

कश्मवादकात्र (भव ।

[॰] বিবাহ।

ইহা বলি শখচুড়ে নিযুক্ত করিয়া। কংসরাজা অন্তঃপুরে প্রবেশিল গিয়া। বন্দা কহে ইহা শুনি হইল বিশায়। ইহাতে তোমার চিন্তা সত্যযুক্ত হয়॥ প্রয়ের বিক্রমে চিস্তা হয় অতিশয়। ত্রিলোকী ' তাপিত করে একা তোমা নয়। রূপেগুণে যেই নারী সর্বেবাপরি হয়। খলজন যদি স্পর্শ তাহারে করয় ॥ তবে সেই কুমারী অবশ্য দগ্ধ হয়। প্রিয় পরিজনগণে পীডিত করয়॥ সস্তাপ পাইয়া বুন্দা ভাবিতে লাগিলা। হেনকালে কুন্দলতা তথাই আইলা। পৌর্ণমাসী কহে কুন্দলতা কি শুনিলা। আশ্চর্য্য আশ্চর্য্য কথা তেহোত কহিলা॥ ^२ কুন্দলতা বলে আমি আশ্চর্য্য দেখিয়া। ভোমারে কহিতে এথা আইল ধাইযা। কে আইল গোবর্দ্ধন মল্লের গুহেতে। চতুদ্দিগ আলো করে কিরণ-ছটাতে॥ বন্দা কহে শুন পৌর্ণমাসী ঠাকুরাণী। চিন্তা দুর কর এবে ভাগ্য করি মানি। রাধিকার চির আরাধনের বলেতে। ব্যভামু-স্থহদের সৌহাত্ত করিতে। কংসবাক্য শুনি বুঝি হইয়া কাতর। রাধা রক্ষা করিতে আইলা দিবাকর ॥ •

যদি শ্রীরাধা ছই কর্তৃক আক্রান্তা হন, তাহা হইলে ত্রিলোকবাসী অন মাজেরই ছঃথের কারণ হইবে ! মূলে আছে—"তথ্যমেষা ছটেনাক্রান্তা ত্রিলোকীমেব সভাপরের ।"

কুন্দলভা বলিলেন—"আশ্চর্যা! আশ্চর্যা!"

রাধার চির-আরাধনার পাত্র স্থাদেব তাঁহার মিত্র বৃষভায়র বন্ধদের আকর্ষণে রাধাকে রকা করিতে আদিয়াছেন।

পৌর্ণমাসী বলে সেই দিবাকর নয়। কংসভূত্য শঙ্খচুড় আইল নিশ্চয়॥ কুন্দলতা বলে নেত্র বিক্ষোভন করে। ' কিরণ-ছটায় কেহো চাহিতে না পারে। পৌর্ণমাসী কহে তেজ স্বাভাবিক নয়। উপাধিক 2 তেজ রাশি প্রকাশ করয়। কৃষ্ণলতা কহে তাহা কহিতে হইল। কাহার প্রভাবে যক্ষ সে তেজ পাইল। পৌর্ণমাসী বলে শুন তাহার কারণ। চূড়ামণি ছটা সেই হয় প্রকটন। বুন্দাবনে হেন রত্ন যক্ষ কাহা পাইল। পৌর্ণমাসী সে বৃত্তান্ত কহিতে লাগিল। বহুদিন শঙ্খচ্ড কুবের সেবিল। তাহার সেবায় যক্ষরাজ তৃষ্ট হৈল। তৃষ্ট হইয়া রাখিলেন ভাণ্ডারে তাহারে। নানাবিধ রতুগণ তাহার ভিতরে **॥** দেখিয়ে দুষ্টের লোভ বাডে দিনে দিনে। মণি চুরি করি পলাইল কংস-স্থানে। সেই মণি কাহারেত প্রত্যয় না করে। ° যাহাঁ যায় তাহা রাখে মস্তক উপরে॥ বুন্দা কহে একথা শুনিয়া হৈল ভয়। না জানি সে চুষ্ট যক্ষ কি কর্ম্ম করয়॥ সূর্য্য পূজিবারে রাধা করিবে গমন। শীজ্ঞ যাই তুমি তারে কর নিবারণ। কুন্দলতা কহে আমি জানি বিবরণ। মন্দির ° হইতে রাধা করিলা গমন ॥

^১ ঐ ব্যক্তির অক্টের ডেজ এত বেশী যে তাহাতে চক্ষ্ ঝলসিয়া বায়, অতএব ভাহার দিকে দৃষ্টি নিক্ষেপ করা যায় না।

^ই মূলে আছে—"সংক্ৰমিক" অৰ্থাৎ বাফ্ কোন বস্তু হইতে সংক্ৰমিত হইয়াছে।

মণি দিয়া কাহাকেও বিশাস করে না।

পৌর্ণমাসী বলে কুন্দলতে ছরা করি। ক্ষে ভাহা লইয়া যাহ উপায় আচরি ॥ আমরা যাইয়া আর ইহা না রহিব। ছল করি শঙ্কর্যণে তথা পাঠাইব॥ বুন্দা সঙ্গে পৌর্ণমাসী করিলা গমন। তবে কুন্দলতা কহে যাইয়া তথন। ললিতা জটিলা আর সঙ্গে বিশেসিখা। ' এই বুঝি মোর অগ্রে আইলা রাধিকা। কুন্দলতা যেই মত রাধিকা দেখিল। সেই মতে আসি রাধা প্রবেশ করিল। কত কত ভাবোদয় হইল রাধার। মনে মনে বুঝাইছে চিত্তে আপনার ॥ শুন শুন ওরে মোর লোভিত হৃদয়। উত্তাপ করহ কেন না জানি বিষয়। স্থৃস্থির হইয়া থাক রাখহ বচন। এথা স্বত্বল্ল ভ সেই প্রিয়দরশন ॥ কন্দলতা পুছে রাধে আনন্দে আইলা। প্রভাতে মঙ্গলে নাকি সঙ্গতা হইলা **৷** ২ শুনিয়া জটিলা তবে কহে কোধভরে। রাধা রাধা বলি কেন ডাকহ সতরে । রাধা নামে না জানি আছয়ে কিবা ধন। শুনিয়া আসিবে কৃষ্ণ ধাইয়ে এখন ॥ ললিতা হাসিয়া কহে ইহাই নিশ্চর। সাধু সাধু আর্যো মোর সত্য এক হয়॥ * জটিলা কহয়ে শুন আমার বচন। সূর্য্যগৃহ লেপিবারে করিব গমন ॥

বিশাখা

মললরপ সলমকালে আগমন করিয়াছ—টাকা।

ভাল কথা বলিয়াছেন। মৃলে আছে—"সাহ ভণাদি অজ্ঞা"।

ললিভারে কহি বুন্দা ' গমন করিলা। কুন্দলতা প্রতি রাই কহিতে লাগিলা। শুন সখী কুন্দলতা আমার বচন। কোথা বিহরয়ে সেই বল্লভ-দর্শন ॥ ভালমতে জান তুমি তোমার দেবরে। নয়ন-ভঙ্গাতে রমণীর মন হরে॥ কুন্দলতা বলে রাধা কি লোভ তোমার। রাত্রি দিবা কৃষ্ণ সঙ্গে করহ বিহার। তথাপি উৎকণ্ঠা তার দর্শন কারণে। তোমারে চল্ল ভ হরি হইল কেমনে। রাধা বলে কুন্দলতা হাস্থ কর দুরে। না দেখিলে চক্রমুখ মোর নেত্র ঝুরে॥ তোমাদের ভাগ্য কিবা অপূর্বব বিধান। নেত্রভরি অমৃতের পূর কর পান। আমাদের ভাগ্য অতি সামান্ত জানিল। কর্ণেও করিতে পান ^১ চল্ল ভ হইল ॥ कुन्मला वरल द्वार्थ कानिल कार्र। অমৃত-সাগরে মগ্ন হয় যেইজন॥ সেইজন অতিশয় তৃষ্টাকুল হয়। তাহার প্রলাপ এই ভাবে উপজয়। রাধা কহে কুন্দলতা তুঃখ না বুঝিল। তাহাতে আমারে তুমি এমত কহিল। আর এক সত্যবাণী আমারে কহিবে। সেই ধৈয়ক্ষণ কিবা আসিয়ে ঘটিবে # *

১ জটিলা।

[🌯] কৃষ্ণনামামৃত কর্ণ ভরিয়া পান করা।

মূলে আছে—"সোক্থ্ ধয়ো মূহতো বিভিন্নদি"—অর্থাৎ দেই ধয় য়ৄয়্র কথন
উপিছিত হইবে বধন বয়েও ইত্যাদি।

যেই ক্ষণে স্বপ্নেতে পাইয়ে দরশন। তবে সে সফল হয় আমার নয়ন॥ অথবা এ আশা মোর যদি না পুরয়। তবে সে দুর্ম ভ অর্থে রুথা তৃষ্টা হয়॥ ' শুন কুন্দলতে মোর ত্রুংখ এ অন্তরে। প্রসন্ন হইয়া দয়া করহ আমারে ॥ শ্যামরূপ যে নয়নে তুমি কৈলে পান। সেই নেত্র আমা প্রতি করহ বিধান। এই শুনি কুন্দলতা অসূয়া করিয়া। কহিতে লাগিল রাধার বদন চাহিয়া। পরপুরুষেতে যার ভাব উপজয়। তার সঙ্গে বাকা কহা উচিত না হয়। এত কহি কুন্দলতা ধাইয়া চলিলা। সূর্য্যবেদী লেপিতেছে যেখানে জটিলা। জটিলার আগে গিয়া করে নিবেদন। সূর্য্য পুজিবারে নাহি আনিলা ব্রাহ্মণ ॥ জটিলা কহেন বাছা সত্য এ বচন। তরা গিয়া আনহ ব্রাহ্মণ বিচক্ষণ । তবে কুন্দলতা তারে প্রণাম করিলা। যথা আজ্ঞা বলি শীঘ্র গমন করিলা।। ললিতা বলেন রাধে কর দরশন। আর্য্যে সূর্য্যমণ্ডপে করিল লেপন ॥ বিলম্ব না কর চল নিকটে যাইয়া। বন্দনা করহ সূর্য্যে কৃতাঞ্জলি হইয়া॥ তবে ত রাধিকা সূর্য্যদেবে প্রণমিলা। অভীষ্ট দেখাহ বলি প্রার্থনা করিলা। পুনঃ পুনঃ নমকরি সূর্য্য নিরিখয়। হেনকালে কুন্দলতা আসিয়া মিলয়॥

ণ যদি তাহাও না হয়, তবে এই ছল্ল ভ বিষয়ে লাল্সা করা রুখা।

রাধিকার মুখ হেরি কছেন বচন। তোমার মনের সাধ পূরিবে এখন॥ জটিলার আজ্ঞা শিরে করিয়া ভূষণ। নিমন্ত্ৰণ কৈল আমি বেদজ্ঞ ব্ৰাহ্মণ ॥ তবে কৃষ্ণ আনন্দে ধরিয়ে বিপ্র-বেশ। বটু সঙ্গে নানা রঙ্গে আইলা সেই দেশ। আসি কৃষ্ণ রাধিকার বদন দেখিলা। আনন্দ পাইয়া মনে কহিতে লাগিলা। বহু অভিলাষে এবে পাইন্থ রাধিকা। মোর মন করীন্দের বিহার-দীঘিকা॥ ' অদর্শন অনলে তাপিত ছিল হিয়া। শীতল হইল অঙ্গ লাবণ্য দেখিয়া॥ নয়নচকোর মোর ক্ষুধার্ত্ত আছিল। মুখ-পূর্ণিমার চাঁন্দ হেরি তপ্ত হইল। মোর বক্ষঃস্থল এই গগনের প্রায়। তারাবলী হার যেন কিবা শোভে তায়॥ २ নয়নের কোলে রাধা ক্লফ নির্থিয়া। দূরে থাকি সখী প্রতি কহেন হাসিয়া। কোথায় পাইলা সখী শ্যামল ব্রাহ্মণ। নব-জলধর-কান্তি নবীন যৌবন ॥ মত্ত মাতকের প্রায় গমন " মাধুরী। মোর মন অস্থির হইল রূপ হেরি। ব্রাক্ষণের কটাক্ষ কি চোর-রৃত্তি করে। মোর চিত্ত ভাগুারের ধৈর্য্য ধন হরে॥

মূলে আছে—"বিহার স্থরদীর্দিকা মম মনঃ করীজ্রভ"—অর্থাৎ মনোক্রপ মন্তর্গজের বিহারার্থ জলাশরত্বরপ।

^{॰ &}quot;বিনি আমার বক্ষোরণ গগনতটের আভরণদদুশ ভারাবলী অর্থাৎ হারতুল্য।"

সুলে আছে—"বিক্রম:"।

দেখ সখী এই বড় হইল বিষম।
ব্রহ্মচারী দেখিয়া ক্ষোভিত হৈল মন॥
বৃঝিলাম মোর বড় পামর হৃদয়।
অগ্নিতে প্রবেশ প্রায় চিত্ত উপজয়॥ '
ললিতা কহেন রাধে সত্য যে কহিলা।
ভ্রমের উদয়ে সবর্ণতা প্রকাশিলা॥ '
পুনরপি রাধা সেই রূপ নির্বিষ্মা।
কহিতে লাগিলা তবে নিশ্চয় কবিষা॥

তথাহি।---

সহচরি হরিরেষ ব্রহ্মবেশং প্রপন্নঃ কিময়মিতরথা মে বিদ্রবত্যস্তরাত্মা। শশধরমণিবেদী স্বেদধারাং প্রসূতে ন কিল কুমুদবন্ধোঃ কৌমুদীমস্তরেণ॥

দেখ সহচরী বিহরয়ে হরি বিপ্রবেশ ধরি ছলে। আমার বদন করে দরশন ভাসয়ে আনন্দ জলে॥ নহিলে বা কেন আমার এমন অন্তর দ্রবিত হবে। চন্দ্রের কিরণ বিহনে কখন চন্দ্ৰকান্ত নাহি দ্ৰবে॥ ভাল শোভা ব্রহ্মচারি। উদ্ধপুণ্ড ভালে উপবীত গলে বিশদ বসনধারী ॥

- ু মনে হয় অগ্নিতে প্রবেশই এই মহাপাপের প্রায়শ্চিত।
- মূলে আছে—"তা নৃণং সবগ্নতুণং ভাষেদি।" টীকাতে আছে—"তত্মাৎ নৃণং সবর্ণমং ভ্রময়তি ক্লাডাবর্ণভুল্যামিত্যর্থ:।"
 - 🌞 ইহা অভিরিক্ত যোজনা, মূলে নাই।

ছাড়িয়া ভূষণ উত্তরি বসন বাঁশীর বদলে কুশা।

বিজরূপ হেরি জটিলা আহেরি আনন্দ পাইল মনে।

মোর মনোনীত এই পুরোহিত স্বরূপ চরণ ভণে॥

তবে কুন্দলতা আসি প্রবেশ করিলা। জটিলারে সম্বোধিয়া কহিতে লাগিলা ॥ অবধান কর আর্যো করি নিবেদন। অনেক চেফ্টাতে পাইমু বেদজ্ঞ ব্রাহ্মণ ॥ জটিলার প্রতি বটু কহেন তখন। সূর্য্যপুজা করিবারে আমি বিচক্ষণ ॥ আনি দেহ শর্করালডডুরসায়ন। সূর্য্য**দেবে অ**র্ঘ্য দিব করিয়া যতন ॥ জটিলা কহয়ে ওরে চঞ্চল ব্রাহ্মণ। কৃষ্ণ-সহচর তুমি জানে সর্বজন। এখানে থাকিয়ে কিছু নাহি প্রয়োজন। শীস্ত্র হেথা হইতে তুমি করহ গমন॥ স্থশান্ত শ্যামল বিপ্র প্রকৃতি মধুর। সূর্য্যপূজা করাইবে আমার বধূর॥ কৃষ্ণ কহে শুন আর্য্যে আমার বচন। মথুরায় থাকিয়ে জানিয়ে বিবরণ। নন্দপুত্র কৃষ্ণ অতি চঞ্চ**ল সে** হয়। তার সজে এই বটু জানিহ নিশ্চয়॥ অতএব তুমি সাধু করিলা আমন্ত্রণ। হেথা হইতে ইহারে করাহ নিজ্ঞামণ ॥ .

বটু কহে বুদ্ধা তুমি না জান বিচার। ইহার অধিক মোর ত্রন্ধণ্য প্রচার 🛚 ১ তবু যদি মোরে সূর্য্য পুজিতে না দিবে। অধিষ্টতা রাখি মোরে ভোজন করাবে ॥ জটিলা কহয়ে শুন শ্যামল ব্রাহ্মণ। শীঘ্র দিবাকরে কর অর্ঘ্য সমর্পণ । তবে কৃষ্ণ রাধিকারে নেত্রভঙ্গী করি। পুছেন তোমার নাম বলহ স্থন্দরী # জটিলা কহয়ে বটু শুন সমাচার। বধ কেনে কহিবেন নাম আপনার॥ তবেত জটিলা ব্রাহ্মণের পাশে গিয়া। কাণে কাণে নাম গোত্র কহে বিবরিয়া॥ কৃষ্ণ কংং কি মধুর নাম শুনিলাম। সেই পুণাবতী ইহার বিদিত আখ্যান॥ ব্রাহ্মণ পঞ্চিত মোরা সর্বর ঠাতি যাই। ইহার পাতিব্রতা ধর্ম্ম শুনিবারে পাই॥ আনন্দ পাইয়া বুকা কহিতে লাগিলা। গোকলের কীর্ত্তি মোর বধু সে রাখিলা। তবে কৃষ্ণ কহে শুন গোপের স্থন্দরী। তান্ত্রকুণ্ডি হস্তে ধর মন্ত্র পাঠ করি। বাকা শুনি রাধিকার কম্প উপজিল। অঞ্চলি করিয়া তাত্রপাত্র তুলি নিল। কৃষ্ণ কহে রাধে মন্ত্র শুন মন দিয়া। কুটিল চঞ্চল নেত্র মোরে সমর্পিয়া॥ তোমার অধর স্থধা তৃষ্টাকুল করে। চপল নয়নভঙ্গী-তঃখ দেয় মোরে ॥ দয়া করি দৃষ্টিপাত করহ কৃপণে। নম আদিত্যায় মন্ত্র হইল সমাপণে ॥

ইছা অভিরিক্ত রচনা।

মন্ত্ৰ শুনি চমকিত হইলা জটিলা। কুম্মলতা মুখ চাহি কহিতে লাগিলা॥ শুন শুন কুন্দলতা আশ্চর্য্য শুনিল। অপূর্বৰ অশ্রুত মন্ত্র বট উচ্চারিল। তবে মধুমঙ্গল কহেন হাস্ত করি। শুন শুন বন্ধা আমি সিদ্ধান্ত আচরি ॥ আভিরী ভোমরা রীরী গীত মাত্র জান। ১ আমাদের বেদপাঠ কভু নাহি শুন॥ কুস্থমেশরীর শাখা অতি মনোহর। মহাবলবন্ত তার নারী মুখকর ॥ 2 শুনিয়া গোপিকা সব হাসিতে লাগিলা। লঙ্জিত হইয়া পুন কহয়ে জটিলা। যা হইল এবে আর নাহিক উপায়। বিধিমতে সুর্য্যদেবে পূজয় স্বরায়॥ সর্বসা যাহাতে বিল্ল নাহি উপজয়। পুত্র মোর ধেন্ম কোটিশ্বর যৈছে হয়॥ শুনিয়া কুষ্ণের মনে আনন্দ বাডিল। ° নানা মুদ্রা-ভঙ্গী করি পূজা আরম্ভিল। বটু কহে দেখ আর্য্যে পূজার বিহিত। ইহার বিগুণ মুদ্রা আমার বিদিত। নানাবিধ মিফীন্ন নয়নে যদি ছেরি। এতক্ষণে সাত সূর্য্য পুজিবারে পারি। বৃদ্ধা কহে ওরে লুক্ক না হও অস্থির। ভুঞ্জাইব মিফ্ট দধি নবনীত ক্ষীর॥

- ' ভোমরা গো আহবান করিবার জন্ম রীরী গীত মাত্র জান।
- ॰ "ইছা কুল্পমেষরী শাথার তৃতীয়বর্গের ললনা শুভকরী ঋচা অর্থাৎ মন্ত্র।" কথাটা এমল ভাবে বলা হইল যেন ইহা একটা বেদমন্ত্র।
 - পরবর্ত্তী অংশ অভিরিক্ত যোজনা।

কৃষ্ণ কহে শুন এবে পতিব্ৰতা নারী। পুজা সাঙ্গ হৈল অর্ঘ্য কর ভক্তি করি॥ অম্বর শোভিত করে দেখহ কিরণে। পদ্মিনীর বল্লভে কর অর্ঘা সমর্পণে # 3 ইহা শুনি শ্রীরাধা সংভ্রম হইল। ঈষৎ হাসিয়া তেঁহ মাথা নামাইল। তাহা দেখি কুন্দলতা হরসিত মন। রাধিকার মুখ হেরি কহেন তখন। এবে মিত্র কন্সা রাশি করয়ে সেবন। হাস্থ পদ্ম অর্ঘ্য করি করহ পূজন ॥ १ এত শুনি রাধিকার আনন্দ বাঢিল। নয়নের অগ্রভাগ কৃষ্ণে সমর্পিল। কৃষ্ণ কহে পূজাবিধি হৈল সমাপন। পুষ্পাঞ্চলি দিয়া কর মিত্রের স্তবন ॥ বন্ধক পুষ্পেতে রাধা অঞ্জলি পুরিলা। প্রদান করিয়া দেবে প্রণাম করিলা ॥ বটু কহে জটিলা শুনহ বিবরণ। মিন্টান্ন আনহ করি অছিদ্র বাচন॥ • খণ্ড লড়ুকাদি দ্রব্য করিয়া রচনা। যথেষ্ট করিয়া আন পূজার দক্ষিণা। कृष्ध करह जुभि मूर्थ मतिज हशल। দারিদ্র দোষেতে নফ করিলে সকল।। মধুর বচন কহি করহ সৎভাব। গোকুলবাসীর সঙ্গে মৈত্রী মহালাভ।

[›] গগনোদিত পদ্মবন্ধ সূর্য্যকে অর্য্য দান কর।

[্]ব সম্প্রতি স্থাদের করারাশি ভে গ করিতেছেন, মতএব বিকশিত কমল দার। ই**ংকে** অধ্য প্রদান কর।

মৃলে আছে—"অক্ষে অফিছেং বাহরেক্ষ" অর্থাৎ "আমরা অফিটে অবধারণ করি।"

দক্ষিণার কার্য্য নাহি কর সম্ভাষণ। আশীর্বাদ করি স্থথে করহ গমন। ইহা শুনি বুকা মনে আনন্দ পাইল। বটুমুখ নিরখিয়া কহিতে লাগিল। শুন শুন বিপ্রবাক্ত আমার বচন। কুপা করি মোর গহে করহ গমন। চর্ব্য চুম্ব্য লেহ্য পেয় নানা বস্তু দিয়া। ভুঞ্জাইব তোমা দোঁহা আনন্দ করিয়া। অভিমন্যু পুত্র মোর করিবে কল্যাণ। মণি মুদ্রা রত্ন দিয়া করিব সম্মান। বটু কহে আর্য্যে তুমি উত্তম কহিলা। মিষ্ট অন্ন ব্রাক্ষণেরে দিব মনে কৈলা। অতএব আশীর্বাদ তোঁহে করি আমি। চির**আ**উ সপ্ত পুত্রবতী হ**ও** তুমি । কৃষ্ণ কহে শুন বৃদ্ধা আমার বচন। এই লুব্ধ ব্রাহ্মণেরে করাহ ভোজন। আমি পৌর্ণমাসী সঙ্গে সম্ভাষ **ক**রিব। গর্গের বচন কিছু কহিয়া আসিব। কুন্দলতা কহে মুঞি করি নিবেদন। গর্গমূনি কি কহিলা কহ বিবরণ ॥ কৃষ্ণ কহে কুন্দলতে শুন মন দিয়া। গৰ্গ যে কহিল পৌৰ্ণমাসী উদ্দেশিয়া॥ শুন পোর্ণমাসী মাতা করি নিবেদন। গোকুলে আছেন তব প্রেমের ভাজন॥ ' মহাভাগ বুষভামু রাজার নন্দিনী। পরম স্থন্দরী নারী রত্ন-শিরোমণি॥ ভাহার সংশয় অন্ত জানিল গণনে। কল্লবৃক্ষমূলে রক্ষা করহ যতনে।

^{&#}x27; রাধার কথা বলা হইতেছে।

ইহা শুনি কুন্দলতা চিন্তিত হইলা। জটিলার আগে এই বতান্ত কহিলা। শুন আর্যো কিবা এই ভাগ্যের উদয়। এই ত সম্মুখে কল্পবৃক্ষ স্থাভায়॥ বটুরে লইয়া গৃহে জোজন করাহ। ত্বরা করি পৌর্ণমাসী দেবীরে পাঠাই ॥ এখানে আমরা সব ক্ষণেক থাকিব। গর্গ শিষা ব্রাহ্মণেও ক্ষণেক বাখিব ॥ এত শুনি বুন্দা ' মনে পাইয়া সংভ্রম। বট সঙ্গে গৃহে শীঘ্র করিলা গমন ॥ কুন্দলতা বলে রাথে শুনহ বচন। পারিতোষি এবে মোরে কর সমর্পণ ॥ তোমার তুর্লু ভ অর্থে যে বাঞ্চা আছিল। দেখ তাহা আমা হৈতে নিৰ্বাহ হইল ॥ তবে ত রাধিকা কহে নেত্রভঙ্গী করি। আমার বাঞ্চিত কিবা জানিলে স্থলরী। কুন্দলতা কহে মুখভঙ্গী কর কেনে। ইঙ্গিতে কহিল আমি সূর্য্য আরাধনে॥ १ কৃষ্ণ কহে কুন্দলতা শুনহ বচন। দক্ষিণা দেয়াত এবে করিব গমন। ममिक्किण देशल मत वाञ्चित्र भूतिरव। পদ্মিনী বন্ধুর যাগ সংপূর্ণ হইবে॥ কুন্দলতা বলে রাধে শুন বিবরণ। দক্ষিণা লাগিয়ে বটু করয়ে গঞ্জন ॥ যাগপূর্ণ হৈল সব বিধির বিধানে। যে হয় দক্ষিণা দিয়ে ভোষহ ব্ৰাহ্মণে ॥

किंगि!।

[&]quot;আমি ভোমার দেবারাধনার কথাই বলিতেছি।"

বিশেখা হাসিয়া কহে শুন কুন্দলতা। দক্ষিণা দানেতে তুমি হৈয়াছ বিদিতা॥ আমাদের মধ্যে দানে তুমি বিচক্ষণ। আপুনি দক্ষিণা দিয়ে তোষহ ত্রাহ্মণ ॥ দানের নির্ণয় বুঝি তোমাতে বিদিত। তেঞি ত দেবরে করিয়াছো পুরোহিত॥ ললিতা কহেন তবে তাঁর মুখ হেরি। আমার বচন শুন বিশেখা স্থলরী।। বুঝি কুন্দলতা পূর্বেব দেব আরাধিলা। অভীষ্ট দক্ষিণা দিয়া আচাৰ্য্য ভূষিলা॥ কৃষ্ণ কহে শুন শুন ললিতা রঙ্গিণী। কুন্দলতা মোর পূজ্যা স্বভদ্রা রমণী ॥ যাহারে দেখিতে হয় করিতে বন্দনে। তাহার আচার্য্য আমি হইব কেমনে॥ १ ললিতার প্রতি রাই করেন বচন। ভাল মতে সূর্য্যপূজা হইল পূরণ 🛭 নিজ মনে পরিতোষ তুমি ত পাইয়া। এথা আর বিলম্ব কর্ত কি লাগিয়া ॥ রাধার বচন অতি স্থমধুর হয়। শুনিয়া আনন্দে কৃষ্ণ মনে মনে কয়। কি কহিব রাধিকার অঙ্গ স্থথময়। দর্শনে কন্দর্প যেন উদয় করয়॥ নয়নভঙ্গীতে কত অমূত বরিষে। कलाशृर्व हान्म (यन वाष्ट्रा विलास ॥ ভাবিতে ক্ষের মনে ভাব উপজয়। হেনকালে বেশ-স্থলে কিবা শব্দ হয়।

^{&#}x27; ইনি আমার ত্রাভ্জারা, স্তরাং আমার প্রা, অতএব কিরুপে আমি ইঁহার আচার্যান্ত আচরণ করিব।—টীকা।

কোথা কৃষ্ণ পদ্ম নেত্র দুল্ল ভ হইল। তোমার চরিত্র কিছ বুঝিতে নারিল। শুনি কৃষ্ণ নিজ মনে বেথিত হইয়া। পুছিলা তুর্লুভ কহ কিসের লাগিয়া 🛭 পুনর্বার বেশস্থলে-কহিতে লাগিল। ধেমুগণ দুর বনে প্রবেশ করিল। বল্লভসকল ' যত ধাওয়া ধাই করে। উভরতে ধায় ধেনু কেহো নাহি ফিরে॥ এত শুনি কৃষ্ণ তবে চুখিত হইলা। ললিতার মুখ হেরি কৃহিতে লাগিলা। শুনহ ললিতা এই আমার বচন। ধেত্রগণ না দেখি কাতর মোর মন॥ ধেত্র সম্ভাসিয়া আমি না আসি যাবং। রত সিংহাসনে রাধা রাখিহ তাবত ॥ এত কহি কৃষ্ণচন্দ্র করিলা গমন। রাধারে ললিতা তবে কছেন বচন ॥ শুন শুন প্রিয়স্থী আমার বচন। শীঘ্রগতি কর আগে পাদ বিক্ষেপণ ॥ রাধা কহে কিবা কহ ললিত। সুন্দরী। কৃপা কর ভয়ে মুঞি উপায় না হেরি॥ কহিতে কহিতে রাই সশঙ্ক হইলা। সময়-বুতান্ত সব কহিতে লাগিলা॥

তথাহি।

গতপ্রায়ং সায়ং চরিত-পরিশঙ্কী গুরুজনঃ পরিবাদস্তকো জগতি সরলাহং কুলবতী। বয়স্তত্তে লোলঃ সকল-পশুপালী স্কুদর্সো তদা নদ্রং যাচে সথি রহসি সঞ্চারয় ন মাম॥ যথা রাগ ॥

সন্ধ্যা এবে নাহি রয় রজনী উদয় হয় আন্দল্লা কবিবে গংকজন।

আমি কুলবতী নারী এথা কি রহিতে পারি পরিবাদে ভরিবে ভবন॥

বিধাতা করুণাহীন মোরে কৈল পরাধীন তোমার বয়স্ত সে চপল।

পাইয়া অবলা সঙ্গ প্রকাশিবে নানারঙ্গ সহচব বাখাল সকল ॥

নীবিড় নিৰ্জ্জন বনে না লইয়া স্থীজনে গ্ৰে লইয়া চল শীঘ্ৰ করি।

মোর ভাগ্য না হইবে তুমি তারে কি করিবে নানা মত যতন আচরি॥

এতেক কহিয়া রাই ললিতার মুখ চাই কত ভাব হইল প্রচার।

অন্তরে আনন্দময় বাহিরে কুলের ভয়

স্বরূপ কহ এ রস সার ॥

তবে কুন্দলতা রাধার প্রতি কয।
অশ্বলিত সতীত্রত তোমার নিশ্চয় ॥
তাহা জানে গোকুলনিবাসী সর্বজন।
আপনার মুখে কেন কর প্রকটন ॥
বিশেখা কহে ত তবে অস্ত্য়া করিয়া।
মোর কথা কুন্দলতা শুন মন দিয়া ॥
তোমা সম কেবা আছে গোকুল ভিতরে।
তিন সন্ধ্যা বংশী যারে আকর্ষণ করে ॥
তবে ত কৌতুকে মন্দ ঈষৎ হাসিয়া।
কুন্দলতা কহে বিশেখারে শুনাইয়া ॥
আমি অতি শুদ্ধমতি সদয় হইয়া।
আশীর্ষবাদ করি সভে শুন মন দিয়া॥

গোকুলচন্দ্রের ঘরে বেণুধ্বনি হয়।
তোমাদের মন যেন তাহে প্রির হয় ॥
তোমা সভাকার সতীত্ব সদত।
অথগুত হউক আমার অভিমত॥
এই মত হাস্থা পরিহাসে সখীগণ।
চলিলেন কল্লবৃক্ষ নিকটে তখন॥
হেনকালে কৃষ্ণচন্দ্র সেখানে আইলা।
রাধার মাধুরী ফেরি কহিতে লাগিলা॥
সাচি বিলোচনতরঙ্গিতভঙ্গী
বাগুড়ামিহ বিতত্য মুগাক্ষী।
রাধিকেয়মধিকস্বরভঙ্গং
দ্রাক্ ববন্ধ মম চিত্তকুরপ্রম্ম॥

যথা রাগ ॥

রাধার বদন হেরিয়া তখন মোহিত হইলা হরি।

ভাবের আবেশে গদ গদ ভাষে কহে অন্তুভব করি॥ এ বড় মনের ধানদা।

ভুবন মোহন মোর রূপগুণ

আমার মোহিনী রাধা॥

হরিণ নয়নী বঙ্কিম চাহনি

তার ভঙ্গি-দৃঢ়ডোর।

ঝটিভি বান্ধিল অভি স্থচঞ্চল

হৃদয় কুর**ঙ্গ মো**র॥

স্থমধুর হাসি তাহে যেন ফাঁসি

বিকল করিল প্রাণ।

স্বরূপচরণ কছেন এখন ঠেকিলে নাগর কান।

তবে ত ক্ষেত্র বক্ষে গুপ্তমালা হেরি। কুন্দলতা প্রতি কহে রাধিকা স্থুন্দরী। দেখ দেখি কুন্দলতা গুঞ্জাবলী হার। কৃষ্ণবক্ষে শোভা করে হেন ভাগ্য কার॥ তবে পুন সেই গুঞ্জাবলী সম্বোধিয়া। কহিতে লাগিলা তার ভাগ্য প্রশংসিয়া॥ রসহীন গুঞ্জা তুমি কঠিন শরীর। অন্তরে নিগুচরূপে দেখি যে শুশির ॥ বদনে কালিমা মলিনতা স্থবিদিতে। তথাপি শোভিচ সদা কুফের বক্ষেতে॥ कर कर গুঞ্জাবলা कि পুণা করহ। এমন হইয়া কুফু**অঙ্গে** বিরাজহ। বুঝিল তোমার অনুরাগ বড় হয়। অমুরাগী হৈলে তার দোষ কিছ নয়। কুঞ্জলতা কহে রাধে কহি যে তোমারে। বক্ষোজ-অগ্রেতে ° গুঞ্জা স্থির হৈতে নারে। ভঙ্গিতে রহস্ত কথা কুন্দলতা কয়। হেনকালে বেশ-স্থলে ধ্বনি উপজয়। ক্লম্বকস্থল গগনের সম হয়। রাধা নামে কোন তারা তাহাতে উদয়॥ নক্ষত্র মালারে " অপহরণ করিল। দেখি ভয়ে চন্দ্র সূর্য্য দূরে পলাইল।। শুনি কুন্দলতা সেই দিগ নেহারিলা। বৃন্দার বর্ণন শুনি কহিতে লাগিলা॥ বৃন্দা তুমি চন্দ্র সূর্যা তিরোধান কর। বুঝিলাম তারার মাহাত্মা নাহি জান ॥

[·] हिन्।

^২ তোমার কঠোর স্তন মণিবারা আ<u>হতে</u> হওয়ায়।

ত গগনস্থ নক্ষত্রমালাকে স্বায় প্রভারার ক্ষু করিয়া।

পরাভব পায় লক্ষ লক্ষ সূর্য্যগণ।
চন্দ্রাবলীনাথের উপরি স্থানোভন॥ '
অভএব তারার পৌরুষ বড় দেখি।
ললিতা বিশেখা দোহে হৈলা হাস্তমুখী॥
দোতে কহে কুন্দলতা কেনে মিথাা কহ।
পরিহাস করিয়া সখীরে লক্ষ্ণা দেহ॥
কুন্দলতা কহে রাধা লক্ষ্ণা পরিহর।
নিকুপ্তভবনে তুমি প্রবেশ আচর॥
সকল মঙ্গল ইথে তোমার হইবে।
আনজ-সমরে সদা জয়য়ুক্ত হবে॥
প্রভাতে সমরজয় মঙ্গল আখ্যান।
ব ফ আগে সখীগণ করিবেন গান॥
কুন্দলতা সথী যদি এতেক কহিলা।
আনন্দে হাসিয়া কৃষ্ণ কহিতে লাগিলা॥

তথাহি।

অন্তস্তর্যং জগতি তৃষিতৈঃ কামমাচমামানঃ শৈত্যাধারঃ স্থমধুররসো বিচ্ছিনত্ত্যের সর্বনঃ। কেরং রাধাবদনশশিনঃ কান্তিপীযূষধারা যা ভূয়িষ্ঠং প্রথয়তি মুক্তঃ পীয়মানাপি তৃষ্ণাম্।

যণা রাগ ॥

বাধার বদন শশী স্থােশাভিত দিবানিশি তার কান্তি জিনি স্থাধার।

বার বার যদি পিয়ে তথাপি তৃষিত হএ

নেত্রযুগ-চকোর আমার॥

সখীহে, কি অপূর্নন রাধা মধুরিমা।

কিবা মধু পারাবার কিবা আমি কব আর ত্রিজগতে নাহিক উপমা॥

ু চন্দ্রাবলীনাথেরও উপর তাঁহার পৌরুষ লক্ষিত হইতেছে। চন্দ্রাবলী রাধার প্রতিৰুদ্দীনায়িকা। জ্বগত তৃষিত জন যদি পিয়ে রসায়ন পুন তার তৃষ্ণা নাহি হয়। রাধার মাধুরী গুণে তৃষ্ণা বাঢ়ে অমুক্ষণে

সর্বেবন্দ্রিয় অবশ করয়॥

এতেক কহিয়া হরি প্রেম জলে নেত্র ভরি

অনিমিষে রাই মুখ চায়।

স্বরূপচরণে কয় যদি না বিচেছদ হয়

তবে সে মনের তুঃখ যায়॥ রাধা বলে শুন স্থী চঞ্চল ন্যনে। গুরুলোক হৈতে মোর ভয় হয় মনে॥ তাবত কুলের স্থিতি উদয় করয়। লজ্জা ধৈষ্য ধর্ম্ম শীল তাবত রহয়॥ চঞ্চল কুণ্ডল, ফুল্লগুণের মাধুরী। কৃষ্ণমুখপদ্ম মুঞি যাবত না হেরি। নয়ন গোচর যবে কৃষ্ণমুখ হয়। আনন্দ-সাগরে ভাসি কিবা অন্য ভয়॥ কুন্দলতা কহে কুফ শুনহ বচন। রত্ব সিংহাসনে রাধা কর আরোপণ। তাহা শুনি কৃষ্ণ মনে আনন্দ পাইলা। সিংহাসনোপরি রাধিকারে বসাইলা॥ ললিতা কহেন রাধে কেহো জানি শুনে। স্তম্ভিত করহ সম্খচুড়ী আভরণে॥ হেনকালে শঙ্খচ্ড তথায় আইল। লতান্তরে থাকি সেই মনেতে ভাবিল। গোবর্দ্ধন মল্ল মোরে কহিল লক্ষণে। সেই ত কুমারী এই আছে সিংহাসনে ॥ এবে না কহিব কিছ রহি স্থির হৈয়া। অবসর পাইলেই লাইব হরিয়া॥ এতবলি শব্দুচ্চা তথাই রহিল। তবে কৃষ্ণ রাধিকারে কহিতে লাগিল।।

শুন প্রিয়ে মোর সাধ করহ পূরণ। উরমরকতপিঠে করহ ভূষণ ॥' রাধা কহে গোকুলের যুবরাজ তৃমি। পুরুষ উত্তম বলি সভে তোমা জানি। কুলবালা ধর্মনাশ যাহা হৈতে হয়। এই অনুচিত কাজ উপযুক্ত নয়॥ রাধাকৃষ্ণ দোঁহে এই মত কথা হয়। হেনকালে বেশ-স্থলে মুথরা কহয়। নীপ্ত মোব কোন স্থানে গেলা। চিরকাল হৈল গৃহে কেনে না আইলা ॥ এত শুনি কৃষ্ণ কুন্দলতারে কহিলা। দেখ কুন্দলতা বুঝি মুখরা আইলা। কুন্দলতা হাসি বলে শুনহ মোহন। মুখরার কিবা দোষ করে আলাপন॥ যাহা হয় তোমার কটাক্ষ তরঙ্গিত। অবশ্য হইতে পারে বুন্দা আলাপিত ॥^২ তবেত মুখরা আসি প্রবেশ করিলা। রাধাকৃষ্ণ অগ্রে দেখি মনেতে ভাবিলা॥ হায় হায় বিধি হরিচন্দন ছাডিয়া। রাধাকল্পলতা দিল এরতে অপিয়া॥ এত বলি মনে মনে সন্তাপ করিয়া। কহিতে লাগিলা পুন প্রকাশ করিয়া॥ হায় হায় বাছা তুমি কি কর্ম্ম করিলা। কৃষ্ণ লম্পটের ক্রীড়াকুরঙ্গী হইলা॥

আমার উক্রপ মরকতমণিপীঠ অক্রত কর।

২ যেখানে ভোমার কটাক্ষ তরঙ্গ বিস্তার করিতেছে, দেখানে বৃদ্ধাদিগের বিলাসের আর দারিক্রতা কোথায় !—টীকা।

অভিমন্থাকে উদ্দেশ করিয়া কহিল।

তবে ত ললিতা তার নিকটে আইলা। অলিক বচন কিছু সংভ্রমে কহিলা॥ प्तिथ एवं व्यार्था शहे यानामानमन । হঠাৎকারে মো সভার করে বিভূমন। এত শুনি বুদ্ধা তবে করয়ে গর্জ্জন। থাকরে লম্পট তোর করিব দমন॥ কঠোরা মুখরা দেখি কৃষ্ণ মনে করে। ইহা না রহিব লুকাইব লতান্তরে॥ তবে লতান্তরে কৃষ্ণ প্রবেশ করিল। মুখরা আক্রোশ করি কহিতে লাগিল॥ শুনহ ললিতা তুমি আমার বচন। ধর ধর ধৃত্তি এই করে পলায়ন। ললিতা হাসিয়া বলে নাগর মোহন। মোর ঠাঞি পলাইতে নারিবে এখন ॥ মুখরা ধাইয়া আগে কুঞ্জ নিরীক্ষয়। আক্রোশ করিয়া তর্জ্জন গর্জ্জন করয়॥ কোথা পলাইবে আজ কুঞ্জের ভুজ্ঞ। ভাগ্যে পাইলাম আজি দেখাইব রঙ্গ ॥ ইহা শুনি কৃষ্ণ মনে আতক্ষ হইল। অন্ধকারে আমারে কি দেখিতে পাইল। তৰ্জ্জিয়া গৰ্জিয়া বুড়ী মাথা কাঁপাইয়া। স্থানে স্থানে ভ্রমে কুষ্ণে ধরিব বলিয়া॥ হাসি হাসি হরি মনে মনে বিচারয়। **আকাশকুস্থম মু**খরার দৃষ্টি হয় ॥ কৃষ্ণকে দেখিয়া আগে মুখরা কহয়। এই অন্ধকার পুঞ্জ কৃষ্ণ বুঝি নয়॥ পুন কৃষ্ণ হাসি কহে ভালই হইল। **অন্ধকারপুঞ্জ ভ্রমে মোরে ছাড়ি দিল**।। মুখরা অশুত্র গিয়া করে যে হুক্ষার। ওরে ধৃর্ত্ত কোথা যাবে ধরিত্ব এবার।।

পুন না দেখিয়া মনে সশঙ্ক হইলা। উদ্দেশে ক্ষের প্রতি কহিতে লাগিলা। রহ রহ ওরে ধৃত্ত দেখা নাহি দেহ। বরাহ নৃসিংহ আদি নানারূপে রহ॥ পৌর্ণমাসী দেবী মোরে একথা কহিল। তাহার প্রমাণ এবে সাক্ষাতে দেখিল। ভান্তর সমান তেজ প্রকাশ করিয়া। ভয় দেখাইয়া বনে ফিরহ ভ্রমিয়া॥ শঙ্খচ্ছ তথা থাকি কহিতে লাগিল। বিক্রম প্রচণ্ড এই বালক দেখিল ॥ ভাগাবলে আমাবে দেখিতে না পাইল। কুমারী হরিতে এই অবসর হইল। এতবলি শব্দচ্ছ প্রবেশে সত্বরে। দেখি ব্ৰজবালাগণ হায় হায় করে ॥ সভয় হইয়া সভে কহিতে লাগিল। আর্যো পরিনোণ কর বিপত্তি হইল ॥ ইহা শুনি ক্রোধ করি মখরা কহয়। রে ধর্ত্ত শামলা, হেন যক্তি নাহি হয়। উদার গোপের বালা বনেতে পাইয়া। নানা রঙ্গ কর নানা মূর্ত্তি প্রকাশিয়া। ললিতা কহয়ে বুড়ী বাউলি হইলা। এমন দারুণ ' দেখি গোবিনেদ কহিলা » শ্যামল স্থানর কোথা নবীন মদন। এই যক্ষ **দেখ অতি দারুণ** ভীষণ ॥ শঙ্খচুড় মনে করে এই অবসরে। ভূপতির আজ্ঞা আমি পালিব সহরে॥ শিরে করি সিংহাসন করিব গমনে। পদ্মিনীরে সমর্পিব কংসের সদনে ।

১ ভীষণক্রপ।

এত কহি শঙ্কাচূড় নিকটে আইল।
সিংহাসন শিরে করি গমন করিল।
দেখি সন সখীগণ করে হাহাকার।
কোণায় আছহ কৃষ্ণ রাথ এইবার।
শুনি কৃষ্ণ স্তব্ধ হৈয়া বাহির হইলা।
বিষাদ করিয়া কিছ কহিতে লাগিলা।

তথাছি।

অনীতাসি ময়া মনোরথ-শত-গ্যগ্রেণ নির্বিন্ধতঃ পূর্বং শারদপূর্ণিমা-পরিমলৈর্ব ন্দাটবীকন্দরম্। সন্তঃ স্থন্দরি শঙ্খচূড়-কপটপ্রাপ্তোদয়েনাধুনা দৈবেনান্ত বিরোধিনা কথমিতত্তং হন্ত তুরীকৃতা।

যথা রাগ ॥

স্তুগন্ধি কুন্তম কুঞ্জ বিলাস-রসের পুঞ্জ নিরমল শোভা প্রকাশিল। নিরক্ষীয়া মোর মনে চন্দ্ৰিকা শোভিত বনে আনন্দ সাগর উথলিল। অনেক নিবন্ধ ছলে মনোরণ ব্যগ্র বলে গৃহ হৈতে আমারে আনিল। কি কহিব বিধাতারে প্রতিকৃল হৈয়া মোরে তোমারে লইয়া দুরে গেল। শঙ্খচূড-ছলে বিধি মোর প্রিয়া গুণনিধি হরিয়া লইল নিদারুণ। প্রকাশি প্রেমের রীত কৈল এবে বিপরীত বড ত্বঃখ দিল অকারণ ॥ হায় হায় কি করিব কেমনে প্রিয়ারে পাব কেবা আনি দিবে মিলাইয়া। ना प्रिश्व ताथात्र पूथ कर्ण कर्ण वार्ष् दूथ হিয়া মোর যায় বিদরিয়া।

মূর্চ্ছাগত হৈয়া প্রায় বিষাদিত শ্যামরায় মনে কিছু ধৈর্য্য নাহি হয়।

কহিতে তুঃখের কথা স্বরূপ পাইল ব্যুণা

মুখে স্বার বাণী না ক্ষুরয় ॥

তবে কতক্ষণে হরি স্থান্থির হইলা।

মুখরার আগে আসি কহিতে লাগিলা।
ভয় দূর কর আর্থ্যে স্থির কর মন।
এইত নিকটে স্থামি আইনু এখন।

তবে ত মুখরা কিছু ধৈর্যা পায় মনে। সাশ্রু হৈয়া কৃষ্ণ হেরি কহয়ে যতনে॥

শুন চন্দ্রমূখ এই আমার বচন।

বিজয়-লখিমি হউ তোমার ভুষণ।

তবে কৃষ্ণ লক্ষ দিয়া করয়ে গর্জ্জন। আরে মূর্খ চুষ্ট যথা জানিবে এখন॥

রাধারে হরিলে তুমি এত **অহন্ধা**র।

এই **অ**পরাধে তোর করিব সংহার ॥

অপরাধ সমচিত শাস্তি না করিয়ে।

তবেত আমার মনে খেদ না ঘুচয়ে॥

সর্ববাঙ্গিনী মুক্তি করে সর্বব ধর্ম্ম নাশ।

সেই তোরে **অনায়াসে ক**রিলেক গ্রাস॥'

এত বলি কৃষ্ণ তথা হইতে চলিলা।

কুন্দলতা তাহা দেখি কহিতে লাগিলা।

দেখহ ললিতা এই কুঞ্জের ভিতরে।

রাধা তেজি যক্ষ কৃষ্ণে সঙ্গে যুদ্ধ **ক**রে॥

ললিতা সে মুদ্ধ দেখি সংভ্ৰম পাইলা।

হেন কালে বেশস্থলে শব্দ উপজিলা।

দর্ব্বাঙ্গিনা মৃত্তির পা কালরজনী যে সমুদয় ধর্ম বিলুপ্ত করিয়া থাকে, সে তোর্ প্রতিধাবমান হইতেছে—টীকা। কোথা স্থল তালভুজ গিরি সম বৃক্ষ। দারুণ কঠোর মহা ভয়ানক যক্ষ। কোথা বা তমাল শ্যামল মুতুকায়। কোমল শীতল শিশু স্থন্দর তাহার। অশ্য সহচর এবে সঙ্গে কেহ নাই। হায় যশোমতি ভাগে। কি করে গোসাঞি। তোমার পুণ্যের যদি থাকয়ে প্রচার। তবে যক্ষ হস্তে কৃষ্ণ পাইবে নিস্তার॥ ইহা শুনি সভে মহাবামোহ পাইলা। হেন কালে পৌর্ণমাসা আসিয়া কহিলা। শুন পুত্র সভে মনপীড়া কর দূর। জানিহ নির্বরাণ পাবে ক্ষণেকে অস্তুর ॥ এত কহি পৌর্ণমাসী আশ্বাস করিল। পুনর্বার বেশ-স্থলে আর শব্দ হৈল। দিব্যভুজ দন্তে ভঙ্গী প্রকাশ করিল। ক্রীড়া করি যুদ্ধে শঙ্খচুড়ে আক্ষিল। সূর্য্যের সমান তেজ মস্তকে ভূষণ। মুকুট হইতে সেই মণি করিল হরণ॥ পৌর্ণমাসী কহে মোর ভাগ্যের উদয়। মণির হরণে থক্ষ জীবন ছাডয়॥ যক্ষদেহ পর্ববতের প্রমাণ পডিল। বৃন্দাবনে জম্বুকীর আহার হইল।। হরষিত হৈয়া পোর্ণমাসী পুন কয়। এবে দেখ ব্রজবালা চিন্তাদুর হয়॥ কৃষ্ণচন্দ্র কি আশ্চর্য্য বিহার করিল। মুষ্ট্যাঘাতে শচ্মচুড়ে পরাণে বধিল। পুন পৌর্ণমাসী অগ্রে করে নিরীক্ষণ। ক্ষের সৌন্দর্য্য দেখি করেন বর্ণন ॥

বলাৎকারে বিকট সমরে প্রবেশিলা। প্রচণ্ডতা আডম্বরে শত্রুকে মারিলা॥ মস্তকে মোহন চূড়া হেলিয়ে পড়য়। আনন্দে দেবতাগণ পুষ্প বরিষয়॥ বিকট সমরে হরি বিজয়ী হইলা। আমার নয়ন যুগে আনন্দিত কৈলা। বিশেখা কছেন পৌর্ণমাসীরে তথন। দেখ মিত্র সঙ্গে রাম করিলা গমন ॥ পৌর্ণমাসী কহে কৃষ্ণ উত্তম করিলা। বলরাম হতে সেই মহা মণি দিলা। তবেত ললিতা মনে আনন্দ পাইয়া। কহিতে লাগিলা সখীগণ সম্বোধিয়া॥ বয়স্তগণে কৃষ্ণ বিদায় করিলা। একা এই রাধিকার নিকটে আইলা॥ মউর পুচেছর চূড়া মস্তকে চঞ্চল। মকর কুণ্ডল কর্ণে করে ঝলমল। মুখে মৃত্র মৃত্র ঘামকণা রণশ্রমে। পহিরণ পীতবাস তিতিয়াছে ঘামে॥ ভয়েতে ব্যাকুল রাধা কুষ্ণকে দেখিয়া। আলিঙ্গন কৈল অতি আনন্দ পাইয়া॥ পৌর্ণমাসী এই কথা সখীরে কহিলা। সেই মতে আসি কৃষ্ণ কহিতে লাগিলা॥ হায় অর্বিন্দ শোভা বিজয়ী নয়ন। হাহা কৃষ্ণ গোপ পুরন্দরের নন্দন। গোবিন্দ গোকুলানন্দ গোপীর জীবন। রক্ষা কর কর নাথ আসিয়া এখন ॥ অধীর নয়ন রাধা আর্ক্রনাদ করি। আমারে ডাকিল তাহা পাসরিতে নারি॥ তবে পৌর্ণমাসী কৃষ্ণ নিকটে আইলা। মুখচন্দ্র হৈরি কহিতে লাগিলা ! শুন শুন কৃষ্ণ যশোদার প্রাণধন। মোর চিন্তা-শল্য দূর করিলে এখন। কহিতে কহিতে প্রেমানন্দে মগ্ন হৈলা। রাধাকৃষ্ণ দোহাকারে আলিঙ্গন কৈলা। তবে ত মুখরা তথা করিয়া গমন। তুই হস্তে কৃষ্ণ মুখ **ক**রে নির্মঞ্জন ॥ ভঙ্গী করি পুন বৃদ্ধা কহেন বচন। আরাধিকা রাধা তুমি করিলে রক্ষণ। তবে বটু তাহা আসি প্রবেশ করিলা। ক্ষণ্ড সম্বোধিয়া রঙ্গে কহিতে লাগিলা॥ শুনহ বয়স্থ এই আশ্চর্যা কথন। রাধারে দিলেন রাম মণি মহাধন। কৃষ্ণ কহে কৌস্তভের কুটুম্ব হইবে। রাধিকার কণ্ঠদেশে শোভিত করিবে ॥ ললিতা কহেন ভাল ভাল আদেশিলে। আমার মনের ইৎসা প্রকাশ করিলে ॥ কৃষ্ণ কহে প্রিয় স্থা শুনহ বচন। অতঃপর চল গুহে করিয়ে গমন ॥ ঘরে গিয়া তুষ্ট যক্ষ বিনাশ কহিব। শুনি পিতামাতা মনে আনন্দ পাইব। এত বলি কৃষ্ণ গৃহে করিল গমন। নিজ নিজ স্থানে সভে করিলা গমন ॥ শব্দচূড়বধ এই অপূর্বন আখ্যান। ললিতমাধবে দ্বিতিয়াক্ষে যাহা গান ॥ রাধাকৃষ্ণ-লীলা অমূতের তরঙ্গিনী। শ্রীরূপগোস্বামী কথা ভুবনপাবনী।

মুঞী অন্ধ নালক কি জানি তার অর্থ।
বৈষ্ণবগণের আজ্ঞা এই সে সমর্থ।
শ্রীরূপের পাদপদ্ম করিয়ে স্মরণ।
যে কিছু লিখিয়ে তাহা করহ শ্রাবণ।
যে কে লোক করে যদি কৃষ্ণলীলা গান।
সাধুজন তাহাতেই মনে স্থুথ পান।
সেইমত আমার এই ত অনুবাদ।
বৈষ্ণব গোসাঞি না লইও অপরাধ।
রাধাকৃষ্ণ-লীলারস-কদন্য আখ্যান।
আনন্দে করয়ে গান স্বরূপাভিধান।

ইতি ললিতমাধবন্যাখ্যানে প্রেমকদন্তে দ্বিতীয় অঙ্ক।

ললিতমাধব নাটক দশ অঙ্কে সম্পূর্ণ হইয়াছে। তন্মধ্যে প্রথম তুই অঙ্কের বাঙ্গালা অনুবাদ প্রকাশিত হইল। ইহার প্রথম অঙ্কে রাধার জন্ম-সম্বন্ধীয় এক অপূর্বর উপাখ্যানের স্বস্থি করা হইয়াছে। ইহাতে বিদ্ধাপদনত, ভীত্মকরাজ ও ব্যভান্ম—এই তিনজনই রাধার পিতৃত্যান অধিকার করিয়াছেন। গীতগোবিদে রাধার মাতাপিতার নাম পাওয়া যায় না, কৃষ্ণকীর্ত্তনে তিনি সাগরের ঘরে পতুমার উদরে জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া লিখিত আছে, কিন্তু চৈতন্তোর পরবর্তী যুগে তিনি সর্বব্রই বৃষভান্মর তুহিতা বলিয়া স্বীকৃত হইয়া আদিয়াছেন। বৈষ্ণব ধর্ম্মে রাধা যে কিন্নপ ধীরে ধীরে স্কুপ্রতিষ্ঠিত হইয়াছেন, ইহা তাহার সাক্ষ্য প্রদান করিতেছে। এই গ্রন্থে কৃষ্ণকে উদাত্ত নায়কের পর্য্যায়ে স্থাপন কবত তাঁহার প্রেমলীলার ললিতভাব বর্ণিত হইয়াছে বলিয়া ইহার নাম ললিতমাধব গ্রন্থ। গ্রন্থদেয়ে লিখিত হইয়াছে—

নাটকে সমুচিতামপীশ্বরঃ স্বৈরমপ্রকটয়ন্দ্র দান্ততাম্। জ্বত্র মন্মথমনোহরো হরি-লীলয়া ললিতভাবমাযুয়ো॥

১৫১৭ থ্রীফাব্দে রূপগোস্বামী নীলাচলে চৈতক্সদেবের সঙ্গে মিলিভ হন। তথন তিনি ললিতমাধব ও বিদগ্ধমাধব নাটক লিখিতেছিলেন। ইহার বিস্তৃত বিবরণ চৈতন্য-চরিতামতের অস্ত্যখণ্ডের প্রথম পরিচেছদে বিবৃত হইয়াছে। স্বার ললিত-মাধব ১৫৩৭ গ্রীঃ সমাপ্ত হইয়াছিল। গ্রাস্থানেধে রূপ লিখিয়াছেন—

> নন্দের্-বেদেন্দুমিতে শকাব্দে শুক্তব্য মাসস্থ তিথো চতুর্থাম্। দিনে দিনেশস্থ হরিং প্রণম্য সমাপয়ং ভদ্রবনে প্রবন্ধম ॥

অতএব গ্রন্থারম্ভের ২০ বৎসর পরে ইহা সমাপ্ত হইয়াছিল।

MANINDRA MOHAN BOSE.

PADAS OF CANDIDASA

By

MANINDKA MOHAN BOSE, M.A.

1. In the Sāhitya Pariṣad edition of Candīdāsa the following song is attributed to this poet in the form noted below:—

স্থবের লাগিয়া

এ ঘর বাঁধিমু

আগুনে পুডিয়া গেল।

অমিয়া-সাগরে

সিনান কবিতে

সকলি গরল ভেল।

সখি. কি মোর কপালে লেখি।

শীতল বলিয়া

ও চাঁদ সেবিম্ব

ভান্তর কিরণ দেখি।

উচল বলিয়া

অচলে চডিম্ব

পডিম্ব অগাধ জলে।

লছমি চাহিতে

দারিদ্র্য বেড়ল

মাণিক হারান্থ হেলে॥

নগর বসালেম

সাগর বাঁধিলাম

মাণিক পাবার আশে।

সাগর শুকাল

মাণিক লুকাল

অভাগীর করম-দোষে॥

পিয়াস লাগিয়া

জলদ সেবিমু

বজর পড়িয়া গেল।

কহে চণ্ডীদাস

শ্যামের পীরিতি

মরমে রহল শেল।

Song No. 311.

But in the Sāhitya Pariṣad edition of the Padakalpataru, the same song is attributed to Jñānadāsa in the following form:—

> স্থের লাগিয়া এ ঘর বাঁধিলুঁ আনলে পুডিয়া গেল। অমিয়া-সাগরে সিনান করিতে जकलि शतल (७ल ॥ সখি হে. কি মোর করমে লেখি। ও চাঁদ সেবিলাঁ শীতল বলিয়া ববিব কিবেণ দেখি॥ উচলে উঠিতে নিচল ছাডিয়া পড়িলুঁ অগাধ জলে। দারিদ্রা বাঢ়ল লচিমী চাহিতে মাণিক হারালুঁ হেলে॥ পিয়াস লাগিয়া জলদ সেবিলুঁ বজর পডিয়া গেল। কামুর পিরিতি জ্ঞানদাস কহে

> > Vol. II, p. 152.

We have this song in the Basumatī edition of the Padāvalī, the Bangabāsī edition of the same, the Battalā edition of the Padakalpataru, and in Ramanīmohon Mallick's edition of Candīdāsa. We note below an adoptable version of the song with different readings in smaller types:—

মরণ অধিক ভেল ॥

ন্ত্ৰী '
স্থাবের লাগিয়া এ ঘর বাঁধিলুঁ '
অনলে " পুড়িয়া গেল।
অমিয়া-সাগরে " সিনান করিতে
সকলি " গরল ভেল॥

স্থি. " কি মোর করম '-লেখি। শীতল বলিয়া ও চাঁদ ৮ সেবিলু " ভাসুর ^১° কিরণ দেখি ॥ এছ ^১১ ॥ উচল १२ विनया অচলে চড়িলু ঁ ১২ পড়িলুঁ ' অগাধ জলে। দারিদ্র্য বেচল ১ ৫ লছমি ' চাহিতে मानिक शातानुँ ' दरल। নগর বসালাম ১৭ সাগর বাঁধিলাম মাণিক পাবার আশে। মাণিক লুকাল সাগর শুকাল অভাগীর করম-দোষে ॥ ' ৮ পিয়াস লাগিয়া জলদ সেবিলুঁ ১ ১ বজর ^২° পড়িয়া গেল ^২°। জ্ঞানদাসং কহেং শ্রামেরংং পীরিতিংং মরণ ২ অধিক শেল ২ ॥

পাঠাস্তর

- ' ধানশী, তরু, তরু-বঃ; শ্রীরাগ, বস্থ;
- र वाह्मिन्ँ, তরু; वाह्मिन्न, তরু-तः; বাঁধিন্দু, পদং, বন্ধ ;
- 🍍 আগুনে, পদং, বস্থ ; আনলে, তরু ;
- ⁸ হিলোলে, পর;
- স্থই, পর;
- 🌞 স্বি হে, তরু, ঐ বঃ ; সই, পর্না, পর ;
- া কপালে, পদং, বস্থু; করমে, তরু, ঐ বঃ ;
- ৮ চাক্ষ যে, পরসা; চাঁদ, বস্থ;
- ৯ সেবিছ, পদং, বস্থ, তরু, বঃ ; দোধতে, পর ;
- ১° রবির, ভরু;
- ১১ বাদ, পসং, বহু;
- ১২ ১২ নিচল ছাড়িয়া উচলে উঠিতে, তরু, (°চড়িছু), বহু ; (°চড়িতে), পর্সা ;
 - ১৩ পড়িছ, পদং, বহু, তরু, বঃ ;

- ১৪ লখিমি, পর ; লছিমী, তক ;
- ১ (বিভুল, পদং; বাঢ়ল, তরু;
- ১৬ হারামু, পদং, বস্তু, তরু, বঃ ;
- ১৭ বদালেম, পদং:
- ১৮ এই চারি পঙক্তি, তরু, এ বঃ বহিতে নাই।
- ১৯ দেবিছ, পদং, বস্থ, তরু বঃ, বন্থ (পাঠাস্কব) ;
- ২০-২০ পাইসু বজর তাপে, পদং (পাঠাস্কব), (পরদা পাইলু $^{\circ}$; বা পীড়িলু $^{\circ}$); বস্থ (পাঠাস্কর); $^{\circ}$ পড়িয়া, $^{\circ}$ তক্ত;
- >>->, कट्ट छ थीनाम, श्रमः, वस्र ; छ थीनाटम,° श्रद्ध ;
- ২২-২২ কাছুৰ, পদং (পাঠান্তর), তরু, ঐ বঃ; পীবিতি করিয়া, পদং (পাঠান্তর), পরদা বঙ্গবাদী;
- ২০-২৬ মরমে রহল শেল, পদং, বহু; হৃদয়ে রহিল শেল, পর; পাছে কর অনুতাপে, পরদা, পদং (পাঠান্তর), বঙ্গবাদী।

It should be observed that the song is attributed to Candidasa in the Parisad edition of the songs of this poet. in the Basumatī edition of Candīdāsa, and in the Padaratnākar of Kamalākāntadās compiled in 1213 B.S. (1806 A.D.). But in the Padakalpataru (both in the Sāhitya Parisad edition, as well as in the Battala edition), and in five other manuscripts of the work consulted by the editor of the Sāhitya Parisad edition, in the Padarasasara of Nimanandadasa, in the two alternative versions noted in the Sahitva Parisad edition of the Padas of Candidāsa (p. 139), in the Sāhitva Parisad manuscript No. 2041, in Ramanimohan Mallick's edition of the Padas, in the Padaratnāvalī and Padalaharī, this song is attributed to Jñānadāsa. As there is a complete unanimity in the different versions of the Padakalpataru, which is an authentic production compiled in the early part of the 18th century A.D., we are led to believe that this Pada was in that remote period passing in the name of Jñānadāsa, and that the name of the author of the song was afterwards changed to Candidasa by some over-zealous person either intentionally or by mistake, and thus the Pada obtained currency in the

PADAS OF CANDĪDĀSA

name of Caṇḍīdāsa in some quarters. This is also to be observed that we cannot get this song in any of the anthologies of Caṇḍīdāsa that are in the Bengali manuscript library of the Calcutta University.

The Bhanitā, as we find it in this song, is bereft of the characteristics of a true Bhanitā. Merely the insertion of the name of the poet in a corner of the song cannot serve the purpose of identification for which the Bhanitā is primarily introduced. The chief characteristic of a full Bhanitā is to introduce the name of the patron, or Guru, or of the deity to whom the author owns allegiance, along with his own name, such as—

শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।

চৈতন্মচরিতায়ত কহে কৃষ্ণদাস।

or বাস্থলী অদেশে বড়ু চণ্ডীদাস গাএ।

(কৃষ্ণকীর্ত্তন)

Here we find that Kṛṣṇadāsa Kavirāja has put in the names of Rūpa and Raghunātha with his own name, in order to point out definitely that he was that Kṛṣṇadāsa who received inspiration from these two great Vaiṣṇava saints. As there are many Kṛṣṇadāsas among the Vaiṣṇava worthies, it can be easily understood that without such characteristic marks of distinction, the composition of one Kṛṣṇadāsa may pass in the name of another Kṛṣṇadāsa. So, the name of Vāsulī associated with Baḍu Caṇḍīdāsa in the colophon is a characteristic mark of Caṇḍīdāsa's Bhaṇitā. But in the Bhaṇitā, as we have it in the Pada noted above, the name of Caṇḍīdāsa can be put in the place of Jñānadāsa without much difficulty, and we presume that something of this nature has taken place in the Pada under review here.

Notes about the different readings :-

Line 1. Though both નું and 및 are used in the first person, yet the verbs ending in નું represent the older forms,

and, therefore, we adopt the form বাঁধিলু in this place, as has been done in the Parişad edition of the Padakalpataru. The form বাঁধিলু, which is the more simplified form, has been used in the Pariṣad edition of Candīdāsa. লু comes from the affix উন্, উঙ্, উ (further simplied to মু and frequently used in poetry) added to the verbal base in ইল to signify the past tense. Compare the forms আইলু, খাইলু, etc., used in Māgadhī Hindi even at the present day.

L. 5. ক্রম-লেখি — The Parisad edition has কপালে, while the Padakal pataru (Parisad edition) has adopted the reading ক্রমে। In both these cases the last word লেখি with কপালে or ক্রমে makes it extremely difficult to bring out a clear significance of the line. We are, however, of opinion that this লেখি is a noun, representing লেখা as in অনৃষ্টের লেখা, in which form it is often used as a noun both in colloquial and written languages. This লেখা has been transformed into লেখি for the sake of good rhyming with the word লেখি of the 7th line. Changes of this kind are undoubtedly very common in our language. We often use লেখা পড়ি for লেখা পড়া in spoken dialect. The use of বিনি or বিনী for বিনা is even found in the ক্ষকীৰ্ত্তন:—

কাহ্ণাঞি বিনি যতনে। p. 212. কাহ্ন বিনী অভাগিনী গোপ-যুবতী। p. 215.

There is, therefore, no difficulty in taking লেখি as a noun. It forms a compound word with ক্রম, meaning "fortune's writ." The line will then mean—"Dear friend! How peculiar is my Luck!"

L. 8. উচল means উচ্চ, high, as in— রোয়ল ঘট উচল করি ঠাম।

বিষ্ঠাপতি।

আচল means mountain. So, the sentence means—"I climbed over the mountain hoping to get on a higher level, but my luck is so bad that I now find myself sunk in fathomless

water." In the reading নিচল ছাডিয়া উচলে উঠিতে found in the Padakalpataru, the significance of निम्ल is not quite clear. The word is not even found in the Bengali Dictionary of Babu Jñānendramohan Dās. Perhaps the word has been coined to mean a low place in contrast to উচল।

Ll. 12-15. These four lines are not found in the versions of the Padakalpataru. They may be later additions.

Last line. মরণ অধিক must be taken as a compound word. This line will then mean-"A weapon which is more powerful than death."

In the Sāhitya Parisad edition of Candīdāsa, the song No. 340 is attributed to Candidasa in the following form :-

> স্থাের পীরিতি আনন্দ যে রীতি

> > দেখিতে স্থন্দর হয়।

কাঞ্চন পীয়য়ে

মদন সহিতে

মাখিলে এমতি লয় ॥

সই. কেমন কারিকর সেহ।

এ সব সংযোগ

কেমনে করিলে

কেমনে গডিলে দেহ।

সিন্ধর ভিতরে

অমিয়া থাকয়ে

কেমতে পাইল এ।

মাটীর ভিতরে

কাঞ্চন গডয়ে

সন্দেহ এ বডি এ॥

মদন-মাদন

থাকে কোন স্থানে

বুঝিতে সন্দেহ হয়।

এ তিন আনিয়া একতে ছানিয়া

গডিল কেমন দেহ ॥

তিন তিন গুণে

বাঁধিলেক ঘূণে

পাঁজরে পশিয়া গেল।

যতন করিয়া

অবলা বধিতে

আনিল এমতি শেল।

এমতি অকাজ করে কোনু রাজ বুঝিতে নারিল মোরা।

ত্যজিন্ম মরমে কলের ধরমে এমতি হউক তারা ॥

চণ্ডীদাসে কয়

মিছা গালি হয না দেখি জনেক লোকে।

বলায় কুবানী আপনা আপনি আপনি মরম স্তথে ॥

This song is also found in the Padakalpataru, and in some old Bengali manuscripts, from which we have adopted the following version :-

®,

স্থার পীরিতি আনন্দের বীতি দেখিতে স্থন্দর হয়।

কাঞ্চন পীয়ধে মদন সহিতে মাখিলে° সে রসময়°॥

সই, কেমন কারিগড সহ ।।

এ দব সংযোগ কেমনে করিলে কেমনে গডিলে দেহ ^১° ॥ প্রচ^১১

^২ সিন্ধর ভিতরে অমিয়া থাকয়ে কেমনে পাইল '° সেহ '°।

মাটীব ভিতৰে কাঞ্চন গডয়ে সন্দেহ এ^১ ⁸ বড়ি এহ^১ ⁸ ॥

মদন-মাদন থাকে কোন স্থানে বুঝিতে সন্দেহ এহ''।

এ ভিন আনিয়া 🗳 কত্ৰে ছানিয়া গড়িল কেমন দেহ * ॥

তিন তিন গুণে বিদ্ধিল ' পরাণে ' পাঁজর ' ধসিয়া ' গেল।

যতন করিয়া অবলা বধিতে

আনিল^২° এমতি শেল।

এমতি অকাজ করে কোন্ রাজ

বুঝিতে নারিলু ँ १ মোরা।

কুলের ধরমে

তেজিলুঁ ২২ মরমে

এমতি হউক তারা।

চণ্ডীদাসে কয় মিছা ২ গালি হয়

না দেখি জনেক লোকে।

আপনা আপনি বলয়ে বকুবাণী * '

আপন মনের ১ স্থা ॥

পাঠান্তর

- ' যথা রাগ, তরু, ২৯৮; বাদ, অক্ত পুথি।
- ৈ আনন্দ সে, ভরু, পসং; আনন্দ কি, খ, घ।
- ॰ মধুর, তরু।
- s-s মাথিলে এমতি লয়, পদং, ২৯৮; ^০দরদময়, পরদা; মাথিতে এ তিন হয়, ২৮৭; মাথি বেমন মনেতে লয়, ২৯২।
 - ' किवा, তরু; বেমন, ২৯২।
 - कत्रिकत्र, शमः, २৮१, २৯२।
 - ¹ সে, তরু, ২৮৭, ২৯২।
 - ৮-৮ এমত-সংযোগে, করি অন্থরাগে, তরু, ক; °কেমতে করিল, ২৯২।
 - ১ কেমতে, তরু।
 - ° ८५, ७३, २৮१; ८४, २৯२।
 - ११ वाम, शमः, २৯२।
 - ১২ পরবন্ত্রী ৮ পঙ্ক্তির পরিবর্ত্তে তরুতে নিম্নলিখিত ৪ পঙ্ক্তি মাছে :—

সাগর মাঝারে থাকয়ে অমিয়া

কেমনে পাইবে সেহ।

মদন-মাদন পাইল কোন্ স্থানে

त्राम- नित्रभिल (पर ॥

```
भाहेरव (महा, २৮१: ° एक, २৯৮।
. . . . .
        इस विद्धित, २৯৮।
5 R - 5 R
        इष्ठ. भूमः, २৮१, २৯৮।
       (पश्च, २৮१।
      বিদ্ধিলেক ঘূণে, তক্ত, পুসং ২৯৮।
19-19
       পাঁজরে, পদং, ২৯২।
       পশিয়া, পসং, ২৮৭, ২৯২, ২৯৮।
       আনিলে, তরু।
        নারিল, পদং।
   3.5
   ২২ তাজিক, ঐ।
   <sup>२७</sup> অকু, ২৮৭, ২৯২, ২৯৮।
   ২ বোলত, তর: বলত, ক, খু পরসা।
       কাহিনী, ভরু, ২৮৭, ২৯২, ২৯৮।
   3 6
        মবম, পদং ৷
```

Notes about the different readings :-

- Ll. 1-2. This song is interesting, because we have here a narration of all the characteristics of true love. It is a fact that all love love beauty, and enjoyment of bliss is the object of love. So, love, beauty and bliss go together. In lines 1-2, we have an assertion of this nature. They state that pleasant love aims at the enjoyment of bliss, and is associated with beauty. The reading আনন্দের রাতি is, therefore, more explicit than আনন্দ যে রাতি of the Padakalpataru and the Pariṣad edition.
- Ll. 3-1. Here কাঞ্চন (gold) stands for beauty, just as পীযুষ for bliss, and মদন for love. The poet says that love becomes all the more enjoyable when it is associated with beauty and bliss. The reading মধুর of the Padakalpataru must, therefore, be given up for কাঞ্চন of the other versions.
- Ll. 5-7. Here the poet expresses his admiration for the creator who has built up the feature of love by mixing up the elements of beauty and bliss.
- Ll. 8-15. Now the poet speaks about the sources of love, beauty and bliss. অমিয়া (nectar) which symbolises bliss, lies hidden in the ocean, for the tradition says that it came out of

the ocean when it was churned. How could the creator find such a rare thing for building up the feature of Love? Similarly, gold lies hidden in the womb of the earth, and भगन-मागन, the arrows of cupid, are mysterious in nature. But all of them have been brought together by the wonderful creator to build up the feature of love.

The rest of the piece presents little difficulty.

3. In the Sāhitya Pariṣad edition of Caṇḍīdāsa, we have the song No. 389 in the following form:—

জনম গেল পরত্থে কত বা সহিব !
কামু কামু করি কত নিশি পোহাইব ॥
অন্তরে রহিল ব্যথা কুলে কি করিবে ।
অনুরাগে কোন দিন গরল ভখিবে ॥
মনেতে করেছি কুলে দিব তিলাঞ্জলি ।
দেশাস্তরী হব গুরু দিঠে দিয়া বালি ॥
ছাড়িমু গৃহের সাধ কামুর লাগিয়া ।
পাইমু উচিত ফল আগে না বুঝিয়া ॥
অবলা কি জানে এমত হইবে পাছে ।
তবে এমন প্রেম করিব কেন যেচে ॥
ভাল মন্দ না জানিয়া গঁপেছি হে মন ।
তেই সে অনলে পুড়ি যায় দেহ প্রাণ ।
চণ্ডীদাস কয় প্রেম হয় স্থধাময় ।
কপালক্রমে অমুতেতে বিষ উপজয় ॥

This song is in the Payāra metre. But in the University manuscripts Nos. 292, 298, and 3300 we have a song breathing the same spirit and based on the same materials, attributed to Caṇḍīdāsa in the following form:—

শ্রীগান্ধার

জনম গেল পর তুখে

কত না সহিব বুকে

কামু কামু করি কত নিশি পোহাইব।

অন্তরে রহিল বেথা

কুলশীল গেল কোথা

কাতু লাগি গরল ভথিব॥

কুলে দিলুঁ তিলাঞ্চলি গুরুদিঠে দিলুঁ বালি কামু লাগি এমতি করিলুঁ।

ছাড়িলুঁ গৃহের সাধ কান্ম হৈল পরিবাদ

তাহার উচিত ফল পালুँ॥

অবলা কি জানে কিছু এমতি হইবে পাছু

তবে কি এমন প্রেম করে।

ভাল মন্দ নাহি জানে পরমুখে যেবা শুনে

তেএিঃ সে আনলে পুরি মরে॥

চণ্ডীদাসেতে কয় প্রেম কি আনল হয়

स्थूरे स्थामग्र लागा।

ছাড়িলে না ছাড়ে সেহ এমতি দারুণ লেহ

সদাই হিয়ার মাঝে জাগে ॥

This song is in the long Tripadī metre. As there is wonderful similarity in these two versions, we conclude that one has been formed from the other. This is a very typical illustration of how Candīdāsa's songs have been manipulated in later times.

4. In the Sāhitya Pariṣad edition of the Padakalpataru, the following song is attributed to Candīdāsa:—

গোকুল নগরে প্রতি ঘরে ঘরে

বেড়াই চিকিছা করি।

যে রোগ যাহার দেখি একবার

ভাল যে করিতে পারি॥

শিরে শির-শূল পিরিতির জ্ব

হৈয়া থাকে যে রোগীর।

বচন না চলে আঁখি নাহি মেলে

তাহারে পিয়াই নীর॥

এ কথা শুনিয়া বাহির হইয়া

কহে এক স্থী ধাই।

আমাদের ঘরে রোগী আছে জ্বরে দেখ একবার যাই॥ এই বাড়ী হৈতে আসিছি তুরিতে কহে হেথা থাক বসিঃ

সাজ সাজিতে চলিলা নিভূতে মনের হরিষে ভাসি॥

नत्मन्न रान्नद्व ज्ञान ॥

আপন বসন ঘুচাঞা তথন লেপয়ে কেশর মাটী।

তকল্লবি ছন্দে বসন পিন্ধে

স**ন্দে** চলয়ে হাটি॥

মনোহর ঝুলি কান্ধে।

তাহার ভিতর শিকড়-নিকর

যতন করিয়া বান্ধে ॥ ঞ ॥

যুচাইয়া লাজে চিকিছক-সাজে

ব**সিলা রোগীর কাছে**।

লুচাঞা বসন নিরখে বদন

